ডिर्जिणे वक गान

চার্লস ডারউইন

প্রথম খণ্ড

DECENT OF MAN
by
CHARLES R. DARWIN
VOL-1
1871

প্রকাশক । রেণ্বকা সাহা । ২০ কেশবচন্দ্র সেন দ্বীট । কলিকাতা ৭০০ ০০৯ প্রচ্ছদপট । সন্দীপন ভট্টাচার্য । জেলিয়াপাড়া লেন । কলিকাতা ৭০০ ০০১২ মুদ্রাকর । দি তমদা প্রিণ্টার্স । ১৯ই গোয়াবাগান স্ট্রীট । কলিকাতা ৭০০ ০০৬

পিতাবহ ইরাসমাস্ ভারউই*ষ*

```
দীপায়ন প্রকাশিত অন্যান্য বই
```

এনসিয়েনট সোসাইটি (১ম পর্ব)

ণুইস হেনরী মর্গান

পিজ্যাণ্টি অব বেঙ্গল

त्रस्थान्य प्रव

সম্পত্তির বিবর্তন

পল লাফার্গ

শিষ্পতেতনা

নিশাল্য নাগ

স্তানিশ্লাভ্স্কীর নাট্য পরিচালনা (রোমাণ্টিক নাটক)

এন, এম, গোরচাকভ,

ভলানটিয়াস

न्धे । अनुमन

চালি চ্যাপলিন জীবন ও সিনেমা

অমিল রায়চৌধুরী

বাত প্রভাতের গান

গেব্রিয়েল পেরী

ান্স উপন্যাস স্মৃতিকথা

আনা ফ্রাঙ্ক

লেখা নেই স্বর্ণাক্ষরে (বন্ধিম পুরস্কার প্রাপ্ত)

একসঙ্গে

স্রের আগ্ন

উজানীয়া

গোলাম কুদ্দুস

বোজ এগেনসট দি ব্যারণস

জিওফে ট্রীঙ্ক

प्रायम देन ज्रमाहे

এরস্থিন কল্ডওয়েল

দাদর প**্রের** বাচ্চারা

তোমার মুখ

कृष्ण हम्मन

চার্ল স ভারউইন ॥ জীবন এবং কাজ ॥

অণ্টাদশ শতাব্দীর ইংল্যান্ডে ভান্তার ইরাসমাস ভারউইন এক পরিচিত নাম।
চিকিৎসক, বিজ্ঞানী, উদ্ভাবক, লেখক, অনুবাদক—সবেষ্ট্র সমন্বরে ইরাসমাস
এক বিশিষ্ট ব্যক্তির। 'জুনোমিয়া' নামে একটি বই লিখেছিলেন তিনি। বইটির
এক জায়গায় তিনি লিখেছিলেন, 'যে সব প্রাণীর রক্ত গরম, তারা সবাই একই
সত্তে থেকে এসেছে—একথা ভাবলে কি খুব সাহসের পরিচয় দেওয়া হবে।'
ইরাসমাসের পত্ত রবার্ট ভারউইনও বেছে নিয়েছিলেন চিকিৎসকের জীবিকা।
প্রপশোয়ারের শ্রিউস্বেরী অঞ্জলের বাসিন্দা রবার্ট জীবনসঙ্গিনী হিসেবে
বেছে নেন স্থসানা ওয়েজ্উডকে। রবার্ট স্থসানার ছয় সম্তানের মধ্যে প্রকর্ম
সম্তানটি প্রিবীর আলো দেখে ১৮০১ সালের ১২ ফের্রারি, আমরা যাকে
চিনি চার্লস্ ভারউইন নামে।

শিশ্ব চার্লস সম্বন্থে আশাবাদী ছিলেন না রবার্ট। কেননা, পড়াশোনায় তার মন নেই তেমন। ন'বছর বয়সে ওকে ভার্তি করা হয় প্রিউস্বেরী স্কলে। না, সেখানেও মন বসাতে পারে নি চার্ল'স। বাধাধরা গতের পড়াশোনা কিছুতেই **जान नागर**जा ना जात । मार्कि कारनत किছ, जर्रमान जात रेजिराम हाजा অন্য किছ, পড়ানোর পাট ছিল না ঐ স্কুলে। তাঁর ভাল লাগতো খোলামেলা প্রকৃতির মধ্যে ঘারে বেড়াতে। পড়াশোনা করার চেয়ে তাঁর ঝোঁক ছিল মাদ্রা, নামান্কিত মোহর, নানাধরণের ন,ডি পাথর সংগ্রহ করার দিকে। এছাড়াও ভালবাসতেন রসায়নশাস্য পড়তে এবং গাছপালা, লতাপাতা, পোকামাকড ও পাখির ডিম সংগ্রহ ও চিহ্নিত করতে। প্রাকৃতিক বিজ্ঞানের দিকে বেনিকটা তিনি পেরেছিলেন তার বাবার বংশ থেকে এবং হাতে-কলমে কাজ করার প্রেরণা পেয়েছিলেন মামার বাডি থেকে। এই সব কাজকর্ম তার বাবা খুব অপছন্দ না করলেও, অপছন্দ করতেন পরীক্ষায় পাওয়া খারাপ নন্দরগালে! বাবা ডাঙ্কার রবার্ট ওয়ারিং ভারউইন চাইতেন না মাতৃহারা ছেলেটি পড়াশোনা ফেলে সারাদিন খেলা ও মাঠ, পাহাড় বনজঙ্গল আর শিকার নিয়ে মেতে থাকুক। বেঞ্চায় রেগে একদিন বলেই ফেললেন,—'তুমি দেখছি শিকার, কুকুরের পাল আর ই'দরে ধরা নিয়েই সারাদিন বাস্ত থাক, পড়াশোনার দিকে ফিরেও তাকাও না। নিজের আর বংশের নাম ডোবাবে তুমি।' ভবিষাতের মহান প্রকৃতিবিজ্ঞানী হেলেবেলায় বে বেশ কিছুটো আলাদাই ছিলেন, এটা পরিস্কার বোঝা বায়। বোল বছর বরসে, বাবাকে কিছুটা সম্পূর্ণ করার তাগিদেই, ১৮২৫ সালে এডিনবার্গ কিব্বিক্যালরে

চিকিৎসা বিজ্ঞান পড়তে যান তিনি। দাদা ইরাসমাস আগেই ওথানে পড়তে গেছে। কিন্তু পাঠক্রম শেষ করার উৎসাহ ধরে রাখতে পারেন নি চার্লা । পরবর্তী কালের চার্লাস ডারউইনের লেখায় দেখছিঃ 'শীতকালের সকাল আটটার সময় মেটিরিয়া মেডিকা সম্বদ্ধে ডাঃ ডানকানের ভাষণ—ওহা, সে এক ভয়তকর অভিজ্ঞতা!' তবে দ্বেছর ওখানে থাকার সময় শিলনিয়ান সোসাইটির সঙ্গে যোগাযোগ হয় তার, প্রাণিতত্বে আগ্রহী হয়ে ওঠেন চার্লাস। পোর্কামাকড় সংগ্রহ ও চিহ্নিত করার কাজও চলতে থাকে। এই সময় তিনি সাম্টির জাবদের লাল সম্বদ্ধে দ্টো কোতূহলজনক আবিন্কার করেন। এরপর ডাক্তারী পড়ায় ইতি ঘটে তার। বাবা তাকে যাজক হতে বলেন। প্রথমে আপত্তি জানালেও পরে রাজী হন চার্লাস। অতঃপর তিনি কেন্দ্রিজ ইউনিভারসিটির ক্লাইন্ট কলেজে ১৮২৮ সালে জানায়ারীতে ভার্তা হন, কিছব্দিন তাকৈ বসতে হয় যাজক হওয়ার ক্লাসেও।

অন্য বইপত্তের অবসরে চার্ল'স ততদিনে পড়ে ফেলেছেন শেকসপিয়ার, ওয়ার্ড'সওয়ার্থ', কোল্রিজ, বায়রণ, স্কট, মিল্টনের লেখা। কবিতা তাঁকে টানে,
পরবর্তীকালে জাহাজে দীর্ঘ ভ্রমণের সময় সঙ্গী হয় মিল্টনের 'প্যারাডাইস লস্ট'।
কিল্টু এ পড়াশোনাও ভাল লাগে না তাঁর। এখানেও বেরোতেন দল বে খে
শিকার করতে, সঙ্গে সঙ্গে পোকামাকড় সংগ্রহ ও চিহ্নিত করার কাজও চলতো।
এখানেই পরিচয় হয় উভিদ্বিদ্যার অধ্যাপক জন সিভেম্স হেন্দেলা-র সঙ্গে।
হেন্দেলা হয়ে ওঠেন তার প্রেরণাদাতা। তাঁর প্রভাবে ভ্রত্তের ওপর পড়াশোনা
শর্ম করে চার্লাস। দাদ্রে লেখা 'জ্নোমিয়া' বইটি আবার ভাল করে পড়ে ফেলেন।
পড়লেন লামার্কের লেখা। চার্লাসের হাতে আসে হাম্বোন্ড-এর 'পার্সোন্যাল
ন্যারেটিভ'। অনুপ্রাণিত হন চার্লাস। তারপর পড়েন হারসেলের লেখা

উদ্দীপনার তুণে তুলে দিয়েছিল।' জান্যারী মাসে বি এ পরীক্ষায় উত্তীর্ণ হলেন চার্লস। অধ্যাপক হেনস্লো তাকে ভ্তেম্ববিদ্যা পড়তে উৎসাহ যোগান। এবার গরমের ছ্বিটতে অধ্যাপক সেজউইকের সঙ্গে ভারউইন ভ্তেম্ববিদ্যার উপর শিক্ষাম্লক হ্মণে ওয়েলস-এ বান।

'ইনট্নোডাকস্ন ট্ৰ্ দি ণ্টাডি অফ ন্যাচারাল ফিলজফি'। তিনি পরে লিখেছেন, 'প্রকৃতিবিজ্ঞান পঠনে এই দুটি লেখার বিনীত অবদান আমাকে তখন উৎসাহ

১৮৩১ সাল। বাইশ বছরের সদ্য-যুবক চার্লসের জীবন মোড় নিতে শ্রের করল ভবিষ্যতের ভারউইন ইওরার দিকে। শিক্ষান্দেক ভ্রমণ সেরে আসার পর হেন্দেলার স্থপারিশে, 'এইচ এম এস বিগ্লে' জাহাজের দীর্ঘ অভিযানে শরিক হন চার্লস—প্রকৃতিবিজ্ঞানী হিসেবে। 'এইচ এম এস বিগল' জাহাজের ক্যাণ্টেন ফিজররের সঙ্গে পরিচয়ের পর ঠিক হয়—প্রকৃতিবিজ্ঞানী হিসাবে তিনি এই ভ্রমণে ব্যার্কন, কিল্ছু কোন মানোহারা পাবেন না। সপো সপো তিনি এই স্থযোগ

গ্রহণ করেন। বিগ্লে জাহাজের অভিযানের মূল উদ্দেশ্য ছিল দ্টো।
এক, দক্ষিণ আমেরিকার উপক্লভাগের মানচিচ তৈরির কাজে সাহাষ্য করা, আর
দ্ই, যথাযথভাবে দ্রাঘিমারেখা নির্ধারণ করা। ছেলেকে ঐ দীর্ঘ ষাদ্রার ছেড়ে দিতে
প্রথমে রাজি হতে পারেন নি রবার্ট ভারউইন। অনেক টালবাহানার পর, অবশেষে
রাজি হন তিনি। ক্লিমাউথ বন্দর থেকে ১৮৩১ সালের ২৭ ভিসেন্বর তারিখে
যাত্রা শ্রের্করের বিগ্লে। ভবিষ্যতের পথে যাত্রা শ্রের্কর হর চার্লস ভারউইনের।
ভারউইনের নিজের কথায়—বিগল জাহাজে সম্দ্রযাত্রা আমার জীবনে স্বচেয়ে
উল্লেখযোগ্য ঘটনা, যা আমার জীবনদর্শনিকে নির্মিত্রত করেছে।

এম এস বিগ্ল্-এর দীর্ঘ যাত্রা—১৮৩১-এর ২৭ ডিসেন্বর থেকে ১৮৩৬-এর ২ অক্টোবর। ঠিক পাঁচ বছর পরে ফল্মাউথ বন্দরে নোঙর করেছিল বিগ্ল্। এই পাঁচ বছর সে ছংয়ে এসেছে রাজিল, আর্জেণ্টিনা, টিয়েরা দেল ফুয়েগো, উর্গ্রের, পাটাগোনিয়া, চিলি, আন্দিজ পর্বতাঞ্চল, গ্যালাপাগোস ছীপপ্রে, তাহিতি, অতিক্রম করেছে প্রশান্ত মহাসাগর, স্পর্ণ করেছে নিউজিল্যান্ডক, অন্টেলিয়াকে, তারপর ভারত মহাসাগরের ব্রক চিরে মুখ ফিরিয়েছে দেশের দিকে, কেপটাউন, সেণ্ট হেলেনা হয়ে ফলমাউথের ঠিকানায়।

এই স্কৃতির পথে ডারউইন দেখে এসেছেন প্রথিবীর কিছ্ব গহনতম অঞ্চল, সংগ্রহ করেছেন প্রচুর উদ্ভিদ, কটিপত গ, মথ ও প্রজাপতি, শাম্ক, পাথর, জীবাশ্ম, আর সঞ্জ করেছেন বিপ্রল অভিজ্ঞতা। দক্ষিণ আমেরিকার বিভিন্ন অঞ্চলের চতু পদীদের প্রচুর জীবাশ্ম আর গ্যালাপাগোস দ্বীপপ্রেপ্তর বহু বিচিত্র প্রজাতিগ্রলো গভীরভাবে প্রভাবিত করে তাকে। বলা যায়, এই গ্যালাপাগোস দ্বীপপ্রেপ্তর প্রজাতিগ্রলোই ছিল ডারউইনের যাবতীয় চিন্তা-ভাবনার মলে উৎস।

শরের হয় ভারউইনের লেখালিখি। প্রকাশিত হয় জার্নাল অফ্ রিসার্চেস, জ্বুওলজি অফ দ্য ভয়েজ অফ দ্য বিগ্লু, দি দ্যাকচার আশে ডিসট্রিবিউসন অফ কোরাল রিফ্স এবং জিওলজিকাল অবজারভেসন অন ভলকানিক আইল্যাণ্ড আগণ্ড অন সাউথ আমেরিকা। ফিরে আসার কয়েকবছরের মধ্যেই প্রকাশিত হয়েছিল এগ্লো। সমুরুষাতার শ্রুতেই, কেপ ডি ভারডে আর্কিলপোগোতে অবস্থিত সেনট জ্যাগো ঘীপে ভ্রুণের সময় তিনি দক্ষিণ আমেরিকা সহ যে-সব দেশ ভ্রমণ করেছেন তাদের ভ্তাত্তিক গঠনপ্রণালী, বিস্তর পরিমাণে সংগ্হীত চতুম্পদীদের হাড়গোড় এবং ফাসলের উপর একখানা বই লেখার সিম্পান্ত গ্রহণ করেন। ভ্রমণের আগে তিনি লিল্ এর 'প্রিম্পিলস্ অব জিওলজি' বইটির প্রথম খণ্ডটি পড়েন এবং ভ্রেত্তবিজ্ঞানে ম্লেস্ত ও কার্মপ্রণালী সম্বন্ধে একটা সম্যক ধারণা লাভ করেন। ভ্রমণ শেষে ফিরে আসবার পর তিনি ভ্রেত্তবিজ্ঞানের একজন হাতে-কলমে শিক্ষা পাওয়া তাত্ত্বিক ও প্রকৃতিবিজ্ঞানী হিসাবে পরিচিত হন। অচিরেই এসব বিষরের অগ্রণী বিজ্ঞানীদের ছারা সাদেরে অন্ত্রাধিত করা এবং জিওগ্রাফিকাল সোসাইটির সম্পাদকের পদে তাঁকে মনোনীত করা

হয়। তিন বছর এই পদে ছিলেন তিনি। এই সময়ে তিনি কিছু গবেষণা পত্র প্রকাশ করেন, চিলির সমন্ত্রেতট পরিভ্রমণের সময় সংগ্রহীত তথ্যাবলীর সাহায্যে। তাছাড়াও প্রবাল খীপ গঠনের কার্যকারণ ও নিয়ম-নীতি সংক্রাল্ড প্রথম বিজ্ঞানসম্মত কাজ এই সময়ই লিপিবন্ধ করেন। ১৮৩৯ সালে তাঁর জার্নাল প্রকাশিত হয় ফিজুরেয়ের 'ভয়েজেস অফ অ্যাডভেন্চার অ্যান্ড বিগল' এর সঙ্গে। প্রকাশের সঙ্গে সঙ্গেই সব জায়গা থেকে উচ্চ প্রশংসাবাণী আসতে থাকে। এরপর প্রথিবীতে প্রজাতিগ্রলো যে স্ভির সময় থেকে অনড়, অপরিবর্ত নীয় হয়ে থাকে নি, নানান রপোশ্তরের পথ বেয়ে এগিয়েছে তারা—এ বিশ্বাস দানা বাঁধে তাঁর চিল্তায়। প্রথম দিকে এ চিল্তার কথা শুখ্র নিজের নোটব কেই লিখছিলেন তিনি। তখনই হাতে আসে ম্যাল থাসের 'এসে অন দ্য প্রিন্ সিপ্লেস অফ পপ্রলেশন'। অবিনাস্ত চিম্তা-ভাবনাকে সাজিয়ে ফেলার সূত্র হাতে পান ডারউইন। জন্ম নেয় সেই স্থবিখ্যাত তম্ব-প্রাকৃতিক নির্বাচন মারফং বিবর্তনের তম্ব। সময়টা ১৮৩৬ সালের অক্টোবর। একদা বাইবেলের স্'ণ্টিতত্তে গভার-বিশ্বাসী ডারউইন পে'ছৈ যান এক নতুন বিশ্বাসে। আত্মজীবনীতে তিনি লিখেছেন, ম্যালথাসের রচনা পড়ার পরই তাঁর মনে হয়েছিল অস্তিত্বরক্ষার সংগ্রামে 'স্থবিধাজনক জৈবিক রপেগ্রলো টিকে থাকবে আর অস্থবিধাজনক রূপগুলো যাবে লুপ্ত হয়ে। আর এ ঘটনার ফলস্বরূপ সুভিট হবে নতুন নতুন প্ৰজাতি।'

১৮৩৯ সালে, তিরিশ বছরের যুবক ডারউইন বিয়ে করলেন তাঁর মামাতো বোন এমা ওয়েজ্জেডেকে। ঐ বছরই প্রথম সম্তানের জন্ম দেন এমা, নাম ধার উইলিয়াম ইরাসমাস ডারউইন। পরবর্তী জীবনে আরও নয়টি সম্তানের পিতা হয়েছিলেন চার্লাস ডারউইন। লম্ডন শহরের ১২ নং আপার গাওয়ার স্ট্রীটের ষে ব্যাড়িতে প্রথম সংসার পেতেছিলেন চার্লাস আর এমা, সে বাড়ি ধ্বংস হয়ে গিয়েছিল শ্বিতীয় বিশ্বযুম্পের ঝোড়ো প্রহরে।

সেই লিল্-এর ভ্তেদ্বিজ্ঞান পড়বার পর থেকেই ডারউইন গাছপালা, লতা, শাকসজ্জী এবং জীবজন্তুদের পরিবর্তন নিরে তথ্য জোগাড় করতে শ্রের করেছিলেন—মান্যের হাতে স্ট পরিবর্তন অথবা প্রকৃতিগত ভাবে স্টে পরিবর্তন, দ্টো বিষয়েই। তিনি লক্ষ্য করেন মান্য কৃতিদের সঙ্গে পশ্-পাখী এবং গাছপালার সবচেয়ে ট্রনত প্রজাতিগ্রেলাকে স্টি করেছে। সবচেয়ে কার্য করী গোও মেঘজাতীর পশ্নেব্লোর প্রজাতিকে স্টি করেছে বিভিন্তন্ত্র সন্পম ঐ-সব পশ্নের মধ্যে মিলন ঘটিয়ে এবং একই ভাবে ফল, শস্য ও অন্যান্য মানবোপযোগী গাছপালাগ্রলোর বিষয়েও। এরজন্য বিভিন্ন গ্রেসম্পম জীবদের পিতামাতাকে আলাদা ভাবে প্রতিপ্রধান খাদ্যর সাহায্যে শারীরিকভাবে শার্শালী ও জনত করে। প্রাকৃতিক নিয়নে স্ট প্রজাতিগ্রেলার থেকে এরা চেহারার, রঙে এবং উপযোগিতায় একেবারে অন্যরক্ম।

নতুন তথ ভারউইনের সামনে, কিল্তু তা প্রকাশ করতে তথনও বিধাণিবত তিনি। আরও ভারছেন, বাচাই করছেন, হিসেব মেলাছেন ! প্রায় বিশটা বছর বিধার দরিয়ায় ভেসেছেন ভারউইন। অবশেষে, ১৮৫৮ সালের এক বিশেষ ঘটনায়, বিধা কাটিয়ে বেরিয়ে আসতে হল তাঁকে। সে ঘটনার কেন্দ্রবিন্দ্র এক প্রকৃতিবিজ্ঞানী —আলফ্রেড রাসেল ওয়ালেস।

হামবােচেডর 'পার্সোন্যাল ন্যারেটিড' আর ডারউইনের 'জার্নাল অফ রিসার্চেস' পড়ে উদ্দীপ্ত হয়েছিলেন তর্ন্থ ওয়ালেস। অজানা প্রকৃতির খোঁজ নিতে পাড়ি দিয়েছিলেন রাজিলে, তারপর একে একে আরও অনেক জায়গায়। সঙ্গী ছিলেন তাঁর বস্ধ্ প্রকৃতিবিজ্ঞানী এইচে ডারউ বেট্সে, । ডারউইনের প্রজাতি বিদ্যাক চিম্তার কথা জানা ছিল না ওয়ালেসের। কিম্তু বৈজ্ঞানিক পর্যবেক্ষণ আর গভীর চিম্তা-ভাবনার পথ বেয়ে তিনি স্বাধীনভাবেই পে ছিতে পেরেছিলেন প্রায় একই তদ্বের দ্বয়ারে—প্রাকৃতিক নির্বাচন মারফং বিবর্তনের তদ্বে। মনে রাখা দরকার, ডারউইন আর ওয়ালেসের তদ্বের মধ্যে প্রচুর মিল থাকলেও, ফারাকও কম ছিল না। ম্যালথাসের তন্ধ চিম্তার স্বাহু যালিয়েছিল ওয়ালেসকেও।

সালটা ১৮৫৮, ভারউইন তখন প্রকৃতিবিজ্ঞানের এক বিশিষ্ট ব্যক্তির। নিজের আবিষ্কার সম্বশ্বে একটা প্রবস্থ লিখে ভারউইনের কাছে পাঠিয়ে দিলেন ওয়ালেস (On the Tendency of varietis to depart indefinitly from the original type)।

নাড়া খেলেন ডারউইন। তাঁর বহু শ্রমাজিত তদ্বের জগতে আর একজন পেণছৈ গৈছে স্বাধীনভাবেই! নিজের তদ্ব প্রকাশের জন্য ব্যগ্র হয়ে উঠলেন তিন্নু। লণ্ডনের লিনিয়ান সোসাইটির সামনে পড়া হল ওয়ালেসের প্রবন্ধ আর ডারউইনের অপ্রকাশিত রচনার কিছু বাছাই করা অংশ, যা পরে 'অরিজিন অফ সিপসীজ' নামে প্রকাশিত হয়েছিল। সোসাইটির মুখপতে ছাপা হল তাদের দ্বজনের রচনা, 'অন দ্য টেনডেশ্সি অফ স্পিসীজ ট্ব ফর্ম ভ্যারাইটিস' এবং 'জন দ্য পাপেছিয়েশন অফ ভ্যারাইটিস অ্যাণ্ড স্পিসীজ বাই ন্যাচারাল মিন্স্ অফ সিলেকশন' নামে।

তারপরের বছর, ১৮৫৯ সালে, পৃথিবীর জ্ঞান-ভাশ্ডারে সংযোজিত হল এক আশ্চর্য, ইতিহাস-কাপানো সম্পদ: অরিজিন অফ স্পিসীজ! মানবজাতির ভাবনা-জগৎ ওলোট-পালোট হয়ে গেল, গিয়ে পে ছিলো এক নতুন স্তরে, নতুন মান্রায়। প্রজাতির বিবর্তন, তার ইতিহাস, রুপাশ্তর—সব কিছুর প্রধান উৎস হিসেবে চিহ্নিত হল প্রাকৃতিক নির্বাচন।

সৃণিট হল ভয়ানক আলোড়ন বিতর্ক উঠল প্রচুর। কোন এক আদি জীব থেকেই পরবর্তীকালের সমস্ত প্রাণী সৃণিট হয়েছে কি না, তা নিয়েও প্রশন উঠল (সব বিতর্কের সমাধান আজও হয়িন)। সারা দেশের ধর্মগ্রেরা প্রতিবাদে সোচ্চার হয়ে উঠলেন। এই তম্ব খ্রীন্ডিরান ধর্ম বিরুষ, সৃণিট তম্বকে দ্বে অস্বীকার করছে— এইসব বলে ভারউইনের তত্ত্বকে আক্রমণ করা হলো। অক্সফোর্ডের ইউনিভার্সিটি মিউজিয়ামে বিটিশ অ্যাসোসিয়েশনের অধিবেশন বসল ১৮৬০ সালে। সেখানে মুখে মুখী দাঁড়াল দুই যুষ্ধান পক্ষ। ভারউইনের মতের পক্ষেথমাস হেনরি হাল্পলে আর জ্যোসেফ হুকার, বিপক্ষে অক্সফোর্ডের বিশপ ডঃ স্যামনুয়েল উইলবারফোর্স (যাঁকে পিছন থেকে মদত যুগিয়েছিলেন রিচার্ড ওয়েন)। টানা চার ঘণ্টা বিতর্কের শেষে, মাথা নিচু করে সরে যেতে হয়েছিল উইলবারফোর্সকে।

তেরো বছরের মধ্যে ছ'টা সংক্ষরণ বেরোল অরিজিন অফ ক্সিসীজের। এরই মধ্যে প্রকাশিত হল নৃতত্ব এবং প্রকৃতিবিজ্ঞানের উপর আরো অনেক গবেষণাম্লক গ্রন্থ। ১৮৬২ সালে প্রকাশিত হল, 'দি ভ্যারিয়াস কনিট্রভানসেস বাই হ্ইচ অর্কিজ আর ফার্টিলাইজইড বাই ইনসেক্টস, অ্যান্ড দি গ্রন্ড এফেক্টস অফ ইনটারক্রিসং'; ১৯৬৮ সালে 'ভ্যারিয়েশন অফ অ্যানিম্যালস অ্যান্ড প্ল্যান্ট্স আন্ডার ডোমেন্টিকেশন', এবং ১৮৭১ এ এই বহুল-আলোচিত 'ডিসেন্ট অফ ম্যান।' তারপর একে একে—'দি এক্সেনেন অফ ইমোসন ইন ম্যান অ্যান্ড অ্যানিম্যাল' ১৮৭২, 'ইনসেক্টিভোরাস ক্যান্ট্স' ১৮৭৫, 'দি এফেক্টস এফ ক্রস অ্যান্ড স্বোমসলাই জার্টিলাইজেসন ইন দি ভেজিটেবল কিংডম', ১৮৭৬, দি ডিফারেনট ফরমস অফ ফ্যাঞ্ড্যারস ইন ক্যান্টস অফ দি সেম ক্রিস্সীজ্', ১৮৭৭; 'দি পাওয়ার অফ ম্বভ্যেন্ট ইন ক্যান্টস,' ১৮৮০; ফরমেশন অফ ভেজিটেবল মোল্ড থ্র্

জীবনের শেষ বছরগ্নলোতে ডারউইন নিজেকে বেশি করে বাঙ্গত রেখেছিলেন বিভিন্ন উভিদ আর ছোটখাট পোকা-মাকড় সংক্রান্ত অন্সম্থানের কাজে। ১৮৭৬ সালে লিখেছিলেন সংক্ষিপ্ত আত্মজীবনী।

শরীর ভেঙেছিল অনেক আগেই। পঙ্গুত্ব তাঁর শরীরকে গ্রাস করেছিল অনেকটাই। ইনভ্যালিড্'স্ চেরারে বসে চলাচল করতে হয়েছে বহু বছঃ। অবশেষে, ১৮৮২ সালের ১৯ এপ্রিল তারিখে, সুব প্রচেণ্টা-সাফলা-যশ্ত্রণার অবসান। মারা গেলেন চার্লাস ভারউইন। ওয়েগ্টামন্ শ্টার অ্যাবি-তে নিউটনের সমাধির খুব কাছাকাছি, সমাহিত হলেন ভারউইন। অণ্ডিমন্ আর মাধা নিচু করে হে'টে গেলেন প্রিয় অনুরাগীয়া—হাঙ্কলে, হুকার আর আলফ্রেড রাসেল ওয়ালেস।

ভারউইনোতর একশ বছরে পৃথিবী অনেক পরিবর্তন, অনেক নতুন-কিছু-জানার সাক্ষী। তার সমগ্রের জীববিদ্যা আজ প্রায় শতশাখায় বিভক্ত হয়েছে, বিশেষ বিশেষ অনুসন্ধান ও গবেষনার প্রচন্ন নতুন তথ্য হয়েছে আবিষ্কৃত এবং নতুন নতুন তত্ত্বের আলোয় এগিয়ে চলেছে পৃথিবী। জীববিদ্যা, জীব-রসায়নবিদ্যা, কৃষ্ণিম জীবন সৃষ্টি, সৃষ্ট জীবনকে ইচ্ছামতো পরিবর্তনের অধিকারী আজ মানুষ। আজ প্রকৃতির উপরে কিছুটা আধিপত্য বিশ্তার করতে পারছে মান্য ক্লোনিং, মিউটেশন তম্ব এবং নিউপ্লিয়ার বায়োলজি করায়**ম্ব** করার দৌলতে ।

১৮৫৯ সালে 'অরিজ্বিন অফ স্পিসীজ' প্রকাশিত হওয়া মাত্রই তা গভীরভাবে অধায়ন করেন ফ্রিডরিশ একেলস। পরের বছর এ বইয়ের পাতায় মণন হন কার্ল মার্ক'স। ১৮৬০ সালের ১৯ ডিসেম্বর এঙ্গেলসের কাছে লেখা এক চিঠিতে মার্কস লিখেছেন: 'আমাদের ধারণার প্রাকৃতিক-ঐতিহাসিক বনিয়াদ সূচিট করে দিয়েছে এই গ্রন্থটি। একেলস তার 'ভায়ালেকটিক্স্ অফ নেচার' লিখতে গিয়ে প্রকৃতি-বিজ্ঞানের জগতে তিনটি ঘটনাকে চড়োল্ড গরেতে দিয়েছেন— জীবকোষ আবিষ্কার, শান্তর সংরক্ষণ ও তার রপোশ্তরের নিয়ম আবিষ্কার, আর ডারউইনের আবিন্কার । অর্থাৎ, মার্ক'স-এঙ্গেলসের চোখে চার্ল'স ডারউইনের আবিষ্কার ছিল এক প্রচন্ড গ্রেত্রপূর্ণ ঘটনা। আবার তার পাশাপাশি, ভারালেক্ টিক্স্ অফ নেচার-এর প্রতায় ভারউইনের কিছু সমালোচনাও করেছেন এক্সেলস। অস্তিতরক্ষা বা উদ্বর্তনের জন্য সংগ্রামের ওপর একপেশেভাবে অতিরিক্ত জ্যোর দিয়েছেন ডারউইন, যা একেলসের দৃণ্টিভঙ্গীতে সঠিক বলে মনে হয় নি । প্রাকৃতিক নির্বাচন সম্বন্ধেও কিছুটো ভিন্ন মত ছিল একেলসের । সদসাসংখ্যা বেডে যাওয়ার ফলে যে প্রতিযোগিতা দেখা দেয়, তাতে সবথেকে শক্তিশালীরাই প্রধানত টিকে থাকলেও, অন্য অনেক দিকের বিচারে দূর্বলতমরাও পারে টিকে থাকতে—বলেছেন তিনি। আরও বলেছেন, অজৈব প্রকৃতির বিভিন্ন বস্তর মধ্যে শুখ্য সংঘাতই থাকে না, সামঞ্জস্যও থাকে : জৈব প্রকৃতির বস্ত-গুলোর মধ্যে সচেতন ও অসচেতন সংগ্রামের পাশাপাশিই অবস্থান করে সচেতন ও অসচেতন সহযোগিতাও। আর তাই, এমন্তি প্রকৃতির ক্ষেত্রেও, চিম্ভার নিশানে শুষ্ম "সংগ্রাম" লিখে রাখাটা তাঁর মতে নেহাতই একপেশে ধারণা। বিভিন্ন প্রজাতির পরিবর্তনশীলতার কারণ, পরিবেশের ভামিকা, বিপাক-ক্রিয়ার ভ্যিকা—এ-সব বিষয়েও কিছু প্রশ্ন তুলেছেন একেলস। প্রশ্ন তুলেছেন मालवात्मत्र ज्या श्रद्धाञ्जनीयाजा मन्द्रत्थल । ज्व, ममात्नाजनात भागाभागिर, भारीत्रम्हानिवना, जुलनाम,लक भारतीत्रम्हानिवना, खुन्छन्। প্রাণিবিদ্যা, জীবাশ্যতম্ব, উভিদবিদ্যা-সব কিছুর ভিডি হিসেবে একেলস চিহ্নিত করেছেন প্রজাতিতত্বকেই, অকৃত্রিম স্বাগত জানিয়েছেন ডাইউইনের আবিষ্কারকে। বলে রাখা ভালো, ডায়ালেকটিক সা তফ নেচার লেখার সময় 'অবিজ্ঞিন অফ স্পিসীজ' ছাড়াও একেলস সাহায্য নিয়েছিলেন এই 'ডিসেণ্ট অফ ম্যান' গ্রম্থেরও।

ডারউংনের ভাবনা-চিম্তার অনেক জায়গা আজ আধ্বনিক বিজ্ঞানের আলোর পরিত্যক, সংশোধিত হয়েছে, আবার কিছ্ব কিছ্ব প্রশ্ন নিয়ে আজও চলছে বিতর্ক, গবেষণা। ডারউইন নিজেই লিখে গেছেন—'আমি জ্ঞানি, ভবিষ্যতে এ বিষয়ে আরও অনেক বেশি গ্রেত্বপূর্ণ গবেষণা হবে—মান্বের উত্তব আর মানবজাতির ইতিহাসের ওপর এসে পড়বে আরও উজলে আলোকরশিম।' এ কথা লিখতে পেরেছিলেন ডারউইন, কারণ সামনে এগিয়ে চলাই সমস্ত বিজ্ঞানের ক্ষেত্রে চিরম্ভন সত্য। নতুন নতুন আবিক্কার্, নতুন নতুন চিম্ভাই এগিয়ে নিয়ে যায় প্রথিবীকে, ইতিহাসকে, মানবজাতিকে।

তব্ব, সমস্ত সমালোচনা সম্বেও, এটা অনুস্বীকার্য যে আধ্বনিক জ্বীববিদ্যার বনিয়াদ যিনি গড়ে দিয়ে গেছেন তাঁর নাম চার্লাস ভারউইন। প্রথিবীর ইতিহাসে ভারউইন এবং তাঁর বিবর্তান তত্ত্বের মৃত্যু নেই।।

বিষয় সূচি

পরিচিতি: চার্ল'স ডারউইন

মুখবন্ধ

প্রথম পরিচ্ছেদ

নিদ্নশ্রেণীর কোন জৈবিক গঠন থেকে মান্ত্ররূপে ক্রমবিবর্তনের প্রমাণাবলী ১

দ্বিতীয় পরিচ্ছেদ

নিশ্নতর কোন জৈবিক গঠন থেকে বিবর্ডিত হয়ে মান্বমে উত্তরণের ধরণ ২৪

তৃতীয় পরিচ্ছেদ

মান্ব্রের সঙ্গে নিশ্নগ্রেণীর প্রাণীদের মানসিক ক্ষমতার তুলনা ৭১

চতুর্থ পরিচ্ছেদ

মানুষ ও নিশ্নশ্রেণীর প্রাণীদের মানসিক ক্ষমতার তুলনা, পরের্ণর আলোচনার পরবর্ত্তী অংশ ১১২

পঞ্চম পরিচ্ছেদ

আদিম ও সভ্য যুগে মননগত ও নৈতিক ক্ষমতার বিকাশ প্রসঙ্গে ১৫৩

यष्ठे शतिष्ट्रम

यान्त्स्वत्र प्राप्तृगा वदः दःगद्खान्छ श्रमः ১৭৭

সপ্তম পরিচ্ছেদ

মানুষের বিভিন্ন জাতি প্রসঙ্গে বিশেষ বিশেষ বৈশিষ্ট্যের প্রকৃতি ও গরেন্ব ২০৪

প্রকাশনা প্রসঙ্গে

চালস ভারউইনের 'ভিসেণ্ট অফ ম্যান' এবং অরিজিন অফ স্পিসিস্' বইদ্টি বাংলায় প্রকাশ করার প্রচেণ্টা আমরা বেশ করেক বছর আগে থেকে শ্রুর্ করেছি। এতদিন পর প্রথম বইটির প্রথম থণ্ড প্রকাশ করা সম্ভবপর হলো। বেশ কিছ্র্ দিন আগে বিজ্ঞাপিত হওয়া সম্বেও অন্বাদ, ছাপা'ও অন্যান্য বিলাটের দর্শ বইটি প্রকাশিত হতে বেশ দেরী হয়ে গেল; এরজন্য অন্বাগী পাঠকব্দের কাছে আমরা ক্ষমাপ্রার্থী। বইটি প্রকাশের ক্ষেত্রে অনেক শ্রুভান্ধ্যায়ী বন্ধ্বজন ও সহ্মমাঁ সাথীরা নানাভাবে সাহাধ্য সহযোগিতা করে ও উৎসাহ দিয়ে আমাদের চিত্রতন কৃতজ্ঞতাপাশে, আবন্ধ করেছেন। এর মধ্যে সন্দিপন ভট্টাচার্ধ, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলাভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক নির্মালেশ্ব ভৌমিক, পরমান্থীয়া অধ্যাপিকা দেবিকা চান্ত, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মিউজিওলজি বিভাগের অধ্যাপক সন্ভোষকুমার বসন্ত্র নাম উল্লেখ না করলে মানসিক পীড়া অন্তেব করবো।

বইটির এই খণ্ডটি আলোচ্য বিষয়ের দিক দিয়ে শ্বয়ংসম্পূর্ণ, বোঝার স্বাবিধের কারণে তৃতীয় খণ্ডের শেষ পরিচ্ছেদটি এই খণ্ডে সংযোজিত করা হয়েছে। ঐ পরিচ্ছেদে ভারউইন আলোচ্য বিষয়ের সারসংক্ষেপ করেছেন। অনুবাদের ক্ষেত্রে আমরা বইটির প্রথম সংস্করণকে অনুসরণ করেছি। বইটির পরের দ্বটি খণ্ডে বিবর্তনের ক্ষেত্রে বথাক্রমে জীবজন্ত্ব, কীটপতঙ্গ এবং মান্ব্রের 'যৌনগত নির্বাচন' (Sexual Selection) বিষয়ে আলোচনা করা হয়েছে। ঐ খণ্ড দ্বটি আগামীতে প্রকাশ করার কাজ চছছে।

কীভাবে বইটা লেখা হলো, এ সম্বন্ধে দু'চার কথা বলে নিলে এই কাজটির প্রকৃতি সম্পর্কে একটা স্পন্ট ধারণা পাওয়া যাবে। বেশ কিছু বছর যাবং আমি মানুষের উত্তব বা বিবর্তন সম্পর্কিত তথ্যসমূহে সংগ্রহ করছিলাম, এখনই সেগলোকে প্রস্তকাকারে প্রকাশ করব -এমন কোন সদিচ্ছা থেকে নয়, বরং প্রকাশ করার অনিচ্ছাই প্রবল ছিল তখন। কারণ আমি জানতাম এর ফলে আমার মতবাদের বিরুদেধ ব্যাপক সোরগোল তোলা ছাড়া আর কিছুই হবে না। আমার মনে হয় 'অরিজিন অফু দিপসিস্' বইটির প্রথম সংস্করণে এটা উল্লেখ করাই যথেণ্ট ছিল যে এই কাজের দারা 'মানুষের উত্তব ও তার বিবর্তনের ইতিহাস সম্পর্কে আলোকপাত করা হয়েছে এবং তার অর্থ হলো প্রথিবীতে আবির্ভাবের র্গীতিপশ্বতি সম্পর্কে যে কোন সাধারণ সিম্পান্ত গ্রহণের সময় মান্যুবকেও অন্যান্য প্রা**ণীদের সাথে একই তালিকাভুক্ত করতে হবে। কিম্তু সম্প্রতি** এ ব্যাপারে দুণিউভঙ্গীর পার্থক্য দেখা দিয়েছে। যখন কার্ল ফখ্ং এর (Carl Vogt) মতো একজন প্রকৃতিতত্ত্ববিদ ১৮৬৯ খৃন্টাব্দে জেনেভার ন্যাশনাল ইন্ স্টিটিউশনের সভাপতি হিসেবে খানিকটা ঝাঁকি নিয়েই বলেন যে, 'ইউরোপে অতত কেউ আর এখন বিশ্বাস করে না যে সমস্ত প্রজাতির প্রতিটি জীব প্রথকভাবে স্টিট হয়েছে,' তখন এটা বেশ স্পন্ট হয়ে ওঠে, অন্ততপক্ষে প্রক্রতিতত্ত্ববিদ্দুদের একটি বড অংশ এখন মেনে নিতে বাধ্য হয়েছেন যে একটি প্রজাতি হলো অন্য একটি প্রজাতির রপোশ্তরিত উত্তরসূরে : বিশেষত নবীন এবং উপীয়মান প্রকৃততত্ত্ববিদদের ক্ষেত্রে একথা আরো বেশি সত্য। অনেকের কাছে প্রাকৃতিক নির্বাচনের (natural selection) মতবাদটি সমাদতে হলেও কেউ কেউ জোর দিয়ে বলছেন, আমি নাকি এটার ওপর বড় বেশী গরেরুত্ব দিয়ে ফেলেছি; অবশ্য ভবিষ্যতই বিচারকর্তা হিসাবে শেষ সিম্পান্ত টানবে। অত্যাত দুর্ভাগ্যজনক যে প্রাকৃতিক বিজ্ঞানের অভিজ্ঞ এবং সম্মানীয় ব্যক্তিরা এখনো পর্যাত সর্বারক্মভাবে বিবর্তানবাদের (evolution) বির খার্চারণ করে চলেছেন।

অধিকাংশ প্রকৃতিতন্থবিদ্ কর্তৃক এই মতবাদটি গৃহীত হওয়ার ফলে, সব ব্যাপারেই শেষপর্যাত যা হয়ে থাকে, এক্ষেত্রেও তাই হবে, একথা বাদবাকীরা মেনে নেবেন, কিন্তু মজার কথা যে তারা বিজ্ঞানী নন্। তাই আমি এখানে একসঙ্গে আমার ব্যাখ্যাগ্র্লিকে সাজিয়ে নিলাম, যাতে দেখতে পারি যে প্রের্ব আমার দ্বারা উভত্ত সাধারণ সিন্ধান্তগর্লি মান্যের বেলায় কতথানি প্রযোজ্য। এটা করার আরো একটা উদ্দেশ্য হলো যে, আমি কখনো কোন একটি প্রজাতির উপর আলাদাভাবে এই মতবাদটি প্রথমন্পৃত্থ প্রয়োগ করে দেখিনি। যখন কোন একটি প্রজাতির উপর আমাদের মনোযোগ নিবন্ধ করি, তখন প্রকৃতির সংধ্রিত্ত-প্রবর্ণতা থেকে উভত্ত জোরালো যুক্তি এসে আমাদের চিন্তায় ব্যাঘাত ঘটায়। এই সংযুক্তিপ্রবণতা জীবজগতের সমস্ত বিভাগগালির মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে তোলে,—যেমন অতীত ও বর্তমান সময়ে তানের ভৌগোলিক বিভাজন এবং তাদের ভ্তান্থিক অধিকার। আমাদের দৃৃণ্টির সান্নিধ্যে এসে পড়া কোন প্রজ্ঞাতি -তা মানুষ বা অন্য প্রাণী যাই হোক না কেন. তাদের গঠনের সাদৃশ্য, ভ্রুণের বিকাশ ও প্রাথমিক পর্যায়ের অঙ্গপ্রতাঙ্গ, সর্বাকছ,ই বিচার করে দেখা উচিত। এই সমস্ত তথ্যসারণী অমাদের কাছে এখন এত বেশী আর সমৃশ্ধ যে ক্রমে সেটা বিবর্তনবাদের (evolution) পক্ষে যেরে দাঁড়ায়। একই সঙ্গে বিবর্তনের সপক্ষে অন্যান্য তথ্য থেকে পাওয়া জোরালো যুক্তিও মনে রাখতে হবে। এই কাজটির মুখ্য উদ্দেশ্য হলো বিচার করে দেখা যে প্রথমত মানুষ অন্যান্য সকল প্রজাতির মতন প্রবোভ্তে কোন জীব থেকে স্ফট কিনা ; বিতীঃত কীভাবে তার ক্রমোন্নতি ঘটেছে ; এবং তৃতীয়ত মানুষের তথাকথিত জাতিগুলির মধ্যে পার্থক্যের তাৎপর্থ কী। যেহেতু এই বিষয়গ, লির মধ্যে আমার বর্তমান আলোচনা সীমাবন্ধ রাখব, তাই অহৈতুক বিভিন্ন জাতিগালের মধ্যে পার্থকা নিয়ে কোন গভার বিশেলঘণে যাব না ; কারণ এ এক বিশাল কাজ এবং অনেক মল্যেবান গবেষণায় ব্যাপকভাবে আলোচিত। মানুষের অস্তিত যে বহু প্রাচীন, সম্প্রতি সেটা ম°িসয়ে ব্সার দ্য পার্থের (M. Boucher de Perthes) নেতৃত্বে একদল বিখ্যাত ব্যক্তির বহলে পরিশ্রমের ফলে উম্বাটিত হয়েছে, এবং মান-বের উত্তবকে বোঝার পক্ষে এসবই অপরিহার্য উপাদান । সেইজন্য আমি এই সিশ্বাম্তকে ধরে নিয়ে পাঠকদের স্যার চার্লস লিল্ (Sir Charles Lyell), স্যার জন লুবোক (Sir John Lubbock) এবং অন্যদের প্রশংসনীয় প্রবংধগ্রিল পড়ে নিতে অনুরোধ করব। মানুষের সঙ্গে বনমানুষের তফাৎ সম্বন্ধে সামান্য কিছ্, উত্তেলখ করা ছাড়া আমি আর কিছ্, বলছি না, কারণ অধ্যাপক হাক্সল বহু বিজ্ঞ গবেষক ও সমালোচকদের মতামতসহ শেষপর্য ত প্রমাণ করেছেন, প্রতিটি দ্শামান বিষয়ে মানুষের সঙ্গে উচ্চশ্রেণীর বাদরদের যে তফাৎ, তার থেকে উচ্চ

শ্রেণীর বাদরদের সঙ্গে নিশ্নশ্রেণীর বাদরদের তফাং অনেক বেশী।
এথানে মানুষ সম্পর্কে নতুন কোন তথা খুব কমই আছে। কিম্তু মোটামুটি
একটা থসড়া করার পর আমি যে সিম্পান্তে পেণিছেছিলাম, আমার কাছে তা বেশ
মনমতো হয়েছিল এবং ভেবেছিলাম অন্যদেরও তা কোতৃহলী করে তুলবে।
অনেক সময় প্রায় জোর দিয়ে বলা হয়, মানুষের উঙৰ সম্বশ্যে কথনো কিছ্
জানা যাবে না, কিম্তু অজ্ঞতা সবসমরই প্রকৃত জ্ঞানের চেয়ে অনেক বেশী
অম্প বিশ্বাসের জন্ম দেয়। সেইজন্য, যারা জানে তারা নয়, যারা কিছ্
জানে না বা
বোঝে না তারাই খুব জোর দিয়ে বলে, যে এই সমস্যাটা বা ঐ সমস্যাটা
কিছ্তেই বিজ্ঞানের সাহায্যে সমাধান করা সম্ভবপর নয়।

প্রাচীনকালের কোন নিশ্নতর এবং বর্তমানে বিলুপ্ত কোন জৈবিক গঠনের থেকেই যে অন্যান্য কিছু প্রজাতির সঙ্গে সঙ্গে মানুষও উল্ভুত হয়েছিল—এই সিম্ধান্তটি আদৌ কোন নতুন সিম্ধান্ত নয়। লামাক বহুদিন আগেই এই সিম্ধান্ত উপনীত হয়েছিলেন। সাম্প্রতিককালে বেশ কিছু বিশিষ্ট প্রকৃতি বিজ্ঞানী এবং দার্শনিক এই মত সমর্থন করেছেন। বেমন—ওয়ালেস, হাস্কলে, লিলা, ফথাং, লাবকা, বিশ্বনার, রলা, প্রভাতিরা, এবং বিশেষ করে হ্যাকেল। হ্যাকেল তাঁর গ্রেম্পের্ণ গ্রন্থ "কেনারেল মরফোলজি'' (১৮৬৬) ছাড়াও সম্প্রতি (১৮৬৮, ছিতীয় সংস্করণ ১৮৭০-এ) প্রকাশ করেছেন "NnturlicheSchopfungsgeschichte" রচনাটি। এতে তিনি মানুষের বংশবৃদ্ধান্ত নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। আমার প্রবাধিটি লেখা হওয়ার আগে এই গ্রাহটি প্রকাশিত হলে আমি হয়ত কোনদিনই আমার প্রবাধিটি শেষ করে উঠতে পারতাম না। আমি বে-সব সিখান্তে উপনীত হয়েছি, তার প্রায় প্রত্যেকটিই সমর্থিত হয়েছে এই প্রকৃতিবিজ্ঞানীর রচনায়। জনে বিষয়ে তাঁর জ্ঞান আমার থেকে জনেক বেশি, অনেক প্রণাঙ্গ। অধ্যাপক হ্যাকেল-এর রচনা থেকে কোন তথ্য বা দৃণ্টিভঙ্গীর কথা উল্লেখ করার সময় আমি সর্বদাই সরাসারি তাঁর উন্দৃতি ব্যবহার করেছি। অন্যান্য বিব্তিগৃদ্ধলি আমার পাম্ভূলিপিতে যেমন ছিল তেমনই রেখেছি, শুখু তানিশ্বিত বা কোত্হলোম্পীপক বিষয়গৃদ্ধির কেন্তে কাথাও কোথাও পাদটীকার তার রচনার কথা উল্লেখ করেছি।

বহু, বছরের পর্যবেক্ষণের ফলে আমার মনে হয়েছে যে মান্ধের বিভিন্ন জাতিতে ভাগ হয়ে যাওয়ার পিছনে যৌন নির্বাচন একটা অতাত্ত গ্রের মুপূর্ণ ভূমিকা পালন করেছে। কিম্তু "হারিজিন অফ দিপসিস্''-এ এই বিশ্বাসের কথাটাকু উল্লেখ করেই আমি ক্ষান্ত থেকেছি। মানবজাতিকে এই দ্রণ্টিভঙ্গী অনুষায়ী বিচার করতে বসে আমি ব্রুঝতে পারি যে সমগ্র বিষয়**িকে প**ুণখানুপ**ুণ্থভাবে বিশেলঘণ** করা দরকার। ই ফলম্বরূপ এই গ্রন্থের দ্বিতীয় খন্ডটি, যেখানে যৌন নির্বাচন (Selection in relation to Sex) নিয়ে আলোচনা করা হয়েছে, তা প্রথম খণ্ডের তুলনায় অত্যধিক দীর্ঘ হয়ে পড়েছে। এছাডা অন্য কোন উপায় ছিল না। মান্তব্য এবং নিশ্নতর জীবজশতদের বিভিন্ন আবেগের অভিব্যক্তি সম্বংশ একটি প্রবন্ধ এই গ্রন্থের অর্ন্ড করার ইচ্ছে ছিল। বহুবছর আগে স্যার চার্লস বেল্ এর গ্রেছপূর্ণে রচনাটি পড়ার পরই এই বিষয়টির প্রতি আমার মনোষোগ আকৃণ্ট হয়। এই বিশিণ্ট শারীরতত্ত্ববিদের মতে. মানুষ্টের শরীরে এমন কিছ্ত পেশী আছে যেগালি শাধ্যাত আবেগ প্রকাশ করার জন্যই বাবস্তুত হয়। এই ধারণাটি স্পণ্টতই অন্য কোন নিম্নতর জৈবিক গঠন থেকে মানুষের উল্ভব সংক্রান্ত ধারণার বিরোধী। তাই এ বিষয়টি নিয়ে আ**লোচ**না করা একান্ত প্রয়োজনীয় ছিল। মান-ছের ভিন্ন ভিন্ন জাতির লোকেদের আবেগ প্রকাশের মধ্যে কতটা সাদ, শ্য আছে, তা-ও দেখানোর ইচ্ছে ছিল আমার। কিম্তু বর্তমান গ্র**েহর** আয়তনের কথা ভেবে ঐ প্রবংধটিকে আলাদাভাবে প্রকাশ করার জন্য রেখে দিতে হল।

১। এই রচনাটি বথন প্রথম প্রকাশিত হর, তথন পর্যত অধ্যাপক হাকেলই ছিলেম একমাত্র ব্যক্তি, বিনি "অরিজিন অর্থ-শিসিন্" প্রকাশিত হওরার ঘৌন নির্বাচন প্রদক্ষে আলোচনা করেছিলেম এবং বিবয়টির শুরুত্ব যথাযথভাবে উপলব্ধি করতে পেরেছিলেন। বিবয়টি নিয়ে তিনি তাঁর বিভিন্ন রচনার চমৎকারভাবে আলোচনা করেছেন।

আগামী প্রকাশনা

সন হফ দি **উল**ফ নিপীরিত জনগন

(পিপ্ল অফ দি এাবিস)

জাক লপ্তন

এদুষ্ট ও অন্যান্য

মিখাইল শলোকফ

বাসে ও পরবাসে (গল্প সংগ্রহ)

বেটোণ্ট ব্ৰেষ.ট্

গাধার জবানবন্দী

কুম্ণ চ**ন্দর**

হিদ্যুস্হানী সঙ্গতি পশ্বতি (না খাডে)

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতথণ্ডে

অরিজিন অব দিপসিস্

চাৰ্লস ডারউইন

রহস্য গল্প ও উপন্যাস

এডগার এালান পো

ভারতীয় শিক্সে শ্রমের অভিব্যক্তি ও সন্যান্য প্রবংধ

সন্থোষ **কুমার বহু**

নোটব্ৰকস—দৰ্ই খণ্ডে

লিওনার্দো দা ভিঞ্চি

হোয়াট হ্যঃপেণ্ড ইন দি হিস্টি

গৰ্ডৰ চাইল্ড

ছবির **রাজন**ীতি**ঃ দেড়শো বছরে**র রাজনৈতিক

ছবির দলিল ও নথিপত্র

সম্পাদনা—সম্দীপন ভট্টাচাৰ্য

ইরাণের প্রতিবাদী গল্প

প্রথম পরিচেছদ

নিমুশ্রেণীর কোন জৈবিক গঠন থেকে মান্যরূপে ক্রমবিবর্তনের প্রমাণাবলী :

নামুবের উৎপত্তি বিষয়ক প্রমাণাবলীর প্রকৃতি—মামুব ও নিরপ্রেণীর প্রাণীদের মধ্যে অমুরূপ ভ্রন্তসংস্থান—পারস্পরিক সাদৃগ্রের বিবিধ বিষয়—ক্রমোরতি—আদিম বা লুপ্তথার অস্থের সংস্থান—মান্দেশী, জ্ঞানেক্রিয়, চুল, অন্থি, জননেক্রিয়, ইত্যাদি—মামুবের উৎপত্তি বিষয়ক তিনটি বিরাট প্রেণীবিভাগ সম্বন্ধে তথ্যের বিভাগ।

মান্ত্র পরবোদ্ধতে নিশ্নশ্রেণীর কোন প্রজাতির বিবর্তিত উন্নততর রূপ—একথা িযিনি বিশ্বাস করেন, সম্ভবত তিনি প্রথমেই জানতে চাইবেন, যে শারীরিক গঠন ও মানসিক গাণের বিচারে, তা সে যতই সামান্য হোক না কেন, মানুষে তাদের থেকে কোনরপে ভিন্নতা পোষণ করে কিনা। যদি তাই হয়, তবে নিশ্নশ্রেণীর জীবদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুষায়ী মানুষের বেলাতেও সেটা বংশগতভাবে বর্তায় কিনা। আবার এই ভিনতা কি আমাদের জ্ঞান অনুযায়ী অন্য প্রাণীদের মতো একই সাধারণ কারণজনিত কোনো ফল, এবং তারা কি একই নিয়মের বশবর্তী, ষেমন শরীরের পারস্পরিক সম্পর্কযুক্ত কোন অঙ্গের ব্যবহার বা অব্যবহারের ফল স্বরূপ বংশগত ভাবে তার প্রভাব, ইত্যাদি ? মানুষ ও কি একইভাবে অঙ্গের অসংগতিতে, ক্রমবিকাশের সীমাবম্বতায় তার পর্বেতন বা আদিম অবস্থার দৈহিক গঠনের কোন ব্যতিক্রম নিয়মে প্রনরায় ফিরে যেতে পারে ? খ্রব স্বাভাবিকভাবেই এটাও নিশচ্য জিজ্ঞাস্য হতে পারে যে মানুষ কি অন্যান্য বহু প্রাণীর মতো বিভিন্ন প্রকার ও উপজাতির মানবগোষ্ঠী সূর্ণিট করেছে, যাদের মধ্যে তফাৎ অতি সামান্য আবার কখনো কখনো এত বেশি যে তাদের সন্দেহজনক প্রজাতি হিসেবে শ্রেণীবন্ধ করতে হবে ? কীভাবে এই জাতিগন্তিল প্রথিবীময় ছড়িয়ে আছে; এবং যৌন মিলনের পরে কীভাবে তারা প্রথম এবং পরবর্তী বংশধারায় পারস্পরিক প্রতিক্রিয়া স্কৃতি করে থাকে ? এই ভাবে বিভিন্ন প্রশ্ন আমাদের সম্মূথে ক্রমণ উপস্থিত হয়। প্রশনকর্তা এরপর আর একটি গরেম্বপূর্ণ প্রশো চলে আসবেন, মানুদের মধ্যে কি দ্রতেহারে বংশব স্থির প্রবণতা আছে, কারণ টি কৈ থাকবার জন্য তাকে যে কঠিন জীবনসংগ্রাম করতে হয় এবং তার ফলস্বরূপ শারীরিক ও মানসিক দিক থেকে तका भारक मरामद्र पन जाद धर्म राख यारक बाता पर्दान ? ज्य कि मान्यस्त्र मर জাতি অথবা প্রজাতি, বে পদ-ই ব্যবহার করা হোক না কেন, জোর করে একে

অন্যকে সরিয়ে দিচ্ছে, যার ফলে, কেউ কেউ শেষ পর্য ত নিশ্চিত্ হয়ে বাচ্ছে : আমরা দেখব এই সমস্ত প্রশোর, যা বাস্তবিকপক্ষে তাদের অধিকাংশের ক্ষেত্রেই প্রযোজ্য, একটিই উত্তর হবে, হ্যাঁ, ঠিক নিম্নশ্রেণীর প্রাণীদের নিয়মপন্থতির মতোই। এখানে উদ্লিখিত কিছু প্রশোর আলোচনা আপাতত স্থাগত রাখব এবং প্রথমে আমরা দেখব যে মান্বের শারীরিক গঠনে কম-বেশি এমন কোন চিত্ত আছে কিনা, যার সাহায্যে প্রমাণ করা যায় মান্বের উত্তব কোন নিশ্নশ্রেণীর জিবিক রুপ থেকে। পরবর্তী অধ্যায়গর্লতে মান্বের মানসিক শান্তর সাথে নিশ্মশ্রেণীর প্রাণীদের তুলনাম্লক আলোচনা করা হবে।

মান্তবের শারীরিক গঠন: এটা শ্নতে বেশ খারাপ লাগারই কথা বে मान स्वत भारतीतिक गठेन ठिक जनगाना म्हानाशीकम्हा जाकात वा शहरनतः মতোনই। তার কাঠামোর সমস্ত হাডকেই বাঁদর, বাদ্যুড বা সীল মাছের হাডের সঙ্গে তুলনা করা চলে। তুলনা করা যায় তার পেশীতন্ত, দনায়তন্তু, রক্তবাহী নালি বা শরীরের অশ্তবতাঁ অন্যান্য অংশের সঙ্গেও। শরীরের সবচাইতে গ্রেম্বপূর্ণ অংশ মন্তিক্ত যে এই একই নিয়ম মেনে চলে সেটাও প্রফেসার ' হান্দ্রলি ও অন্যান্য শারীরতত্ত্বিদ্রণণ দেখিয়েছেন। বিশোফ (Bischoff) **এর মতো একজন বিরোধী সমালোচকও স্বীকার করেছেন যে মানুষের** মশ্তিকের প্রতিটি প্রধান অংশ ও ভাঁজের সাথে ওরাংওটাং-এর মশ্তিকের সাদৃশ্যে রয়েছে। কিম্তু তিনি মনে করেন উভয়ের মস্তিম্কের বিকাশের ধারা একই বা উভরের মন্তিন্কের মধ্যে সম্পূর্ণ মিল রয়েছে এমনটি আশা করা অন্যায় **१८७, काइन, जाश्रम रजा जारम्य त्राध्य त्राध्य, विस्तर्रमा** थकरे बक्स्मत श्राण । ভালপিয়ান (Vulpian) মন্তব্য করেছেন, 'মানুষের সঙ্গে বনমানুষের মাদ্তন্কের সাত্যকারের তফাৎ খুব কম। এই ব্যাপারে যেন কেউ ভূল না করেন যে মস্তিন্কের চারিত, করোটির গঠন ও আকারে মানুষের অবস্থান একেবারে বনমান্তবের কাছাকাছি। তাছাডা বেবনে ও সাধারণ জাতের বাদরের সঙ্গেও করোটির গঠনে মানুষের যথেণ্ট মিল রয়েয়ছ।' কিন্তু মাস্তক্ষের গঠন বা শরীরের অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গের বিষয়ে মানুষ ও উচ্চপ্রেণীর ত্তন্যপায়ী প্রাণীদের মধ্যে পারস্পরিক সম্পর্কের বর্ণনা এখানে অর্থহান মনে হতে পারে।

যাইছোক, শারীরিক গঠনের সাথে স্রাসরি বা স্কুপণ্ট কোন সম্বন্ধ না থাকলেও দ্ব'একটি বিষয়ের উল্লেখ করা প্রয়োজন, যাতে এই যোগাযোগ বা সম্পর্ক বেশ ভালো ভাবে দেখানো যেতে পারে।

निन्नत्यगीत थागीतत तथरक किए, त्रांग त्यमन मान, त्यत तरह मरकामिछ इत्र, তেমনিই মান্ত্রও নিশ্নশ্রেণীর প্রাণীদের ক্ষেত্রে কিছু কিছু রোগের কারণ, বেমন জলাত•ক, বসন্ত, সিফিলিস, কলেরা ও চর্মরোগ ইত্যাদি। এই তথা **উভ**য়ের मर्पाकात न्नास्कला ७ तरङ्ग मूथा गठेन ७ छेशानात्नत र्घानके नाम्, त्नात श्रमान न्यत्भ, এবং এটা যাচাই করে দেখবার জনা সবচেয়ে সংবেদনশীল অনুবীক্ষণ বা সবচেয়ে ভালো রাসায়নিক বিজ্বেষণের দরকার হয় না। আমাদের মতে বাদরদেরও কিছু রোগ হয় যেগালি আদৌ সংক্রামক নয়। অধ্যাপক রেগ্গার (Rengger) সেবাস এজারে (Cebus Azarae) নামে একশ্রেণীর বাদরকে তাদের আবাসস্থলে রেখে দীর্ঘদিন পরীক্ষা করে দেখেছেন যে তারা সর্দিতে ভোগে এবং তার সাধারণ লক্ষণগালি মানুষের ক্ষেত্রেও একই। ঘন ঘন সদি হবার ফলে তারা ক্ষররোগে আক্রান্ত হয়। তাছাড়া এই ধরণের বাদররা সম্মাস রোগ, পেট ফুলে যাওয়া এবং চোখে ছানি প্রভৃতিতে আক্রান্ত হয়। শৈশবে দুখের দাঁত পড়ার সময় প্রায়ই জন্বে আক্রান্ত হয়ে মারা যায় তারা। এদের উপর ওব্বধের ক্রিয়াও ঠিক আমাদেরই মতো। কোন কোন জাতের বাদরদের আবার চা, কফি এবং উৎকৃণ্ট মদের উপর দার্ন লোভ। আমার নিজের চোখে দেখা যে তারা খোশমেজাজে ধ্রপান করে। বহুম (Brehm) একে সমর্থন করে বলেন যে উত্তর পর্বে আফ্রিকার স্থানীয় অধিবাসীরা বুনো বেবনেদের ধরবার জন্য কড়া দেশজ মদ ভর্তি পাত্র টোপ হিসেবে ব্যবহার করে, কারণ তারা তা খেয়ে সহজেই মাতাল হয়ে পড়ে। তিনি এই ধরনের মাতাল বাদরকে আটক রেখে পরীক্ষা करत ठाएनत वावशात ও আশ্চর্য মুখভঙ্গী সম্পর্কে নানা মজাদার তথ্য পেশ করেছেন। পরের দিন সকালে তারা অত্যন্ত হতাশ ও খিটখিটে হয়ে পড়ে। দ্র'হাতে মাথা চেপে ধরে করুণভাবে তাকিয়ে থাকে। তখন বিয়ার বা মদ দিলে তারা বিরন্ধি প্রকাশ করে কিল্টু লেবরে জল পেলে তারিয়ে পান করে। এটেল্স (Ateles) জাতীয় একটা আমেরিকান বাদর একবার ব্রাণ্ডি থেয়ে মাতাল হবার পর আর কখনো তা দপর্শ পর্যাত করেনি ! দেখা যাচ্চে তারা কখনো কখনো মানুবের চেয়েও সূবিবেচক। এই সমস্ত সামান্য ঘটনা প্রমাণ করে মানুষ ও

১। জীৰ লগতের থ্ব নীচু স্তরেব কিছু কিছু প্রাণীর ঐ সকল বস্তর প্রতি একইরকম আসজিশলকা করা যার। মি: এ- নিকেলদ আমাকে জানিরেছেন, তিনি অট্রেনিয়ার কুইলল্যাতে ক্যাসিওলারক্টাস সিনেরাস (Phaseolarctus cinereus) নামে তিনটি নিয়শ্রেণীর বাঁদর লাতীয় প্রাণীতে গবেষণা চানিরে দেখেছেন যে তার। কোনষকম অসুশীলন ছাড়াই মদ ও ধুমণানের থেতি তীর আসক্তি প্রকাশ করেছে।

বাদরের স্বাদের অনভূতি কত কাছাকাছি এবং উভয়ে স্নায়্তার কিরকমা একইভাবে কাজ করে।

भानद्भवत एएट अভाष्टतस्य भत्रकीयी कौयानुत आक्रमन कथरना कथरना ठात মাজ্যুর কারণ পর্য'ন্ড হতে পারে। এছাড়া, বিহঃস্থ পরজীবীরাও নানা ভাবে। আক্রমণ করে। একই জাতি বা বংশের অর্ন্তভিত্ত পরজীবীরা অন্যান্য-স্তন্যপায়ী প্রাণীদেরও আক্রমণ করে, একই শ্রেণীর অন্তর্গত মানুষ বা অন্য জীবদের খোসপাঁচড়াও এদের আক্রমণের ফলস্বরূপ। অন্যান্য স্তন্যপায়ী জবি, পাখি, এমনকি প্রোকামাকড়দের বেলাতেও বেমন দেখা যায়, মানুষ্ণ ঠিক তাদেরই মতো গর্ভধারণ, রোগের আক্রমণ ও স্থায়িত্ব ইত্যাদি প্রায় সব বিষয়েই একই রহসাময় নিরমের অনুবতী এবং চন্দ্রকলার হ্রাসব ৃত্যির সঙ্গে সম্পর্ক যুক্ত। যে-কোন ক্ষত আরোগ্যলান্ডের পথে প্রায় একই উপায়ে সেরে ওঠে এবং অঙ্গছেদনের পর কোন ক্ষত স্বাটি হলে, বিশেষ করে অ্পের প্রাথমিক অবস্হায়, ক্ষতস্হান কিছ্টো প্রনর্গাঠিত হয়, ঠিক যেমনটি নিন্দ্রশ্রেণীর প্রাণীদের বেলাতেও ঘটে থাকে। জীবের জন্ম সংক্রান্ত গ্রের্ড্বপূর্ণ বিষয়টি, প্রের্যের প্রণয় নিবেদন থেকে শুরু করে জন্মক্ষণ ও লালন-পালন, আদ্বর্যজনকভাবে সকল স্তন্যপায়ী প্রাণী দের ক্ষেত্রে একইরকম। বাদরও মানুবের বাচ্চার মতো প্রায় একইরকম অসহায় অবস্থার মধ্যে জমায়। কোন কোন জাতের বাঁদর আবার মান্যের মতোই শৈশবে তাদের প্রাপ্তবয়দ্ক বাপ-মায়ের মত দেখতে হয় না। কেউ কেউ বেশ জোর দিয়ে একটি উল্লেখযোগ্য প্রভেদ দেখান এই বলে যে অন্যান্য জীবের তুলনায় মানবশিশরে বড হতে কিছু বেশি সময় লাগে। কিল্তু যদি আমরা গ্রীষ্মপ্রধান দেশের মানুষদের লক্ষ করি তবে দেখব এই প্রভেদ এমন কিছু বেশী নয়। कात्रण अकीं छे छतार भिष्म प्रमा थारक शानाता वहरतत शारत स्वीवन नाछ करत ना । তলনামলেক ভাবে, অধিকাংশ স্তন্যপায়ী জীবের প্রেরেরা দেহের ওজন, আকার, চলের পরিমাণ ইত্যাদিতে তাদের জাতের মেয়েদের থেকে আলাদা, উভয়ের মানসিক গঠন ও প্রভেদ প্রচুর। সত্তরাং দেখা যাচ্ছে উচ্চপ্রেণীর জীব বিশেষ: করে বনমান্বে-স্না, দৈহিক গঠন, ছোট ছোট পেশীত তুর গঠন, জীব রাসায়নিক গঠন, মানসিক গঠন প্রভৃতি বিষয়ে মানুষের খুব কাছাকাছি জায়গায় রয়েছে। ক্রেণের ক্রেমবিকাশ : মানুষের হুণ যেটা প্রায় এক <u>ইণ্</u>রির একশ প^{*}চিশ ভাগ ব্যাসবিশিষ্ট ডিম্বাণ, থেকে ধীরে ধীরে বড় হয় ; কোন অর্থে ই সেটা অন্য প্রাণীদেরঃ फिन्यान् त्थाक व्यामामा नज्ञ । मान्यस्यत्र **स्था**क श्रार्थामक व्यवस्थात्र स्मत्रपुरणी शानीकः অন্য সদস্যদের থেকে আলাদা করে চেনা প্রায় অসম্ভব । এই সমর শরীরের রন্তবাহী


ধমনীগ্রেলা ধন্তের মতন বাঁকানো অবস্থায় থাকে, কারণ ব্রন্তিরা-তে (branchiae) রক্ত পাঠাবার জন্য এমন ব্যবস্থাপনা। কিল্পু উচ্চপ্রেণীর মের্দেড প্রাণীদের ক্ষেত্রে এরকম কোন ব্যবস্থা না থাকলেও দেখা যায় তাদের গলার কাছে (১নং ছবি, f & g) প্রেবিস্থার নিদর্শন হিসেবে চেরা দাগ রয়ে গেছে। পরবর্তী পর্যার হাত-পায়ের ক্রমোমতি ঘটে। বিখ্যাত ভন্বেরার (Von Baer) উত্তেশথ করেছিন, 'সরীস্প ও স্তন্যপায়ীদের পা, পাখীর জানা ও পা ঠিক মান্বের হাত-পায়ের মতো একই প্রার্থামক গঠন থেকে স্টে।' অধ্যাপক হাক্সলি বলেন, 'ব্র্ণবিকাশের পরবর্তী পর্যায়ে মান্বের সঙ্গে বাঁদরের কিছ্ম কিছ্ম প্রভেদ চোথে পড়ে। অন্যাদকে বাঁদরের সঙ্গে কুকুরের ব্রেরের বিকাশে যতটাই তফাৎ তেটাই প্রায় চোখে পড়ে কুকুরের সাথে মান্বের বেলাতেও। বিতীয় সিম্বান্তিট আশ্বর্ধ মনে হলেও এটি পরীক্ষিত সত্য গ্র

ষেহেতু এই বইএর অনেক পাঠকের দ্র্ণের গঠন সম্পর্কে সঠিক ধারণা নেই, তাই মান্য ও কুকুরের দ্র্ণের দ্বাঁট ছবি এখানে দেওয়া হলো। দ্বাঁটই বিকাশ লাভের প্রাথমিক পর্যায়ের চিন্ত, খব সাবধানে আর যতদরে সম্ভব নিভর্বল ভাবে অন্তক্ত ।ই উচ্চ পর্যায়ের বহর্ বিশেষজ্ঞদের মতামত রাখার পর, একগাদা ধার করা তথ্যের সাহাযো এটা আমার পক্ষে দেখানো অর্থাহীন যে মান্যের দ্র্ণ অবিকল অন্যান্য স্তন্যপায়ী প্রাণীদেরই মতো। তবে এট্কু বলা যায় যে মান্যের ও নিশ্নশ্রেণীর প্রাণীদের দ্ব্ণবিকাশের বিভিন্ন পর্যায়ে গঠনগত সাদ্শ্য রয়েছে। উদাহরণন্বর্মে, দ্র্ণের প্রথম অবস্হায় স্থং পিশ্ড বলতে শ্বধ্মান একটি ধ্কু ধ্কু করা যাত্রকে বোঝায়; দেহের যাবতীয় বর্জপদার্থ একটি সর্ম্পথ দিয়ে বেরিয়ে আসে; এবং অপর্টিকাস্থি (os coccyx) সতিবাকারের লেজের মতো বেরিয়ে থাকে, প্রাথমিক অবস্হার পায়ের পেছন থেকে লন্বা হয়ে। শ্বাস্বান্ত সম্ব্রালত সমস্ত মেরন্দণ্ডী প্রাণীর দ্ব্রণে করপোরা উলফিয়ানা (Corpora Wolffana) নামে

২। মানুষের ক্রণের ছবিটির জস্তু অধ্যাপক একারের "আইকন ফিব্রিশ্ন" ১৮৫ -১৮৫৯, সারণী ৩০, ছবি ২ দ্রষ্টব্য। ক্রণটি প্রকৃত মাপের চেরে দশগুণ বড় করে দেখানো হয়েছে। কুকুরের ক্রণটির জস্তু অধ্যাপক বিশোকের "Entwicklungsgeschichte des Hunde-Eies" ১৮৪৫, সারণী ১১, ছবি ৪২ বি দ্রষ্টব্য। ছবিটি গঁচিশ দিন বয়সের একটি ক্রণের প্রকৃত মাপের চেরে গাঁচগুণ বড়। ছটি চিত্রেই অন্তর্বতী নাড়ী-ভূড়ি ও গর্জাশরের উপাদনসমূহকে বাদ ক্রেরছে। অধ্যাপক হাল্পলির 'Man's place in nature' নামক বই থেকে প্রাপ্ত ধারণা অনুষারী ছবি ছটি ব্যবহার করা হয়েছে। অধ্যাপক হাকেলও তার 'Schopfungsgeschichte' নামক গ্রন্থে একইরকম ছবি ব্যবহার করেছেন।

৩। অব্যাপক উইম্যান--'প্রোক্লেম অব আমেরিকান অ্যাকাডেমী অব সাইকোন': হর্ব থও।

একটি গ্রন্থি থাকে যা দেখতে ও কাজে পরিণত মাছের ব্*ভে*র মতো । ⁶ এমনকি व्युत्पन्न विकारगत्न रमचभर्यात्न मान्य ७ निम्नत्यागीत शागीतन मत्या कियू वान्धर्य সাদৃশ্য লক্ষ্য করা যায়। অধ্যাপক বিশোফের মতে মানুদের ভ্রুণের সাত মাস বয়সের



১নং ছবি—উপরে মামুঘের ক্রণের ছবিটি একারের (Ecker) কাছ থেকে দেওরা। নীচে কুকুরের ক্রণের ছবিটি বিশোকের (Bischoff) কাছ থেকে পাওরা।

- a. সন্মুখ—মন্তিক, সেরিত্রাল হেমিকেয়ারল f. প্রথম ভিসেরাল আর্চ
- b. মধ্য-মন্তিক, কর্পোরা কোরাড্রিকেমিনা ৪. বিতীর ভিসেরোল আর্চ
- c. পশ্চাৎ—মক্তিছ, সেরিবেলাম, মেডুলা অবলংগাটা
- d. চো**থ**
- c. কান

- h. মেরণতী শুভ ও ক্রমোরতির হুরে মাংসংপণী
- I. লেজ বা অমুত্রিকা হি
- । অধ্যাপক ওয়েন "আানাটমি অব ভার্টিরেটন" প্রথম থও, পৃঠা ১০-।

সময় মন্তিকের ভাঁজ একটি প্রণিবয়ন্ক বেবন্নের মতো উমতির একই পর্যায়ে প্রণীছার। অধ্যাপক ওয়েন (০wen) বলেন, 'পারের ব্রুড়ো আঙ্লে যা পাঁড়াতে বা হাঁটতে আলম্ব হিসেবে কাজ করে, সম্ভবত মান্বের হুবের গঠনের সবচাইতে উল্লেখযোগ্য বৈশিষ্টা।' কিম্পু প্রফেসর উইম্যান প্রায় এক ইণ্ডিলম্বা একটি হুবকে পরীক্ষা করে দেখেছেন, 'পারের ব্রুড়ো আঙ্লে অন্যান্য আঙ্রুলের চাইতে ছোট এবং তাদের সাথে সমাম্তরালে না থেকে একপাশে বাঁকানো অবস্হায় থাকে, যা এ বিষয়ে অন্যান্য চতুম্পদ প্রাণীদের স্বাভাবিক অবস্হার মতোই।' আমি অধ্যাপক হাক্সলি থেকে আর একটি উম্বুতি দিয়ে হুবের বিকাশ সম্পর্কে আলোচনার ছেদ টানব। তাকে একবার জিজ্ঞাসা করা হয়েছিল মানুষ কি কর্কুর, ব্যাঙ, পাখি বা মাছ থেকে স্বতন্থ্য কোন উপারে স্কৃতিই হয়েছে ? তিনি বলেন, 'এ প্রশেবর নিঃসংশয়ে উত্তর একটাই, মানুষের উৎপত্তি ও বিকাশের প্রাথমিক পর্যায়ের ধারা তার চেয়ে নীচুমানের প্রাণীদের সঙ্গে নিকট সাদৃশ্যযুক্ত। এ বিষয়ে তুলনাম্লকভাবে ক্রুর ও বাঁদর অপেক্ষা বাঁদর ও মানুষের মধ্যে সাদৃশ্য অনেক বেশা।'

মৌলিক বা প্রাথমিক অলঃ এ বিষয়টি যদিও আগের দুটি বিষয়ের মতো এত গুরুত্বপূর্ণ নয়, কিন্তু অন্য কারণে এখানে আলোচনা করা প্রয়োজন। উচ্চপ্রেণীর এমন কোন একটি প্রাণীরও নাম করা যাবে না, যারা আদিম অবস্হার কোন অঙ্গ এখনও শরীরে বহন করে না. এমনকি মানুষও এর ব্যাতিক্রম নয়। প্রাথমিক বা মালিক অঙ্গালিকে পরবর্তী কালে সুটে অঙ্গালি থেকে আলাদা করতে হবে, যদিও সব সময় কাজটি খুব সোজা নয়। হয় প্রার্থামক অঙ্গগর্নল সম্পূর্ণ অকেজো হয়ে পড়েছে [যেমন, পরেষ চতুপদীদের দ্বর্শগ্রন্থি বা জাবর-কাটা জন্তুদের কুদত (incisor), যা মাড়ি কেটে বেরোতে পারেনি], নতুবা তারা নিকট অতীত ও বর্তমান প্রজম্মে এত সামান্য ব্যবহাত হয়েছে যে বর্তমান অবস্হায় তারা আর বিকশিত হয়ে উঠতে পারবে বলে মনে হয় না । দ্বিতীয় ক্ষেত্রের অঙ্গগুলিকে অবশ্য সরাসরি প্রাথমিক বা মৌলিক অঙ্গ বলা যায় না, কিন্তু তারা ক্রমে সেদিকেই এগোচ্ছে। অন্যদিকে পরবর্তাকালে সূতি বা বাধক্ষ অঙ্গবালি (Nascent), সম্পূর্ণ বিকশিত না হলেও পরবতী প্রজম্মের কাছে প্রয়োজনের কারণে দার্ণ সম্ভবনাপূর্ণে এবং প্রয়োজনে আরো বিকশিত হতে পারে । প্রাথমিক বা মৌলিক অঙ্গ বস্তুত পরিবর্তনশীল ; ষেহেতু তারা অকেজো বা প্রায়-অকেজো, ফলে তারা আর প্রাকৃতিক নির্বাচনের (natural selection) অধীন নয়। একথা প্রায় সৃত্যি ্ষে তারা লপ্তে হওয়ার মুখে, তব্তু কখনো কখনো তারা উচ্চেটা পথে তাদের প্রোবস্থায় আবার ফিরে ষেতে পারে, যে কারণে বিষয়টি অনুধাবনযোগ্য।

যে যে কারণে এই অঙ্গালি প্রাথমিক অবস্হায় থেকে গেছে তার মখ্যে কারণ हिमार्य वला यात्र वराःशाश्चित कारल अन्नगृतिनंत अवावहात, रव-ममस्त *अ*रनत ব্যবহাত হওয়ার কথা সবচেয়ে বেশি। এছাড়া, বংশগতির প্রভাব-জনিত কারণও আছে। অব্যবহার (disuse), মানে শুধু পেশীসমংহের কর্ম ক্রিয়ার হাস নয়, শরীরের কোন অংশে বা অঙ্গে রক্তচাপের অদলবদলে রক্তপ্রবাহের স্বৰূপতা বা কোন অঙ্গের অভ্যাসজনিত নিষ্ফিয়তার কথাও মনে রাখতে হবে। প্রাথমিক অঙ্গর্মাল অনেক সময়ে কোন প্রজাতির স্ত্রী বা পরেষে অকেজো অবস্হায় দেখা যেতে পারে, যা কিনা ঐ একই প্রজাতির বিপরীত লিঙ্গে স্বাভাবিকভাবেই উপস্থিত থাকতে পারে। ঐ আদিম বা লুপ্তপ্রায় অঙ্গগুলি (rudiments), আমরা পরে দেখব, প্রায়ণ সূণ্টি হয়েছে এখানে উল্লিখিত অঙ্গানুলি থেকে স্বতন্ত্র উপায়ে! কোন কোন ক্ষেত্রে অঙ্গানুলি প্রাকৃতিক নির্বাচনের জন্যও অবলম্বে হয়েছে, কারণ প্রজাতির জীবনে পরিবর্তিত অভ্যাসের পক্ষে হয়তো সেটা ক্ষতিকর। হ্রাস বা অবলাধির এই প্রক্রিয়া সম্ভবত ক্ষতিপরেণ ও বাশের মিতাচার (economy of growth),—এই দাটি মৌলিক নীতির উপর নির্ভারশীল। অঙ্গের ক্রমহাসমানতার শেষ পর্যায়ে যখন অব্যবহারজনিত কারণে অক্সাস সম্পূর্ণ হয়েছে, এবং বৃদ্ধির মিতাচারজনিত কারণও আর সক্রিয় নয়, সেই পর্যায়িটিকে বুঝে ওঠা অবশ্যই দুরুছে। কোন অঙ্গ যা ইতিমধ্যেই অকেজো ও ক্ষুদ্রাকার হয়ে পড়েছে, তার চড়োল্ড ও সম্পূর্ণ নিবারণ, বেক্ষেত্রে উপরিউক্ত নীতিবয়ের কোন ভূমিকা নেই, সম্ভবত (hypothesis of pangenesis) প্যানজেনেসিস এর অনুমান দিয়ে বোঝা যায় ৷ কিন্তু যেহেতু: প্রাথমিক বা মোলিক অঙ্কের সম্পূর্ণ বিষয়টি আমার পূর্বেকার লেখায় ব্যাখ্যা সহকারে আলোচিত এবং তাই এ ব্যাপারে আমি এখানে আর কিছু বলার প্রয়োজনবোধ করছি না।

মানব শরীরের বিভিন্ন অংশে প্রাথমিক অবস্হার কিছ্র পেশীকে (rudiments) লক্ষ্য করা বায়, এবং তার সংখ্যাও খুব কম নয়। বেগ্রালিকে নিশ্নশ্রেণীর প্রাণীদের

^{ে।} উদাহরণস্বরূপ, মি: রিচার্ড [(Annales des sciences Nat.) তৃতীর শ্রেণী, প্রাণীস;
১৮৫২, গ্রন্থপত ১৮, পৃষ্ঠা ১৩] সেই সমস্ত প্রাথমিক বা আদিম লারীর অংশের বর্ণনা ও ছবি দিরছেন,
বাদের তিনি বলেছেন 'হাতের বংশাসুক্রমিক (pedieux delamain) পেশী: বারা কথনো
কথনো পুবই ছোট আকারের। অপর একটি পল্চাংবর্তী টিবিরাল (be tibial) পেশী,
সাধারণতঃ বর্তমানে হাতে অনুপন্থিত থাকে, কিন্তু মাঝে মাঝে পেশীটিকে কম-বেশী আদিম বা
প্রাথমিক অবস্থার পুনরাবিভূত হতে দেখা বার।

শরীরে স্বাভাবিক পেশী হিসাবে দেখতে পাওয়া বায় এবং প্রায়শ খুবই হাসপ্রাপ্ত... অবস্হায় মান,ষের শরীরে দেখা যায়। প্রত্যেকেই লক্ষ্য করে থাকবেন বে বহ প্রাণী বিশেষত ঘোড়া, তার শরীরের চিকন চামড়া সর্বান্ত আশ্চর্যভাবে নাড়াতে বা কাঁপাতে পারে, এবং যা সম্ভব হর প্যানিকিউলাস কারনোসাস (Panniculus Carnosus) নামক পেশীর জন্য। আমাদের শরীরের বিভিন্ন: অংশে পেশীটির কার্যকারিতা দেখা বায় : বেমন কপালে—বার ফলে আমরা ব ক্তিকে তাকাতে পারি। স্বাটিসুমা মাইওডিস (platysma myoides) এইরকম গলার পেশী। এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক টার্নার জানিয়েছেন যে. শরীরের পাঁচটি ভিন্ন জায়গায় অবহিত পেশীতশত, ষেমন বগল, স্কম্বাহ্নির নিকটে, ইত্যাদি জায়গার সমস্ত পেশীগুলিই প্যানিকিউলাস পেশীব্যবস্থার অশ্তর্গত। প্রায় ছশো মানবশরীর পরীক্ষা করে শতকরা তিনভাগ শরীরে তিনি নেখিয়েছেন যে বক্রের খাঁচার উপরের পেশীতম্তগালি, যেমন মাস্কলাস ন্টারনালিস (musculus sternalis) অথবা ন্টারনালিস ব্রটোরাম (sternalis brutorum), যা পেটের পেশী রেকটাস অ্যাবডোমিনালিসের (Rectus abdominalis) বৃধিত অংশ নয়, কিল্ড প্যানিকিউলাস পেশীর সাথে নিকট সাদশ্যেষ্ট্র । তিনি বলেন, "আদিম অঙ্গসংস্হান যে বিশেষ অবস্হানগত পরিবর্তানের উপর নির্ভারশীল, এই বস্তুব্যের পক্ষে একটি চমংকার উদাহরণ স্বর্প হতে পারে এই পেশীট (panniculus)।"

কোন কোন ব্যক্তির করোটির পেশী-সংকোচনের অত্যাশ্চর্য ক্ষমতা থাকে এবং এই পেশীগুলো এখনও পরিবর্তনশীল হলেও অংশত প্রাথমিক বা আদিম অবস্থার রয়ে গেছে। অধ্যাপক এম এ দ্য ক্যাদল আমাকে একটি আশ্চর্য ঘটনার কথা জানিয়েছেন যা দীর্ঘ কালের অধ্যবসায় বা বংশপরস্পরাগত ক্ষমতা যা এই পোর্বারকে জানেন, যে পরিবারের বর্তমান কর্তা যোবনে করোটির চামড়া নাচিয়ে (পেশী সম্প্রসারণের সাহাযো) করেকটি ভারী বই মাথার উপর থেকে দরের নিক্ষেপ করতে পারতেন এবং এভাবে তিনি বহু বাজী জিতেছেন। তার বাবা, কাকা, ঠাকুর্দা এবং তিন ছেলে সকলেই এই অসাধারণ ক্ষমতার অধিকারী। প্রায় আটপ্রের্য আগে এই পরিবারটির কর্তা অপর শাখাটির পারিবারিক কর্তার সাত-প্রের্থের সম্পর্কিত জ্ঞাতিভাই। ঘিতীয় শাখাটির বর্তমান কর্তা ক্ষান্সের অন্য একটি অঞ্চলে বসবাস করেন; তাকে এ প্রসঙ্গে জিতেছেস করা হলে, তিনি তৎক্ষণাং

তার ঐ বিশোধ ক্ষমতার পরিচয় দেন। বর্ত্তমানকালে একটি সম্পূর্ণ অপ্রয়োজনীয় পেশীর এই বিশোধ ক্ষমতা ধরে রাখার প্রের্মান্ক্রমিক অধ্যবসায়ের একটা চমৎকার দৃষ্টাম্ত, যা সম্ভবত স্দেরে অতীতের মানবাক্রতির প্রেপ্র্রের্মের কাছ থেকে আমরা প্রাপ্ত। কারণ দেখা যায় যে বাদরদের এই ক্ষমতা বর্ত্তমান এবং তারা অনবরত এই ক্ষমতাকে ব্যবহার করে মাথার উপর্কার চামড়াকে উঁচুনীচ্ব করতে পারে।

বহির্ভাগের পেশী যা কানের বাইরের দিককে এবং অর্ণ্ডভাগের পেশী যা কানের ভেতরের দিকের বিভিন্ন অংশকে নাডাতে সাহাযা করে, এখনো মানুমের ক্ষেত্রে প্রাথমিক বা আদিম অবস্হায় রয়ে গেছে এবং এ সমস্তই প্যানিকিউলাস পেশী-ব্যবস্থার অশ্তর্গত। আমি এমন একজন মানুষকে দেখেছি যে তার সম্পূর্ণ বহিঃকর্ণ সামনের দিকে নিয়ে আসতে পারে : দেখা যায় কেউ কেউ উপরের দিকে এবং পিছনের দিকে নিয়ে ফেতে পারে। একজন আমাকে বলেছিল যে বদি আমরা মাঝে মাঝে হাত দিয়ে কান ধরে সেদিকে একটা খেয়াল রাখি. তবে আমাদের অধিকাংশের পক্ষেই পানঃ পানঃ প্রচেণ্টার দ্বারা কান নাড়ানোর বিশেষ ক্ষমতা অর্জন করা সম্ভব। কান খাড়া করা এবং বিভিন্ন দিকে ফেরানোর ক্ষমতা নিসন্দেহে পশ্বদের একটি বড় গ্রন্থ যার ছারা তারা ব্রুমতে পারে কোন্টিক থেকে বিপদ আসছে। কিন্তু আমি কখনো এমন কোন মানুষের কথা শুনিনি ষার মধ্যে এই ক্ষমতা বর্ত্তমান এবং যা কিনা তার কাজে লাগে। সমুস্ত বহির্কাণকৈ বিভিন্ন ভাঁজ ও মুম্পণ্ট চিহ্ন (হেলিক্স ও আশিউহেলিক্স, ট্রাগাস ও আণিট্রাগাস, ইত্যাদি) সমেত একটি প্রাথমিক বা মোলিক অঙ্গ বলা ষেতে পারে, যা নিন্দ্রশ্রেণীর প্রাণীদের ক্ষেত্রে কান খাডা করার সময় কোনরকম বোঝা না হয়ে कानरक तका এবং শক्তिभामी करत । उथानि, कान कान विश्वसंख्य धातना य এই অংশের (shell) কোমলান্তি (cartilage) কম্পন স্থাতি করে প্রবণ-স্নায়কে উদাীপ্ত করে। কিম্ত মি: টয়ন বি ^৩ এ বিষয়ে পরীক্ষিত তথ্যাদি পেশ করে এই সিম্পান্তে আসেন যে বহির্কর্ণের স্বতন্ত্র কোন কাজ নেই। শিম্পাঞ্জি ও ও ওরাং-ওটাংয়ের কান দেখতে অনেকটা মানুষের কানের মতো এবং প্রধান পেশীগ্রাম্বন্ত একইরকম, যদিও সম্পূর্ণ ভাবে বিকশিত নয়। চিড়িয়াখানার

৬। "দি ডিজিজেদ্ অব দি ইয়ার'' বইরের ক্রেণক জে. টরনবি, এফ. আর. এদ. ১৮৬০, পৃষ্ঠা ১২। প্রখ্যাত শারীরতদ্ববিদ্ অধ্যাপক প্রেয়ার আমাকে জানিরেছেন বে তিনি পরবর্তীকালে কানের কাঠামোর কাজ সম্পাকে অমুদ্রান চালিয়েছেন এবং এই প্রকে উল্লিখিত প্রায় একই দিলান্তে উপনীত হরেছেন।

ভারপ্রাপ্ত কর্ম চারীরা আমাকে জানিয়েছেন যে শিম্পাঞ্জি বা ওরাং-ওটাং কখনো তাদের কান নাড়াতে বা খাড়া করতে পারে না। এর থেকে বোঝা বার মানুষের মতোই অত্তত কানের ক্ষেত্রে, এদের বহিকর্ণও একই প্রাথমিক বা আদিম পর্যায়ের অঙ্গের অস্তভর্ন্তে। এই সমস্ত প্রাণীদের, মানুষের অন্যান্য পরে পুরুষের মতো, কান খাড়া করার ক্ষমতা কেন লোপ পেল, আমরা জানি না। যদিও আমি এবিষয়ে নিশ্চিত নই তব্ এটা হতে পারে যে তারা ব্ ক্ষবাসী ও দারুণ শক্তিশালী হওয়ার জন্য খবে কম সময়েই বিপদের মধ্যে পড়ত : ফলে একটা দীর্ঘ সময় তাদের কান নাড়ানোর খবে একটা প্রয়োজন হয়নি এবং সম্ভবত এইভাবে ধীরে ধীরে তাদের এ ক্ষমতাটি লোপ পেয়েছে। আকারে বড আর শক্তিশালী পাখিদের ক্ষেত্রেও এই একই ঘটনা ঘটে থাকতে পারে, স্থদরে সামাদ্রিক ঘীপের অধিবাসী হওয়ার ফলে তারা শিকারী জম্তুর আক্রমণের হাত থেকে বে**°**চে গেছে এবং क्रा जाना মেলে ওডবার ক্ষাতা হারিয়ে ফেলেছে। অবশ্য মানুষ ও কিছু কিছু জাতের বাদরের কান নাড়ানোর অক্ষমতা অংশত পরেণ হয় কোন দিকের শব্দ শোনার জন্য তাদের মাথা ঘোরাতে পারার ক্ষমতার মধ্য দিয়ে। এটা বেশ জোর দিয়ে বলা হয় যে একমাত্র মানুষের কানেই লভি (lobule) আছে; কিম্ত "এর প্রাথমিক অবস্হা গরিলার মধ্যে দেখা ষায়; এবং অধ্যাপক প্রেয়ার-এর কাছে আমি শ্বনেছি যে, নিগ্রো প্রজাতির মান্ষদের মধ্যে কিম্ত্ব এটার অনুপঙ্হিতি লক্ষ্য করা যায় নি ¹

প্রসিম্ব ভাস্কর মিঃ উলনার বহিংকণের একটি ছোট্ট বৈশিষ্টার কথা আমাকে

জানান, যা তিনি স্ত্রী ও প্রেষ্থ উভয়ের মধ্যে লক্ষ্য করেছেন এবং তার সম্পূর্ণে তাৎপর্য অনুধাবন করেছেন। বিষয়টির তার প্রথম নজরে আসে পাকের (পরী বিশেষ) ম্তি গড়ার সময়, যেখানে তিনি সরু ছংচলো কান (Pointed ears) তৈরী করেছিলেন। এই ঘটনা তাঁকে বিভিন্ন বাদরের এবং বিশেষ মনোযোগ দিয়ে মানুষের কান নিয়ে পরীক্ষা করতে উৎসাহিত করে। বৈশিশ্টাটি হলো ভিতরের দিকের ভাঁজ করা সীমা বা হেলিকস থেকে বার করা একটি ছোট ভোঁতা অংশের অভ্তুত উপাহ্টিত। এটা বাদের থাকে, জন্মের সময় থেকেই




ংনং ছবি—মাসুবের কান ছ^{*}15 এবং অঙ্কণ নিঃ উলনারের ! a.—**প্রক্ষিপ্ত** বা উদ্পত্ত বিন্দু

থাকে এবং অধ্যাপক লভেডিগ মেয়ার (Ludwig Meyer)-এর মতে মেরেদের .

्क्रांत भूत्रास्त्यत्र मत्या स्था यात्र त्या । भिः छल्नात शूतश्च এतकम এकि मर्छल् তৈরি করেছেন এবং আমাকে তার একটা ছবি পাঠিয়েছেন (২ নং ছবি)। ভৌতা অংশটি যে শুধু ভিতরের দিকে কানের কেন্দ্রাভিমুখে বেরিয়ে থাকে, তাই নয়, প্রায়ই বাইরের দিকে ঈষং উর্ছ হয়ে থাকে, ফলে সামনাসামনি বা পেছন থেকে লক্ষ করলে সহজেই চোখে পডে। এর কোন স্থানির্দিণ্ট আকার নেই, অবস্থানও খাব নিদিশ্ট নয়, এবং এমন্কি এক কানে এর দেখা মিললেও अना कारन **जा नाख थाकर**ज **भारत । भारत माना स्वत क्लरत**रे नह आमि अक স্পাইডার মাংকির (Ateles bcelzebuth) কানেও এই একই ব্যাপার লক্ষ্য করেছি। ডঃ ই- রে ল্যাংকেন্টার হামবুর্গের চিডিয়াখানায় এক শিন্পাঞ্জির কানেও এই একই জিনিস দেখেছেন। হেলিক্স স্পণ্টতই কানের ভিতরের দিকের ভাঁজ করা অংশের চডোল্ড সীমা এবং ভাঁজ করা অংশটি কোন না কোন ভাবে সম্পর্ণে বহিঃকর্ণের সঙ্গে সম্পর্ক যার ফলে বহিঃকর্ন পিছন দিকে বরাবরের জন্য একই অবস্থানে থাকে। বেশ কিছু বাদর, যারা উন্নতির উচ্চতর পর্যায়ে পে"ছিয়নি ্ষেমন বেবনে ও ম্যাকাকাসক-এর কয়েকটি প্রজাতির কানের উপরিভাগ সামান্য ্ছ"ক্রান্সো এবং কানের প্রাশতসীমা মোটেই ভিতরের দিকে ভাঁজ করা নয়। কিম্ত বহিঃকর্ণের প্রাত্তসীমা যদি এভাবে ভাঁজ করা থাকত, তাহলে কেন্দ্রাভিম্খী এই অংশটি ভিতরের দিকে এবং সম্ভবত বাইরের দিকেও কিছুটা উচু হয়ে থাকত। অধিকাংশ ক্ষেত্রেই এই অংশের উৎপত্তির কারণও এই বলে আমি বিশ্বাস করি। অন্যাদকে অধ্যাপক এল- মেয়ার সম্প্রতি প্রকাশিত তার একটি গবেষণাপত্রে উল্লেখ করেছেন যে সম্পূর্ণে বিষয়টিই পরিবর্তনশীল এবং এই বেরিয়ে থাকা অংশগ্রনি তাদের দ্বপাশে অবস্থিত অস্তবর্তী কোমলাস্থির প্ররোপ্রার গড়ে না ওঠার কারণে সূত্র। আমি স্বীকার করতে সম্পূর্ণ রাজী আছি যে কোন কোন ক্ষেত্রে এই ব্যাখ্যা সঠিক হতে পারে, বেমন অখ্যাপক মেয়ারের উল্লেখ্য উনাহরণ--গ্রালর মধ্যে প্রচর ছোট ছোট ছাটালো অংশ আছে অথবা সমস্ত প্রান্তসীমাই যার र्मार्शन । ७: এन. ७। छत्त्व महायुकाय आमि निष्कर मारे द्वारमध्यानाम (microcephalous) জাতীয় একটি জডবান্ধির কান পর্যবেক্ষণ করেছি যার প্রক্রিপ্ত অংশটি হেলিক সের বাইরে দিকে, অত্তবতাঁ ভাঁজ করা প্রাতসীমায় নয়, करल अश्मिष्ठि कात्मद्र भूव वर्षे ठूछाद्र मान राज्य कान मन्त्रक रेख्द्री कद्राव्य भारत ना । তথাপি কোন কোন ক্ষেত্রে আমার মতানুষায়ী বহিঃকর্ণে এই ধরনের ছোট ভোঁতা বিন্দ্র মানবাকৃতি উত্তরস্ক্রীদের ছাঁচলো খাড়া কানের অবশেষমার। এ ঘটনার ·পোন: প**্র**নিক্তা ও **ছ**্রচলো কানের ক্ষেত্রে ঐ অংশের অক্সানগত সাদৃশ্য আমাকে

মান্বের ব্শিধগত বিকাশের ক্ষেত্রে 'মনসংযোগ' একটা অত্যাত গ্রেছপ্রণ বিষয়। **শ্বধ**্ব মান**্**ষ নয়, জীবজম্তুদের মধ্যেও এই ক্ষমতাটি স্পণ্টতই বর্তমান : ই°দ্বরের গতেরে সামনে দাঁডিয়ে শিকারের উপর ঝাঁপিয়ে পড়ার জন্য বিড়া**লে**র প্রস্তুতি এই মনসংযোগেরই নিদর্শন। আবার কখনো কখনো বন্য জম্তুরা শিকারের অপেক্ষায় এমন অভিনিবিণ্ট থাকে তখন তাদেরকে সহজেই বন্দী করা যায়। মিঃ বার্টলেট্ আমাকে এই বিষয়ে বাদরদের বৈচিত্র সংক্রান্ত একটি চমৎকার তথ্য জানিয়েছেন। এক ভদ্রলোক জ্বওলজিক্যাল সোসাইটির কাছ থেকে সাধারণ মানের বাঁদর কিনতেন নাটকে অভিনয় করার জন্য শিক্ষা দেবেন বলে। প্রত্যেকটি বাদরের জন্য তিনি পাঁচ পাউণ্ড করে দাম দিতেন। একবার তিনি প্রস্তাব দেন—তিন চারটি বাঁদরকে কয়েক দিন নিজের কাছে রেখে তাদের মধ্যে থেকে কোন একটিকে বেছে নেওয়ার স্থযোগ তাঁকে দেওয়া হলে তিনি প্রতিটি বাদরের জন্য দিগণে দাম দেবেন। তাঁকে যথন জিজ্ঞেস করা হয়েছিল কিভাবে তাঁর পক্ষে এত তাডাতাডি বোঝা সম্ভব যে কোন বাঁদরটি ভা**লো** অভিনেতা হতে পারে, তখন তিনি জবাবে বলেছিলেন, সমস্তটাই নিভ'র করে তাদের (বাঁদরদের) মনসংযোগের ক্ষমতার উপর । ব্যাপারটা একটা খালে বললে এ রকম দাঁড়ায়ঃ কোন বাদরের সঙ্গে তাঁর কথা বলা বা কোন কিছু, ব্যাখ্যা করার সময় বাঁদরটির দু ডিট দেওয়ালে বসা কোন মাছি বা অন্য কোন সামান্য বংততে আকুট হলে তিনি বুঝতেন, একে দিয়ে কিছু হবে[ঁ]না। এগনকি ডিনি তা**দে**র অমনোযোগিতার জন্য শাহ্নিত দিয়ে শোধরাতেও চেণ্টা করেছেন কিন্তু ফল হয়েছে উল্টো: উৎসাহিত হওরার বদলে তারা আরো চুপচাপ হরে পড়ত। অন্যাদিকে, যে সব বাঁদর তাঁর কথা মনোযোগ সহকারে শূনত বা লক্ষ্য করত, তাদেরকে সব সময়ই নানান জিনিস শেখানো যেত।

বলার অপেক্ষা রাখে না যে, জীবজশ্বুদের মধ্যে কোন ব্যক্তি বা শ্হান সম্পর্কে চমৎকার স্মৃতিশক্তি কাজ, করে । স্যার অ্যানজ্ঞ সিমথের কাছ থেকে শর্নেছি যে উদ্ধাশা অন্তরীপের একটি বেব্ন তাঁকে ন'মাস পরে দেখেও ঠিক চিনতে পেরেছিল এবং আনন্দ প্রকাশ করেছিল। আমার নিজের একটি কুকুর ছিল। তার স্বভাবটা ছিল ব্রুনো, অপরিচিত কাউকে দেখলেই খে কিয়ে উঠত। একবার একটানা পাঁচবছর দুই দিন তার সঙ্গে আমার দেখাসাক্ষাৎ বন্ধ থাকার পর আমি তার বাসস্থানের কাছে গিয়ে প্রাণো অভ্যাস মত চিৎকার করে তাকে ডাকলাম; তার মধ্যে উৎফুক্লভাব দেখা না গেলেও সে আমার পিছন পিছন চলতে শ্রুক্র করল এবং এমন ভাবে আমার নির্দেশ পালন করতে লাগল বেন মাত্র

আধঘণ্টার জন্য আমি তাকে ছেড়ে গেছিলাম। গণণ্টতই গত পাঁচ বছর ধরে প্রেরাণো অভ্যানগর্লে তার মনের মধ্যে স্থ অবস্হায় রয়ে গিরেছিল, এখন ম্হতের মধ্যেই তা জেগে উঠেছে। পি হ্বার গণণ্ট করে দেখিয়েছেন যে, এমন্কি পি পড়েরাও চার মাস বিজেনের পর একই সম্প্রদাভক্তে তাদের সহযোগ দৈর চিনতে ভূল করে না। জাঁবজন্ত্রা নিন্দরই প্রনরাবর্তকে ঘটনাগর্লির অন্তব্য সিময় বিরতিকে কোন না কোন ভাবে ব্রেথ নিতে পারে।

মান**ুষের অতা**ন্ত **উন্নত ক্ষমতাগ**ুলির অন্যতম হচ্ছে 'কল্পনা**শন্তি'**। এর সাহায্যে সে ইচ্ছা নিরপেক্ষভাবেই তার পরে বর্তী কোন ধারণা ও ভাবনাকে সংযুক্ত করতে পারে আর এভাবেই গড়ে ওঠে উৎক্রুট ও মহান স_্রিটসমূহ। জাঁ পল রিশ টার বলেছেন, 'একজন কবি যখন তার কাব্যের মধ্যে সূতি কোন শয়তান কখন চরিত্র হাাঁ অথবা না বলবে, তা নিয়ে ভাবতে বলে, তখন তাকে অর্থহীন মতে চিতা ছাড়া আর कैं-रे वा वला यात्र !' व्रवश्न प्रशांत विषयि एथरक मानद्रस्त এই क्रमणार्धित চমৎকার ধারণা পাওয়া যেতে পারে, কেননা, জাঁ পলের কথাডেই, "স্বংন হোল কবিতার একটি স্বয়ংচালিত ক্রিয়া।" তাই বলা যায়, কম্পনাশক্তির উদ্ভাবনী ক্ষমতা যেমন আমাদের ধারণার সংখ্যা, ষথার্থ ও স্পর্ট বিষয়ের উপর নির্ভার করে, ঠিক তেমনি নির্ভার করে অনৈচ্ছিক যোগাযোগকে গ্রহণ বা বর্জান করার বিচার ক্ষমতা ও রুচির উপর এবং আমাদের স্বেচ্ছাকৃত ক্ষমতা দারা এগালিকে যুক্ত করার উপরও এই উভ্ভাবনী ক্ষমতা খানিকটা নির্ভারণীল । কুকুর, বিড়াল, ঘোড়া এবং সম্ভবত সমস্ত উন্নত-শ্রেণীর জীবজাতুরা, এমন্তি পাখীরাও° স্বণ্ন দেখে থাকে, ঘুমোনোর সমর তাদের শারীরিক অন্দোলন ও মুখ থেকে উচ্চারিত আওয়াজ-ই তাদের দ্বণন দেখার প্রমাণ দেয়। তাদের যে কিছবুটা কম্পনাশান্ত আছে, তা স্ব কার করতে ভামরা বাধ্য। আবার রাচি বেলা, বিশেষ করে চাঁদনি রাতে, কুরুরের করুণ স্থরে চিৎকার করার পিছনে নিশ্চয়ই কোন বিশেষ কারণ আছে। প্রসঙ্গত উল্লেখ্য, আমরা এই চিৎকারকে কুরুরের গম্ভরি ধর্নিন বলে থাকি। তাবলে সমস্ত কুকুর-ই যে এমন করে, তা নয়। হাউজো: মতে, কুকুরেরা চাঁদের দিকে মোটেই তাকায় না, বরং তাদের দৃণ্টি নিবন্ধ থাকে দিগলতে মেশা আকাশের কোন এক নিদি টি বিশ্বতে। তাছাড়াও তিনি মনে করেন, চারপাশের নানান অস্পন্ট ছবি তাদের কল্পনাশন্তির পথ আটকে দাঁড়ায়, ফলে তাদের মনের মধ্যে

ও। হাউলো বলেছেন যে তার প্যারোকিট, (Parokeet) ও ক্যানারি গাধিগুলি স্বপ্ন দেংত জঃ "Faculte's Mestales," tom. ২য় খণ্ড, পুঃ ১৯৬।

নানা আজগ্বিবি প্রতিকৃতি ভেসে ওঠে। তাই যৃদি হয়, তাহলে বলতে হয় তাদের অনুভূতি অনেকটাই যুক্তিহীন।

বেশী ঝাঁকি নেওয়া হবে ? হোক। তব, আমি বলব মানুধের মানসিক ক্ষমতা-গুলির মধ্যে 'যুদ্ধি' বা চিন্তাভাবনার ন্থান সর্বাগ্রে। এমনকি জীবজন্তদের যুক্তিশক্তি সম্পর্কে সন্দিহান লোকজনের সংখ্যাও এখন খুবই নগণ্য। লক্ষ্য করার বিষয় যে জীবজম্পুরা চলতে চলতে হঠাৎ থমকে দাঁড়ায়, যেন কিছু একটা ভাবে, তারপর মনস্থির করে আবার চলতে শুরু করে। এটা একটা উল্লেখযোগ্য ব্যাপার যে কোন প্রাণীতম্ববিদ্য যত বেশী সময় ধরে এবং ভালোভাবে একটি নিদিন্টি পাণীর আচার-আচরণকে লক্ষ্য করবেন, ততবেশী তিনি তার নধ্যে যুক্তির প্রাচুর্য দেখতে পাবেন, তুলনায় অনেক কম খাজে পান সহজাতপ্রবৃত্তির চিহ্ন।⁸ পরের পরিচ্ছেদগুলিতে আমরা দেখব অতাশ্ত নিশ্নশ্রেণীর কিছু প্রাণীও দুশাত যুক্তিগ্রাহ্য কিছু, কাজ করে থাকে। অবশ্য অস্বীকার করে লাভ নেই যে সহজাত প্রবৃত্তি আর যুক্তিগ্রাহ্য কাজের মধ্যে ভেদরেখা টানা খুবই কণ্টসাধ্য। যেমন, ডঃ হেস্ তাঁর 'দি ওপেন পোলার সি' রচনাটিতে বার বার বলেছেন, পাতলা বরফের ওপর দিয়ে চলার সময় তাঁর কুকুরগ;লি গা ঘে ঘাঘে ষি করে দেলজগাড়ি টানার বদলে পরস্পর দরের সরে যেত ও পূথক হয়ে পড়ত, বাতে তাদের দৈহিক ওজন সমানভাবে বিনাসত হতে পারে। এই ব্যাপারটা বেশার ভাগ সময়ই আরোহীদের কাছে একটা সতকীকরণ হিসেবে উপস্থিত হোত, যার ফলে তারা ব**ুঝতে পারত এখান থেকে বরফের প্রকৃতি পাতলা ও** বিপক্ষানক। দ্বভাবতই প্রদ্ন জাগে—এই কুকুরগ, লি কি তাহলে তাদের দ্ব দ্ব অভিজ্ঞতা থেকে এরকম কাজ করত, নাকি অপেক্ষাকৃত বয়স্ক ও শিক্ষিত কুকুরদের দেখাদেখি এমনটা শিখেছিল, নাকি তা বংশগত অভ্যাসের ফল, অর্থাৎ সহজাত প্রবৃত্তি বিশেষ ? সম্ভবত তাদের মধ্যে এই ক্ষমতাটির উৎপত্তি হয়েছিল বহুদিন আগে, যখন ঐ অঞ্চলের অধিবাসীরা দেলজ গাড়ি টানার কাজে তাদের প্রথম নিযুক্ত করেছিল। অথবা এমনও হতৈ পারে যে এসকিমো কুকুরদের পর্বেপারাম, অথাৎ উত্তরমের: অপ্যলের নেকড়রা পাতলা বরফের উপর বিচরণরত শিকারকে সকলে মিলে পাশাপাশি থেকে আক্রমন না করার অভ্যাস থেকেই এটা রথ করেছিল।

^৪। সি: এল- এইচ. মর্গ্যানের "দি আমেরিকান বীবর'', গ্রী: ১৮৬৮, রচনাটিতে এই **মন্তব্যের** চমৎকার ব্যাখ্যা করা আছে। ভবে আমার মনে হয় তিনি সহজাত প্রবৃত্তির ক্ষম<mark>তাকে পুরই</mark> কমিরে দেখেছেন।

অবস্হার পরিপ্রেক্ষিতে অনুষ্ঠিত কাজগালৈকে বিচার করে আমরা শ্ধে, এটাকুই বলতে পারি যে সেগালি সহজাত প্রবাতির ফল, না যাত্তি সম্মত কাজ, না কি কেবলমাত্র কিছঃ ধারণার সমণ্টিগত ক্রিয়া 🕈 অবশ্য শেষের বিষয়টি (ধারণার সমণ্টি। যুক্তিশক্তির সঙ্গে অঙ্গাঙ্গ সম্পর্ক যুক্ত। অধ্যাপক মোবিয়াস বানমাছ সম্পর্কে একটি কৌতহলোদ্দীপক তথা জানিয়েছেন। একই অ্যাকোয়ারিয়ামের মধ্যে তিনি একটি বান মাছকে চওড়া কাঁচ দিরে অন্যান্য মাছেদের থেকৈ আলাদা করে রেখেছিলেন। এতে দেখা গেল যে বান মাছটি অন্যপাশের মাছদের ধরবার জন্যে বারবার কাঁচটির গায়ে ধাকা মারছে এবং এত জোরে ধাকা মারছে যে মাঝে মাঝে নিজেই অচেতন হয়ে পডছে। এইভাবে তিন মাস অতিক্রান্ত হওয়ার পর বান মাছটি ব্যাপারটা সম্বন্ধে সচেতন হয়ে কাঁচের গায়ে ধাকা মারা বন্ধ করল। এরপর ঐ কাঁচটিকৈ সরিয়ে নেওয়া হলেও সে আর আগের মতো অ্যাকোয়ারিয়ামের মধ্যেকার মাছগুলিকে আক্রমণ করতে উদ্যত হোল না ; এবশ্য পরে ছাড়া মাছগুলিকে সে গোগ্রাসেই গিলেছিল। এই ঘটনা থেকে বোঝা যায় ষে, আগেকার মাছগালিকে আক্রমণ করার সঙ্গে যে সাংবাতিক আঘাতটা মিশে ছিল, তা তার দূর্ব'ল মদিতকের মধ্যে অত্যন্ত মারাত্মকভাবে গে'থে গিরেছিল। আবার যে বনেনা মান্ষটি কথনো স্থবৃহৎ কাঁচের জানলা দেখে নি, সে যদি একবার ঐ জানলার ধান্ধা মারে, তাহলে তার মনেও জানলা আর যাঘাতের মধ্যে একটা সম্পর্ক রয়ে যাবে –তবে এই রয়ে যাওয়াটা কিল্ত ঠিক বানমাছের ঘটনাটা**র সঙ্গে মিলবে** না। সে ঐ জানলার সম্বশ্বে ভাবনা চিম্তা করবে আর ভবিষ্যতে একই রকম অবস্হার সম্মুখীন হলে সাবধানতা অবলম্বন করবে। আবার আমরা যদি বাদরদের লক্ষ্য করি তাহলে দেখব, কখনো কখনো একবার মাত্র অনুষ্ঠিত কাজ থেকে প্রাপ্ত ব্যথা বা বিরম্ভির ধারণা তাদের দ্বিতীয়বার ঐ কাজ করা থেকে বিরত রাখার পক্ষে যথেণ্ট। এখন যদি ধরা যায় বাঁদর ও বান মাছের মধ্যে এই পার্থক্যের একমাত্ত কারণ একজনের তুলনায় অন্যজনের মধ্যে ধারণার সংযুক্তি অনেক বেশ জারালো ও দৃঢ়মলে (যদিও বানমাছটি প্রায়শই অনেকবেশী মারাত্মক আঘাতের সন্মুখীন হয়েছে), তাহলে আমরা কি বলতে পারি যে বিভিন্ন মান যের মধ্যে ঐ একইরকম পার্থক্য থাকলে তানের মানসিক গঠনও মলেগতভাবে প্রথক হবে ?

হাউজো জানিয়েছেন, যখন তিনি টেক্সাসের বিস্তীর্ণ শুকুনো সমতলভামি হে°টে পার হচ্ছিলেন, তখন তাঁর সঙ্গে থাকা কুকুর দ্বটি অত্যাত তৃষ্ণার্ত হয়ে কম করে তিরিশ থেকে চল্লিশবার কোন খাত দেখলেই জলের আশায় ছুটে গিয়েছিল। কিল্ড এই খাতগালৈতে কোন জল ছিল না, তাতে কোন সবাজের চিহ্ন বা আনু মাটির গম্থ পর্যানত ছিল না। কিন্ত ককরণটোলর এইরপে আচরণের কারণ কী ? নিশ্চরই তারা জানত গর্ভ থাকলেই জলের সম্ভাবনা সব চেয়ে বেশী। অন্যান্য জীবজম্তুদের মধ্যেও হাউজো এরকম আচরণ লক্ষ্য করেছেন। আমার নিজের চোখে দেখা এবং সম্ভবত অনেকেই চিডিয়াখানায় দেখে থাকবেন, কোন হাতির নাগালের বাইরে মাটিতে একটি ছোট বৃষ্ঠ ছাতে দিলে প্রথমেই সে তার শাঁড় দিয়ে মাটিতে হাওয়া দিতে থাকে, যাতে করে চারপাশে ছড়িয়ে পড়া বাযরে চাপে বদ্তুটি সহজেই তার নাগালের মধ্যে এসে পড়ে। প্রখ্যাত ন্-কুলতম্ববিদ (ethnologist) মিঃ ওয়েন্টোপ ভিয়েনাতে দেখা তাঁর একটি অভিজ্ঞতার কথা আমাকে জানিয়েছেন। অভিজ্ঞতাটি এরকম ঃ একটি ভব্লুক তার খাঁচার দরজারকাছে অবস্থিতজলের উপর ভাসমান একট্রকরো রুটিকে নিজের কাছে টেনে আনার জন্য পায়ের থাবা দিয়ে জল টানছে। সতরাং হাতী ও ভল্লকের এই ধরণের কাজগর্মল কে সহজাত প্রবৃত্তি বা বংশগত অভ্যাস বললে ভূল হবে, কারণ, স্বাভাবিক অবস্হায় থাকলে তাদের এই ধরণের কাজ করার কোন দরকারই হয় না। কিম্তু, একজন অসভ্য মানুষ ও উচ্চশ্রেণীর একটি জম্**তুদারা** সম্পাদিত এট রকম কাজের মধ্যে তফাৎ কী ? দেখা যান্। অসভ্য ব্নোমান্য ও ককর, উভয়েই প্রায়ই কোন নিচু জায়গায় জলের সম্পান পেয়েছে এবং তাদের মনের মধ্যে জল আর নিচু জায়গা একটা অভিন্ন রূপে ধারণ করেছে। একজন সসভা মানুষ এবিষয়ে কিছু সাধারণ সিম্বান্তে পে'ছিতে পারে, কিন্তু অসভা লোকদের সম্পর্কে^{*} জানা সকল তথ্যকে বিচার করে দেখতে মনে হয় যে তাদের পক্ষে এরকম সিম্পান্তে পে°ছিনো সম্ভব নর আর কুকুরদের পক্ষে তো নাদৌ সম্ভব নয়। কিন্তু একজন বানোলোক ও একটি কুকার একইভাবে তাদের অন্মাধান চালায়, যদিও বার বার তাদের আশাহত হতে হয় এবং উভয়ের ক্ষেতেই ্রেল্লটার পিছনে কিছু যুর্নন্তিকাজ করে থাকে, তা সে বিঘরটি সম্বন্ধে কোনসাধারণ সিম্বান্ত তাদের সামনে থাক আর না-ই থাক। পুতরাং হাতী ও **ভম্লুকের** দ্বারা বাতাস বা জলের মধ্যে সুন্টে প্রবাহও একই নিয়মের বশবত^র। আবা**র** একজন বুনো লোকের পক্ষে জানা বা খেয়াল করা সম্ভব নয় কোন নিয়মের দার: তার আকাণ্থিত কাজটি সম্পাদিত হচ্ছে। তথাপি তার কাজকর্ম কিছুটা অধ্যাপক হামালি অত্যন্ত স্পষ্ট করে দেইসব মান্সিক শুরের ব্যাখ্যা করেছেন, বেগুলির

গ্রহাপক হায়লি অত্যন্ত স্পষ্ট করে দেইসব মানসিক গুরের ব্যাথ্যা করেছেন বেগুলির সাহায্যে কোন মানুষ বা কুকুর আমার এত্থে উল্লিখিত সিদ্ধান্তের সমতুল কোন সিদ্ধান্তে উপনীত হয়।

শ্বলে যুক্তির দারা নিয়ণিতত হয়, যেয়ন নিশ্চিতভাবে একজন দার্শনিক তাঁর অবরাহম্পেক সিশ্বাতের দীর্ঘতম বিন্যাস করে থাকেন। এটাই হলো একজন বনুনো মান্যের সঙ্গে একটি জম্তুরতফাৎ; কারণ, মান্য পরিবেশ ও অবস্হার প্রতি মনোনিবেশ করতে পারে এবং অনেক স্বন্ধ অভিজ্ঞতা থেকেই সেগালির মধ্যে কার যোগস্তুটি অনুধাবন করতে পারে। এবং এই ব্যাপারটার গ্রেছ্ শুপরিসীম। এক সময় আমি আমার ছোট বাচ্চাটির সারাদিনে করা কার্জগ্রিল লিখে রাখতাম। তার এগারো মাস বয়সের সময় তখনও সে কথা বলতে শেখেনি আমি আশ্চর্য হয়ে দেখতাম কত ভাড়াতাড়ি তার মনের মধ্যে বিভিন্ন বস্তু ও শব্দের একটা পারস্পরিক সম্পেক তৈরী হয়ে যাছেছ। আমার জানা সব থেকে ব্রুদ্ধিমান প্রাণী কুরুরের মধ্যেও এই সম্পন্ত এত দ্রুত গড়ে ওঠে না। অবশ্য উচ্চপ্রেণীর জাব-ভ্রুত্ব মধ্যেও এই ক্ষমতা নিংনপ্রেণীর প্রাণীদের যেমন বানমাছ, থেকে প্রেক হয়। তাছাড়া, সিন্ধান্ত গ্রহণ ও পর্যবেক্ষণের ক্ষেত্রও ভাদের স্বাত্রতা বভায় থাকে।

নিশ্মশ্রেণ র আমেরিকান বাদরদের নিশ্নোক্ত কিছ্ কাজের সাহাথ্য বেশ স্পণ্ট করেই দেখানো যেতে পারে কিভাবে সামান্য অভিজ্ঞতা সত্তেরও যুক্তি বা চিশ্তাভাবনার তৎপরতা বৃশ্ধি পায়। অত্যুক্ত মনোযোগী পর্যবেক্ষক রেক্সার জানিয়েছেন যে প্যারাগ্রেতে থাকার সময় তিনি যথন প্রথমবার তার পোষা বাদরদের ডিন থেতে দিয়েছিলেন, তারা নাটিতে আছড়ে সেগ্র্লিল ভেঙে ফেলেছিল। ফলে বেশার ভাগ ডিমেরই কুস্ম নণ্ট হয়ে গিয়েছিল। কিশ্তু পরবর্তী সময়ে তারা ডিমের একটা প্রাণ্ড শক্ত কোন কিছুতে ঠুকে তারপর আঙলে দিয়ে তার খোলা ছাড়িয়ে ফেলতে শিখেছিল। আবার ধারালো কোন যক্তে যদি একবার তাদের হাত কেটে যেত তাহলে তারা ছিড রবার আর সেটা স্পর্শ করত না, কিশ্বা করলেও খ্রুব সতর্কভাবে করত। আবার এও শর্নেছি, এই বাদরদের জন্যে কাগজে মোড়া চিনির ডেলা বরান্দ ছিল; কি তু রেক্সার মাঝে মাঝে কাগজের মোড়কের মধ্যে জ্যান্ড বোলতা রেখে দিতেন, যাতে মোড়কটা তাড়াহুড়ো করে খ্লালেই তাদের হুলের কামড় খেতে হয়়; কিণ্তু এরকম ঘটনা একবার ঘটে যাওয়ার পার বাদরগ্রিল সব সময় প্রথমে কানের কাছে কাগজের মোড়কটা ধরে ব্রুবতে চেণ্টা করও ভিতরে কিছ্ম নড়ছে কিনা।

৬। মি: বেণ্ট তার অত্যস্ত চিত্তাক্ষক বইটিতে (স্ত: "দি হাচায়ানিষ্ট ইন নিকারাগুরা", ১৮৭৪ পু: ১১৯) একইভাবে দেবুস্ঞাতের একটি পোষা বাদরের বিভিন্ন কাঞ্চের কথা বলেছেন। তার ৰক্তব্য থেকে স্পষ্টভাবেহ বোঝা যায় যে ঐ বাদরটির মধ্যে কিছুটা চিস্তাশক্তি ছিল।

এখন কুকুরদের সম্বশ্ধে কিছু, উনাহরণ পেশ করা যাক। একবার নিঃ কলকিউহ।ন দুটো বুনো হাসকে ডানা-বিশ্ব করায় তারা নদীর অপর পাড়ে গিয়ে পড়ল। তাঁর শিকারী কুকুরটি তৎক্ষণাৎ ছাটে গিয়ে সেনাটোকে এক সঙ্গে নিয়ে আসতে চেণ্টা করল, কিল্ড পারল না। যদিও সে আগে কখনো পাখীর ডানা ম,ডিয়ে ধরতে শেখেনি, তবাও সে বাশিধ করে একটিকে মেরে ফেলে অন্য হাঁসটিকে নিয়ে আসার পর আবার গিয়ে মরাপার্খাটিকে নিয়ে এল। কর্ণেল হাচিন্সেন্ জানিয়েছেন, একবার তিনি দুটো তিতির পাখীকে গুলিবিন্ধ করার পর একটি সঙ্গে সঙ্গে মারা যায় এবং ছিত য়ৈটি জখম হয়। জখম পাখাটি পালিয়ে যাবার. চেণ্টা করলেও শেষ পর্যালত শিকারী করকারের কাছে হার মানল এবং পাখীটিকে নিয়ে ফেরার সময় ক্রেরটি মৃত পাখাটির সামনে এনে দাঁড়াল ঃ "সে থামল, দপন্টতঃই হতবাদিধ, এবং তারপর বার দায়েক চেন্টা করে বাকতে পারল এখন মরাটিকে তুলে নিলে জখম পাখীটি পালাবার সুযোগ পেয়ে বাবে; সামান্য ভাবল সে, তারপর মারাত্মক কামডে জখম পাখীটিকে হত্যা করে দুর্টি পাখীকেই এক **সঙ্গে নিয়ে** ফিরল । জাবনে এই একবারই কুকুরটি স্বেচ্ছা**কু**ত ভাবে শিকারকে আঘাত করেছিল।" এখানে, আমরা সঠিক যুদ্ধির বৃদ্ধির অভাব দেখতে পাচ্ছি কারণ শিকারী ক্রক্রেটি ব্রনো হাঁসের ঘটনাটির মতো প্রথমে আহত পার্থাটিকে নিয়ে আসতে পারত, পরে মৃতিটিকে। দুজন আলাদা আলাদা প্রত্যক্ষদশীর দেখা এই ঘটনা দুটিকৈ আমি এখানে রাখলাম, কারণ, দুটি ঘটনাতেই শিকারী ক্রকরেরা কিছুটো চিন্তা-ভাবনা করার পর তাদের বংশগত অভ্যাস বা আচরণকে (শিকারের সময় শিকারকে হত্যা না করা) লম্খন করেছে এবং প্রমাণ দিয়েছে তাদের যুক্তি বা চিন্তা শক্তি কোন নির্দিণ্ট অভ্যাসকে অতিক্রম করার পক্ষে কতই না **শক্তি**শাল**ি**।

বিখ্যাত হাম্বোন্টের একটি উদ্ভি দিয়ে আমি বিষয়টিতে ছেদ টানব ঃ "দক্ষিণ আমেরিকার খচ্চর চালকেরা বলে থাকেন, 'আমি আপনাকে চলতে-ফিরতে সবচেয়ে পারদর্শী খচ্চরটি দিছি না, কিল্তু যাকে দিছি সে চিল্তাভাবনায় সবচেয়ে তুখোড়।" এরপর হাম্বোল্ট লিখছেন—"দীর্ঘ অভিজ্ঞতা প্রুণ্ট, বহুল প্রচিলত এই উদ্ভিটি সম্ভবতঃ দ্রেকস্পী দর্শনের যাবতীয় যুদ্ভিপ্রণালীর তুলনায় সজীব যাত্রিক-পম্থতিকে অনেক বেশী করে বিরোধিতা করে।" তথাপি কোন কোন লেখক এখনও পর্যালত উচ্চপ্রেণীর প্রাণীদের মধ্যে ব্যক্তিব্রুদ্ধির

বিষয়টি অস্বীকার করেন এবং তাঁরা উপরোল্লিখিত এই সমস্ত ঘটনার এমন সব ব্যাখ্যা দিতে চেণ্টা করেন, যা নিছকই কথার কল্লাচ।

দেখা বাচ্ছে মানত্বে ও উচ্চশ্রেণীর জাতুদের মধ্যে, বিশেষ করে বাঁদরদের মতো **উন্নত প্রাণীদের মধ্যে, সাধারণ কিছ**্ব সহজাত প্রব**ৃত্তি কাজ করে**। তাদের সকলের মধ্যে কই ইন্দ্রিয়ান,ভূতি, স্বতঃস্ফার্ত জ্ঞান ও সংবেলন,—একই ভাবাবেগ, অনুরাগ ও আবেগ লক্ষ্য করা যায়, এমনকি ইয়া, সংগ্রহ, প্রতিদ্বাদিতা, কুতজ্জতা, মহান: ভবতা ইত্যাদির মতো অতাশ্ত জটিল বিষয়ও তাদের মধ্যে বর্তমান থাকে। তারা প্রতারণা করতে শেখে ও প্রতিহিংসাপরায়ণ হয় ; কখনো বা বিদ্রুপ করার ইচ্ছা জাগে তাদের, এমনকি চমংকার রসবোধও থাকে, যেমন থাকে বিস্ময় বা কৌতূ**হলবোধ।** তাছাড়া অনুকরণ, মনোযোগ, কৌশল ওবলন্বন, পছন্দ, স্মৃতিশক্তি, কম্পনাশক্তি, ধারণার সংযুক্তি ও যুক্তি বুদ্ধির একইরকম কাজগালি করতে পারে তারা , অবশ্য তার মধ্যে কমবেশী প্রভেদ থাকতেই পারে। একই প্রজাতির মধ্যে কেউ যেমন চুড়াম্ত নির্বোধ হয়, তেমনি অন্য একজন আবার হয়ে ওঠে প্রচণ্ড বৃদ্ধিমান। আবার মানসিক বিকারগ্রন্থত হওয়ার ঘটনাও চোখে পড়ে, কি**'তু মানুষের মতো** এত বেশি করে আর কারুর ক্ষেত্রে তা দেখা যায় না। তাসবেও, অনেক লেখক জোরের সঙ্গে বলে থাকেন মান্ত্র ও নিন্দ্রশ্রেণীর প্রাণীদের মানসিক ক্ষমতার মধ্যে একটি অন্তিপ্রমা ব্যবধান রয়েছে। পর্বে লামি এ-ধরণের কিছ্ম উদ্ভি সংগ্রহে উদ্যোগী হয়েছিলাম; কিন্তু সেগ্মলৈর মধ্যে পার্থক্য এতই বেশি আর সংখ্যাও এত স্মপ্রচুর যে শেষ পর্য'ল্ড পিছোতে বাধ্য হলাম। এ-কথাটা জোর নিয়েই বলা হয় যে একমাত মান, ষই ক্রমান্বয়ে অগ্রগতি ঘটাতে সক্ষম, অর্থাৎ মানুষ্ট কেবলমাত যত্তপাতি বা আগুন ব্যবহার করতে পারে পশ্রনের পোষ মানাতে বা সম্পত্তি অধিকার করতে পারে; অন্য কোন প্রাণীর বিমত্তে বা বস্ত্রনিরপেক্ষ জ্ঞান নেই, সাধারণ ধারণা গঠনে ভারা অক্ষম, কেবল নিজেতেই বিভার এবং ভাবপ্রকাশে জন্য কোন ভাষা তাদের জানা নেই।

৭। আমি দেখে পুলী হয়েছি যে মি: লেস্লা প্তিকেনের মতে। অত্যন্ত যুক্তিবাদা একজন ব্যক্তিও নামুবের মন ও নিম্নেণান্ধ প্রাণীদের মনের মধ্যে কল্পিত সেই অনতিক্রম্য বাধা সম্পর্কে বলতে গিরে বলেছেন (ক্র: 'ভারউইনিজম্ এয়াও ডিভাইনিটি, এসেজ অন্ ফ্রি থিক্রিং', ১৮৭২, সৃ: ৮০), 'বস্ততপক্ষে, যে ভেদরেগাট টানা হয়েছে, অধিবিত্তা বিষয়ক অসংখ্য ভেদরেগার থেকে আমরা তাকে উন্নত কিছু বলে মনে করতে পারি না। অর্থাৎ, ধরে নেওয়া হচ্ছে যে ছটি জিনিসকে ছটি পৃথক পৃথক নাম দিলেই তাদের প্রকৃতিও হবে পৃথক পৃথক। কোন ব্যক্তি যদি কথনো কুকুর পুরে বাকেন বা হাতীর আচার-আচরণ সম্পর্কে পূর্ব-পরিচিত হন, তাহলে কিভাবে তিনি জন্তক জানোরারদের চিন্তাশক্তি সন্ধন্ধ সন্দেহ পোষণ করেন, তা বোঝা মৃষ্কিন।''

আর একমাত মান্ব্রেরই আছে সোঁন্দর্যবোধ, যেমন আছে খামখেরালীপনা,. কৃতজ্ঞতাবোধ, নানান রহস্যময়তা ইত্যাদি; সর্বোপরি, মান্ব্র ঈশ্বর বিশ্বাসী এবং বিবেকবোধ সম্পন্ন। এখানে আমি এগর্বালর মধ্যে তাধিক গ্রেড্বপর্ণ ও কৌতুহলোন্দরীপক বিষয়গর্বাল নিয়ে দ্ব'চার কথা না বলে পারছি না।

আর্চবিশপ স্ম্নার অনেক আগে বলেছিলেন যে একমার মানুষ্ই ক্রমান্বয় অগ্রগতি ঘটাতে সক্ষম, অন্যান্য প্রাণীর তুলনায় মান্ব্যের মধ্যে উল্লতি অনেক বেশী ও দ্রত এবং তার কারণও মুখ্যত এই জন্য যে সে কথা বলতে পারে এবং অজিতি জ্ঞান হস্তাম্তর করতে পারে। ফাঁদ পাতা সম্পর্কে অভিহিত ব্যক্তিয়াটই জানেন বয়স্ক পশ্রদের তুলনায় তাদের শাবকদের ধরা অনেক সহজ, খুব ম্বন্ধ্য সময়ের মধ্যেই তারা শন্তরে বশীভতে হয়। আন্যাদিকে, বেশ কিছু বয়স্ক পশ্রদের একই জায়গায় একই রকম ফাঁদ পেতে ধরা সম্ভব নয় বা একই রকম বিষ প্রয়োগে তাদের হত্যা করাও ভাসম্ভব। তা'বলে সকলেই যে বিষ খাবে বা ফাঁদে ধরা পড়বে, এমন ভাবাটাও অস্বাভাবিক। তানের ভাই-বন্ধ,দের ধরা পড়তে দেখে বা বিষের শিকার হতে দেখে তারা সতর্ক হতে শিখে ষায়। উত্তর আমেরিকায় বেশ কিছুনিন ধর লোমযুক্ত প্রাণীদেরকে ধরার চেণ্টা চলছে: প্রত্যক্ষদশনীদের সর্বসম্মত সাক্ষ্য থেকে জানা যায়, এই প্রাণীদের অধিকাংশই অসম্ভব রকমের বিচক্ষণ, সতর্ক ও ধতে ৷ অবশ্য এত দীর্ঘ সময় ধরে সেখানে ফাঁদ পাতার কাজটি চলে আনছে যে এইসবগুণে উত্তরাধিকার সূত্রে তাদের মধ্যে সঞ্চালিত হওয়াটা অসম্ভব কিছু, নয়। আমার কাছে আরো কিছু নজির আছে। প্রথম যখন কোন অঞ্চলে টেলিগ্রাফের তার টানানো হোত, তখন জনেক পাখিই তারে ধাকা খেয়ে মারা যেত, কিম্তু কয়েক বছরের মধ্যেই তারা এই বিপদকে এডিয়ে চলতে শিখেছিল। সম্ভবত সাথীদের মতে। দেখতে দেখতেই এই শিক্ষাটা পেয়েছিল তারা।

ষদি আমরা বংশপরস্পরাক্তমে পশ্ব-পাখিনের লক্ষ্য করি, তবে এব্যাপারে কোন্
সন্দেহই থাকে না যে তারা মান্য বা অন্যান্য শত্রুদের সম্পর্কে যেভাবে সতর্কতা
অবলম্বন করছিল, তাতে ধারে ধারে আলগা দিতে শেখে। এই সতর্কতার
অধিকাংশই বংশগত বা সহজাত অভ্যাস প্রসত্ত হলেও, ব্যক্তিগত অভিজ্ঞতাও
এর আংশিক দাবীদার। অভিজ্ঞ পর্যবেক্ষক, লেরয় জানিয়েছেন, যে সমস্ত
অঞ্চলে অভ্যম্ত বেশী মালায় শিয়াল শিকার করা হয়, সেখানে শিয়ালছানারা
প্রথম বার তাদের বাসস্হানের গর্ত ছেড়ে বেরিয়ে আসার সময় থেকেই অভ্যম্ত
সাবধানতা অবলম্বন করে থাকে। যেসব অঞ্চলে শিয়াল শিকারীর প্রাদর্ভাব কয়,

रमः **मर जन्मतन** वर्ष भिद्या**नदा** अपन्त भरता अन्तरी मन्दर्भ **रह ना**। গ্রহপালিত কুকুররা নেকড়ে বা শিয়াল থেকেই ক্রমবিবর্তিত হয়েছে। এই কুকুরুরা তাদের পরেপুরুষদের মত ধর্তে, সতর্ক বা সন্দেহ প্রবণ না হলেও তাদের মধ্যে কিছা নৈতিকগণের ক্রমোন্নতি লক্ষ্যণীয়, যেমন, অনারাগ, বিশ্বস্ততা, ধৈর্য এবং হয়তো বা সাধারণ বৃদ্ধিমন্তাও। জানা গেছে, সারা ইউরোপ, উত্তর আমেরিকার কিছু অংশ, নিউজিল্যাণ্ড এবং সম্প্রতি হংকং ও চীনেও সাধারণ জাতের ই'দুরেরা অন্যানা প্রজাতির ই'দুদের উপর আক্রমণ করছে এবং হটিয়ে নিচ্ছে। শেষের এই দুটি দুণ্টাশ্তের বিবরণদাতা মিঃ মুইন হো দেখিয়েছেন যে সাধারণ জাতের ঐ ই দরেদের ঘারা বড় আকারের ই°দ্রনের (Mus coninga) হটে যাওয়ার কারন হচ্ছে সাধারণ ই°দ্রনের অপেক্ষাকত বেশী থর্তেতা। শেষোক্ত এই বৈশিষ্টাটি মানুষের হাত থেকে রেহাই পাওয়ার জন্য তাদের সমস্ত চিম্তাভাবনার অভ্যাসজাত অনুশীলনের ফল বলে অন, মান করা থেতে পারে, কেননা কম-চতুর বা স্বন্ধপব, শিধর প্রায় সমস্ত ই দুর মান বের হাতে অবিরত ধ্বংস হয়ে থাকে। তবে এটাও হতে পারে যে সাধারণ জাতের ই'দ্বরদের এই সাফল্য সম্ভব হয়েছে মানুষের সংস্পর্ণে আসার আগেই र्षाजरवनी अन्याना हे महत्त्वतं जननात जातन वातन रवनी धर्जात महानह । কোন প্রতাক্ষ প্রমাণ ছাড়াই যদি এই ধারনা পোষণ করতে হয় যে যুগের অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে কোন জাঁবজন্তুরই ব্রুম্থিমন্তা বা অন্যান্য মানসিক ক্ষমতার বিকাশ ঘটে নি. তাহলে এক্ষেত্রে থামাদের প্রজাতির বিবর্তন সংক্রান্ত তত্তেরেই শরণ নিতে হবে। কেননা, লাটে'ট-এর মতে, বিভিন্ন শ্রেণীতে অবস্হিত বর্তামান দূতন্যপায়ী প্রাণীদের মন্দিতকের আকার তাদের পরে পরে মদের চিন্দতরবিশিণ্ট মহিতকের থেকে অনেক বড।

হামেশাই বলা হয়ে থাকে মানুষ ছাড়া অন্য কোন প্রাণী যশ্রপাতি বাবহার করতে পারে না, অথচ শিশ্পাঞ্জারা অবস্হাবিশেষে দিব্যি এক ধরণের বুনো ফল (দেখতে অনেকটা আখরোট ফলের মতো) পাথর দিয়ে ভেঙে খায়। রেঙ্গারতো এভাবেই একটা আমৈরিকান বাদরকে শক্ত তালের ঝাঁটি ভাঙতে শিখিয়েছিলেন এবং তারপর থেকে সে নিজের ইচ্ছান্যায়ী নানারকম বাদামের খোসা ছাড়ানো এবং বাক্স খোলার জন্য পাথরের সাহায্য নিত। এমর্নাক, তৃথিদায়ক গন্ধ না পেলে সে এইভাবে ফলের নরম খোসাও ছাড়িয়ে ফেলত। আবার অন্য একটি বাদরকে শেখানো হয়েছিল কিভাবে একটি মাত্র লাতির সাহায্যে একটি বড় বালের ভালা খুলতে হয়। কিল্টু মজার ব্যাপার হোল, তারপর থেকে সে এই

লাঠিটাকে কোন ভারী জিনিস সরানোর জনা ঠিক লিভারের মতো ব্যবহার করত। তাছাড়া আমি একটি বাচ্যা ওরাং-ওটাংকে একটা ফাটলের মধ্যে লাঠির একপ্রান্ত ঢুকিয়ে অন্যপ্রান্তে চাড দিয়ে লাঠিটাকে লিভার-দডের মতো ব্যবহার করতে দেখেছি। আবার ভারতবর্ষের পোষ-মানা হাতিরা যে গাছের ভেঙে মাছি তাডাতে পারে. সে কথাও আমাদের অজানা নয়। এমনকি একটা বুনো হাতীকেও এ-ভাবে মাছি তাড়াতে দেখা গেছে। এবারের উদাহরণটি একটা বাচ্যা মেয়ে ওরাং-ওটাং সম্পর্কে, সে যখনি ব্রুতে পারত তাকে এবার চাব্রক মারা হবে, তথন তাড়াতাড়ি হাতের সামনে কদ্বল বা খড পেতে তাই দিয়েই নিজেকে ঢাকতে চেন্টা করত। এতক্ষণ আমরা দেখলাম যে পাথর বা লাঠিকে জল্ড-জানোয়াররা যত্র হিসাবে ব্যবহার করে থাকে। কিল্ডু এমন অনেক উন্হরণ আছে, যেখানে পাথর বা লাঠিকে তারা আক্রমণ বা প্রতিরোধের অন্দ্র হিসেবেও ব্যবহার করে। স্থাবিখ্যাত পর্য'টক শিম্পার বিবরণ সম্বন্ধে বলতে গিয়ে রেহ্মু বলছেন যে আবিসিনিয়াতে সি জেলাডা (c. gelada) প্রজাতির বেবনুনরা দলে দলে পাহাড় থেকে সমতলে নেমে আসে শস্যক্ষেতগর্নালকে লাঠ করবার জন্যে: কখনো কখনো সি. হামাডিয়া (c. hamadrya) নামে অন্য এক প্রজাতির বেবুনদের সঙ্গে তাদের সংঘাত বাধে, যার নিশ্চিত ফল হোল দু,'পক্ষের মধ্যে জোর লড়াইয়ের সময় জেলাড়া প্রজাতির বেবনেরা উপর থেকে প্রতিপক্ষের উদেশ্যে বড় বড় পাথর গড়িয়ে দেয়, প্রতিপক্ষ হামাডিয়া বেবানরা তা এড়াতে চেন্টা করে এবং শেষমেষ দা'পক্ষই হাঙকার দিয়ে এক অপরের দিকে ধেয়ে যায়। কোবার্গ-গোথার ডিউকের সঙ্গে আবিসিয়ার মেন্সা গিরিপথের মধ্যে দিয়ে যাওয়ার সময় আক্রমনকারী একদল বেবনের বিরুদ্ধে রেহ্ম আশ্নেরাদ্র ব্যবহার করছিলেন। প্রত্যুত্তরে তারা মানুষের মাথার মতো বড়ো বড়ো এত পাথর ফেলতে শুরু করেছিল যে আক্রমণকারীদের দুতে পিছু হ্যতে হয়েছিল, এবং বেশ কিছ্মেণের জন্যে গাড়ী চলাচলের রাস্তা বন্ধ হয়ে গেছিল। লক্ষ্যণীয় যে উদিলখিত বেবনুরা সন্মিলিতভাবে এই কাজটি সম্পন্ন করেছিল। মিঃ ওয়ালেস্ তিনটি ভিন্ন ঘটনায় দেখেছিলেন যে স্ত্রী ওরাংওটাং ও তাদের বাচ্চারা "প্রচণ্ড ক্রোধে ডমুরিয়ান গাছের ডাল ও তার ভীষণ কণ্টকময় कन ছ.ए७ मिल्ह : এই প্রচণ্ড আক্রমণের দর্শ আমরা ঐ গাছের খুব কাছে পারিনি।" তাছাডা অনেকবারই আমি দেখেছি যদি কেউ কোন শিম্পাঞ্জীকে বিরক্ত করে, তাহলে সে হাতের সামনে যা পায় তাই তার শত্রুর দিকে ছাঁডে মারে। এ প্রসঙ্গে উত্তমাশা অশ্তরীপের সেই পর্বেক্তি বেবনেটির কথা আর একবার মনে করা যেতে পারে, যে তার অভীণ্ট লক্ষ্য পরেণের জন্য জল দিয়ে কাদা তৈরী করেছিল।

চিড়িয়াখানার একটি বাঁদর তার দ্বর্বল দাঁতের জন্য একট্করো পাথর দিয়ে বাদাম ভেঙে ভেঙে খেত। সেখান কার সংশিলট কর্ম চারীরা আমাকে জানিয়েছেন যে বাদাম ভাঙার পর সে পাথরটি খড়ের নীচে ল্বাকিয়ে রাখত যাতে অন্য কোন বাঁদর সেটির খোঁজ না পায়। এখানে আমরা ব্যক্তিগত সম্পত্তির একটা ছালা দেখতে পাছিছ। অবশ্য ক্র্রুদের মধ্যে এই ধারণাটি হামেশাই দেখা যায়। সংগ্রহ করা মাংসের হাড় তারা সবসময় নিজের দখলে রাখতে চায়। আবার পাখীরা ভাদের বাসাটাকে ব্যক্তিগত সম্পতির বলেই মনে করে থাকে।

ডিউক অফ্ আরজিল বলেছেন—কোন বিশেষ উদ্দেশ্যে ব্যবহারের জন্য একটি ষশ্ব বানানোটা মানুষের একাশ্তই নিজম্ব বৈশিষ্ট এবং তিনি মনে করেন এই ব্যাপারটা মানুষের সঙ্গে অন্যান্য জন্তুদের এক দুম্বর ব্যবধান রচনা করেছে। পার্থকাটা যে অত্যাত গরে স্বপর্ণে, তাতে কোন সন্দেহই নেই। কিন্তু স্যার জে. লাবকের কথার মধ্যেই আমি অধিকতর সত্য খনজে পাই। তাঁর মতে, আদিম মান্ত্র কোন বিশেষ প্রয়োজনে চক্মিকি-পাথরের বাবহার করতে গিয়ে আকম্মিকভাবেই তা ভাঙতে সমক্ষ হয়েছিল এবং সেই ধারালো পাথরের টকেরোগর্লো ব্যবহার করতে শরে করেছিল। এই ঘটনার পর কোন বিশেষ উল্লেশ্যে পাথর ভেঙে নেওরাটা তো শুধু একটা কলম বাড়ানোর গুয়াস্তা ! আর বিশেষ উদ্দেশ্যে পাথর ভাঙা শুরু হওয়ার পর, সেই ভাঙা পাথরকে ঘষে-মেজে কোন হাতিয়ার বা যত বানানোটাও বেশ সহজই হয়ে পড়ে। তবে, নব্য প্রস্তর যুগের মানুষের পাথর ঘষে-মেজে যত্ত্র তৈরী করার আগেকার সুদীর্ঘ সময়ের কথা বিচার করলে মনে হয় যে এই শেষোক্ত ঘটনাটা ঘটাতে (অর্থাৎ ভাঙা পাথরকে ঘষে-মেজে কিছু বানানো) বহুকাল সময় লেগেছিল মানুষের ৷ তাছাড়া সাার জে লুবক মনে করেন যে, চক্মকি পাথর ভাঙার সময় আগ্নের স্ফুলিঙ্গ সাণিট হতো এবং সেগ**়িল**কে ঘষে ঘষে মস**়**ণ করার সময় স**ৃণিট হতো প্রভাত তাপ। আর** এভাবেই হয়তো 'আগনে জন্মলানোর দ্বটি চাল্ম পর্যাতর স্বেপাত হয়েছিল''। অধিকন্তু, আন্দের্গারি সমল্লিত অঞ্লে আগনের গতি-প্রকৃতি সম্বন্ধে মানুষ অবহিত ছিল বলেই ধরে নেওয়া ষায়, কেননা গরম লাভা স্রোত মাঝে-মধ্যেই ছুটে যেত সব্যক্ত বনের মধ্যে দিয়ে। আবার বনমান্যধেরা সম্ভবত সহজাত প্রবৃত্তির বণেই নিজেদের থাকার জন্যে অস্হায়ী মাচা তৈরী করে থাকে। কিন্তু যেহেতু বহু প্রবৃত্তিই যুক্তি-নিয়ণ্ডিত, তাই মাচা তৈরীর মতো সরল প্রবৃত্তিগঢ়লৈ স্বেচ্ছাকুত ও

সচেতন রিয়ার পর্যবিসত হতে বাধ্য। আমরা অনেকেই জানি, ওরাং ওটাংরা রাচিবেলা প্যাশ্ডানাস গাছের পাতা দিরে নিজেদের তেকে রাখে। এই সন্দর্শেষ রেহ্মের তথাটি আরো চিন্তাকর্ষক। তিনি জানিরেছেন, তার পোক্ষানা একটি বেব্ন স্বর্ধের তাপ থেকে রেহাই পাবার জন্য মাধার উপর একটা খড়ের চাটাই চাপিরে দিত! জন্তু-জানোয়ারনের এই সব আচরণ আসলে স্থলে স্থাপত্য ও পোষাকের মতো কিছ্ সাধারণ কৃংকোশলের প্রাথমিক ধাপ ছাড়া আর কিছ্ই নয়। কেননা, ভূললে চলবে না, তারা মান্বের আদি প্রেপ্ররুষের মধ্যে থেকেই উখিত।

বিমূর্ত্ত বা বস্তু নিরপেক্ষ, ধারণা সাধারণ ধ্যানধারণা, আত্মসচেত্তনবোধ, মানসিক স্বকায়তা: আমার পক্ষে কিন্বা আমার চেয়েও জ্ঞানসম্পন্ন কোন ব্যক্তির পক্ষে বলা শন্ত যে জম্তু-স্থানোয়াররা কতথানি এই সমস্ত উত্নত মানসিক ক্ষমতার অধিক রী। প্রাণীনের মনের মধ্যে কী ঘটছে তা ঠিকমতো জানা সম্ভব নয় বলেই এই সমস্যার উৎপত্তি। আবার উপরোক্ত বৈশিষ্টাগটোর অর্থা সম্বন্ধে বিভিন্ন লেখকের বিভিন্ন অভিনত থাকার অমুবিধা বাড়ে বৈ কমে না। সম্প্রতি প্রকাশিত প্রবন্ধগর্মাল নিয়ে যদি কেউ বিচার করতে বসেন, তাহলে তিনি দেখতে পাবেন এগালৈ মুখাত এই ধারণার ভিজিতেই লিখিত হয়েছে বে জম্তু-জ্ঞানোয়ারদের মধ্যে কোন কিছুরে বিমর্ক্তায়ণ করা বা সাধারণ ধারণা গঠনের ক্ষমতা বলতে আদৌ কিছন নেই। কি তু যখন কোন কুহুর অন্য একটি কুকুরকে দরে থেকে দেখতে পায়, তখন সে তাকে একটি কুকুর বলেই মনে করে। কারণ পরের কুকুরটি কাছে আসার পর সে তাকে কখ্ব বলে ব্রুবতে পারলে তার আচার-বাবহারে অস্ভতে পরিবর্তন লক্ষ্য করা ধার। অবশ্য সাম্প্রতিককালের একজন লেখক মন্তব্য করেছেন, এই সমস্ত ক্ষেত্রে মানুষ ও অন্যান্য প্রাণীদের মানসিক ক্ষমতা মলেত একই প্রকৃতির নয় বলে দাবী করাটা হোক একটা অনুমান মার। মানুষ তার ইণ্দ্রানুভতে উপলব্দিকে মান্সিক ধারণার স্তরে টেমীত করতে পারে, এবং জন্টু-জানোয়াররাও তা করতে সক্ষম। আমি যখন আমার টোরিয়ার কুকুটিকে উৎস্থক হয়ে জিজেন করি (প্রদক্ষ উল্লেখ্য ষে আমি বহুবার অসনটি করে দেখেছি), "আরে, ওটা গেল কোথায় ?" তৎক্ষণাৎ সে ব্রুতে পারে তাকে কিছু একটা খ'জতে হবে। প্রথমে সে চারপাশে দ্রুত একবার চোখ ব্রুলিয়ে নেয়, তারপর সবচেয়ে কাছের ঝোপটির মধ্যে তুকে কিছুক্রণ শিকারের সন্ধান করে। কিন্তু কিছুই না পেয়ে অবশেষে সামনের গাছটির দিকে তাকিরে লক্ষা করে সেখানে কোন কাঠবিডালী আছে কিনা। তাহলে কি এই কালগালি খেকে

भ्भण्डे दरम्ब ना स्व जात्र मस्तत्र मस्या ७-त्रकम थकींहे भाषात्रम धात्रमा वा कम्भना ক্রিয়াশীল রয়েছে যে কোন জীবজাতুকে খাঁজে বার করতে বা শিকার করতে হবে ? অবশ্য, আমি কোথা থেকে এলাম, কোথায় বাবো, জীবন কী, মৃত্যু কাকে বলে,—এই জাতীয় চিণ্ডাভাবনার অর্থে ধরলে কোন পশ্রই আত্মসচেতন নয়। কি'ত চমংকার স্মৃতিশক্তি ও কিছু পরিমাণ কম্পনাশন্তির অধিকারী কোন ব্রভো বুকুর (তার স্বশেনর মধ্যে যে ক্ষমতার প্রমাণ পা ওয়া যায়) যে তার অতীত জীবনের বিভিন্ন শিকারের আনন্দ ও যাত্রণার কথা কখনো ভাবে না—সে ব্যাপারে কি নিশ্চিত হওরা যায় ? আর এটা হচ্ছে আত্মসচেতনতারই একটি রূপ। অন্যদিকে, বুখনোর যেমন বলেছেন, কোন অসভ্য আদি অস্টেলিয়াবাসীর স্মী-টি (খুবই কম কথা জানা বা চারের বেশী সংখ্যা গণেতে না-পারা কঠিন পরিম্মী) কতাকু আত্ম-সচেতনতা দেখাতে পারে বা নিজের অন্তিত্বের প্রকৃতি সন্বস্থে কড়টুকুই বা চিন্তা-ভাবনা করতে পারে ? তাছাড়া, এটা সাধারণভাবেই স্বীকৃত যে উন্নতশ্রেণীর প্রাণীদের মধ্যে স্মাতিশক্তি, মনঃসংযোগ, ভাবনার সংযুক্তি, এমনকি কিছু পরিমাণে কম্পনাশন্তি ও যুক্তিবোধও কান্ধ করে। ভিজ ভিন্ন প্রাণীনের মধ্যে ভিন্ন ভিন্ন মাত্রায় থাকা উপরোক্ত ক্ষমতাগলে যদি বিকাশযোগ্য হর, তাহলে জার দিয়েই বলা যায় যে ঐ সব সরল ধরণের ক্ষ্মতা রুমোহাতি ও সংব্রান্তর সাহায্যে গড়ে-ওঠা জটিলতর ক্ষমতাসমূহ, যেমন কোন বিষয়ের সারার্থ উপলম্পির বা আত্মসচেতনতার উচ্চতর রূপে ইত্যাদির মতো ক্ষমতাগচলিও তাদের মধ্যে থাকাটা একাশ্তই স্বাভাবিক। কিম্পু এই মতবাদের বিরুম্থে অভিযোগ তলে বলা হয় যে, জীবজগতের ক্রমবিকাশের ধারার ঠিক কোন্ সময়ে জীবজন্ত্রা সারার্থ উপলব্ধি ইত্যাদি ক্ষমতার যোগ্যতা অর্জন করল ? তাহলে পাল্টা প্রদন করতে হচ্ছে, আমরা কি জানি ঠিক কতবছর বয়সের সময় আমাদের শিশরো এই ক্ষ্মতার অধিকারী হয় ? আমরা শুখু দেখতে পাই আমাদের শিশুদেব মধ্যে এইসব ক্ষমতা দার ণভাবে বেড়ে চলে।

জশ্তুজানোরারদের মানসিক স্বকীরতা নিয়ে আশা করি কোন ছিমত নেই।
আগেই বলোছ কেবলমান গলার আওয়াজ শানে আমার ক্রুব্রটি তার পারেনো
ঘটনার অনুষদ্ধানি ফিরে পেত। অর্থাৎ, তার মধ্যে একটি মানসিক স্বকীয়তা
কাজ করত। যদিও দীর্ঘ পাঁচবছর সময় বিরতিতে তার মস্তিন্দের প্রতিটি
কোষের একাধিকবার পরিবর্তিত হওয়াটা অসম্ভব কিছু নয়। ক্রুব্রটি বোধহয়
তার এই আচরণের সাহায্যে বিবর্তনতন্ধবিদনের বিরুদ্ধে সম্প্রতি উপস্থাপিত
বিচিত্র যান্তিকৈই খাড়া করে বলতে চেয়েছিল, "সমস্ভ মানসিক ভাব ও বাবতীয়

-ক্রম্পুণত পরিবর্তনের মধ্যেও আমি টি'কে আছি । তেকগ্রেছ কোষের পরিতার শব্যে জারগা পরেণ করতে উপস্থিত অন্য একগ্রেছ কোষের উপর প্রথম কোষগরেছের প্রভাব থেকে বায়—এই ব্যক্তি সচেতনতার বিরোধী, অতএব মিখ্যাও বটে। কিন্তু বিবর্তনবাদই এই ব্যক্তির উন্গাতা, কাজেই ঐ মতবাদটিও লান্ত।"

ভাব প্রকাশের ভাষা: সঙ্গতভাবেই এই বিষয়টি মান্যে ও নিন্নগ্রেণীর প্রাণীদের মধ্যে প্রধান প্রধান পার্থক্যগ:লির অন্যতম হিসাবে বির্বেচিত হয়েছে। কিল্ড অত্যাত জ্ঞানী ব্যক্তি, আর্কবিশপ হোয়েটলির মতে, "মানুষ্ট একমাত্র প্রাণী নয়, যে তার মনের ভাব প্রকাশের জন্য ভাষার আশ্রয় নিতে পারে বা অপরের ভাষা কম-বেশী ব্রুবতে পারে।" প্যারাগ্রেরতে দেখা যায়, সেব্রুস এজারে জাতের বাঁদর উত্তেজিত অবস্হায় অশ্তত ছ'টি ভিন্ন স্বরের আওয়াজ করে थाक, या जन्माना वाँनतस्त्र भार्या अक्टे जन्म कि का शिरा टाला । दाकात এবং আরো অনেকেই মনে করেন, আমরা যেমন বাঁদরদের বিভিন্ন অঙ্গভঙ্গির অর্থ ব্রুবতে পারি, তারাও তেমনি আমাদেরটা আংশিক ব্রুবতে পারে। এবিষয়ে কুকুরের ডাক অত্যন্ত উল্লেখযোগ্য একটি ঘটনা: গ্রহণালিত কুকুরেরা ক্য করে চার-পাঁচ রক্ষা ভিন্ন ভিন্ন দ্বরে ডাকতে পারে। ক্রক্রেদের এইভাবে ডাকার রেওয়াজ্ঞটা নতুন একটি কোশল হলেও, তাদের পরে পারুষরাও (নেকড়ে ও শিয়াল) নানারকম চিৎকার করে মনের ভাব প্রকাশ করতে পারত। শিকারের সময় গৃহপালিত ক্রুরদের গলার আওয়াজে ব্যগ্রভাব ফুটে ওঠে : শোনা বায় ক্রন্থ চিংকার, গর গর আওয়াজ: আটকিয়ে রাখলে হতাশায় কে'উ কে'উ করে. রাতে গম্ভীর স্বয়ে যেউ যেউ করে ডাকে, আবার প্রভুর সঙ্গে বেডাতে বেরোবার সময় তাদের গলার স্বরে প্রকাশ পায় উল্লোস ; কিম্তু কোন দরজা বা জানলা খোলানোর মতো কোন দাবী বা আর্জি জানানোর সময় তারা একেবারেই অন্য গলায় ডাকে। এছাড়া পশ্রপাখীনের ভাষা সংক্রাম্ত এই বিষয়টির প্রতি গভীরভাবে অভিনিবিষ্ট হাউজো-র মতে, গ্রহপালিত মোরগ কম করে বারোটি বিশেষ স্বরে ডাকতে পারে।

তবে, ভাষাকে স্পাণ্ডর্পে উচ্চারণ করার নির্মাণত অভ্যাস একমার মান্বের মধ্যেই দেখা বার। কিন্তু নিশ্নশ্রেণীর প্রাণীদের মতো মান্বেও অঙ্গভঙ্গী ও মুখের পোশী সভালন সহবোগে শব্দের সাহায্যে নিজের মনোভাব প্রকাশ করে থাকে। সরলতর ও স্পাণ্ট অন্ভূতিগালির ক্ষেত্রেই এই ঘটনা বেশি করে দেখা বার, যেগ্রিলর সঙ্গে আমাদের উন্নততর ব্রিশ্মন্তার সন্পর্ক খ্বই কম। ব্যথা, ভরু,

ক্রোধ, বিক্ষায় ইত্যাদির জন্য আমরা যে শব্দ এবং তার উপযোগী অঞ্চক্রী করে থাকি, আদরের শিশ_টির উদ্দেশ্যে জননী বে অস্পণ্ট বিভবিভ ধনিক উচ্চারণ করে—তা যে কোন কথার চেয়ে অনেক বেশি অর্থ হৈ। কিন্ড নিন্দরশ্রেণীর: প্রাণীদের থেকে মানুষের স্বতন্ত্র হওয়ার বিষয়টি স্পণ্ট করে উচ্চারিত কথার: বোধগম্যতার ওপর নির্ভারশীল নয়, কেননা, ক্ক্রেরাও অনেক কথা ও শব্দ ব্ৰতে পারে। এই ব্যাপারে তারা ঠিক দশ-বারো মাস বয়সী কোন মানবশিশরে মতোই। দশ-বারো মাসের শিশরো অনেক শব্দ ও ছোট ছোট কথা ব্ৰতে পারে কিন্তু একটি কথাও বলতে পারে না। আবার শুখুমার স্পৃষ্ট করে কথা বলার ক্ষমতাটাই আমাদের স্বাতস্থ্যসূচক বৈশিষ্ট্য নয়, কারণ তোতা বা আরো কিছু পাখী এ-বিষয়ে আমাদের চমংকার প্রতিশ্বন্ধী হতে পারে। এমনকি নির্দিণ্ট কোন ধারণার সঙ্গে নির্দিণ্ট কোন শব্দকে সংযুক্ত করার ক্ষমতার মধ্যেও আমাদের স্বাডান্ত্য নিহিত নেই, কারণ, কথা ২লতে শেখা কোন কোন তোতাপাখী বস্তর সঙ্গে শব্দকে এবং ব্যক্তির সঙ্গে ঘটনাকে নির্ভালভাবে মেলাতে পারে। দ তাহলে কি নিন্দ্রশ্রেণীর প্রাণীও মানুষের মধ্যে কোন প্রভেনই নেই? —िन•७३१रे व्यारह । २८ए७मधे दल—मान्। व दश्यतानत्र भन्न ७ थात्रभारक क्रमान মেলাবার অসীম ক্ষমতা অর্জন করেছে, যা স্পণ্টতঃই তার উচ্চপর্যায়ের মানসিক বিকাশের ফলেই সম্ভবপর হয়েছে।

৮। এই বিষয়টির উপর আমি বেশ কিছু বিস্তারিত তথা যোগাত করেছি। এথানে যার কথা: कारत बना प्रवकात जिम स्टान बी-मानाशक छात्र वि. ब्ल. ज्वनिसान-अक्बन कारास जीक পর্ববেক্ষক। তিনি জানিরেছেন, তার পিতৃপুত্র দীর্ঘদিনের একটি পোবা ভোতাপাৰি ছিল। পাথিটি বাড়ীর করেকলনকে এবং তাদের পরিবারের আদা-যাওরা আছে এরকম করেকলন ব্যক্তিকে অবিকল ভাদের নাম ধরে ডাকত। প্রাতরাশের সময় সে প্রত্যেককে 'প্রপ্রভাত' বলত একা রাতে গুতে যাবার সময় প্রত্যেকের উদেল্ডে 'ওভয়াত্রি' উচ্চারণ করত। কথনোই তার এই অভাসের ওলট-পালট ঘটেনি। হলিভানের বাবাকে 'হুগ্রভাত' জানামোর সময় সে আরো করেকটি কথা যোগ করে দিত, যা তার বাধার মৃত্যুর পর আর কথনো শোনা যারনি। একবার একটা বাইরের কুকুর খোলা স্থানলা দিয়ে যরে ঢুকে পড়াতে পাখিটা তাকে খুব বকাবকি করেছিল। আর একবার অস্ত একটি ভোতা তার খাঁচা থেকে বেরিরে রালাখনের টেবিলে রাখা क्रमान चार्लन शास्त्रिन बाल मि जारक स्त्रांत्र एर्थमना करत्रिल, यात्र कथाश्विन अत्रक्म, "जूमि একটা পানী ভোতা''। ভোতাপাধি সদকে হাউদ্বোর রচনাটিও উরেধবোগ্য (जः, "ক্যাকালতে (में छोन'', tom, २व्र चंछ, शृ: ७०३)। ७: वर्: मन, का बानित्तरहम, छिनि वकि डेरावनिश शांधिक (বেগুনী বা সবুদ্ধ রঙের পালকের উপর কালো ও বাদামী ছোপ ছোপ রঙবিশিষ্ট একধরণের श्वादाना शांवि) ज्ञानात्कत । यथन क्लि कांग्रेक कथन मि ठाकि "यू-अराक" वर्गक अवर यापान সময় সে তনতে পেত "বিদায় বন্ধু"। আমান ভাষায় শেখা এই অভিবাদন আনাতে সে কথনোই **ভুল ক**রত না।

ভাষাতক্ষের অন্যতম প্রধান পথ প্রদর্শক হর্ন ট্রক্-এর মতে, চা বা কেক তৈরীর मराज कथा वलाख कि निष्मकर्म ; जवना जारता श्रक्रणे निष्मकर्म इराष्ट्र লিখনশৈলী। কথা বলার ভাষা কিন্তু মোটেই কোন সহজাত ক্ষমতা নয়, কেননা প্রত্যেকটি ভাষাই শিখতে হয়। তবে অন্যান্য সাধারণ বিদ্যের সঙ্গে এর বিপক্ত পার্থ কা আছে, কারণ মানুষের মধ্যে কথা বলার এক সহজাত প্রবণতা কাজ করে, যেমন, আমাদের শিশ্বদের মুখে শোনা যায় অস্ফুটে শব্দের গ্রন্তান, বদিও তাদের কারোর মধ্যেই চা বা কেক তৈরী করা অথবা লেখার সহজাত প্রবণতা থাকে না। অধিক তু, কোন ভাষাতৰ্ববিদই এখন আর মনে করেন না যে কোন ভাষা উদ্দেশ্য প্রণোদিতভাবে সূর্ণ্ট হয়েছে : ধীরে ধীরে ও অসচেতনভাবে অনেকগর্নল ধাপ ক্রতিক্রম করেই বিকশিত হয়েছে ভাষা। পাখীদের নানারক্রম কিচিরমিচিরের সঙ্গে আমাদের বলা ভাষার সাদৃশ্যে খুবই বেশি. কেননা একই প্রজাতির সকল পাখী তাদের মনের ভাব প্রকাশের জন্য একইরকম আওয়াজ করতে অভ্যস্ত হয় : আবার সমস্ত জাতের গায়ক পাখীদের মধ্যে গান গাওয়ার ক্ষমতাটা সহজাত হলেও সত্যিকারের গান গাওয়া বা শ'ষ বিয়ে ডাকার ব্যাপারটা তারা তাদের मा-वावा वा श्रीज्ञानत्कत काष्ट्र थितकरे भित्य थात्क। एउरेन्त्र वार्गितरहैन - स्रमाण करत रुपिस्तरहरून या धरे भक्ता नि ठिक "मान स्वत्र जावात मरजारे, वर्षाए পুরোপর্বার সহজাত নয়^{?'}। গান গাওয়ার প্রাথমিক চেন্টাকে "একটি শিশ্ব কর্তৃক অস্কটে শব্দ করার চেণ্টার সঙ্গে তুলনা করা যেতে পারে i' বাচ্চা পরেছ-शायौदा मन-जगादा माम थर्दा निर्दामिक गात्नद अनुमौनन करत हरन, वा, शायौ ধরা ব্যাধনের ভাষায়, "শন্দ্রনন" করে। তাদের প্রাথমিক চেণ্টা থেকে পরবর্তী সময়ের গান সম্বশ্যে কোন ধারণা পাওয়া মুশকিল, কিম্তু বয়স বাড়ার সঙ্গে সঙ্গে তানের আসল লক্ষ্য টা স্পণ্ট হয়ে ওঠে অবশেষে "ঘুরে ফিরে গান শোনার"। ্রিউডতে না-পারা পাখীরা অন্য প্রজাতির পাখীনের গান শেখে ষেমন টাইরোলের ক্যানারী পাখীরা এবং এইসব নতুন নতুন গান তাদের বাচ্চাদের শেখায়। ব্যারিংটনের মতে, একই প্রজাতির পাখিরা বিভিন্ন অঞ্চলে বসবাস করার ফলে তাদের গান বা শীসের মধ্যে যে সামান্য স্বরগত পার্থক্য দেখা যার, তাকে

শ্ব। অধ্যাপক ইইট্নি লক্ষ্য করেছেন (পৃ:, ওরিরেটাল আঙি লিলু ইস্টিক ইডিঅ', পৃং ৩৫৭) লিলুবের মধ্যে তাব আদান-প্রদানের ইছো জীবত আকারে ররেছে আর তা ভাবার উর্ভিতে "সচেতন ও অসচেতন হুভাবেই কাল করে থাকে; আও লক্ষ্যে পৌছনোর ব্যাপারে কাল করে ক্রচেতনভাবে, আর তার পরবর্তী ক্লাফলের কেন্দ্রে কাল করে অসচেতনভাবে।

সহজেই 'আর্ণালক উপভাষার' সঙ্গে তুলনা করা যেতে পারে, এবং বিভিন্ন প্রজাতির পাখিদের গলার স্বর বিভিন্নজাতির মান্যদের বলা ভাষার সঙ্গে তুলনীয়। এখানে এত বিছু বিশদভাবে আলোচনা করার উদ্দেশ্য হলো এটা দেখানো ষে, कान दिराय कोमल आयुष्ठ कतात मरङ्गाण প्रदर्गण मान्द्रवत धककिया नय । প্রণাট করে কথা বলতে পারা কোন একটি ভাষার উৎপত্তি সম্বন্ধে একদিকে মিঃ হেন্দেল ওয়েজ্ডিড, রেভারেণ্ড এফ. ফ্যারার ও অধ্যাপক শিলশারের অত্যন্ত কোঁতহলোদ্দিপিক প্রবন্ধগালি, এবং অন্যাদিকে অধ্যাপক ম্যান্ধ মলোরের বিখ্যাত বন্ধ,তাগালি পড়ার পর আমি নিঃসন্দেহ যে ভাষার উৎপত্তি হয়েছে বিভিন্ন প্রাকৃতিক শব্দ ও অন্যান্য প্রাণীদের গলার স্বরকে নকল করে এবং সংকেত ও অঙ্গভঙ্গী সহ মানুষের সহজাত চিৎকার থেকে। হয়তো মানুষের কোন পর্বে প্রেষ্ বা একেবারে আদিম অবস্হার মানুষের গলা দিয়ে প্রথম স্থরযুক্ত ধর্নন অর্থাৎ গান বেরিয়ে এসেছিল, যেমন এখন আমরা দেখতে পাই গিবনজাতের বাদরদের মধ্যে। ছড়িয়ে-ছিটিয়ে থাকা এই ধরণের অসংখ্য উদাহরণ থেকে আমরা সিশ্বান্ত করতে পারি যে, কথা বলার ক্ষমতা বিশেষভাবে প্রয়োজন হয়েছিল স্ত্রী ও পরেষের পরেরাগের সময়, যেখানে কথার সাহায্যে তাদের মনের নানান আবেগ, ভালোবাসা; দ্বর্ঘা, প্রেমের প্রতিকব্দীতায় বিজয় প্রতিকব্দীদের চ্যালেঞ্জ জানানো ইত্যাদি প্রকাশ পেত। আর সেইজন্য বোধহয় স্পণ্ট করে শব্দ উচ্চারণ করার সাহায্যে গীতিময় ধর্নির অনুকরণই মনের বিভিন্ন জটিল আবেগকে প্রকাশ করার মতো শব্দ সূণিট করেছিল। আবার আমাদের সঙ্গে নিকট সাদৃ**শায**ুক্ত বাঁদর, জড়বু, দ্বি সম্পন্ন নির্বোধ ও অ-সভ্য বুনো জাতের লোকদের একটি জোরালো প্রবণতা হলো নবল করা ঃ তারা যা দেখে বা শোনে, তা-ই নকল বরে। অনুকরণ সন্থন্ধে ভাবতে গেলে এদিকটায় নজর দেওয়া দরকার, বাঁদররা তো আমরা যা বলি তার অনেক কথাই ব্রুতে পারে এবং বনের মধ্যে কোন বিপদ দেখা দিলে তারা তাদের প্রতিবেশীদের চিৎকার করে সংকেত দেয় সাবধান হয়ে যাওয়ার জন্যে । মোরগরাও আকাশে বা মাটিতে বাজপাখি দেখলেই গ**লা**য় এক ধরণের আওয়াজ তুলে বিপদ সংকেত জানাতে তুল করে না (বাঁদর ও মোরগের এই চিৎকার এবং তাদের অন্যান্য চিৎকারের অর্থ ককেরেরা ব্রুত পারে)। ' তাহলে এমনটা কি হতে পারে না যে বাঁদরদের মতো কোন ব্রশ্বিমান

১॰। অধ্যাপক হাউজো এই বিষয়ে তার পর্যবেকণ থেকে অত্যন্ত চাঞ্চন্যকর বিবরণ দিয়েছেন। এঃ, 'ফ্যাকাল্তে মোতাল ভ অ্যানিমো'', ২র থও, পৃঃ ৩৪৮।

প্রাণী তাদের ভাঁতি উদ্রেককারী শিকারী জাতুদের গোঁ-গোঁ আওয়াজ নকল করে তাদের প্রতিবেশী বাদরদের আসাম বিপদ সম্পর্কে সতর্ক করার চেস্টা করত ? এই অনুকরণই হয়তো ভাষা সূণ্টির প্রথম পদক্ষেপ।

গলার স্বর মতবেশী ব্যবহার হতে লাগল, ব্যবহারের বংশগত প্রভাবের দর্মণ স্বর্যস্তও ততবেশী শব্তিশালী ও চ**্র**িসাক্ত হয়ে উঠল। এই বিবর্রটি **কথা বজান** ক্ষমতার উপরেও প্রতিক্রিয়া সূতি করল। কিন্তু তা সম্বেও, ভাবার ক্রমাগত ব্যবহার ও মাস্তন্কের বিকাশের মধ্যেকার সম্পর্কটি অনেক বেশী গ্রের্বপূর্ণ। মানুষের কিছু পূর্বেপুরে বের মানসিক ক্ষমতা সেই সময়ের যে কোন বাদরের চেয়ে অনেক বেশী উন্নত ছিল ; এমন কি সেই পূর্বপূর্বরা বখন সামান্যতম কথাও বলতে শেখেনি. তখনও এই ব্যবধান কার্যকরী ছিল কিল্ড আমরা দ্যুভাবে বিশ্বাস করতে পারি যে এই ক্ষমতার ক্রমাগত ব্যবহার ও প্রাপ্তসরতা মানুষের মনের উপর দীর্ঘ প্রতিক্রিয়া স্বাচিট করেছে, স্থশ্ভথল চিম্তা করতে সক্ষম করে তুলেছে মানুষের মনকে। শধ্দের সাহায্য ছাড়া চিম্তার জটিল স্লোত কখনোই এনোতে পারে না, তা সেই শব্দ উচ্চারিত বা অনুচ্যারিত, যা-ই হোক না কেন। ঠিক ষেমন সংখ্যা বা বীজগণিতের সাহায্য ছাড়া কোন দীর্ঘ হিসেব स्मारा मण्डव नरा। ध्यानीक माधारण हिन्छा श्रीकरात करना कि**ट्-ना-किट्-**भटनत श्रदाकान रहा । छेनारत्रण रिम्मद नता विक्रागान नामी धक व्याप, कामा ও বোবা মেয়ের কথা বলা যায়। ঘুমের মধ্যে সে যখন কোন দ্ব'ন দেখত, তখন তার হাতের আঙ্কল্যালি স্বন্দের সঙ্গে তাল মিলিয়ে নডাচডা করত। অবশ্য, কোনরকম শব্দ বা ভাষা ছাড়াই স্পণ্ট ও পরস্পর সম্পর্কযুক্ত ধারণার দীর্ঘ পরস্পরা মনের মধ্যে বয়ে যেতে পারে, যেমনটা দেখা যায় ঘুমের মধ্যে স্বংন দেখা ক্রক্ররদের শারীরিক আন্দোলনের ক্ষেত্রে। ইতিমধ্যে আমরা এটাও জেনেছি যে, জ'তুজানোয়াররা কোন ভাষার সাহায্য ছাড়াই কিছুটা চিম্তাভাবনা করতে সক্ষম। আবার আমাদের এই উন্নত মন্তিন্তের সঙ্গে কথা বলার ক্ষমতার অঙ্গাঙ্গী সম্পর্ণ টিকে চমংকারভাবে দেখানো যেতে পারে মস্তিক্ষটিত সেই সব রেগের উদাহরণ টেনে, যেগার্লির ফলে কথা বলার ক্ষমতা দার ুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। যেমন, অন্যান্য কথা মনে পড়লেও অনেল কথার ক্ষেত্রে মাতি বিভ্রম, বা নির্দিণ্ট কিছা কথা ভূলে বাওরা, অথবা শব্দের প্রথম অক্ষর বাদে বাকিট্রকার বিস্মরণ এবং কোন ব্যক্তি বা বস্তুর নামের বিক্ষাতি। >> মস্তিক ও স্বরষণ্ডের ক্রমাগত ব্যবহারের ফলে এগালের আকৃতি ও কাজে বংশগত পরিবর্তন ঘটেছে, ঠিক ষেমনটা ঘটে থাকে হাতের লেখার ক্ষেত্রে। হাতের লেখা নির্ভার করে অংশত

১১. এ বিবরে অনেকশুলি কৌতুহলোদীপক ঘটনা নথিভুক্ত করা হরেছে। উদাহরণ বরূপ মন্তব্য, ডঃ বেটুনান-এর রচনা "অনু অ্যাকাসিরা", পু: ২৭, ৩১, ৫৩, ১০০, ইত্যাদি)।

হাতের গঠনের উপর এবং অংশত মানসিক বিন্যাসের উপর । বলা ঘেতে পারে হাতের লেখা নিশ্চিত ভাবেই একটা বংশগত গণে।

কিছু কিছু লেখক, বিশেষত অধ্যাপক ম্যাক্সম্লার, সম্প্রতি জোরের সঙ্গে বলেছেন, ভাষা-ব্যবহার বা কথা বলতে পারার ফল স্বর্পই নানান-সাধারণ ধারণা গড়ে ৬ঠে, এবং যেহেতু জল্তু-জানোয়াররা এই ক্ষমতার অধিকারী নয়, তাই মান্ষ ও জল্তু-জানোয়ারদের মধ্যে একটি অনভিক্স্য দরের থেকেই বায় ।>> কিল্তু ইতিমধ্যেই আমি দেখানোর চেন্টা বরেছি, পদ্-পাখীদের মধ্যে, অনোছাল বা প্রাথমিকভাবে হলেও, এই ক্ষমতাটি আছে। আমি ব্রুতে পারি না কিভাবে দদ্-এগরো মাসের বাচ্যারা এবং বোবা-কালারা নির্দিণ্ট বিছু দন্দের সঙ্গে নির্দিণ্ট বিছু সাধারণ ধারণাকে মেল তে পারে। কিল্তু ঐ ধারণাগর্মল তাদের মাথার মধ্যে আগে থাকতেই গড়ে না উঠে থাবলে এ ব্যাপারটা একেবারেই অসম্ভব হয়ে উঠত। আরও ব্লিখমান প্রাণীদের সম্বন্ধেও এ-কথা হয়েজ্যে। মিঃ লেস্লি ন্টিফেন বলেছেন, "ক্ক্রের মধ্যে বিড়াল বা ভেড়া সম্পর্কে একটা সাধারণ ধারণা গড়ে ওঠে, এবং এবজন দার্শনিবের মতোই তারা এ-ব্যাপারের প্রমোজনীয় শন্দর্গলে ব্রুতে পারে; আর এই ব্রুতে পারার ক্ষমতাটা কথা বলার ক্ষমতার মতোই তাদের স্বর্বতের উন্নত অবস্হার সাক্ষ্য দের—ছদিও এট প্রমাণটা অনেক অসপ্রত্বি বা নিক্সট মানের।

এটা ব্বতে খ্ব একটা অস্থবিধা হ্বার কথা নয় যে কেন অন্যান্য এক্সের

১২। এই বিষয়ে অধ্যাপক ছইট,নের মতো বিশিষ্ট একজন ভাষাভদ্ববিদ্বের রার আমার চেরে অনেক জোরালো। অধ্যাপক ব্লিকের দৃষ্টিভকী সম্পর্কে বলতে গিয়ে তিনি মন্তব্য করেছেন (আঃ "ওরিয়েন্টাল আাও লিক্ ইস্টিক্ ইাডিজ," পৃ: ২১৭), "বেহেতু ভাষা হোল চিন্তা-ভাষনার একান্ত জকরী সহারক, চিন্তাশন্তির বিকাশে, সচেতনভার উপর পূর্ব কর্ড্য করার জন্ত বোধের নিজ্বতা, বৈচিত্র্য ও জটিলভার বিকাশে বেহেতু ভাষা অপরিহার্য, তাই তিনি সোৎসাহে কলেছেন যে ভাষা চিন্তা একেবারেই অসন্তব—অর্থাৎ, মূল কমতাটিকে তার কার্যনাধনের উপায়ের সঙ্কে" এক করে দেখেছেন। একইভাবে তিনি এ-ও বলতে গারতেন যে মাসুবের হাত কোন যুদ্রছাড়া কান্ত করে লোখেছেন। এরকম দৃষ্টিভকী থেকে শুক্ত করলে তিনি অনিবার্গভাবেই অধ্যাপক মূলারের সেই প্রকারক্ষক কুটাভাসেই গিরে পৌছতেন, অর্থাৎ, শিশুরা অর্থাৎ বারা এখনও কথা বলতে শেখেনি মনুস্থাঘনিত্য কাথকারী হতে পারে বা।" অধ্যাপক মূলার তার মূল করতে না শেখা পর্যন্ত ভিন্তাশন্তির অধিকারী হতে পারে বা।" অধ্যাপক মূলার তার মূল করেটক বীকানো হরক দিরে এভাবে একাশ করেছেন, "শন্ত্র ছাড়া কোন চিন্তা হতে পারে না, ভাষার চিন্তা ছাড়া কোন শন্ত্র থাকতে পারে বা।" (দ্রা: "লেক্চারস্ অনু মিঃ ডারউইন্স্ বিকারক অন্ধ, ল্যাকুরেজ", তিন নম্বর বজ্নতা।। 'চিন্তা' শন্তটির কী অনুত্য সংজ্ঞাইনা দিরেছেন জ্বাপিক।

্তুলনার আমাদের স্বর্যস্য প্রথম থেকেই এত নিখতে। পি পড়েদের ভাষা সম্বন্ধে र्तात भागे वर्का भित्राच्या कार्ष व्यात्माठना करत्वाचन व्याप्त विन रमिथाराह्न, भि°भए७ता भदेरात मादार्या थवत वामान-श्रमान कन्नरा भद्रदे পারদর্শী। চেন্টা করলে হয়তো আমাদের আগু:লকে ভাবপ্রকাশের জোরালো माध्यम शिरमदा वावशांत कः। याछ : काउप. तथा प्राप्ट, त्कान क्रनममात्वरणत হতে বস্তুতার প্রতিটি কথাই একজন কালা লোককে আঙ্কল নেড়ে নেড়ে বোঝানো যেতে পারে, যদি একটা অভ্যাস করা যায়। কিন্ত এভাবে হাতকে ব্যবহার কংতে হলে অন্য কাজের ক্ষেত্রে আমাদের দার প অস্থবিধায় পড়তে হত। আবার হেহেতু উচ্চশ্রেণীর সমস্ত স্তন্যপায়ী প্রাণীদের আমাদের মতো একইরকম ভাবে গঠিত স্বরষস্ত আছে এবং যেহেতু তা মনের ভাব আদান-প্রদানের কাজেই ব্যবহৃত হয়, তাই ংরেই নেওয়া যায় যে. যদি তাদের ভাব আদান-প্রদান সম্পর্কটি আরও উনত হতো, তাহলে স্বরয়ন্ত্রের ক্ষেত্রও আরো উনতি চোখে পড়ত এবং তা নিশ্চরই ম্বরযম্বের সংলগন জিভ ও ঠোটের সাহায্যেই ঘটত।১০ উচ্চত্রেণীর বাদররা যে কথা বলার কাজে তাদের স্বরযন্তকে ব্যবহার করতে পারে না, তার म.न कादन जामत वास्थिमका रायन्छे व्यथनत राज भारत नि । रहाका समानक দীর্ঘ অনুশীলনের সাহায়ে তারা এই যার্চাটকে কথা বলার উপযুক্ত করে গড়ে তুলতে পারত, যদিও বাদ্তবে তা হয়নি, যেমন হয়নি কিছু পাখীর ক্ষেতে, গান করার অন_ক্লে দ্বর্যস্ত থাকা সন্ত্রেও যারা কখনো গান করতে পারে না। নাইটিঙ্গেল (ইউরোপে বুলবুল পাখীর মতো রাত্রে গান করা একধরণের পাখী) ও কাক, উভয়ের স্বর্যস্ত একইভাবে গঠিত। কিণ্ড নাইটিঙ্গেলের গলা দিয়ে যখন অরযাত্ত স্বরের বহিঃপ্রকাশ ঘটে, আর কাকের গলায় ধর্ননিত হয় শাধা কর্কশ কা-কারব ^{১৯} যদি জিঞ্জেস করা হয় কেন বাদররা ব**ি**শ্বতে মানুষের মতো উনত হতে পারল না, তাহলে তার উত্তরে সাধারণ কিছন যান্তিই শন্ধন খাড়া করা

১৬। এই অসকে ড: মোদরে-র কিছু মন্তব্য উল্লেখবোগ্য (ম: "দি দিজিওলজি আাও প্যাথোগকি অব.মাইও", পু: ১৯৯)।

১৪. চমংকার পর্যবেক্ষক মি: ব্লাক্ওরাল জানিরেছেন, ম্যান্পাই পাধি (লখা 'লেজ বৃক্ত ও নাধা-কালো পালক বিশিষ্ট এক ধরণের কাক) ত্রিটেনের অধিকাংশ পাধির চেরে অনেক ভাড়াতাড়ি এক একটি শব্দ, এমনকি, ছোট ছোট বাক্য বলতে শেখে। তথানি, এদের অভ্যাস সম্বন্ধে দীর্ঘ অসুসন্ধান চালানোর পর ভিনি বলেছেন, এরা প্রকৃতির খোলামেলা পরিবেশে খাকার সমন্ত্র অসুক্রবণ করবার কোন্যকম অখাতাবিক ক্ষমতারই পরিচন্ন দের না (ত্র:, "রিসার্চেস্ ইন্ স্কুলেজি", পৃ: ১৫৮)।

বায়। অবশ্য এর থেকে নির্দিণ্টতর কোন উত্তর চাওয়াটাই অবৌদ্ধিক। কেননা, প্রত্যেকটি প্রাণী কিভাবে বিকাশের ধারাবাহিক স্তরগ্নলি অতিক্রম করেছে, সে ব্যাপারে আমানের অজ্ঞতা অনস্বীকার্য।

বিভিন্ন ভাষা ও প্রজাতির উত্তব এবং সেই সঙ্গে উভরেরই (ডাষা ও প্রজাতির) ক্রমান্বয় উন্নতির তথ্যাদির মধ্যে আশ্চর্যরকম সাদৃশ্য দেখা দায় ।^{১৫} কিন্তু খ**্**জলে এরকম অনেক কথা বা শব্দই পাওয়া যেতে পারে, যেগু,লি প্রজাতির উভবের এনেক আগে স্ভিট হয়েছে ; কারণ, আমরা ব্রুতে পারি ঠিক কিভাবে এগালি বিভিন্ন প্রাকৃতিক শন্দের অনুকরণ থেকে সৃণ্টি হয়েছে। আবার ভিন্ন ভিন্ন ভাষার মধ্যে অন্ততে সাদৃশ্য থাকার কারণ হলো একই জনগোস্ঠীর বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়া এবং এইসব ভাষার গঠনগত সাদ,শোর পিছনেও একই কারণ কান্ধ করেছে। অন্যান্য জিনিসের পরিবর্তনের সঙ্গে সঙ্গে ভাঘার মধ্যেও কিছা হরফ বা ধর্ননর পরিবর্তন হয়, ব্যাপারটা ঠিক পরস্পর সম্পর্কযুক্ত কিছা বিষয়ের পরিবর্তনের মতোই। ভাষাও প্রজাতি, উভয়ক্ষেত্রেই আমরা পনেরাবৃত্ত অংশ, একনাগাড়ে দীর্ঘ অভ্যাসের ফল প্রভাতি বিষয়ের আধিক্য দেখতে পাই। আবার উভয়ের মধ্যে বহু লুপ্তপ্রায় অংশের উপস্থিতিও বেশী চোখে পড়ে। 'am' শব্দের মধ্যে 'm' অক্ষরটির অর্থ হলো 'I' বা আমি। তাই 'I am' বা 'আমি হই' বলার সময় আমরা একটা অর্থ'হীন ও অপ্রয়োজনীয় শব্দ উচ্চারণ করে থাকি। শব্দের বানানেও অনেকসময় দেখা যায় কোন কোন ককর পাচীন উচ্চারণের ল্যোংশ হিসেবে কাজ করছে। তাছাডা, সজীব প্রাণীদের মতোই ভাষাকেও নানান শ্রেণী, উপশ্রেণীতে ভাগ করা যায়। ভাষাকে সাধারণভাবে ব্রুমবিবর্ত নের মতান, যায়ী অথবা অন্যান্য বৈশিষ্ট্যের সাহায্যেও ভাগ করা যায়। আবার এও তো সতি্য যে প্রধান প্রধান ভাষা ও উপ-ভাষাগ্রাল বিস্তীর্ণ অঞ্চল बद्ध इंडिस १ए : स्ट्रण बनाना ज्ञात क्यागठ वित्नाभ घरि । मात्र प्रि-नारेखन वानष्टन, कान श्रजाि यमन कवात विनास रात्र लाल जात পনুনরাবিভ, ত হতে পারে না, ঠিক তেমনি কোন ভাষাও একবার বিলুপ্ত হরে গেলে আর তার প্রনরাবিভাব ঘটে না। আবার একটি ভাষা কখনোই দুটি ভিন্ন ভিন্ন স্থানে সূণ্টি হতে পারে না। কিন্তু ভিন্ন ভিন্ন ভাষার মধ্যে পরস্পর

২৫। স্থার সি. লাইরেলকৃত এজাতি ও ভাবার উরতির মধ্যে সরস তুলনাটি এখানে উল্লেখব্যেক্স (এ:, "দি বিওপজিক্যাল এভিডেন,সেন্ অফ,দি অ্যান্টিকিট অফ, ম্যান", পরিচ্ছেদ ২০)।

সংয**িত্ত** বা মিশুণ ঘটতেই পারে।^{১৬} প্রত্যেকটি ভাষার মধ্যেই বৈচিত্র্য রয়েছে এবং অবিরাম নতন নতুন শব্দ সূতি হচ্ছে ; কিম্তু আমাদের স্মারণশক্তির ক্ষমতা সীমিত বলে এক একটি শব্দ এক একটি ভাষার মতোই ধীরে ধীরে লোপ পার। এ-ব্যাপারে ম্যাক্সমালার খাব স্থন্দর মন্তব্য করেছেন: "প্রত্যেকটি ভাষার **শব্দ** ও ব্যাকরণগত রূপের অভ্যাতরে অহিতত্ব চি[®]কিয়ে রাখার জন্য এক নির**ন্তর** সংগ্রাম চলে। ফলে, সবচেয়ে সেরা, সংক্ষিপ্ত আর সহজ রুপেগুলিই ক্রমাগত শক্তিশালী হয়ে ওঠে, আর তারা এই সাফলা লাভ করে তাদের অন্তর্নি হিত গুলের দ্বারাই।" অবশ্য কিছু শব্দের টি'কে থাকবার জন্য এই সব গাুরুস্বপূর্ণ কারণ ছাড়া, নতনত্ব ও হালা-চলতি কেতার কথাও বলা যেতে পারে। কারণ, মানুষের একটি বিশেষ প্রবণতাই হচ্ছে সব জিনিষকে কিছু-না-কিছু পরিবর্তন করে নেওয়া। স্বতরাং, অস্তিত্বের জন্য সংগ্রামে ভালোলাগা কিছু, শব্দের টি কৈ থাকা বা সংরক্ষণকে প্রাকৃতিক নির্বাচন ছাডা আর কী-ই বা বলা সায় ! অসভ্য জাতিগুলের মধ্যে অত্যত নিয়মিত ও বিষ্ময়কর রকমের জটিল ভাষাকৃতি প্রায়শই দেখা যায়। এই ব্যাপারটাকে প্রমাণ হিসেবে খাডা করে অনেকেই বলে থাকেন যে, এই ভাষাগ**্**লি •হয় দৈব সত্তে প্রাপ্ত, নতুবা তাদের পর্বেপরেষের উন্নত কলাকোশল ও সভ্যতার ফসল। এফ ফন্ **লেগেল**্ লিখেছেন: "বৃদ্ধিগত উৎকর্ষতার একেবারে নিমুস্তরে থাকা ভাষাগৃঢ়লিতে আমরা হামেশাই দেখে থাকি যে সেগালির ব্যাকরণগত কাঠামোর কলাকোশল অত্যাত উন্নত ও বিস্তারিত। বিশেষ করে বাস্কে, ল্যাম্পোনিয়ান ও অনেক আমেরিকান-ভাষা এই বৈশিষ্ট্যের অধিকারী।" কিন্তু কেবলমাত্র বিস্তার ও ।-স্থ-বিন্যাসের দর্মণ কোন ভাষা সম্বশ্যে ধারণা করা ভুল। ভাষাতত্ত্ববিদ্রো এখন দ্বীকার করেন যে একতে মিশে যাওয়ার আগে ধাতুরূপে, শন্দরূপ ইত্যাদি পূর্থক প্রথক শব্দ হিসেবেই চাল; ছিল। এবং যেহেতু এরকম শব্দগঢ়াল ব্যান্তি ও বঙ্গুর মধ্যে অত্যন্ত অ্বদ্রপন্ট সম্পর্ক প্রকাশ করে থাকে, তাই একেবারে প্রথম ব্যুগে অধিকাংশ জনগোষ্ঠীই যে এগালিকে ব্যবহার করত, তাতে আশ্চর্য হওয়ার কিছুই নেই। নিখ্ত সামজস্যপ্রসঙ্গে এখানে একটি উদাহরণ দিচ্ছি, যা থেকে বেশ ভালোভাবে বোঝা বাবে আমরা কত সহজে ভূলের স্বীকার হয়ে থাকি: কোন কোন ক্রিনয়েডের (crinoid—sea-lily) দেহে প্রায় ১৫০,০০০ খোলা দেখা

১৩। এই প্রসঙ্গে রেভারেও এক ডরু, ক্যারার-এর চিতাকর্বক প্রবন্ধ 'কিলোগন্তি জ্যাঞ্চ ভারউইনিল,ম্'' উল্লেখবোগ্য (জ:, "নেচার', ২০-শে মার্চ, ১৮১০, গৃঃ ০২৮)।

বায়, বে খোলাগ্রিল একেবারে নিখ্তৈ সামজস্যে সাজানো থাকে। কিন্তু কোন প্রাণীতত্ত্বিবই মনে করেন না যে এই ধরণের প্রাণী, তুলনাম্লকভাবে কিছ্ কম শারীরিক অংশবিশিণ্ট (এবং সেই অংশগ্রিলও শরীরের দ্রটি পাশ ব্যতীত আর কোথাও সামজস্যপর্শে নয়) ছিপান্বিক প্রাণীদের চেয়ে বেশী নিখ্ত। বিভিন্ন শারীরিক অংশের পার্থক্য ও বিশেষত্বকে তিনি সঠিকভাবেই নিখ্ত সামজস্যের একটা পরীক্ষা হিসেবেই বিচার করেন। ভাষার বেলাতেও দেখা বায়, সবচেয়ে সামজস্যপর্শ ও জটিল ভাষাটিও কোন অসম, সংক্ষিপ্ত ও বহু-উপাদান-মিশ্রিত ভাষাকে টপকে যেতে পারে না। এমনকি সেই ভাষাগ্রেলিকেও নয়, বায়া বিভিন্ন বিজিত, বিজয়ী বা দেশান্তরী জাতিগ্রেলির থেকে বহু ব্যঙ্গনাময় শব্দ ও বাকাগঠনের রীতি ধার করে নিজেবের প্রয়োজনে কাজে লাগিয়েছে।

এই সব সামান্য ও অসম্পূর্ণ মাতব্য থেকে আমি এই সিম্বান্তে এসেছি বে, অ-সভ্য জাতিসমূহের ভাষাগৃহলির অত্যাত জটিল ও সুসম গঠনপ্রণালী এমন কোন প্রমাণ দাখিল করে না যে কোন বিশেষ সূজন প্রক্রিয়ার ফলেই এগৃহলির উত্তব ঘটেছে। আবার, আমরা আগেই দেখেছি, স্পণ্ট করে কথা বলার বিষয়টিও নিজে থেকে এমন কোন প্রমাণ হাজির করে না, যা দিয়ে কোন নিশ্নশ্রেণীর জৈবিক আকার থেকে মানুয়ের উত্তবের তত্তকে অস্বীকার করা যেত পারে।

সৌন্দর্যবোধঃ বলা হয়ে থাকে যে সৌন্দর্যবোধ ব্যাপারটা মান্মের একান্তই নিজন্ব। প্রসঙ্গে আসার আগে বলে নেওয়া ভালো, আমি এখানে সৌন্দর্যবোধ বলতে শ্ব্যু কিছ্র রঙ, রপে বা শব্দ থেকে প্রাপ্ত আনন্দের কথাই বলতে চাইছি, তকে অসভ্য লোকেদের মনে এই অন্বভ্তিগর্বাল নানান জটিল ধারণা ও ভাবনা-চিন্তার সঙ্গে গভীরভাবে জড়িয়ে আছে। কোন কোন প্রের্ঘ-পাখি তার উজ্জনে পেখম মেলে বা রঙের চমক লাগিয়ে তার সঙ্গিনীর মনোরপ্তান করে; আবার অন্য অনেক পাখি এই গ্রুণে বণিত, ফলে তারা ঐ-সব কান্ধ্রণ করে; আবার অন্য অনেক পাখি এই গ্রুণে বণিত, ফলে তারা ঐ-সব কান্ধ্রণ করতে পারে না। কিন্তু তার মানে এই নয় যে মেয়ে-পাখিটি তার প্রের্ঘসঙ্গীর সৌন্দর্যকৈ প্রশংসার চোখে দেখে না। তবে সব জায়গার মেয়েরাই এইসব পালক দিয়ে নিজেদের সাজাতে ভালোবাসে, কাজেই এগ্রুলির সৌন্দর্যকে অন্বীকার করা যায় না। হামিং পাখির বাসা আর নিকুঞ্জ পাখির খেলার জায়গা রঙ্গবাহারী নানা জিনিস দিয়ে রন্তিসন্দমতভাবে সাজানো থাকে এবং এর থেকে বোঝা বায় বে তারা এই ধরণের জিনিব দেখে কিছ্ব-না-কিছ্ব আনন্দ লাভ করে। বেশীর ভাগ জীবজাতুদের ক্ষেত্রে সৌন্দর্যবোধ ব্যাপারটা বিপরীত লিক্সের দ্বিটি আকর্ষণ করার সতরেই রয়ে গেছে। জ্যেড্-বাঁযার ঋতুতে প্রের্ঘ-পাখির মিটিট

পান তাদের সঙ্গিনীদের প্রশংসা কুড়িরে নের। মেরে-পাখিরা যদি তাদের পরেব-मकीरात मानत तक, भारतीरात मानान ठ्यारकात व्याख्य भारता मराता माना बृक्छ ना भावण, जारल स्मायास्त्र मत्नावश्वतनव करना भावाच-भाषिस्तव এछ কট একেবারেই জলে যেত। কিন্ত মেরে-পাখিরা ও-সব বোঝে না. এটা মেনে নেওয়া সম্ভব নয়। কি'ত কেন নির্দিষ্ট কিছু উষ্ণ্যনল রঙেই মাচ তাদের **लात_न आनम्म थकाम भारा, जा वला मण्डव नरा, रामन वला मण्डव नरा राम** বিশেষ কিছা স্বাদ ও গাস্ব আমানের আকুণ্ট করে। তবা মনে হয়, এর অন্যতম কারণ হচ্ছে অভ্যাস। কেননা, প্রথমে যা আম দের ঠিক ভালো লাগে না, পরে তা-ই বেশ ভালো লাগতে শ্রের করে, এবং সেই অভ্যাসটা বংশগতভাবে সন্ধারিত হয়। হেলমাহলাজ (Helmholtz) শব্দ বা আওয়াজ সম্পর্কে বলতে গিয়ে (শারীরব্র নিয়র ভিত্তিতে ব্যাখ্যা করেছেন তিনি) সূরলালিতা ও নির্দেশ্ট কিছা স্বরের ওঠা-নামা কেন আমাদের ভালো লাগে, তার ব্যাখ্যা দিভেছন। কিন্তু, কোন শব্দ েখা পাভাবে থেকে থেকে বক্তুত হলে আমাদের মোটেই ভালো লাগে না—রাতে জাহাজের পাটাতনে যাঁরা দড়ি ঝপটানোর অনিয়মিত আওয়াজ भट्टताह्मन, जौत्रा निष्ठः हे अ-कथाणे भ्यीयात्र कत्रत्यन । तथात्र व्याभारत्व अहे একই নীতি প্রয়েজ্য: বেননা, চোখ সর্বদাই সামঞ্জস্যপর্ণ বা নিয়মিত-ঘটা বৃহত-আক্রতি দেখতে ভালোবাসে। এমনকি অত্যাত নিক্রাট বানোলেকেরাও ব্যবহার করার সময় চোখের পক্ষে তৃথিদায়ক গড়নই পছন্দ বরে এবং কিছু পরেষ জাবজাতর ক্ষেত্রেও এগালি যৌন নির্বাচনের সাহায্যে অলংকারের পদে উল্লীত হয়েছে। কোন কিছু নেখে বা শুনে কেন আমরা আনন্দ লাভ করি. তার কোন কারণ দেখাতে পারি বা না পারি, এটা কি'ত ঠিক যে মানুষ ও অন্যান্য প্রাণীরা একইরকম রঙ, মনোরম বর্ণবৈচিত্য, রূপে আর শব্দ দেখে বা শানে বথেণ্ট আনন্দ পায়।

সোন্দর্যপ্রীতি, অন্ততপক্ষে মেরেদের সোন্দর্য সংশ্লিট বিষয়ের প্রীতি—এটা মান্ধের কোন স্থানির্দিট বৈশিষ্টা নয়, কারণ ভিন্ন ভিন্ন জাতের মান্ধের মধ্যে এ ব্যাপারে ব্যাপক রুচি পার্থকা রয়েছে। এমনকি একই গোষ্ঠীর বিভিন্ন জাতির মান্ধেরে মধ্যে এর বোধ সম্পূর্ণ একরকম নয়। বুনো লোকদের নানানরকম বিকট দর্শন অলংকার ব্যবহার ও অভ্তে গানের স্থর পছন্দ করা থেকে বুলা যেতে পারে যে, তাদের নান্দনিক-বোধ পাখি ইত্যাদি কিছু প্রাণীর মতো ততটা উন্নত হ্রান। স্পন্টতই কোন জ্বীবজন্তু রাতের ভারাভ্রা আকাশে, স্থার নিস্কর্ণ দ্বা কিন্বা রুচিসম্পন্ন সংগীতের স্থরে আগ্রহ

প্রকাশ করে না। কারণ এই ধরণের উবত র্ন্চির জন্যে প্রয়োজন কৃষ্টিও জ্ঞাটিল চিম্তা-ভাবনার সংধ্রিক, অসভ্যা বা আশিক্ষিত লোকেদের পক্ষেও তাই এগ্রালির স্বাদ নেওয়া সম্ভব নয়।

বেশ কিছু জিনিষ মান্বের অগ্রগতিতে অত্যুক্ত সাহাষ্য করেছে, বেমন, কলপনাশান্ত, বিক্ষারবোধ, কোতৃহল, অশেষ সৌদর্য্যবোধ, অন্করণ-প্রবণতা, উত্তেজনা বা নতুনছের প্রতি আগ্রহ ইত্যাদি। সেইসঙ্গেই দেশাচার ও প্রচলিত রীতিকে খেরাল-খানি মতো পরিবর্তিত করতেও এগালি সক্ষম। আমি এই বিষরটিতে (খেরাল খানি মাফিক পরিবর্তন) জাের দিলাম কারণ হালের একজন প্রবন্ধকার অভ্তেভাবে বলেছেন যে খামখেরাল হচ্ছে "জন্তুজানােরার ও বালা লােকরের মধ্যে অত্যন্ত উত্তেলখযােগ্য ও স্থানির্দর্গত একটি পার্থকা।" কিন্তু কেন নানারকম পরস্পর বিরোধী প্রভাবের ফলে মান্য খামখেরালী হয়ে ওঠে, তার কারণ যেমন আমরা আংশি চভাবে বা্যতে পারি, তেমনি নিন্নশ্রেণীর জাবিজন্তুরাও তালের ভালােবাসা, পছন্দ-অপছন্দ ও সাৌদর্যে বােধের ক্ষেত্রে খামখেরালীপনার পরিচয় দেয়, তা-ও বা্যতে অস্থবিধে হয় না। তাছাড়াও মনে হয় যে তারা নতুনত্ব ভালােবাসে—ভালােবাসে ব্যাপারটা নতুন বলেই।

ঈশর বিশাস ও ধর্ম বিশাস: এমন কোন প্রমাণ জানা নেই, যা থেকে বলা যায় মান্য একেবারে আদিম অবস্থা থেকেই কোন সর্বমঙ্গলনয় ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে বিশ্বাস পোষণ করত। বরং, শৃধ্যুমার দুভে গমনকারী পর্যাউকদের কাছ থেকে জানা নয়, বুনো বা অসভ্য লোকদের সঙ্গে দীর্ঘদিন বসবাসকারী বাজিদের সাক্ষ্য থেকে জানা গেছে যে এমন অসংখ্য জাতি ছিল বা এখনও আছে, যাদের এক বা একাধিক ঈশ্বর সম্বশ্ধে কোন ধারণাই নেই এবং আদের ভাষাতেও ঈশ্বর সংক্রমত ধারণাকে প্রকাশ করার মতো কোন শব্দ নেই। অবশ্য প্রথিবীর একজন স্কৃতিকর্তা ও শাসনকর্তা আছে কিনা—সেটা সম্পূর্ণ আলাদা প্রদা। চিরস্মরণীয় অনেক গ্রণীজনই এই স্কৃতিকর্তা ও শাসনকর্তা থাকার স্বপক্ষে তাদের অভিমত ব্যক্ত করেছেন।

আবার আমরা যদি "ধর্ম" অভিযাতির মধ্যে অদৃশ্য বা অপাথিব শান্ততে বিশ্বাসকে যোগ 'করি, তাহলে বিষয়তি সম্পূর্ণ অন্যরকম হতে বাধ্য। কারণ, প্রায় সব জায়গার অন্যরত জাতির লোকজনদের মধ্যেই এই বিশ্বাসতি বহুল প্রচলিত। কী করে তাদের মধ্যে এই বিশ্বাস জন্ম নেয়, তা ব্রুবতেও খ্রুব একটা বেগ পেতে হ্যু না। কম্পনাশন্তি, বিস্মন্তবোধ, কোতুহল এবং চিন্তাভাবনার ক্ষমতা কিছ্টা উমত হওয়ার পর মান্য স্বাভাবিকভাবেই তার চারপাশের

ঘটনাকে ব্ৰেতে চাইল এবং নিজের অভিতম সন্বম্থে অম্পণ্টভাবে চিন্তা, করতেও শ্ব্র বরল। মি: ম্যালেনাম (Mr. M'lennam) বলেছেন, "জীবনের बर्पनायली भरहान्छ এकरो याथा थाए। कद्राट्टे द्रहाट्ट मानद्भारक। स्नीयन সর্বব্যাপী—এটাই ছিল সরলতম ভাবনা। এই ভাবনা অনুষায়ী এগোতে গিয়ে মানুষ প্রথমে সম্ভবত এটাই ভেবেছিল যে, জীবজন্ত, গাছপালা, বিভিন্ন বসতু, বিভিন্ন প্রাকৃতিক শক্তি (ঝড়, বৃ.ণিট, খরা, বন্যা ইত্যাদি), আর মানুষের নিজের মধ্যেকার যে-সব শক্তি তাকে কার্যে প্রণোদিত করে—সেগ্রালির মধ্যে একটা বিশেষ কিছ্ম ক্ষমতা আছে।'' মিঃ টাইলর বলেছেন, স্বণন দেখা থেকেও মানুষের মধ্যে এইসব ধারণার সূষ্টি হয়ে থাকতে পারে। ব্যাপারটা মোটেই অস্বাভাবিক নয়। কারণ. বন্য লোকেরা কোন্টি কন্পিত আর কোন্টি বস্তগত—এই দুই ধারণার মধ্যে তৎক্ষণাৎ তফাৎ করতে পারে না। স্বণ্ন দেখার সময় যখন বদত-আক্রতি তাদের সামনে প্রতীয়মান হয়, তখন তারা মনে করে ওগরেলি কোন দরেবত্বী স্থান থেকে ওসে তাদের উপর ভর করছে, বা, 'দ্বন্দেন্টার আত্মা বাইরে বেডাতে যায়. ভারপর আবার ফিরে আসে। তখন তার সঙ্গে থাকে এতক্ষণ যা দেখেছে, তার স্মতি।"^{১৭} কিন্তু যতক্ষণ না মানুষের মনের মধ্যে কম্পনাণীন্ত, কৌতহলস্প হা য**়িন্ত সাজানোর ক্ষ্মতা প্রভ**ূতি বিষ_ণ্যলি যথেণ্ট ভালোভাবে বিকশিত হ**্**ন ভতক্ষণ পর্যাত কেবল দ্বান দেখা থেকে সে কোন অলোকিক দান্তি সদ্বন্ধে কোন

১৭। টাইনরের গ্রন্থ ("আর্লি হিন্তি অফ, ম্যান,কাইও", পু: ৬) স্তইব্য। এছাড়াও লুককের 'দি ডেভেলপ মেণ্ট অব রিনিজিয়ন'' বিষয়ে তিনটি অসাধারণ পরিচ্ছেদ উল্লেখযোগ্য (মূলপ্রস্থ : "क्रिकिन बरू मिलिनारेखनन", ১৮९•)। এकरेलाव मि: शर्वा स्थापनात एति हमेरकात थायस (प्रशिद्धाहन (ज: "कर्डनाइटेनि त्रिक्डि,")ना (म. ১৮१०, पृ: ece), पृथिवीए मामस्त्र ধৰ্মীয় বিখানের একেবারে গোড়ার কথা হলো খণ্ণ দেখা বা ছায়ামূতি দেখা এবং অন্যান্য কিছু কারণ। সে নিজেকে শরীরগত ও আত্মাগত—এই ছই উপাদানের সময়র হিসেবে ভারতে শিখেছিল। আবার বেহেড ধরে নেওয়া হলো বে আত্মা মুডার পরেও বেঁচে থাকে ও দারুণ শক্তিশালী, অভএব তাকে ধুশী করার জন্ত এরোজন হলো নানারকম আচার-অমুষ্ঠানের মাধ্যমে উপহার এদান এবং দেই দক্তে তার দাহাব্য প্রার্থনাও জরুরী হয়ে উঠল। মিঃ লোকার আরও ছেখিয়েছেন যে, পশুপাথী বা কোন জিনিসের নামে কোন গোলীর অভিচাতা বা আদিপুরুষদের মূল নাম বা ডাক নাম প্রদানের রীতি থেকে বছদিন পরে গোঞ্জিগুলির প্রকৃত আদিপুরুষদের পরিচয় পাওরা যায়। স্বভাবতই তথন এই রক্ষ পশুপাথি বা জিনিবকে তথন এক জীবিত-আত্মা হিসেবে বিখাদ করা হয়; মনে করা হয় তারা পবিত্র এবং দেবতা কল্পনায় প্রভাগ করা হয় তাবের। কিন্তু এ-সব সত্তেও আমার মনে হয় যে এর আগেও একটি প্রাথমিক ও কঠিন ধাপ, অভিক্রম করতে হয়েছে মামুয়কে, বধন শক্তিমান বা গতিময় বে কোন बिनिमाक दे कान-ना-कानचाद मजीव वरण मान कवा राखा, अवर मारे मान मान कवा হতো বে আসাদের মতো সেগুলিরও চিন্তাশক্তি আছে।

ধারণা করতে পারে না,—যেমন পারে ন। কুকুররাও। প্রাকৃতিক বস্তু ও শক্তিছি অপার্থিব বা পার্থিব উপাদানের বারা জীবত হয়ে ওঠে—বুনো লোকদের **ेर कम्प्रता-ध्रवगठारक रहराज जाभाव एम्था किर्ना प्रहोता प्राहारा वाशा** করা যেতে পারে। আমার কুকুরটি গারে গতরে যেমন বড়, তেমনই তীক্ষ্ণ বৃহীধ সম্পন্ন। একদিন সে বাগানের ঘাসের উপর চুপচাপ শ্রেমছিল। দিনটা বেশ भन्नम । हाख्यात प्रथा तन्हे । हर्नाएरे मामाना पर्दत अकर्दे हाख्या वर्हेट अकिं খোলা ছাতা নড়ে উঠল। কেউ সেটা নিয়ে দাঁড়িয়ে থাকলে কুকুরটি হয়ত আদৌ সেদিকে নজর দিত না। কিন্তু বখনই সামান্য হাওয়ায় ছাতাটি নড়ছিল, তখনই কুকুরটি সাংঘাতিক রেগে গিয়ে চিং চার করে উঠছিল। আমার মনে হয় সে খুব দ্রতে আর অসচেতনভাবে ভেবে নি:েছিল – যেহেতু ছাতাটি কেন নড়ছে বোকা বাচ্ছে না, অতএব ওখানে নিশ্চয়ই কোন তার অপরিচিত কিছু একটা রক্তেছে, এবং অপরিচিত ব্যক্তিরই তার সীমানায় প্রবেশ করার অধিকার নেই ! অপার্থিব শক্তির উপর বিশ্বাস থেকে সহজেই এক বা একাধিক ঈশ্বরের অস্তিতত্ত সম্পর্কে বিশ্বাসের জন্ম হতে পারে। কারণ বানো জাতের লোকেরা তানের নিজেদের অনুভতে আবেগ, প্রতিশোধস্পাহা বা বিচারের সহজ্ঞতম পর্ম্বতি ও অনুরোগকে স্বাভাবিক ভাবে আরোপ করত অপার্থিব শক্তির উপর। এব্যাপারে ফজিয়ানরা একটি মাঝামাঝি অবস্হায় রয়েছে। কারণ, 'বিগলে' (Beagle) **जारार्जित किंदिश्यक, भिः** वारेत्ना थकवात नम्ना रिट्यत भन्नीका कतात जना करत्रकि दश्त्रभावत्क भूमि वत्त नाभित्राष्ट्रिन । जा तत्थ देत्रक्भिन् जीत्र नात्म একজন ফুজিয়ান, গশভার স্থরে বলেছিল, "কী করলেন, মিঃ বাইনো? এক, পি তুম্দ বৃষ্টি শ্রু হবে, সাংগাতিক বরফ পড়বে, ঝড় উঠবে দ্রুত।' আসলে वााभावणे **१एइ—भान, एवत था**वात य नणे कतत्व, जाक भाष्टि (भारू १८८)। जात्रभत्न त्म **এको। घ**र्টनात्न कथा दलिছन: जात **छा**रे यथन अक्षन "दनाः প্রকৃতির লোবকে" খুন করেছিল তখন ড:়৽কর ঝড় হয়েছিল, সেইসঙ্গে ছিল ম্বল ধারে বৃণ্টি ও অবিরাম তুষার পাত। কিন্তু এ-সব সক্ষেও আমরা ফুজিয়ান সমাজে এমন কোন প্রমাণ খুজে পাই না, যা থেকে বলা যায় তারা আমাদের ঈশ্বরের মতো কোনবিছ তে বিশ্বাস করে। এমনকি তাদের মধ্যে ধর্মীন আচার-जन्दें जा भागतन द्वीपि कात्य भर् ना । जारे क्रिम वार्षेन नात्म विकास ফ্রন্থিয়ান গর্বভরে বলতে পেরেছিল—তার দেশে কোন শয়তানের (ভ্রত-প্রেত) अभ्विष तिहै। कथाते छिएिस एयात नय । कनना, अञ्च युत्ना लाकत्त्व मर्सा

মঙ্গলমর কিছুর তুলনার অশ্বভ আত্মার প্রতি বিশ্বাস অনে**ং বেশী মান্তা**র চোখে পড়ে।

ধর্মীর-অন্রোগ খ্বই জটিল একটি অন্ভ্তি। এর সঙ্গে জড়িয়ে আছে ভালোবাসা, মর্যাদাপ্রণ ও রহস্যময় এক মহান সন্ধার প্রতি প্রণ আন্যুগতা, নির্ভরশীলতা, ভয়, শ্রুখা, কৃতজ্ঞতা, ভবিষ্যতের আশা এবং আরো নানা বিষয়। কিন্তু ষতক্ষণ পর্যন্ত না কোন প্রাণীর মধ্যে ব্রিশ্বগত ও নৈতিক চেতনা মোটাম্টি একটি উমত স্তরে উমীত হচ্ছে, ততক্ষণ পর্যন্ত তার পক্ষে এরকম জটিল একটি অন্ভ্তিতে পে'ছিনো সম্ভব নয়। তথাপি, কুকুরের মধ্যে যেন এই অন্ভ্তিরই খানিকটা লক্ষণ প্রকাশ পায়, যখন সে তার প্রভুর প্রতি গভীর ভালোবাসা প্রকাশ করে, আর যার সঙ্গে জড়িয়ে থাকে পর্যে আন্যুগতা, কিছ্টা ভয় ও অন্যান্য আরো অনেক অন্ভ্তিত। কিছ্টিন অন্পশ্তিত থাকার পর আবার হখন কোন কুকুর তার প্রভুর সামিধ্যে ফিরে আসে, তখন সে যেমন আচরণ করে বা ঐ একই অবস্হায় একটি বাদর যেমন আচরণ করে লতেমন আচরণ কিন্তু তারা নিজেনের স্বজাতির প্রতি করে না। স্বজাতির ক্ষেত্রে তানের উক্ত্রাস কিছ্টো কম থাকে এবং তানের প্রতিটি কাজেই ফুটে ওঠে যে তারা নিজেনেরকে অন্যদের সমান বলেই মনে করে। অধ্যাপক ব্রবাখ্ এমনকি এ-ও বলেছেন যে, একটি কররের কাছে তার প্রভ দেবতার মতো।

যে সব উন্নত মানসিক গ্লে প্রথমে মান্যকে অদৃশা ও অপাথিব শক্তিতে বিশ্বাস করতে শিখিয়েছিল এবং তারপর ভক্তিবস্তুবাদ, বহু ঈশ্বরবাদ এবং অব শেষে একেশ্বরবাদে বিশ্বাসকেদ ঢ় করেছিল, সেই গ্লেগালিই চিশ্তা-ভাবনার ক্ষমতা ক্রমণ বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে তার মধ্যে নানারকম কুসংস্কার ও কু-রীতির ক্রম দিয়েছে। এদের মধ্যে কতকগৃলি তো রীতিমত ভয়তকর—রক্তিপাশু দেবতাকে খ্লা করতে নরবলি, বিষপ্রয়োগ করে বা আগ্রনের উপর দিয়ে হাঁটিয়ে নির্দেষ ব্যক্তিদের বিচার করা, ডাইনীবিদ্যা ইত্যাদি। তব্ এইসব কু-সংস্কার সম্বন্ধে চিশ্তা-ভাবনা করা দরকার, কারণ তার ফলে বোঝা যায় চিশ্তা-ভাবনা বিজ্ঞান ও সঞ্চিত জ্ঞানের উন্নতির কাছে মান্যের ঋণ কী অপরিসীম। স্যার জে. ল্বক তার অভিজ্ঞতার নিরিখে বলেছেন, "যথেণ্ট ক্মই বলা হবে যদি বলা হয় যে অজানা শয়তানের বিশ্রী ভয় অসভ্য জীবনের উপর ঘন মেঘের মতো ছড়িয়ে থাকে এবং য়ে কোন স্থের মহ্যেতকে দ্বিব্রহ করে তোলে।" আমাদের উন্নত মানসিক গ্লাবলীর এইসব দ্বঃশুজনক ও পরোক্ষ ফলাফলের তুলনা করা যায় নিয়্যতর প্রাণীদের সহজাত প্রবৃত্তির বিভিন্ন আক্ষিমক ও কদাচিৎ ভুল-

১৮। বলা হয় যে **বছদিন আগেই বেকন ও আঠারে। শতাব্দীর ক**বি বার্নস এ-বিবরে একই ধারণা ক্রতেন (জঃ, ডঃ ডব্লিউ, ল্যাণ্ডার লিগুসের লেখা, "ভাণাল অফ, মেন্টাল সাযেক", ১৮৭১, পুঃ ৪০)।

চতুর্থ পরিকেদ

মান্য ও নিশ্নশ্রেণীর প্রাণীদের মানসিক ক্ষমতার তুলনা, পর্বের আলোচনার পরবর্তী অংশ:

নৈতিক বোধ—মোলিক প্রতিপাছ—সামাজিক প্রাণীর বৈশিষ্ট্য—সামাজিকতার উৎস—
পরন্দারবিরোধী সহজাত প্রবৃত্তিগুলির মধ্যেকার ছন্দ্—মামুব একটি সামাজিক প্রাণী—দীর্ঘছারী
সামাজিক প্রবৃত্তিগুলি বল্পস্থারী প্রবৃত্তিগুলির ওপর আধিপত্য করে—কেবলমাত অসভ্য বস্তুদের
চোখে ম্লাবান সামাজিক গুণসমূহ—আত্মসন্মানবোধ—বিকাশের উন্নততর অবস্থার অজিত্তণ—
আচার-আচরণ সম্পর্কে একই সম্প্রদায়ভূক সদস্তদের ভিন্ন দৃষ্টিভঙ্গীর তাৎপ্য—নৈতিক প্রবণতার
পরিবর্ত্তন বা ধারাবাহিকতা—সারসংকলন।

যে সমস্ত লেখক বলে থাকেন যে মান্য ও নিন্দশ্রেণীর প্রাণীদের মধ্যেকার যাবতীয় তফাতের মধ্যে নৈতিক বোধ বা বিবেকবোধই হচ্ছে সবচেয়ে গরে ত্বেপেণে, তাঁদের সঙ্গে আমি সম্পূর্ণ একমত। ম্যাকিন্টেশ্ বলেছেন, এই বোধ "মানুষের অন্য যে-কোন কান্ধের নীতির উপর ন্যায্যতই আধিপত্য করে।'' এই বোধের মর্মার্থ'টা প্রকাশ করা যায় সেই ছোট্ট অথচ জোরালো শব্দটি দিয়ে—'উচিত' (অর্থাৎ, কী করা উচিত আর কী করা উচিত নয়)। ব্যাপারটা অত্যন্ত তাৎপর্যপর্ণ । মানুষের সমস্ত গ্রুণগ্রনির মধ্যে এটি মহক্তম, এই গুণের প্রভাবেই মান্ত্রে তার প্রতিবেশীর জীবন বাঁচানোর জন্যে নিজের জীবনের ঝাঁকি নিতে এতট্টকুও ইতস্তত করে না ; কিম্বা অধিকার বা কর্তব্যের কোন গভীর উপলব্ধির প্রেরণায় যম্বরণট চিম্তাভাবনা করার পর সে মহান উদ্দেশ্যে নিজের জীবন পর্যম্ত উৎসর্গ করে থাকে। ইমান্যয়েল কাণ্ট ব্যাখ্যা করেছেন, "কর্তব্য ! চমংকার একটি ভাবনা। সে ভালো-মন্দের বিচার করে না, তোষামোদের ধার ধারে না বা চোখরাণ্ডানিকে ভয় পায় না; কেবল মাত্র হলয়ের বাস্তবনীতি দারা চালিত হয়, আর তাই সবসময় বাধ্যতামলেক না হলেও, শ্রম্থা যুক্ত হয়ই। তার সামনে আর সব ইচ্ছা বা প্রবৃত্তিকে মাথা নত করতে হয়—তা তারা যতই মনের গোপনে দানা বাঁধ্যক না কেন। কোথায় এর উৎস?"

মল্যেবান এই বিষয়টি নিয়ে অনেক স্থযোগ্য লেখকই আলোচনা করেছেন। তা সন্থেও আমার পক্ষে এটি এড়িয়ে যাওয়া অসম্ভব বলে মাপ চেয়ে নিচ্ছি, আর থতদরে জানি, কেউ-ই এই গ্রোটকৈ প্রাকৃতিক ইতিহাসের দৃণ্টিভঙ্গী থেকে বিশদভাবে আলোচনা করেননি। আমার এই অনুসম্থানের অন্য একটি দিকও আছে এখানে আমি দেখানোর চেণ্টা করেছি নিদ্দশ্রেণীর প্রাণীদের আচার-ব্যবহার মান্বের উন্নততম মানসিক গ্রণ অর্থাৎ নৈতিকবোধের উপর কতথানি আলোকপাত করতে সক্ষম।

নিশ্নলিখিত প্রতিপাদ্যটিকে আমি যথেণ্ট সম্ভবপর বলেই মনে করি।
প্রতিপাদ্যটি হল—স্কুপণ্ট সামাজিক প্রবৃত্তিবিশিণ্ট (বাবা-মা ও সম্তানের
প্রতি ভালবাসাও এর অন্তভ্তি) যে-কোন জীবজন্তুই দৈতিকবোধ বা
বিবেকবর্ণিধ অর্জন করতে সক্ষম, আর তার জন্য প্রয়োজন অত্যুক্ত উন্নত বা
প্রায় মানুবের সমানবিকশিত বর্ণিধমন্তা। কারণ, প্রথমত সামাজিক প্রবৃত্তিগ্রেলি
একটি প্রাণীকে তার প্রতিবেশীদের স্থা-দ্বংথের কথা ভাবতে শেখায়, তাদের
জন্য কিছ্বটা সহমর্মিতা অনুভব করতে ও নানারকম সাহাষ্য করতে অনুপ্রেরণা
যোগায়। এই কাজগ্রনি দপণ্টতই স্বৃনিদিণ্ট প্রবৃত্তিগত চরিত্রসম্পন্ন হতে পারে,
অথবা এগ্রনি সাহায্যে প্রাণীর ইচ্ছা ও তৎপরতাও প্রকাশ পেতে পারে, বেমন
দেখা যায় অধিকাংশ উন্নত শ্রেণীর দলবন্ধ প্রাণীদের মধ্যে: তারা তাদের
প্রতিবেশীদের নির্দণ্ট কিছু সাধারণ উপায়ে সাহাষ্য করে থাকে। কিন্তু তা'বলে

^{ু।} মানুষ সমাজবদ্ধ প্রাণী—এই সত্যে উপনীত হবার পর স্থার বি ব্রডি একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন ছু⁶ডে দেন, "তাহলে কি নৈতিক বোধের অন্তিত্বের বিতর্কিত প্রশ্নটকে মিটিয়ে ফেলা উচিত নয় ?' (দ্র:, ''সাইকোলজিক্যাল ইনকোর্যারিস'' প্র: ১৯২)। সম্ভবতঃ আরও অনেকের मत्नहे এই त्रकम धात्रगात छम्ब रुखिहन, यमन रुखिहन बहुशूर्व मार्कान खात्रनियात्मत्र मत्न । মি: জে. এদ. মিল তার প্রসিদ্ধ বই, "ইউটিলিটারির্যানিজ্ম," পঃ ৪৫-৪৬,—তে সামান্তিক অমুভতিকে একটি "শক্তিশালী প্রাকৃতিক ভাব'' ও "উপযোগবাদী নৈতিকতার জম্ম আবস্তুক ভাবের প্রাকৃতিক বনিয়াদ" হিসেবে বর্ণনা করেছেন। তিনি আবার বলেছেন, 'উপরোক্ত অক্সান্ত অর্জিত ক্ষমতাগুলির মত নৈতিকতার বিষয়টিও আমাদের বভাবের অঙ্গ না হলেও স্বভাবেরই স্বাভাবিক বিকাশের ফল তে। বটেই। অক্সাক্ত ক্ষমতাগুলির মতে। এটিও স্বত:ফু ওভাবেই উদিত হয়—তবে কিছুটা কম মাত্রায়।' কিন্তু এ সবের বিরুদ্ধাচরণ করে তিনি আবার বলছেন, "আমার বিধাস অমুযায়ী, নৈতিক বোধ বদি সহজাত না হয়ে অর্ক্তিও হয়, তাহলেও তার সাভাবিকত্ব হারানোর কোন প্রশ্ন ওঠে না।" বেশ কিছুটা ইভন্তত করে আমি মি: মিলের মতো মুখ্যাত একজন চিস্তাবিদের বিরোধিতা করতে বাধ্য হচ্ছি: কারণ নি:সন্দেহেই বলা যার যে নিমুশ্রেণীর প্রাণীদের সামাজিক অমুভৃতিগুলি বতঃফুর্ত বা সংজাত, এবং মামুদের বেলারই বা তার ব্যতিক্রম হবে কেন ? মি: বেইন (ডা:, "ছ ইমোশন্স্ আতি ভ উইল', প্র: ৪৮১) ও আরো অনেকে মনে করেন, প্রতিটি প্রাণীই তার জীবদশার নৈতিকবোধ স্বর্জন করে থাকে। কিন্তু বিবর্তনবাদের সাধারণ তত্ত্ব অমুসারে তা একেবারেই অসম্ভব। মানসিক গুণগুলি বে উত্তরাধিকার হত্তে প্রাপ্ত, তা স্বীকার না করাই মিঃ মিলের রচনার সবচেরে বড क्रि विस्त स्था हर ।

এইসব অনুভূতি ও কাজ একই প্রজাতিভক্তে সকলে সকলের জন্যে প্রকাশ করে না। কেবলমাত্র তথনি কোন প্রাণী আগ্রহ দেখায়, যখন অন্য প্রাণীটি তার গোষ্ঠীভুক্ত বা সমগোত্তীয় হয়। দ্বিতীয়ত, জীবের মানসিক গণেগালি অত্যন্ত উনত হয়ে উঠলে, অতীতের যাবতীয় কাজ ও উন্দেশ্যের ভাবনাগালি তার মস্তিন্দের মধ্যে অবিরাম চলাচল করতে শুরু করে। আর অতৃথ্যি বা দুঃখের অনুভূতি কোন-না-কোন অতৃপ্ত প্রবৃত্তি থেকেই জন্ম নেয় অতৃপ্তি বা দঃখের অন্তর্তি জাগার ফলে প্রায়শই মনে হতে পারে যে স্থায়ী ও সর্বদা বিদ্যমান সামাজিক প্রবৃত্তিগুলি বৃত্তিৰ ষেই মুহুতে শক্তিশালী অন্য কোন প্রবৃত্তির কাছে পরাভতে হচ্ছে। এগালৈ মোটেই বেশীক্ষণ স্হায়ী নয় বা গভীর কোন ছাপ ফেলতেও সক্ষম নয়। স্পণ্টতই অনেক সহজাত প্রবৃত্তি—যেমন খিদে পাওয়া অত্যন্ত স্বন্ধস্হায়ী চরিত্রের হয়ে থাকে। পরিতৃথি আসার পর এগালিকে **७९क**ना९ वा **भृष्थान् भृष्थভार**व भरन कदा यात्र ना। कृष्टीत्रष्ट कथा वलात ক্ষমতা অর্জন করার পর যখন সকলের কাছে মতামত জানানোর রাস্তা খালে গেল, তখন সার্বজনীন মঙ্গলের জন্য প্রত্যেকের কিভাবে কাজ করা উচিত – সে मन्दर्भ मकनकात भण्डोरे रहा छेठन कार्यकनारभत थक वजान्छ शृत्युन्नभून পর্থানদে শিকা। কিন্তু মনে রাখা দরকার, জনমতের উপর আমরা যতই গুরুত্ব দিই না কেন. প্রতিবেশীদের সম্মতি বা অসম্মতি সম্বন্ধে আমাদের শ্রম্থার উৎস হচ্ছে সহান,ভাতি। পরে আমরা এও দেখব যে এই সহান,ভাতি আসলে সামাজিক প্রবৃত্তির একটি গরে স্থারণ অংশ, বাস্তবিক পক্ষে তার ভিত্তি-মলে। শেষত, প্রতিটি প্রাণীর অভ্যাস সমাজের প্রত্যেকের আচরণকে পথ দেখানোর কাজে একটা গ্রেম্বপূর্ণ ভূমিকা নেয়। কারণ, সহান্ত্র্তিও সামাজিক প্রবৃত্তি, ষে-কোন প্রবান্তির মতোই অভ্যাসের দারা দারুণ শক্তিশালী হয়ে ওঠে। ফলে প্রতিটি ব্যক্তি তার গোষ্ঠীর সার্বজনীন ইচ্ছা ও বিচারধারার প্রতি অনুগত হতে শেখে। আমরা এখন এই সব অপ্রধান বিষয়গর্নালকে খতিয়ে দেখব। গুরুত্ব অনুযায়ী অবশ্য কোন কোন বিষয় একট্র বেশী জায়গা দখল করবে।

প্রথমেই বলে নেওয়া ভালো আমার প্রতিপাদ্য বিষয় এই নয় বে, কোন সত্যিকারের সমাজবন্ধ প্রাণীর বৃশ্বিমন্তা মান্বের মতো এত কর্মাঠ ও উন্নত হয়ে উঠলেই সে মান্বের সমান নৈতিক বোধ অর্জন করত। বিভিন্ন জীবজন্তুর মধ্যে যেমন সৌন্ধের সমান নৈতিক বোধ অর্জন করত। বিভিন্ন জীবজন্তুর বিষয় করে), ঠিক তেমনি ভালো-মন্দ বিচার করার ক্ষমতা তাদের আছে। অবশ্য এই ভালো-মন্দ বিচার করার পন্থাতিটা বিভিন্ন প্রাণীর বিভিন্ন রকম। এ-বিষয়ে

একটা চতোশ্ত দৃশ্টাশ্তই দেওরা যাক। ধরা যাক, মানুষ যদি মোমাছিদের মতো একই অবস্থায় লালিত-পালিত হতো, তাহলে আমাদের অবিবাহিত মেয়েরা, ঠিক শ্রমিক-মৌমাছিদের মতোই, তাদের ভাইদের মেরে ফেলাকে পবিত্র কর্তবা বলে মনে করত, বা মায়েরা তাদের ঋতুমতী মেয়েদের মেরে ফেলবার চেণ্টা করত। কেউ তাতে কোন আপত্তিই করত না । তথাপি, অনুমান-নিভার এই উনাহরণটি থেকে আমার মনে হয়. মোমাছি বা দলবম্বভাবে বসবাসকারী যে-কোন প্রাণীই এই অবস্হায় ন্যায়-অন্যায়বোধ বা বিবেক-বোধ অর্জন করে থাকে। কারণ প্রত্যেকটি প্রাণীর মধ্যেই একটি নিজম্ব বোধ কাজ করে। সে যেমন কিছু শক্তিশালী বা অধিকক্ষণস্হায়ী সহজাত প্রবৃত্তি ধারণ করে, ঠিক তেমনি কিছু অপেক্ষাক্রত কম শক্তিশালী বা স্বল্পস্হায়ী প্রবৃত্তিকেও ধারণ করে। আর তার ফলে, কোন প্রবৃত্তিটিকে মানা হবে—তা নিয়ে এই দু'য়ের মধ্যে বেঁধে ষায় জোর লড়াই। সেই সঙ্গে তৃথি, অতৃথি, এমনকি দঃখকণ্টের স্মৃতিও জাগরিত হয়, কারণ অতীত ঘটনাগুলি নিরুতর মনের মধ্যে আসা-খাওয়া করে। এরকম সময় প্রায় প্রতি ক্ষেত্রেই জ'বের অম্তরাত্মা (inward monitor) তাকে নির্দেশ দেয় —এটা না করে ওটা করলেই তোমার ভালো হবে। ফলে, দু'য়ের মধ্যে যে কোন একটি ঝোঁক তাকে মেনে নিতে হবেই, সরিয়ে রাখতে হবে অন্যটি। অর্থাৎ একটি যদি সঠিক হয়, অপরটি ভূল হতে বাধ্য। কিন্তু এখন আর নয়। পরে সুযোগ মতো এগুলিকে নিয়ে আলোচনা করা যাবে।

সামাজিক বোধ ঃ অনেকজাতের জীবজন্তু-ই একসঙ্গে থাকতে ভালোবাসে।
এমনকি ভিন্ন ভিন্ন প্রজাতির প্রাণীদেরও একসঙ্গে থাকার উনাহরণ আছে : ষেমন.

^{ু ।} মি: এইচ্. দিজ্উইক্ এই বিষয়টির উপর আলোচনা করতে গিয়ে বলেছেন, "আমাদের ব্যতে অক্রিধা হওরার কথা নয় যে অত্যন্ত বৃদ্ধিমান কোন মৌমাছির কাছ থেকে বহল প্রচলিত দমস্তাটির ধীর-স্থির সমাধান আশা করা যেতেই পারে।" অধিকাংশ বস্তু মামুবদের অভ্যাদকে পর্বালোচনা করলে বোঝা বার যে, মামুব এই সমস্তাটির সমাধান করেছে ব্রী-শিশুহত্যা, ব্রীলোকের বহুবিবাহ প্রথা এবং অবাধ যৌনসম্পর্কের সাহায়ে। কাজেই, একে আদো কোন ধীর-স্থির পদ্ধতি বলব কিনা, সে-ব্যাপারে যথেষ্ট সন্দেহ আছে। মিদ্ কোবে এ-ব্যাপারে তার মতামত দিতে গিয়ে বলেছেন, সামাজিক কর্তব্যের 'নীতিশুলি' এতাবে উপে বতে পারে। বোধহন্ম তিনি বোঝাতে চেয়েছিলেন যে কোন একটি সামাজিক কর্তব্য পালন করা হলে তা অক্তদের ক্তিগ্রন্ত না করে পারে না। কিন্ত তিনি একটি বিষয় থেয়াল করেন নি (যা তিনি নিশ্চমই শীকার করবেন) ; বিষয়টি হচ্ছে—মৌমাছিদের সহজাত প্রযুত্তিগুলি তাদের সমাজের মঙ্গলের ক্তাই অর্জিত হয়ে থাকে। এমনকি তিনি এ-ও বলেছেন যে, এই পরিচ্ছেদে আলোচিত নীতিজ্ঞানের তত্তিকৈ সাধারণ ভাবে মেনে নেওয়া হলে "আমি মনে করি তাদের বিজয় উৎসবের মধ্যেই বেজে উঠবে মানবীয় গুণাবলীর মৃতু-ঘণ্টা।" অবশ্ব আশার কণা, পৃথিবীতে মানবীয় গুণাবলীর হারী ঘলে অনেকেই মনে করেন না।

কয়েক প্রকার আমেরিকান বাদর মিলেমিশে থাকে, আবার কিছু, দাঁড়কাক, পার্শিতকাক ও গ্টার্রালং পাখিও একরে থাকতে পছন্দ করে। মানুষ ও কুকুর একে অপরকে দার্ণ ভক্ত। অনেকেই হয়তো লক্ষ্য করে থাকবেন যে ঘোড়া, কুকুর, ভেড়া প্রভৃতি প্রাণীরা যখন দল থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে, তখন কী বিষয়ই না দেখায় তাদের। আবার পর্ণেমিলিত হওয়ার সময় প্রচণ্ড পার্রস্পরিক ভালবাসার প্রকাশ দেখা যায় এদের মধ্যে, বিশেষত ঘোড়া এবং কুকুরদের মধ্যে। ষে-কোন কুকুরের কথা চিম্তা করলে অবাক হতে হয়। ঘণ্টার পর ঘণ্টা সে তার প্রভুর ঘরে বা ঐ পরিবারের কোন একজনের কাছে চুপচাপ বসে থাকে , কেউ তার দিকে নজর না দিলেও সে উচ্চবাচ্য করে না। কিণ্তু কিছু ক্ষণের জন্য একা থাকতে হলে রাগে দুঃখে সে ঘেউ ঘেউ কু ই-কু ই জুড়ে দেয়। আমরা শুখু উচ্চশ্রেণীর সামাজিক প্রাণীদের নিয়েই আলোচনা করব, পোকামাকড়ের কথা বাদ দিয়ে যাবো। তব্ব বলে রাখা ভাল যে পোকামাকডদের মধ্যে কেউ কেউ মিলে-মিশে থাকতে ভালবাসে এবং নানাভাবে একে অপরকে সাহায্য করে। উচ্চশ্রেণীর প্রাণীদের পারস্পরিক সহায়তার সবথেকে চাল্ফ দৃন্টান্ত হলো একে অপরকে বিপদ সম্বদ্ধে সাবধান করে দেওয়া। নিঃসন্দেহে সকলের সন্মিলিত ইন্দ্রিয়া-ন,ভাতির সাহায্যেই এই সাবধানবানী দেওয়া হয়। ডঃ জ্যারগার-এর মতে, শিকারী মাত্রই জানে পশর্বাখিরা যথন একসঙ্গে বাদলবন্ধ অবস্হায় থাকে. তখন তাদের কাছে যাওয়া কত শক্ত। বুনো ঘোড়া বা গবাদি পশ্বরা বিপদকালীন বাতা জানাতে পারে না বলেই আমার ধারণা। কিণ্ডু এদের মধ্যে প্রথম যে শহরে দেখতে পায়, তার হাবভাবই অন্যদের সতর্ক হয়ে যেতে সাহাষ্য করে। বিপদের গণ্ধ পেলে খরগোশরা তাদের পিছনের পা জোরে জোরে মাটিতে অচিড়াতে থাকে। ভেড়া ও কৃষ্ণসার হরিণ একইভাবে তাদের সামনের পা মাটিতে আঁচড়ায়, সেইসঙ্গে শিষ দেওয়ার মতো জোরে একটা শব্দ করা তাদের বিশেষ বৈশিষ্ট্য। আবার অনেক পাখি ও কিছু, স্তন্যপায়ী জীব বিপদ থেকে রক্ষা পাওয়ার জন্য প্রহরী নিয়্ত্ত করে। সীল মাছের ক্ষেত্রে সাধারণত এই দায়িত্ব কাঁধে তুলে নেয় মেয়েরাই। বাদরদের দলপতিই প্রহরী হিসাবে কাজ করে থাকে। বিপদ এলে এবং তা দরে হয়ে গেলে সে চিৎকার করে সকলকে জানান দেয় ।° তাছাড়া, দলবন্ধ প্রাণীরা

০। তঃ, ত্রেহ্ম, "দেরার লেবেন", ২৩ ১ পৃ: ৫২, ৭৯, বাঁদরদের একে অুপরের দেহ থেকে কাঁটা বের করে দেওরা, (सः পৃষ্ঠা নং—৫৪') বা হামাড্রিয়াস বাদর কর্তৃক পাথর উপ্টে দেওরার ঘটনাটি (দ্রঃ পৃ: নং—৭৬) আল্ভারেজের থেকে নেওরা হরেছে, বাঁর বক্তব্যকে ত্রেহ্ম্ যথেষ্ট বিধাসযোগ্য বলেই মনে করেন। পূর্ণবন্ধ প্রধ-বেব্ন কর্তৃক কুকুরদের আক্রমণ করার ঘটনাটির। জক্ত দ্রঃ পৃ: ৭৯; এবং ঈগল পাথির ঘটনা সম্পর্কে দ্রঃ, পৃ: ৫৬।

নানারকম ছোটখাটো কাজের দ্বারা একে অপরকে সাহাষ্য করে। শরীরের কোন অংশ চুলকোলে ঘোড়া বা গর্রা পরস্পরকে জিভ দিয়ে চেটে দেয়। বাদররা তো একে অপরের শরীর থেকে উকুন বেছে দেবার কাজে সিম্পৃহস্ত। রেহ্ম্ জানিয়েছেন, সার্কোপিথেকাস গ্রিসিও-ভাইরিডিস্ (Cercopithecus griseoviridis) নামে এক জাতের বাদর কাটাঝোপের মধ্যে দিয়ে দোড়ানোর পর গাছের ডালের উপর সটান শ্রের পড়ে, এবং অন্য একটি বাদর "বিবেক-বৃদ্ধিনতে" তার দেহত্বক পরীক্ষা করতে করতে একে একে স্বকটি কাটা বা কণ্টকময় বীজকোষ বার করে দেয়।

অনেক বেশী গরে ত্বপূর্ণ কাজেও জীবজশ্চুরা একে অপরকে সাহাষ্য করে থাকে। নেকড়ে ও কিছা শিকারী জন্তু দলকথভাবে শিকার করে এবং শিকারকৈ আক্রমণ করার সময় একে অপরকে সাহাষ্য করে। পেলিক্যান পাখিদের মাছ ধরবার চেণ্টাও একটি যৌথ প্রয়াস। হামাড্রিয়াস নামক একপ্রকার বেবনুন পোকা-মাকড় ইত্যাদি ধরার জন্য পাথর উলটে উলটে দেখে। সংখ্যায় ভারী হবার পর তারা পাথরটাকে ঘিরে গোল হয়ে দাঁডায়, সবাই মিলে পাথরটাকে উলটে ফেলে, এবং অবশেষে লাঠের সামগ্রী নিজেদের মধ্যে ভাগ করে নেয়। দলবন্ধ প্রাণীরা একে অপরের জীবনরক্ষার জন্যও তৈরী থাকে। **উত্তর আমেরিকার বাইসন-ষাঁ**ড (Bull Bisons) বিপদের আঁচ পেলেই মেয়েদের আর বাচ্চাদের দলের মাঝখানে রেখে নিজেরা বাইরের দিকটা পাহারা দেয়। চিলিংহামে একবার দুটো জোয়ান ব্বনো ষাঁড় একসঙ্গে অন্য একটি ব্বড়ো ষাঁড়কে আক্রমন করেছিল। আবার দুটো যোডা তাদের প্রতিষশ্বী অন্য একটি ঘোডাকে মাদী-ঘোড়াদের দল থেকে তাডিয়ে দেবার চেণ্টা করছে—এ-ঘটনাও সমান সত্যি। আবিসিনিয়াতে সংখ্যায় যথেণ্ট ভারী বেবনে দেখেছিলেন। তারা বেহ ম একনল একটি উপত্যকা পার হচ্ছিল। অবস্হাটা ছিল এরকম যে, এদের একটি অংশ বিপরীত দিকের পাহাড়ে উঠে গেছে, আর একটি অংশ তখনও উঠতে পারেনি, উপত্যকাতেই রয়ে গেছে। ঠিক সেই সময় একদল কুকুর নীচের দিকের এই বেব্রনদের আক্রমণ করল। তাতে কী ! উপর থেকে শক্ত সমর্থ পরেরের। তাড়াতাড়ি নেমে এল নীচে। তারপর হাঁ করে এমন ভয়ক্বরভাবে চে চাতে শুরু করল যে অচিরেই কুকুরগুলো দৌড়ে পালালো। একট্র পরে তারা আবার নতুন উন্যয়ে আক্রমন শানাতে ফিরে এল । কিণ্ডু ইতিমধ্যে একটি বাচ্চা-বেবনুন ছাড়া আর সকলে উপরে পে'ছি গেছে। বাচ্চাটি ছিল মাত্র মাস ছয়েকের। সে একটি পাথরের উপর শন্ত্র পরিবেণ্টিত হয়ে সাহাষ্যের জন্যে অনবরত চিৎকার

করছিল। কোন কিছু উপায় না দেখে তখন একটা ষ'ডা-মার্কা প্রেষ্-বেবনে, এক সতি্যকারের বীর, পাহাড় থেকে আবার নীচে নেমে এসে ধীরে ধীরে বাচ্চাটির কাছে গেল, তাকে অভয় দিল এবং অবশেষে তাকে ছিনিয়ে নিয়ে ফিরে গেল। এই ঘটনায় ক্ক্রেগ্রেলা এত ঘাবড়ে গিয়েছিল যে তারা আক্রমণ করতে পর্য'ত ভূলে গেল। এখানে আরো একটা ঘটনার কথা না বলে পারুছি না। একটা বাচনা বাদরকে ধরে ফেলেছিল। কিম্তু বাচ্চাটা গাছের ডাল এত শন্ত করে থরে রেখেছিল যে ইগলটার পক্ষে তংক্ষণাং শিকার নিয়ে পালানো সম্ভব ছিল না। ইতিমধ্যে বাচ্চাটা সাহায্যের জন্য চিৎকার জ্বড়ে দিয়েছে। তাই শ্বনে দলের অন্যান্যরা বিকট চিৎকার করতে করতে তাকে উত্থার করবার জন্য এগিয়ে এল। ইগলটিকে ঘিরে ফেলল তারা। তারপর শ্বন্ হলো পালক ওপড়ানোর পালা। ইগলটিক হিবে ফেলল তারা। তারপর শ্বন্ হলো পালক ওপড়ানোর পালা। ইগলটির তখন আর শিকারের দিকে মন ছিল না, সে তখন শ্বেশ্ব ভাবছিল কিভাবে নিস্তার পাওয়া যায়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ব্রেহ্মের অভিমত হল, ইগলটি ভবিষ্যতে আর কখনো কোন বাদর-দলের একটা বাদরকে একলা পেলেও আক্রমণ করতে সাহস পাবে না।

নিশ্চিত করেই বলা যায় যে সঞ্চবন্ধ প্রাণীদের মধ্যে একটা পারস্পরিক ভালোবাসা গড়ে ওঠে। পূর্ণবয়স্ক অ-সঞ্চবন্ধ প্রাণীদের মধ্যে কিম্তু এই ব্যাপারটা দেখা যায় না। অবশ্য একটি প্রাণী আর একটি প্রাণীর স্থথে বা দৃঃথে সাত্যিসাত্যি কতথানি সহমার্মতা বোধ করে, সে বিষয়ে যথেণ্ট সন্দেহের অবকাশ আছে—বিশেষত যখন কোন প্রাণী আনন্দের বার্তা নিয়ে আসে। তবে, স্থ্যাত পর্যবেক্ষক মিঃ বাক্সটন বলেছেন, তাঁর কাকাত্য়াগ্রাল (যারা আগে নরফোকে প্রকৃতির মধ্যে খোলামেলা অবস্হায় থাকত) প্রতিটি জোড়ের (একটি ছেলেও একটি মেয়ে—কাকাত্য়ার) বাসা-বাধার কাজে "দার্ণ আগ্রহ" প্রকাশ করত। মেয়ে—কাকাত্য়াটির যখন উড়ে চলে যাওয়ার সময় হতো, তখন তারা তাকে ঘিরে 'তার সৌজন্যার্থে তারস্বরে জয়ধর্বনি করত''। আবার বেশীর ভাগ প্রাণী

৪। মি: বেণ্ট নিকারাভ্যার একটি এ্যাটেল্স্ জাতের বাদরের (চলাফেরার অনেকটা মাকড়সার মতো) কথা বলেছেন। বাদরটিকে তিনি বনের মধ্যে প্রায় হু'ঘণ্টা তীক্ষ্মরে চেঁচাতে গুনেছিলেন। কারণ, তার খুব কাছে একটি ঈগলপাধি বসেছিল। কার্যতঃ পাথিটা তাকে আক্রমণ করতে সাহস পারনি। মি: বেণ্ট বাদরদের আচরণ সম্পর্কে মনে করেন যে, দরকার হলে তারা হু'তিনজন দল বেঁধেও ঈগলদের হাত থেকে নিজেদের রক্ষা করে (ফ্র:, ভ্রু ছাচারালিস্ট ইন্ নিকারাগুরা", পৃ: ১৯৮)।

অদের স্ব-জাতির দুঃখ-কণ্টে সাড়া দেয় কিনা, তা বিচার করা কেশ শ**ত**। গর রা যখন তাদের মৃতপ্রায় বা মৃত সঙ্গীকে ঘিরে দাঁড়িয়ে তার দিকে একদ্রেট তাকিয়ে থাকে, তখন কারো পক্ষেই বোঝা সম্ভব নয় তারা কী অনুভব করছে ! হাউজো তো স্পণ্ট করেই বলে দিয়েছেন যে আপাতভাবে তারা (গর্বরা) কোন বেদনা অনুভব করে না। কখনো-কখনো জীবজাতুদের মধ্যে সহমর্মি তার কোন ছাপই থাকে না। দেখা গেছে, কোন একটি জম্তু অস্ত্রুস্থ বা জখম হলে প্রেরা দলটি তাকে ফেলে রেখে চলে যায়, কিন্বা তাকে শিঙ দিয়ে গ'তিয়ে বা কামড়িয়ে আরো দ্রত মৃত্যুর দিকে ঠেলে দেয়। জীবজগতের ইতিহাসে এটাই বোধহয় সবচেয়ে দঃখজনক ঘটনা। অবশ্য এর পিছনে যে ব্যাখ্যা দেওয়া হয়েছে তা যদি সত্য বলে প্রমাণিত হয়, তাহলে অন্য কথা। ব্যাখ্যাটা হলো, জীবজন্তুরা সহজাত প্রবৃত্তির বশে বা ষথেণ্ট চিন্তা-ভাবনা করবার পরই তাদের আহত সঙ্গীকে পরিত্যাগ করে, যাতে অন্য কোন শিকারী-জম্তু বা মান্ত্র্য তাদের অন্ত্র্সরণ করতে না পারে। উত্তর আর্মেরিকার ইণ্ডিয়ানরাও অনেকটা এ-রক্ম আচরণই করে থাকে। তারা তাদের দুর্ব'ল সাথীদের সমতলে ফেলে আসে। ফলে তারা দুত মারা ষায়। ফিজিয়ানরা তো মা-বাবা বৃশ্ধ বা অস্তুস্থ হলে তাদের জ্যান্ত কবর দিয়ে স্বস্থিত পায়।

কোন একটি প্রাণী অস্থবিধায় পড়েছে বা বিপদের সম্মুখীন হয়েছে আর তাকে সাহায্য করতে এগিয়ে এসেছে অন্য একটি প্রাণী—জীবজগতে এরকম উনাহরণ নেহাৎ কম নয়। এমনকি পাখিদের মধ্যেও এরকম ঘটনা দেখা যায়। ক্যাণ্টেন দ্ট্যান্স্বারি উটা-র একটি লবণ-হুদে ব্রুড়ো ও সম্পূর্ণ অম্প্র কিম্তু বেশ নাদ্বসন্দ্রস একটা পোলক্যান পাখি (এক ধরণের জলচর পাখি) দেখেছিলেন। ব্রুতে অস্ব্রিধে হয় না যে, পাখিটাকে নিশ্চয়ই তার সঙ্গী-সাথীরা দীর্ঘদিন ধরে আহার যুগিয়ে চলেছিল। মিঃ রাইথ আমাকে জানিয়েছেন, কিছ্র ভারতীয় কাক তাদের দ্বুণতিনটি অম্প সাথীকে খাইয়ে দিচ্ছে—এ ঘটনা তিনি দেখেছেন। গৃহপালিত ম্রগীদের মধ্যে অন্বর্গ একটি ঘটনার কথাও সম্প্রতি আমার কানে এসেছে। ইচ্ছে করলে এই কাজগ্র্লিকে আমরা সহজাত প্রবৃত্তিপ্রস্ত বলে ধরে নিতে পারি। কিম্তু লক্ষ্যণীয় যে, কোন বিশেষ সহজাত

 [।] ক্যান্ট্নে ট্টান্স্বারিও একটি কোতুহলোদীপক ঘটনার কথা বলেছেন। নেহাৎ
 ৰাচ্চা একটি পেলিক্যান শাবক ধরলোতা একটি নদীতে ভেসে যাচ্ছিল। সেই সমন্ন গোটা ছল্লেক
বৃদ্ধ পেলিক্যান তাকে তীরে ফিরে আসার জ্ঞ নানারকম নির্দেশ ও উৎসাহ দিচ্ছিল।

প্রবৃত্তির বিকাশের ক্ষেত্রে এরকম ঘটনা প্রায় বিরল । আর একটা ছোট ঘটনার: কথা বলি । এবার প্রত্যক্ষণশা অন্য কেউ নর, আমি নিজেই । একটা কুকুর আর একটা বিড়ালের মধ্যে দার্শ কখ্যে ছিল । একবার বিড়ালটি খ্রব অস্কুহ হয়ে পড়ল । সে একটা ঝ্রিড়র মধ্যে সবসময় শ্রে থাকত । ষর্থান ক্রক্রটি বিড়ালটির পাশ দিয়ে যেত, তখনই দ্ব'একবার তার শরীরে জিভ ব্রলিয়ে, দিত । আমি নিশ্চিত যে গৈর শুমেয়ে একটা দয়াল মনোভাব কাজ করছিল ।

প্রভুকে কেউ আক্রমণ;করছে দেখলে ষে-কোন সাহসী কুকুর আক্রমণকারীর উপর ব্যাপিয়ে পড়ে। এর উৎস কিম্তু সহমার্মতাই। একটা উনাহরণ টেনে বলা যাক। একবার একব্যান্ত একজন মহিলাকে মারবার ভান করছিল। মহিলার কোলে ছিল ভারী শাশ্ত-শিষ্ট একটা ছোট ককের। আগে কথনো ককেরটার এরকম অভিজ্ঞতা হয় নি। ফলে অচিরেই সে মহিলাকে বিপন্ন দেখে সাহাযোর জন্য লাফিয়ে উঠল। কিল্কু অভিনয় তো আর বেশীক্ষণ চলতে পারে না ! একট্র বাদেই তা শেষ হলো। আর শেষ হতেই ক্বকুরটা পরম আশ্তরিকতায় সেই মহিলার মুখে জিভ বুলিয়ে বুলিয়ে সান্তনা দিতে লাগল। তার আচরণের মধ্যেই ফুটে উঠছিল কতটা কণ্ট পেয়েছে সে। ব্রেহ্ম্ জানিয়েছেন, বেব্নদের খাঁচায় তিনি যখন একটি বেবনুনকে শাদিত দেবার উদ্দেশ্যে ধরতে গেছিলেন, তখন অনারা তাডাতাডি তাকে রক্ষা করার জন্য এগিয়ে এসেছিল। এই ব্যাপারটিকেই আমরা সহান্ভূতি বা সহমর্মিতা বলব। একট্র আগেই আমরা দেখেছি বেবুন বা সাকেপিথেকাস্ বাদররা কেমন করে তাদের বাচ্যদের করেত্র বা ঈগলের হাত থেকে রক্ষা করেছিল। এ-ও সেই সমর্মিতারই প্রকাশ। আমি এখানে সহান,ভূতি ও বীরতক্রেণ্ আচরণের আর একটিমার উদাহরণ পেশ করব। এ-ঘটনার কেন্দ্রবিন্দ; একটি খুদে আমেরিকান বাঁদর। বেশ কয়েকবছর আগে চিডিয়াখানার একজন ভারপ্রাপ্ত কর্মচারী তাঁর গলার পিছনদিকে সামান্য শুকিয়ে আসা একটা গভীর ক্ষত দেখিয়ে আমাকে বলেছিলেন—এর জন্য দায়ী একটা গ্রন্ডা বেবনুন। ঐ খুদে বাদরটির সঙ্গে কর্মচারীটির দিব্যি একটা বাধ্বত ছিল। বাদরটি আর বেবনুনটি একই খাঁচায় থাকত—বেশ বড় মাপের খাঁচা। বিপল্লাকার বেবনুনটিকৈ খাবই ভয় পেতে বাদরটি। একদিন বেবনুনটি আক্তমণ করে ঐ কর্মচারীটিকে। তখন, বন্ধুকে বিপদগুদত দেখে, নিজের ভয়-ভীতি ভূলে, ছুটে আসে সে। শ্রুর করে চিৎকার, আঁচড়ে-কামড়ে বেবনটিকৈ নাজেহাল

৬। মি: বেইন বলেছেন, "ছুর্ণশাগ্রন্তকে কার্যকরী সহারতা বোগানোর উৎস হল বথার্ক সহম্মিতা ।" (ক্র:, "মেন্টাল অ্যাণ্ড মর্যাল সারেন্স", পৃ: ২৪৫)।

করে তোলে। ফলে, পালাতে সমর্থ হয় কর্মচারীটি। পরে চিকিৎসকই তাঁকে বলেছিলেন যে তিনি খুব বাঁচা বে^{*}চে গেছেন।

ভালোবাসা ও সহান্ত্তি ছাড়াও জীবজণতুরা সহজাত সামাজিক প্রবৃত্তির সঙ্গে সম্পর্কায় আরো কিছু গুণ বা বৈশিশ্টোর অধিকারী। মানুষের মধ্যে এইসব গুণকেই আমরা নৈতিক বোধ বলে থাকি। অ্যাগাসিজের সঙ্গে আমি একমত যে কুকুরদের মধ্যে বিবেকবোধ ধরণের একটা কিছু আছেই।

ক_ক_রদের মধ্যে খানিকটা আত্মদমন বা সহিষ্ণুতার গ্রন্থ দেখা যায়। এর সমস্তটাই যে ভয়জনিত কারণে, তা ভাবলে ভুল হবে। ব্রবাখ্ বলেছেন, ক্ক্রুরা কখনো তাদের প্রভর অনুপশ্হিতিতে খাবার চুরি করে না। দীর্ঘকাল ধরেই ক্রক্রন্তের আনুগত্য ও বিশ্বদত্তার প্রতীক বলে মনে করা হয় । হাতিরাও তাদের মাহতে বা রক্ষকের দারত্ব বিশ্বসত হয়ে থাকে। সম্ভবত মাহতকে তারা দল-নেতা বলেও মনে করে। ডঃ হুকার তাঁর ব্যক্তিগত একটি অভিজ্ঞতার কথা আমাকে জানিয়েছেন। ভারতবর্ষে একবার হাতির পিঠে চড়ার সময় তাঁর হাতির পা এমন বিশ্রীভাবে একটি জলা-ভূমিতে পর্নতে গিয়েছিল যে পরের দিন লোকজন এসে र्माफ मिरा रिप्त ना राजना अर्थन्य शांकिमिर के व्यवस्थारक थाकर शांकिन। সাধারণত এরকম অবস্হায় হাতিরা মতে বা জীবিত যে-কোন বস্তুকেই শংড় দিয়ে টেনে হাঁটরে তলায় ফেলে দেয়, যাতে সে মাটির গভীরে আরো গে'থে না যায়। फरन माद्युकीं छीक इसा भरफ़्रिन धरे एछर स्य शक्ति रहाका छः द्युकातरक তুলে নিয়ে তাঁকে মেরে ফেলতে পারে। কিন্তু শেষ পর্যন্ত মাহতে বা হুকার, কারোরই কোন বিপদ ঘটেনি। হাতির মতো এত ভারী একটা প্রাণীর পক্ষে বিপদে পড়েও এরকম সহিস্থতার পরিচয় দেওয়া কম্পনাতীত ব্যাপার। নিঃসন্দেহে এটি মহান আনুগত্যেরই একটি চমংকার নিদর্শন।

দলবন্দ্ধ প্রাণীরা ষেহেতু ষেথভাবে আত্মরক্ষা বা শারুকে আরুমণ করে, সেহেতু তারা নিশ্চয়ই একে অপরের প্রতি কিছ্বটা বিশ্বস্তও থাকে। আবার তারা যদি কোন একজন দল-নেতাকে মেনে চলে, তাহলে নিশ্চয়ই তার প্রতি তাদের কিছ্ব আন্গত্যও থাকে। আবিসিনিয়াতে বেবনুনরা দল বে'ধে শস্যক্ষেত লঠে করতে যাওয়ার সময় তাদের নেতাকেই নিঃশব্দে অন্সরণ করে। কোন নিবেধি বাচ্চা গোলমাল করলে অন্যদের চড়-চাঁটি তার কপালে লেখা থাকে। কড়া নির্দেশ—চুপ করো, দলনেতার অন্যত থাকো। মিঃ গ্যান্টন সোভাগ্যক্রমে দক্ষিণ আফ্রিকাতে একদল আধাব্বনো গবাদি পশ্বর দেখা পেয়েছিলেন। তিনি বলেছেন, এই পশ্বরা ম্বুর্তের জন্যেও দল থেকে বিচ্ছিয় হয়ে থাকতে পারে না। এদের চরিয়টাই দাসক্ষভ। নেতা

হওরার মতো যথেণ্ট আত্মপ্রতারসম্পন্ন কোন বাঁড়ের নেতৃত্ব এরা মেনে নের নির্বিবাদে, তার চেয়ে ভালো কিছু খাঁজতে যায় না। এই সব পশাদের গলায় মান্বের প্রভূত্ব-জিন পরানোর সময় দেখা গেছে, এদের মধ্যে যারা ঘাস খেতে দল ছেড়ে দরের যায়, তারা এমন আত্মপ্রতায়ী মনোভাবসম্পন্ন যে তাদের ধরা অত্যত পরিশ্রমসাধ্য। নিঃসন্দেহে তাদের এই মনোভাব এগিয়ে-থাকা বাঁড়ের লক্ষণ। মিঃ গ্যান্টেনের মতে এরকম পশা খাবই দক্পোপ্য এবং মল্যেবান। আবার সংখ্যাধিকা ঘটলে দ্রুতই এরা তাদের জন্য অন্য ব্যক্ষ্য গ্রহণ করে থাকে, যেমন দেখা যায় সিংহদের মধ্যে। দলছাট সিংহকে শাস্তি দেবার জন্যে তারা হন্যে হয়ে ফেরে।

কিছু সংখ্যক পশ্বপাখি এই যে একসঙ্গে থাকে বা একে অপরকে নানাভাবে সাহায্য করে, তার পিছনে নিশ্চয়ই কোন তাড়না আছে। কী সেই তাড়না ? সম্ভবত অধিকাংশ ক্ষেত্রেই তাডনা হিসেবে কাজ করে তাদের পরিভঞ্জি বা আনন্দ বোধ, যা তারা অর্জন করে সহজাত প্রবৃত্তির বশে বিভিন্ন কাজ করতে গিয়ে। আবার এমনও হতে পারে যে এটা আসলে তাদের অন্যান্য সহজাত প্রবৃত্তি-গুলোকে অবদমন করার অতৃপ্রিজনিত তাড়না। অসংখ্য ঘটনায় এর প্রমাণ পাওয়া বায়, আর তার চমৎকার ব্যাখ্যাও মেলে আমাদের গৃহপালিত জীবজন্তুদের দারা অজিত সহজাত প্রবৃত্তিগুলির মধ্যে। মেষপালকের কুকুর কখনোই ভেড়ার পালকে বিরক্ত করে না, বরং তাদের চারপাশে মনের আনন্দে ছোটাছাটি करत, भानगारक ठिकठाक जानना करत । भिशान-भिकाती करक तता (कन्न-হাউন্ড) শিয়াল শিকার করে খুশী হয়, আবার অন্য অনেক কুকুর শিয়ালদের মোটেই পছন্দ করে না—এ আমার নিজের চোখে দেখা। ভাবলে অবাক লাগে, মনের মধ্যে পরিতৃথির কী গভীর উপলব্ধিই না একটি কর্মব্যস্ত পাথিকে তার ডিমের উপর দিনের-পর-দিন তা দিতে উদ্বাধ করে। ঘুরে বেড়াতে না পারলে ্যাযাবর পাখিরা অবস্হা খুব করুণ হয়ে ওঠে। দু'ডানায় ভর দিয়ে দীর্ঘ' পথ পাড়ি দেওয়ার মধ্যেই হয়তো তারা খ[‡]জে পায় অপার আনন্দ। কিন্তু অদাবন্ বর্ণিত এমেই হতভাগ্য ডানা-কাটা রাজহাঁসটি পায়ে হে টে প্রায় হাজার মাইলব্যাপী যাত্রার সময় কোনরকম আনন্দ অনুভব করেছিল বলে মনে হয় না। অন্যদিকে, কিছু, সহজাত প্রবৃত্তির গভীর আধার হলো দুঃথের অনুভূতি বা ভয়, যার ফলে গড়ে ওঠে আত্ম-রক্ষার কৌশল এবং কোন কোন কেনে এই কৌশল বিশেষ কিছু শন্তর দিকে পরিচালিত হয়। আমার মতে, আনন্দ বা দঃখের অনুভূতিকে বিজ্লেষণ করা কারুর পক্ষেই সম্ভব নয়। তবে, অনেক

সময় এই সহজাত প্রবৃত্তিগৃত্ত্বিল আনন্দ বা দৃঃখের উত্তেজনা ব্যতিরেকে কেবলমাত্র উত্তর্রাধিকার স্ত্রেও অবিরাম অনুস্ত হতে পারে। কোন বাচ্চা শিকারী-ক্করে প্রথমবার শিকার খাঁজতে বেরিয়ে শিকারের গাঁখ পেলে চিংকার করবেই। আবার, খাঁচার মধ্যে মধ্যে কোন কাঠবিড়ালী বাদাম ভেঙে থেতে পারে না বলেই মাটিতে কবর দেওয়ার মতো করে বাদামটাতে মৃদ্ মৃদ্ আঘাত করে। কিন্তু তা'বলে সে (কাঠবিড়ালী) কোন আনন্দ বা দৃঃখ থেকে একাজ করে না। আর তাই এই ধারণাটাও বোধহয় ভুল যে মানুষের প্রতিটি কাজের পিছনে রয়েছে কোন-না-কোন আনন্দ বা দৃঃখের অভিজ্ঞতা। আনন্দ বা দৃঃখের অনুজ্বতি ছাড়াও কোন অভ্যাসকে মানুষ অন্ধভাবে ও সন্দেহহীনভাবে অনুসরণ করতে পারে, কিন্তু এরকম অভ্যাসকে জাের করে বা হঠাৎ থামিয়ে দিলে সারারণতঃ এক ধরণের অভ্রিবোধ সৃতিট হয়।

অধিকাংশ সময় আমরা ধরে নিই যে জীবজন্তুরা প্রাথমিক অবস্হায় দলবন্ধ ভাবেই বসবাস করত এবং পরস্পরের থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে অর্ম্বস্তি বোধ আর একসঙ্গে থাকতে পারলে স্বাস্তবোধ করত। কিন্তু এর চেয়েও স**ন্দ্র**াব্য মত হলো—যৌথভাবে বসবাস করার অনুভূতি প্রাণীদের মনে প্রথম স:িট रुसिंছिल এই कातरा रम, मलवन्धजार वाम कतराल रम-मव थागी लाज्वान ररव, তারা যেন দলবন্ধ ভাবেই থাকতে পারে, ঠিক যেমন থিদে-বোধ ও থাওয়ার আনন্দ থেকেই প্রাণীরা থেতে শির্ষেছিল। দলবন্ধ ভাবে থাকার আনন্দটা হরতে। বাবা-মা বা সম্তানের প্রতি ভালোবাসারই একটা বর্ধিত রূপে, কারণ দীর্ঘদিন বাবা-মা-র সঙ্গে একত্রে থাকার পর সম্তানের মধ্যে সহজাত সামাজিক প্রবৃত্তি বিকশিত হওয়া অসম্ভব কিছে, নয়। ভালোবাসার এই বর্ধিত রূপের পিছনে অভ্যাসের নিশ্চরই একটা ভূমিকা আছে, কিণ্ডু এর মূলে কারণ হচ্ছে প্রাকৃতিক নির্বাচন। কেননা ঘনিষ্ঠ সাহচর্যে বসবাসকারী প্রাণীরা একসঙ্গে থাকার আনন্দেই শুধু মন্ত ছিল না, তারা সহজেই নানা বিপদকেও এড়িয়ে যেতে পারত, আর অন্যদিকে বন্ধহীন নিঃসঙ্গ প্রাণীরা বিশাল সংখ্যায় প্রাণ হারাত। আবার বাবা-মা ও সম্তানের প্রতি যে ভালোবাসার কথা বলা হলে, যা স্পণ্টতই বিভিন্ন সহজাত সামাজিক প্রবৃত্তির ভিত্তিভ্রমি, তার উৎস-ই বা কী ? এখানেও আমাদের জ্ঞান সীমাবন্ধ । কিন্তু এটকু আমরা ধারণা করতে পারি যে প্রাকৃতিক নির্বাচন একে অনেকটাই সহায়তা করেছে। আবার নিকট সম্পর্ক ব্রুত্ত প্রাণীদের মধ্যে ঘুণার অস্বাভাবিক ও বিরম্থে অনুভূতিও অনেকটা প্রাকৃতিক নির্বাচনেরই ফল, ষেমন শ্রমিক মৌমাছিরা তাদের নিক্মা ভাইদের মেরে ফেলে বা রাণী-মৌমাছি

মেরে ফেলে তার মেরেদের। একেতে নিকট আত্মীরদের ধর্প করার এই প্রবৃত্তিটা তাদের সমাজের কল্যাণই করে থাকে। তারা-মাছ, মাকড়সা প্রভৃতি প্রাণীদের মধ্যে সম্তান-প্রীতি বা তার সমতলে অন্যান্য অন্ভৃতি খ্বই কম। কখনো কখনো কোন প্রজাতির শ্বনুমায় গ্টিকতক প্রাণীর মধ্যে প্রীতিসম্পর্কীর এই সব অন্ভৃতির দেখা পাওয়া যায়। ফরফিকুলা বা কেলেজাতীয় কিছু নিকুল্ট প্রাণী এর প্রকৃট উনাহরণ।

সহানুভূতির জন্য যে আবেগ জরুরী, তা কিন্তু ভালোবাসার থেকে আলাদা। যেমন, ঘুমুন্ত শিশুর দিকে চেয়ে মায়ের মনে ভালোবাসার এক গভীর আবেগ জেগে উঠতেই পারে, কিম্তু তা থেকে এটা প্রমাণ হয় না যে মা তাঁর শিশুরে জন্যে সহানুভূতি বোধ করছেন। আবার কুকুরের জন্যে তার প্রভূর ভালোবাসা বা প্রভার জন্যে কুকুরের ভালোবাসার মধ্যেও সহানাভূতির কোন প্রশ্ন ওঠে না । মি: বেইন সম্প্রতি যা বলেছেন, অ্যাডাম স্মিথ তা অনেক আগেই বলেছিলেন। তাঁর বক্তব্য ছিল—ফেলে-আসা স্থ্থ-বঃংথকে মনের গভীরে লালন করার যে বিপলে ক্ষমতা রয়েছে আমাদের, তা-ই হচ্ছে সহান,ভ:তির উৎসম্হল। সেইজন্যে ''অন্য কোন ব্যক্তিকে খিদে, ঠান্ডা বা ক্লান্তিতে কণ্ট পেতে নেখলে আমানের মনে নিজেনের ঐরকম অবস্থার স্ম,তিগ,লো জেগে ওঠে, আর এইসব স্মাতির চিস্তাট,কু পরম যারণাময়।'' তথনই আমরা অপরের দঃখ-কণ্ট লাঘব করতে উন্যোগী হই, যাতে করে একইসঙ্গে আমানের নিজেনের দৃঃথের অনুভূতিগুলোও প্রশমিত হতে পারে। একই কারণে আমরা অপরের আনন্দ বা আহ্মানে সাডা দিয়ে থাকি। কিম্তু, ভালোবাসার পাত্রের জন্যে যে রকম তীব্রমান্তার সহানুভূতি প্রকাশ পায়, তা কেন অন্য কোন ব্যক্তির ক্ষেত্রে পায় না—তার কারণকে এই দ্রণ্টিভঙ্গীর সাহায্যে কিভাবে ব্যাখ্যা করা যাবে, তা আমার জানা নেই। আবার অনেকসময় দেখা যায়, কার্বর প্রতি ভালবাসা না থাকলেও, তার দঃখ আমাদের মনের মধ্যে

৭। আডাম স্মিথ-এর "থিয়োরী অক্ মর্যাল সেন্টিমেট্ন্" এপ্থের প্রথম ও চাঞ্চল্যকর পরিছেদ স্তইবা। এছাড়াও দেখুন মিঃ বেইন্স্-এর লেথা "মেন্টাল আড মর্যাল সায়েল", ১৮৬৮, পৃ: ২৪৪, এবং ২ কৈ-২৮২, মিঃ বেইন বলেছেন, "সহাম্প্রুতিশীল ব্যক্তির কাছে সহাম্প্রুতি আনন্দ লাভ করার একটি পরোক্ষ উপায়", পারম্পরিক সম্বন্ধের ভিত্তিতে তিনি এর বাাখ্যা করেছেন। পরে তিনি মন্তব্য করেছেন, "উপকৃত ব্যক্তি বা অস্কেরা সহাম্প্র্তি এবং সকলের পক্ষে মঙ্গলজনক কাজের সাহায্যে নিজেদের প্রাপ্যের প্রতিদান দিতে পারে।" কিন্তু সহাম্প্রতি বদি একটি সহজাত প্রবৃত্তি হয় (আপাতভাবে তা-ই দেখা বাজের), তাহলে সহাম্প্রতি প্রকাশের সাহায্যে প্র্রোক্রিখিত প্রায় সকল সহজাত প্রবৃত্তির মতোই আমাদের মনে সরাসরি আনন্দের অক্স্রুতি জাগাই বাভাবিক।

ক্রাগিয়ে তোলে নিজেদের ফেলে-আসা দুঃখের স্মৃতিকে, অনুপূর্ণ্থ সমেত। এর কারণ হয়তো এই যে, সমস্ত প্রাণীরা শুখুমার নিজ গোষ্ঠীর প্রাণীদের প্রতিই সহানুভূতি প্রকাশ করে থাকে, অর্থাৎ পরিচিত বা কম-বেশী ভালোবাসার পারদের প্রতিই সহান,ভূতি প্রকাশ করে তারা, কিম্তু তাই বলে একই প্রজাতিভ্রে সকলের প্রতি সহান,ভূতি দেখায় না। যেমন, বহু, প্রাণী কিছু, বিশেষ শন্তকেই শুখু, ভয় পায়। দলবন্ধ ভাবে থাকে না এমন প্রজাতির প্রাণীরা, যেমন বাঘ বা সিংহ, তারাও কিম্তু তাদের নিজেদের বাচ্চাদের দ**্বঃখ-কণ্টে গভীর সহান**্তুতি বোধ করে, কিম্পু অন্য কোন বাচ্চার বেলায় তার লেশমাত্র চিহ্নও থাকে না। भिः विदेन - এর কথা উল্লেখ করে বলা যায়, সম্ভবত মানুষের সহানুভূতি শক্তিকে বৃদ্ধি করেছে তার স্বার্থপরতা, অভিজ্ঞতা ও অণুকরণপ্রিয়তা। কারণ প্রতিদান পাওয়ার আশা নিয়েই আমরা, অপরকে সহান,ভুতি দেখাই। আর অভ্যাসের ফলে সহান,ভাতি অনেক দাঢ়মলে হয়ে ওঠে। এই অন,ভাতির উৎস যত জটিলই হোক না কেন, যে-সব প্রাণীরা পরম্পরকে সাহায্য ও রক্ষা করে, তাদের ক্ষেত্রে এই অনুভূতি বেডে ওঠে প্রাকৃতিক নির্বাচন মারফং। কেননা, যে সব সম্প্রদায় বা গোষ্ঠীর মধ্যে গভার সহান,ভাতিশলৈ প্রাণীর সংখ্যা সবথেকে বেশা, তাদের উর্বাতও হয় বেশী এবং তারা সবচেয়ে বেশী সংখ্যক নবজাতককে লালন-পালন করতেও সক্ষম।

তবে, অনৈক ক্ষেত্রেই সিম্বাদ্ত করা অসম্ভব হয়ে পড়ে যে কিছ্র সহজাত সামাজিক প্রবৃত্তি প্রাকৃতিক নির্বাচনের সাহায়ে অজি ত, নাকি সহান্ত্রিত. চিল্তা-ভাবনা, অভিজ্ঞতা, অনুকরণপ্রবণতা প্রভৃতি অন্য কিছ্র সহজাত প্রবৃত্তি ও মনোবৃত্তির পরোক্ষ ফল ; নাকি এগালো শর্ধুমান্ত দীর্ঘ অভ্যাসের ফলস্বর্পেই এসেছে। যেমন জীবজন্তুদের একটি উল্লেখযোগ্য সহজাত প্রবৃত্তি হলো দলকে বিপদ থেকে সাবধান করে দেওয়ার জন্যে নিজেদের মধ্যেকার একজনকে প্রহরী হিসেবে নিযুক্ত করা। আমরা নিশ্চরই এই বিষয়টিকে শর্ধুমান্ত মনোবৃত্তির পরোক্ষ ফল বলে মেনে নিতে পারি না, কেননা স্পণ্টতই এটা প্রত্যক্ষভাবে অজি ত। অন্যাদকে, কিছ্র কিছ্র দলবন্ধ প্রাণীর প্রব্রুষরা অভ্যাসের বশবতী হয়ে তাদের সম্প্রদায় বা দলকে রক্ষা করে কিন্বা যৌথভাবে শন্ত্র বা শিকারের উপর ঝাপিয়ে পড়ে। এটা সম্ভবত পারস্পরিক সহান্ত্র্তিরই প্রকাশ। কিন্তু সাহসিকতা ও অধিকাংশ ক্ষেত্রে শক্তি সম্ভবত প্রাকৃতিক নির্বাচনের সাহায্যে আগে থেকেই অজি ত হয়ে থাকে।

বিভিন্ন সহজাত প্রবৃত্তিও অভ্যাসের মধ্যে কতকগুলি অন্যদের তুলনায় বেশ।
শান্তিশালী, অর্থাৎ, এগুলির চর্চায় পাওয়া যায় বেশী আনন্দ এবং এগুলিকে
চেপে রাখলে কন্টের পরিমাণও বাড়ে। অথবা, আরও গুরুত্বপূর্ণ ব্যাপার হল,
এগুলি বংশানুক্তমে অনেক বেশী দৃঢ়ভাবে অনুস্ত হয়ে থাকে, এবং তার
জন্য সুখ-দুঃখের বিশেষ কোন অনুভ্তিও সৃত্তি ইয় না। আমরা নিজেদের

বেলাতেও জানি এমন কতকগ্রাল অভ্যাস আমাদের থাকে, বেগ্রালিকে অন্য অনেক অভ্যাসের মতো সহজে সংশোধন বা পরিবর্তন করা যায় না। তাই প্রায়য়ই প্রাণীদের মধ্যে বিভিন্ন সহজাত প্রবৃত্তির মধ্যে বা কোন সহজাত প্রবৃত্তি ও কিছ অভ্যাসগত আচরণের মধ্যে দশ্ব বেধে যায়। ষেমন, একটি কুকুর কোন খরগোশকে তাড়া করার সময় যদি তিরস্কৃত হয়, তাহলে সে মহেত্রের জন্যে থানে, একটা ইতস্তত করে, তারপর আবার ছাটে যায়, কিম্বা লিম্জত হয়ে প্রভুর কাছে ফিরে আসে। আবার কোন মেয়ে-কুকুর একদিকে তার বাচ্চারা অন্যাদিকে তার প্রভু, এই দ্ব্'য়ের প্রতি ভালোবাসা নিরে সমস্যায় পড়ে। তাই বখন সে তার বাচ্যাদের কাছে চুপি চুপি সরে পড়ে, তখন তার প্রভুকে সঙ্গ না দেওয়ার লম্জা তাকে পেয়ে বসে। কিম্ত, এই বিষয়ে আমার জানা সবচেয়ে আশ্চর্যজনক উনাহরণটি হলো দেশাশ্তরে উড়ে ষাওয়ার প্রবৃত্তি। এই সহজাত প্রবৃত্তিটির কাছে মাত দ্বের মতো একটি প্রবৃত্তিও তুক্ত হয়ে যায়। দেশাশ্তর গমনের প্রবৃত্তি এতই শক্তিশালী যে, যদি কোন পাখিকে তার দেশাতরের মরশ্রমে খাচা-বন্দী করে রাখা হয়, তাহলে সে খ[°]াচার তারে নিজের বৃক ঘষতে থাকে, আর যতক্ষণ না তা পালকশ্ন্য ও রক্তান্ত হয়ে ওঠে, ততক্ষণ এই মরণ-যজ্ঞ শেষ হয় না। আবার এই প্রবৃত্তির বশেই স্যামন মাছেরা তাদের বীচার পক্ষে অনুক্লে জল থেকে ডাঙায় লাফিয়ে ওঠে এবং একরকম ইচ্ছার বিরুদ্ধেই আত্মাহর্নতি দেয়। বলার অপেক্ষা ब्राप्थ ना रय मन्जातनं श्रीज जात्नावामा वा माज्यताथ वजन्ज मञ्जिमानी अकिं সহজাত বোধ, আর তার প্রভাবেই ভীরুস্বভাব দুর্বল পাখিরাও আত্মরক্ষার কথা ভূলে চরম বিপদের মুখে ঝাঁপিয়ে পড়ে—অবশ্য কিছু বিধা তাদের থাকেই। কিল্তু তা সম্বেও, দেশাশ্তর গমনের প্রবৃত্তি এত শক্তিশালী যে শরংকালের শেষে সোয়ালো, হাউস-মার্টিন, স্থইফ্টে প্রভৃতি পাখিরা বাসায় তাদের অসহায় বাচ্চাদের মৃত্যুর মুখে ফেলে রেখেও দিব্যি উড়ে যায়।

৮। রেভারেও এল. জেনিক জানিরেছেন (দ্রঃ, জেনিক সম্পাদিত "হোয়াইটন্ স্থাচারাল হিন্দ্রি অব, সেলবরন", ১৮৫০, পৃঃ ২০৪), মহান জেনার সর্বপ্রথম এই ঘটনাটি নপিভূক্ত করেছিলেন (দ্রঃ "ফিল্, ট্রানজ্যাক্ট." ১৮২৪ ঝীঃ) এবং তারপর অনেকেই, বিশেষ করে মিঃ ব্ল্যাকওয়াল, অভ্যস্ত নিষ্ঠার সঙ্গে হ'বছর ধরে ৩৬টি পাধির বাসার অসুসন্ধান চালান; সমর হিসেবে বেছে নেন শরৎকালের শেষ দিকটা। তিনি দেখেন—১২-টি বাসার পড়ে আছে পাধির মৃত ছানা, ৫-টিতে কুটনোমুখ ডিম্ম, আর ৩-টিতে রয়েছে অপরিণত ডিম। যে-সব পাখি তথনও দীর্ঘপথ পাড়ি দেওয়ার মতো সক্ষম হয়ে ওঠেনি, তাদেরকেও কেলে বাওয়। হয়েছে (দ্রঃ, ব্ল্যাকওয়াল-এর "রিসার্চেস ইন, কুওলজি", ১৮৩৪, পৃঃ ১০৮, ১১৮)। খুব একটা দরকার না থাকলেও অতিরিজ্ব প্রমাণাদির জক্ত দেখুন, লেরয়-এর "লেটারস্ ফিলং", ১৮০২, ২১৭, আর মুইফট পাথিদের বিবরণ আনার জক্ত দেখুন, গোল্ড-এর "ইনট্রোডাক্শন টু ভ বার্ডস্ অফ, এেট ব্রিটেন", ১৮২৬, পৃঃ ২০। মিঃ আ্রাক্রম্ব ও কানাভাতে অমুরূপ ঘটনা লক্ষ্য করেছেন (দ্রঃ, "পপ্লার সায়েকঃ রিভিউ', জুলাই ১৮৭৩, পৃঃ ২৮৩)।

কোন একটি সহজাত আবেগ যদি একবাদ্ধ কোন প্রজাতির পক্ষে অন্যান্য বা বিপরীতধর্মী সহজাত প্রবৃত্তি অপেক্ষা বেশী উপকারী বলে মনে হয়, তবে তা প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে বাদবাকীদের তুলনায় অধিক শাস্তশালী হয়ে ওঠে। কারণ যে সমস্ত প্রাণীর মধ্যে ঐ আবেগটি বিশেষভাবে বিকশিত হয়, বাস্তবে তারাই বেশী সংখ্যায় টিকে থাকে। অবশ্য এইভাবে মাত্সেনহের সঙ্গে দেশাম্তরে উড়ে যাওয়ার প্রবৃত্তির তুলনা করা যায় কিনা, সে বিষয়ে সন্দেহ আছে। কেননা, বছরের কেবল একটি নিদিশ্ট সময়েই সারা দিন যাযাবর পাখিদের এই অধ্যবসায় বা বাসততা অত্যধিক মান্তায় বেড়ে উঠতে দেখা যায়।

মানুষ সামাজিক প্রাণী : মানুষ যে সামাজিক প্রাণী, সে-ব্যাপারে কারোরই দ্মিত থাকার কথা নয়। মান ষের এই সামাজিকতার প্রমাণ পাওয়া যায়, যখন দেখি সে একা একা থাকতে পছম্প করে না বা পারিবারিক জীবনের বাইরেও অন্যাদের সঙ্গ কামনা করে। তাই তার পক্ষে নির্জান কারাবাস একটি কঠিন শাস্তি হিসেবে প্রতিভাত হয়। কোন কোন লেখক মনে করেন, একেবারে গোডার দিকে মানুষ পূথক পূথক পরিবারে বিভক্ত হয়ে বাস করত। কিন্তু বর্তমানে কোন একটিমাত্র বা একসঙ্গে দু'তিনটি অ-সভা পরিবার নির্জন বনে-জন্মলে এদিক-ওদিক ঘারে বেডালেও. একই অণ্ডলে বসবাসকারী অন্যান্য পরিবারের সঙ্গে তাদের সবসময় একটা বন্ধ**্রপর্ণে সম্পর্ক ব**জায় থাকেই। তেমন প্রয়োজন হলে এই পরিবারগর্লি একে অপরের সঙ্গে শলা-পরামর্শ করে, এমনকি বিপরের সময় তারা দলবে ধে শত্রুর মোকাবিলাও করে। একথা ঠিক যে পাশাপাশি অন্যলের গোষ্ঠীগালের মধ্যে বেশীর ভাগ সময় হানাহানি লেগেই থাকে। কিন্ত এর থেকে যদি সিন্ধান্ত করতে বসি যে অ-সভ্য লোকেরা সামাজিক প্রাণী নয়— তাহলে সেটা অসঙ্গত হবে। কেননা একই প্রজাতিভক্তে সকল প্রাণীর মধ্যেই যে সমাজবন্ধতার সহজাত প্রবণতা দেখা যাবে. এমন কোন কথা নেই। চার হাত-পা-ওয়ালা অধিকাংশ প্রাণীর আচার-আচরণ একইরকম বলে আমরা ধরে নিতে পারি, মানুষের বানর-সদৃশ আদি পূর্বপুরুষরাও তাদের মতোই সামাজিক প্রাণী ছিল। তবে এটা আমাদের আলোচনায় খুব একটা গরে স্থেপ্রণ বিষয় নয়। একথা ঠিক যে বর্তমান সময়ের মানুষের মধ্যে তাদের আদি-পরেবুষের দারা অন্তিত বিশেষ বিশেষ সহজাত প্রবাহিগালের মধ্যে প্রায় সবকটি নণ্ট হয়ে কয়েকটি মার টিকে আছে। কিন্তু তাই বলে সে তার পাড়াপড়শীর জন্যে কিছু পরিমাণ সহজাত প্রবৃত্তিগত ভালোবাসা ও সহান,ভাতি বোধ করবে না, এটা কোন কাজের কথা নর । সাতা বলঙে কি, আমরা প্রত্যেকেই জানি, আমাদের

মধ্যে এরকম সহান,ভাতি বোধ ররেছে, কিন্তু আমাদের সচেতনতা দিয়ে আমরা বলতে পারি না যে এগলে নিন্দশ্রেণীর প্রাণীদের মতো একইরকম উপায়ে বহ দিন আগে স্টে কোন সহজাত প্রবৃত্তি, নাকি আমরা প্রত্যেকে আমাদের শৈশবে এগালি অর্জান করে থাকি। আবার মানুষ সামাজিক প্রাণী বলেই আমরা প্রায় নিশ্চিত করে বলতে পারি যে, উত্তরাধিকারসক্রেই সে তার সঙ্গী-সাথীদেঁর প্রতি বিশ্বসত হতে ও গোষ্ঠীর দলপতিকে মেনে চলতে শেখে। অধিকাংশ সমাজবন্ধ প্রাণীদের মধ্যেই এই গ্রুণগ্রাল দেখা যায়। এই গ্রুণের ফলে মানুষের মধ্যে কিছুটো আত্ম-সংখ্যের ক্ষমতাও থাকে। তাছাড়া, বংশগত প্রবৃত্তির বশেই সে তার অন্যান্য সঙ্গীদের সঙ্গে মিলে শত্রুর মোকাবিলা করতে উদ্যোগী হয় এবং তার সঙ্গীদের যে-কোন উপায়ে সাহাযা করতে তৈরী থাকে, যদি না—তাতে তার নিজের উন্নতি বা প্রবল ইচ্ছার ক্ষেত্রে তেমন কোন বড় রকমের হাঙ্গামা স্টি হয়। সমাজবন্ধ জীবদের মধ্যে যারা নীচের সারিতে রয়েছে তারা প্রায় প্রেরাপ্ররিভাবে আর উপরের সারিতে অবন্হিত জীবেরা অনেকটা পরিমাণে, বিশেষ সহজাত প্রবৃত্তির বশে নিজ নিজ সমাজের অন্যান্যদের সাহায্য করে থাকে। কিন্তু সেইসঙ্গেই তারা পারস্পরিক ভালোবাসা ও সহান্তভাতির দারাও পরিচালিত হয়, আর তার পাশাপাশি থাকে কিছুটা যুক্তি-বিবেচনা। যদিও একটা আগেই বলা হয়েছে যে মানুষের এমন কোন বিশেষ সহজাত প্রবাদ্ধি থাকে না যা তাকে তার প্রতিবেশীদের সাহায্য করার উপায় বাতলে দিতে পারে, তব্ এ-কথা অনুস্বীকার্য যে তার মধ্যে একটা আবেগ বা তাড়না কাজ করে থাকে এবং উন্নত বৌষ্পিক ক্ষমতা থাকার ফলে এ-ব্যাপারে সে তার যুক্তি ও অভিজ্ঞতার ঘারাই চালিত হয়। আবার, সহজাত প্রবৃত্তিগত সহানুভূতির ফলে সে তার সঙ্গী-সাথীদের মতামতকে বিশেষ মূল্যে দিয়ে থাকে। মিঃ বেইন স্পণ্ট করেই দেখিয়েছেন, প্রশংসা পাওয়ার আকাণ্যা, গোরব অর্জানের প্রবল ইচ্ছা এবং অবজ্ঞা ও অপষশ সম্বন্ধে নিদারুণ ভীতি—''সহানুভূতিই এ-সবের জম্মদাতা।'' ফলে, মানুষ তার সঙ্গী-সাথীদের ইচ্ছা, সম্মতি ও দোষারোপ দারাই সবচেয়ে বেশী প্রভাবিত হন্ধ যে ভাবগটোল ফুঠে ওঠে তাদের অঙ্গভঙ্গী ও কথার মধ্যে।

১। হিউদ্ বলেছেন (এ:, "আান, ইন,কোয়ারি কন্সানিং ভ প্রিলিপ,ল্ন অক্ মর্যাল্ন", ১৭০১, পূ: ১০২) "একটা কথা শীকার করা ধরকার বে, অপরের স্থুপে বা ছঃখে আমর। উদাসীন থাকতে পারি না, কিন্তু অক্তের আনন্দের বিবয়টি……আমাদের মনের ভিতরে খুনীর ঝরণা বইরে দের, আর তাদের ছঃখে……আমাদের করনার ক্লগতে এক বিবাদ কালো বাধা হরে দাঁড়ার।"

ভাই, অত্যত আদিম অবস্থায় থাকার সময়, এমনকি হয়তো সেই বানর-সদ্শ আদি প্রেপ্রের্বদের সময়েই অজিত সামাজিক প্রবৃত্তিগদ্ধি আজও মান্মকে সবচেয়ে ভালো কয়েকটি কাজ করার প্রেরণা যোগায়। তা সন্থেও তার কাজের অনেকটাই তার প্রতিবেশীদের ইচ্ছা ও মতামতের দ্বারা নির্ধারিত হয়, এবং দর্ভাগ্য বশত প্রায়শই তাতে তার নিজের স্বার্থপের ইচ্ছার থাবাও জাঁকিয়ে বসে। কিন্তু ভালোবাসা, সহান্ভিতিও ও আত্মসংযম অভ্যাসের ফলে শক্তিশালী হয়ে উঠলে এবং চিন্তা-ভাবনার ক্ষমতা আরো স্পণ্ট হয়ে উঠলে মান্ম তার সঙ্গী-সাথীদের মতামতকে সঠিকভাবে বিচার করতে পারে, এবং ক্ষণস্থায়ী কোন অ্থ-দ্বঃথের ব্যাপারে দ্বাড়া, সে তার আচার-আচরণের কিছ্ব নির্দিণ্ট রীতিও ঠিক করে নের। আর তথনি সে ঘোষণা করে—না, কোন বর্বর বা অশিক্ষিত মান্ধের পক্ষে এ-রকম ঘোষণা করা সম্ভব নয়—আমিই আমার আচার-আচরণের সবেচ্চি বিচারক, আর, কাণ্টের কথার বলতে গেলে বলা যায়, আমি নিজে থেকে কখনো মন্ধ্যত্বের অমর্যাণা করব না।

অপেক্ষাকৃত স্থায়ী সহজাত সামাজিক প্রবৃত্তিগুলি স্বরুষ্থায়ী প্রবৃত্তিকে বনীভূত করে: এখনো পর্যাণত আমরা মনুখ্য বিষয়টিতে এসে পে ছিছিনি, আমাদের বর্তামান দ্ভিকোণ অনুযায়ী যা নৈতিক বোধ সংক্লান্ত সমগ্র প্রানটির বনিয়াদ-স্বরূপ। কেন মানুষ কোন একটি সহজাত প্রবৃত্তির বদলে অপর একটি প্রবৃত্তিকে অনুসরণ করার দায়িত্ব অনুভব করে? আত্ম-রক্ষার নির্দারূণ তাড়নার কাছে নতিস্বীকার করে নিজের জীবন বিপন্ন করে প্রতিবেশীকে বাঁচাতে না গেলে মনে মনে সে দারূণ কণ্ট পায় কেন? কেনই বা সে খিদের জনালায় চুরি করে খেয়ে পরে অনুশোচনায় জজানিত হয়?

প্রথমেই দ্পণ্টভাবে বলা উচিত, মান্দের সহজাত প্রবৃত্তিগত আবেগ বা তাড়নার মধ্যে শন্তির নানা তারতম্য আছে। একজন অ-সভ্য মান্ম তার নিজ সম্প্রদায়ের সহজাত কোন একজনকে কাঁচাতে গিয়ে নিজের জীবনের ঝাঁকি পর্যাত নিতে পারে, কিন্তু অন্য কোন সম্প্রদায়ভাৱে অপরিচিত একজনের বিপদে তারা সম্পূর্ণ উদাসীন থাকে। আবার, অনভিজ্ঞা কোন ভীর্ম জননী নিজে শিশাকে বাঁচানোর জন্য মাতৃত্যনহের বশে ষে-কোন বিপদের মুখে ছুটে যান নিছিখায়, কিন্তু অন্য কোন শিশার বেলায় সেভাবে ছুটে যান না। তথাপি অনেক সভ্য লোক, এমনকি ছোট ছোট ছেলেরাও, যারা হয়তো আগে কখনো অন্যের জন্য নিজের জীবনের ঝাঁকি নেওয়ার অভিজ্ঞতা লাভ করেনি কিন্তু দার্শ সাহসী ও সহান্ভাতিশাল, তারাও অনেক সমর আত্মরক্ষার স্বাভাবিক প্রবণতাকে অগ্রাহ্য করে জলয়োতে হাব্ভুব্

খাওয়া কোন ব্যক্তিকে (সে অপরিচিত হলেও) ঝাপিয়ে পড়ে রক্ষা করে। একেটের মান্মও সেই একই সহজাত প্রবৃত্তির নারা চালিত হয়, যে প্রবৃত্তির নারা চালিত হয়, যে প্রবৃত্তির নারা চালিত হয়েই প্রেটিলেখিত খনুদে কিন্তু যথার্থ বার আমেরিকান বাঁদরটি তার প্রভূকে রক্ষা করার জন্য বৃহদাকার মারাত্মক বেবনুর্টিকে আক্রমণ করেছিল। এখানে উল্লিখিত এই ধরণের কাজগন্লি হচ্ছে অন্য যে-কোন সহজাত প্রবৃত্তি বা উদ্দেশ্যের তুলনায় সামাজিক বা মাতৃত্বলভ প্রবৃত্তির অধিক শক্তিমন্তারই ফল। কেননা এই সব কাজ করার জন্য কোনরকম চিন্তা-ভাবনার অবকাশ পাওয়া য়য় না কিন্তা ঠিক সেই মহেনুর্তে কোন আনন্দ বা দ্বংথের অন্তর্ভূতিও কাজ করে না। তবে কোন কারণে এ-সব কাজ বাধাপ্রাপ্ত হলে নির্দিন্ট প্রাণীটি দ্বংখ বা নৈরাশ্যাবাধ করে। অন্যাদকে, ভারনু প্রকৃতির লোকেদের মধ্যে আত্ম-রক্ষার প্রবণতা এত জ্যোরদার হতে পারে, বার দর্শ্বণ তারা এই ধরণের ঝাকি নিতে সাহস পায় না, এমনকি নিজের সম্তানের বিপদের সময়েও না।

জানি, কেউ কেউ বলবেন উপরোজ্লিখিত কাজগালি নিছকই আবেগতাড়িত, কাজেই এগালিকে নৈতিক বোধের আওতায় আনা যায় না এবং নীতিসম্মত বলে আখ্যাতও করা যায় না । বিরুশ্ধ ইচ্ছাকে দমন করার পর বা কোন মহং উদ্দেশ্য ঘারা চালিত হয়ে স্বেচ্ছাকৃতভাবে করা কাজের ক্ষেত্রেই শাধা তাঁরা এই অভিধাতিকে (নীতিসমত) প্রয়োগ করে থাকেন । কিম্কু এই ধরণের কোন পার্থ ক্যা-রেখা টানা প্রায় অসম্ভব । শাধা মহং উদ্দেশ্যের ব্যাপারে বলা যায়—অসভ্য মানা্রদের সম্পর্কে এমন বেশ কিছা দ্রুটামত পাওয়া গেছে, যেখানে দেখা গেছে যে মানবজাতির হিতাহিত সম্পর্কে কোন বোধ বা কোনরকম ধর্মীয় উদ্দেশ্য ছাড়াই, নিজেদের সাথীদের বাঁচানোর জন্য তারা স্বেচ্ছায় বন্দীদশা মেনে নিয়েছে, শাধারণা করে নি । তাদের এই আত্মত্যাগকে নৈতিক মালা দিতেই হবে । স্বেচ্ছাক্ত কাজ

১০। এখানে আমি 'বস্তুগত নৈতিকতা'র সঙ্গে 'প্রথাগত নীতিজ্ঞানে'র পার্থকোর কথাই বলেছি। অধ্যাপক হাল্পলিও এ-বিষয়ে আমার সঙ্গে একমত জেনে আমি থুবই খুশী হরেছি (নঃ, "ক্রিটিক্স অন্ত্রুত আ্যাড়েনেস্', ১৮৭৩, পৃঃ ২৮৭)। মিঃ লেস্লী ছিফেন বলেছেন (মঃ, "এসেজ অন্ ফ্রি থিলিং আড়ে প্লেন শিপকিং', ১৮৭৩, পৃঃ ৮০), "বস্তুগত ও প্রথাগত নৈতিকতার মধ্যেকার অধিবিশ্বক পার্থক্যের এই ধরণের অস্ত যে-কোন পার্থক্যের মতোই অবাস্তর।"

১১। এ-রক্স একটি ঘটনার কথা আমি জানি। নিজেদের সহযোদ্ধাদের যুদ্ধের পরিকল্পনার কথা শক্রর কাছে ফ'াস না করার জস্ম তিনজন পাটাগনিয়ান ইণ্ডিয়ানকে একের পর এক গুলিবিদ্ধ হয়ে প্রাণ দিতে হয়েছিল (.মঃ. "জার্ণাল অফ্ রিসার্চেন্", ১৮৪৫, পৃঃ ১০৩)।

· ও বিরুম্থ উন্দেশ্যকে দমন করা সম্বন্ধে বলা যায়—নিজেদের সন্তান কিন্বা সাথীদের বিপদের হাত থেকে উত্থার করার সময় জীবজত্ত্বা অনেক সময় দৃই বিপরীত প্রবৃত্তির দোলা-চলে পড়ে। তখন তাদের কাজকে (তা অন্যের কল্যাণের জন্য হলেও) নৈতিক বোধ সম্পন্ন বলা চলে না। উপরুত্ত, যে-সব কাজ আমরা হামেশাই করে থাকি, সেগালিকে শেষ পর্যাত আর চিম্তাভাবনা বা বিধার্থত নিয়ে করতে হয় না, আপনা-আপনিই হয়ে যায়। আর তখন সেগ,লিকে সহজাত প্রব: ভির থেকে আলাদা করা যায় না। কিল্ড তাসত্বেও বলা চলে না যে এই কাজগারিল আর নৈতিকবোধ সম্পন্ন নয়। বিপরীতপক্ষে, আমরা সকলেই ব্যুঝতে পারি যে কোন কাজকে যথাযথ বা মহত্তম উপায়ে সম্পাদিত বলে মনে করা যায় না, যদি তা আবেগতাড়িত না হয়, প্রচুর চিম্তা-ভাবনা বা প্রচেণ্টা ছাড়াই যদি তা করা না হয়—ঠিক যেমনভাবে কাজ করে থাকেন এই ধরণের সহজাত গালসম্পন্ম মানকো : কাউকে যদি কোন কাজ করার আগেই তার ভয়-ভীতি জয় করতে বা সহানুভ্তির অভাব মেটাতে বাধ্য করা হয়, তাহলে একদিক থেকে তার কাজ সহজাত গ্রণসম্পন্ন কোন ব্যক্তির স্বতোৎসারিত হাজার ভালো কাজের তুলনায় অনেক বেশি প্রশংসার যোগা । বিভিন্ন উদ্দেশ্যের মধ্যে ঠিকমতো পার্থকা করতে পারি না বলেই আমরা নৈতিকবোধ সম্পন্ন কোন মানুবের বিশেষ কিছু কাজকে নৈতিক কাজ হিসাবে চিহ্নিত করে থাকি।

নৈতিক বোধসম্পন্ন মান্য আমরা তাকেই বলি, যে তার অতীত ও ভবিষ্যতের কাজ বা উদ্দেশ্যের মধ্যে তুলনা করতে এবং সেগৃলের ভালো-মন্দ বিচার করতে সক্ষম। তাবলে ভাববার কোন কারণ নেই যে নিম্নশ্রেণীর কোন প্রাণীর মধ্যেও এই ক্ষমতা আছে, আর সেইজনোই যথন কোন সন্তরণপট্ট কুকুর (New foundland dog) জল থেকে কোন শিশ্বকে উন্ধার করে, কিন্বা যথন কোন বাদর তার সঙ্গীকে বাঁচাতে গিয়ে বিপদের মুখোমুখি হয় বা বাপ-মা হারা অন্য একটি বাদর-ছানার দায়িত্ব নিজের কাধে তুল্লে নেয়, তথন আমরা তাদের আচরণকে নৈতিকতামণ্ডিত বলে দাবী করতে পারি না। একমাত্র মানুষকেই নৈতিক সন্ধার মর্যাদা দেওয়া হয়, এবং তার বিশেষ একধরণের কাজকে নীতিসম্মত কাজ বলা হয়—তা সেই কাজ ভাবনা-চিন্তা করে করা হোক, বিরুদ্ধ উদ্দেশ্যর সঙ্গে লড়াই করার পর স্বেচ্ছাকৃত ভাবে সম্পাদিত হোক বা সহজাত প্রবণতার ফলে আবেগতাড়িত হয়ে বা ধীরে ধীরে আয়ন্তর্যধীন অভ্যাসের ফল থেকে, যে-ভাবেই হোক না কেন।

ষাইহোক, আমরা বরং আমাদের বর্ত মান আলোচনায় ফিরে আসি । সম্পেহ নেই বে কমেকটি সহজাত প্রবৃত্তি অন্যগ্ন লির তুলনায় শক্তিশালী, এবং সেগ্নলির প্রভাবে বথোচিত কাজও সম্পাদিত হয়। তব্ এ-কথাটা মেনে নেওয়া ম্কিল যে মান্যেক সহজাত সামাজিক প্রবৃত্তিগর্নি (স্থনামপ্রীতি ও দ্বর্নামভীতিসহ) আত্মকলা, ক্ষ্ধা, যৌন কামনা, প্রতিশোধস্প্হা প্রভৃতি সহজাত প্রবণতার চেয়ে বেশী শক্তিশালী কিন্বা দীর্ঘ অভ্যাসের ফলে শক্তিশালী হয়ে উঠেছে। তাহলে কেনই বা মান্য কোন: একটি প্রবৃত্তির বদলে অন্য একটি প্রবৃত্তিমাফিক কাজ করার জন্য অনুশোচনা করে—এমনকি এরকম অনুশোচনার কবল থেকে নিক্ষতি পাওয়ার চেন্টা করেও সে সফল হয় না ? আবার কেনই বা তার মনে হয় যে নিজের কাজের জন্য পরে তাকে অনুশোচনা করতে হবে ? আসলে এখানেই মানুষের সঙ্গে নিন্নপ্রণীর প্রাণীদের বিপত্নল পার্থক্য রয়ে গেছে। তব্ও চেন্টা করলে আমরা হয়তো এই পার্থক্যের কারণ কিছন্টা অনুধাবন করতে পারি।

মানুষের মধ্যে মানসিক বিষয়গালি কাজ করার দর্শ সে কিছ্বতেই চিম্তা-ভাবনাকে এড়িয়ে যেতে পারে না। অতীতের নানান ঘটনা ও ছবি অবিব্রাম তার মনের ভিতর আসা-যাওয়া করে। যে সব প্রাণী সর্বদা দলবন্ধভাবে থাকে, তাদের মধ্যে সহজাত সামাজিক প্রবৃত্তিও সর্বদাই বিদ্যমান থাকে। এইসব প্রাণীরা অভ্যাস বশে বিপদ-সংকেত জানাতে বা নিজ সম্প্রদায়কে রক্ষা করতে কিম্বা সঙ্গী-সাথীদের সাহায্য করতে সর্বদাই প্রস্তৃত থাকে। সঙ্গী-সাথীদের জন্যে কিছুটো ভালোবাসা বা সহান,ভূতির বোধ তাদের মধ্যে থাকেই, আর তার জনা वि**শেষ কোন আবেগ বা ইচ্ছার প্রয়োজন হ**য় না। দীর্ঘ বন্ধ**্**বিচ্ছেদ তাদের মনমরা করে রাখে, আবার প**ুন্মিলন আনন্দের জো**য়ার আনে। মানুষের ক্ষেত্রেও ব্যাপারটা একইরকম। এমনকি সম্পূর্ণে একা থাকার সময়ও আমরা আনন্দ বা দ্বংখের সঙ্গে প্রায়শই ভাবি—অন্যেরা আমাদের সম্পর্কে কী ভাবছে, কম্পনা করি তারা কিসে সম্মত, কিসে অসম্মত। এ-সব কিছুরুই উৎস *হছে* সহান, ভ,তি, যা যাবতীয় সামাজিক প্রবৃত্তির একটি মৌলিক উপাদান। তাই যে ব্যক্তির মধ্যে এই ধরণের কোন সহজাত প্রবৃত্তি নেই, তাকে এক অস্বাভাবিক मानव **ছाড़ा आद्र की-रें** वा वला याद्य ! অन्যामितक, श्रिटम वा প্রতিহিংসার মত কোন কোন প্রবৃত্তির চরিত্রটা অস্হায়ী ধরণের, এবং কিছ্কুকণ বা কিছ্দিনের জন্য এগন্নিকে প্ররোপ্রীর মেটানোও যায়। খিদের মতো কোন অন্ভর্তিকে পরে र्तर, मत्न क्या (मार्टरे मरक नय़, वा वला याय़, श्राय जमण्डव। कान प्रःथ-কণ্টের অনুভূতিকেও হুবহু মনে করা দুক্র—এ-কথা আমরা আগেই বলেছি। আবার, বিপদ দোরগোড়াতে এসে না পড়লে আত্মরক্ষার প্রবৃত্তিও खारा पढ़े ना । यात्र ठारे यत्नक **छीत्र श्रृक**ित लाक निर्मापत मारुमी वला

দাবী করলেও, তার সত্য-মিখ্যা ষাচাই হয়তখনই যখন শত্রুর মোকাবিলা করার প্রশন ওঠে। অপরের সম্পত্তি গ্রাস করার আকাঙখাও অন্যান্য অনেক আকাঙখার মতোই এক দ্বনিবার আকাঙখা। কিন্তু তাহলেও, সত্যি সাত্যি অন্য কারোর সম্পত্তি দখল করার মধ্যে যে পরিত্তিও, তা অন্যের সম্পত্তি দখলের আকাঙখার চেয়ে দ্বর্বল একটি অন্ভর্তি। অনেক চোর (স্বভাব-চোরদের কথা আলাদা) চুরি করার পর ভাবে —তাইতো, চুরিটা আমি কেন করলাম ? ১২

মান্ব ইচ্ছে করলেই তার মনের ভিতর অতীত ঘটনার নিরশ্তর আসা-ষাওয়া বংশ করতে পারে না। ফলে সে অতীতের খিদে পাওয়া, প্রতিহিংসা চরিতার্থ করণ বা বিপদের মুখে অন্যকে ঠেলে দিয়ে নিজে রক্ষা পাওয়ার ঘটনাকে বিচার করে দেখতে বাধ্য হয়। আর তখন তার মধ্যে জেগে ওঠে সেই প্রায়-সর্বদা বিদামান সহান্ত্তি এবং প্রশংসাযোগ্য বা নিন্দায়োগ্য কাজ সন্বশ্যে অন্যদের কী ধারণা—সে সংক্রান্ত পূর্ব লেখ জ্ঞান। অভিজ্ঞতালম্ব এই জ্ঞান তার মন থেকে মুছে যায় না এবং প্রবৃত্তিগত সহান্ত্ত্তির দর্ণ এই জ্ঞানকে মান্ধ দার্ণ গ্রহ্মপূর্ণ বলেও মনে করে। ফলে সে তখন মনে করে, হয়তো

১২। বিশ্বেষ বা ঘূণা একটি দীর্ঘস্থায়ী অন্মুভূতি, সম্ভবত অন্য যে-কোন অন্মুভূতির চেরেই দীর্ঘস্তায়ী। অন্য কেউ চরম উৎকর্ষতার পরিচয় দিলে বা পর পর সাফল্য লাভ করলে তার প্রতি যে বিদ্বেষ জন্মার অন্যদের—তাই ২চ্ছে পরশ্রীকাতরতা। বেকন জোরের সঙ্গে বলেছেন (স্তঃ, প্রবন্ধাবলী; সম থণ্ড), "সমস্ত আদস্তির মধ্যে পরশীকাতরতাই হচেছ সবচেয়ে নাছোড়বান্দা; স্থার তা ক্রমাগত বাড়তেই থাকে।'' অপরিচিত লোকস্কন বা অপরিচিত সুকুরের এতি সাধারণত কুকুরদের ঘৃণা খুব প্রবল হয়, বিশেষ করে অপরিচিতের দল যদি তাদের পরিবার; উপজাতি বা গোষ্টাভুক্ত না হয়েও কাছাকাছি কোৰাও আন্তানা গাড়ে। তাহলে দেখা বাচ্ছে এই অমুভূতিটা একান্তই সহজাত এবং অত্যন্ত দীর্ঘন্নীও বটে। সত্যিকারের সহজাত দামাজিক প্রবৃত্তির পরিপুরক বা বিপরীত হচ্ছে এই অনুভূতি। অ-সভ্য লোকজন সম্পর্কে আমর। যা জ্ঞানি তা থেকে বলা যায় যে; তাদের মধ্যেও এই ধরণের অনুভূতি কাজ করে। **আ**র তা-ই যদি হয়, তাহলে যে-কোন- লোক তার নিজের গোষ্ঠীভূক্ত কারুর সম্বন্ধেও এই ধরণের অনুভূতি পোষণ করতে পাবে; যদি সেই লোকটি তার কোন ক্ষতি করে এবং শত্রুতে পরিণত হরে থাকে। আবার, শক্রকে আঘাত করার জন্য তাদেরকে আদিম বিবেকবোণের ভাড়না অমুভুব করতে হবে—এটাও সম্ভব নয়। শক্রর ওপর প্রতিশোধ না নিলেই বরং তাকে বিবেকের দংশনে ভূগতে হর। লোকে তোমার খারাপ চাইছে। বেশতো, তুমি তাদের ভালো কর, বা শত্রুকেও ভালোবাসতে শেখো—নিঃসন্দেহে এ-সব নৈতিকতার অনেক উচ্চন্তরের গুণ। কিন্ত আমাদের সহজাত সামাজিক প্রবৃত্তিথাল নিজে থেকে আমাদের সেই স্তরে উল্লীত করতে পারে কিনা, তাতে সন্দেহের অবকাশ আছে। এ-ধরণের কোন মূল্যবান নীতির কথা ভাষা বা মেনে চলার আগে যুক্তি, নির্দেশ এবং ঈশরঞীতি বা ঈশরভীতির সাহায্যে অত্যন্ত উন্নত ও করে তুলতে হবে এইসৰ প্ৰবৃদ্ধিকে এবং সহাস্কৃতিকে; একবোগে !

স. শ্রাতিক কোন প্রবৃত্তি বা অভ্যাসের অন্সরণ করতে গিয়েই তাকে নিরাশ হতে হলো। সমসত প্রাণীদের মধ্যেই এই ব্যাপারটি অসমেতায়, এমনকি দৃঃখ-কণ্টও সৃতি করে।

সাধারণত যে প্রবৃত্তিটি অন্য প্রবৃত্তিগঢ়ালিকে দমিয়ে রাখে, তাকে হঠিয়ে অন্য कान न्यलभ्यासी वर्षक स्मर्थ-मार्ड-भार्डिभानी ध्याचि किछाय माथा छाल-তার দ:শ্টাম্ত হিসেবে পরেণিক্রাথত সোয়ালো পাখিদের ঘটনাটিকে গ্রহণ করা যায় (অবশ্য দু-টাতটা একটা উল্টো ধরণেরই হবে)। নির্দিন্ট একটি ঋতুতে এই পা**খিরা দেশা**ণ্ডরে **উ**ডে যাবার ইচ্ছাতেই সারাদিন বর্ণ হয়ে থাকে। তা**দের** ্ভ্যাসের পরিবর্তন ঘটে, চণ্ডল হয়ে চে চার্মেচি জ্বড়ে দেয় এবং দলে দলে এক জায়গায় জড়ো হয়। অবশা পক্ষ-িমা যখন তার শাবকদের খাওয়ায় কিশ্বা তাদেরকে ভানা দিয়ে ঢেকে রাখে, তখন মাত দেনহের কাছে দেশান্তরে উভে যাবার প্রবৃত্তি সম্ভবত হার মানে। কিম্তু যে প্রবৃত্তিটি দীর্ঘসময় ধরে টিকে থাকে, জয় হয় তার**ই।** াই, তার সম্তানেরা চোখের আড়াল হওয়া মাত্রই সে তাদের ফেলে রেখে উড়ে যায়। দীর্ঘ পথ অতিক্রমণের পর সে তার গণ্ডব্যে পেণীছোয় এবং এই যাযাবর প্রব্যক্তির নিব**্রতি ঘটে। পাখিদের মানসিক ক্ষমতা যদি খ**ুব উন্নত ধরণের হতো, তাহ**লে** ার মনের মধ্যে অতাতের স্মাতি ভেসে উঠত অণুক্ষণ—পাথিহান সেই উত্তর ভ্রতে খিদে আর ঠান্ডায় মৃত্যুর কোলে চলে পড়ছে তার সম্তানরা ! মনের এই ক্ষমতা থাকলে গশ্তব্যে পে'ছোনোর পর এক অশ্তহীন যদ্যনায়, অনুশোচনায়, দক্ষ হতো যাযাবর পাখিরা।

ব জ করার সময় মানুষ তার জোরালো আবেগের বশেই তৎপর হয়ে ওঠে। এইরকম জোরালো আবেগের বশে সে মাঝে-মধ্যে ভালো কাজ করলেও, সাধারণত কিতৃত্ব সে এ-রকম আবেশের ধাকায় অন্যের ক্ষতি করেই নিজের আকাভথা চরিতার্থ করে থ কে। অবশ্য পরে যখন অতীতের ঝাপসা-হয়ে-আসা এই স্মৃতিকে সে বিচার বরতে বসে তার চিরস্হায়ী সামাজিক প্রবৃত্তির আলোয়, প্রতিবেশীদের শৃত্তু মতামতের প্রতি তার শ্রুখার আলোয়—তখন তার মধ্যে জেগে ওঠে বিপরীত ভাব। কৃতকার্ষের জন্যে সে তখন অনুশোচনা করে, পাপ করেছে ভেবে পরিতাপ করে, দ্ঃখিত, লক্ষিত হয়ী তবে শেষের এই বোধটি (লক্ষিত হওয়া) মলেত অন্যদের মতামতের ওপরেই নির্ভার করে। এর ফলে সে কম-বেশী দ্ভতা সহকারে সিম্বান্ত নেয়—না, ভবিষ্যতে আর এরকম কাজ করব না। এই হচ্ছে বিবেকবেশ্ব। কারণ বিবেকবাধ মানুষকে পিছনে ফিরে দেখতে বাধ্য করে এবং ভবিষ্যতের পথ নির্দেশক হিসাবে কাজ করে।

যে সমর্গত অনুভাতিকে আমরা দুঃখ, লজা, পরিতাপ বা অনুশোচনা বলে থাকি, সেগর্নালর প্রকৃতি ও শক্তি শৃংধুমাত্র যে সহজাত প্রবৃত্তিটিকে লণ্ডন করে—তার উপরেই নির্ভার করে না, কিছুটো নির্ভার করে প্ররোচনার শক্তির উপরে এবং সাধারণত বেশি বেশি ভাবে আমাদের প্রতিবেশীদের মতামতের উপরে। কোন একজন ব্যান্ত অপরের উপলন্ধিকে কতথানি গরে,ত্ব দেবে, তা নির্ভার করে তার সহজাত বা অজিত সহান,ভ,তি বোধের উপর এবং নিজের কাজের ভবিষ্যত ফলাফল বিচার করার ক্ষমতার উপর । আরো একটি উপাদান অত্যন্ত গরেরত্বপর্নে (যদিও তেমন আবশ্যকীয় নয়)—ঈশ্বর বা অজানাশন্তি সন্বশ্বে ভয় বা ভত্তি। মলেত এই ভয় বা ভব্তি থেকেই অনুশোচনার জন্ম। কয়েকজন সমালোচক আপত্তি তুলে বলেছেন, এই পরিচ্ছেদে উত্থাপিত দৃণিউভঙ্গীর সাহায্যে ছোটখাট দৃঃখ বা পরিতাপের ব্যাখ্যা क्ता रंगत्नु , इन्तर-रंगलभाए-कता अनुस्भातना र्वाथरक এ-निरंश वाग्या कता यात्र না। কিন্দু এই আপত্তি খুব জোরদার নয়। কেননা, আমার সমালোচক বন্ধরো ঠিকমতো বলতে পারেননি যে অনুশোচনা বলতে তারা কী বোঝাতে চাইছেন। আমি নিজেও অনুশোচনা বলতে একটা প্রচণ্ড পরিতাপবোধ ছাড়া আর কোন সংজ্ঞা দাঁড় করাতে পারিনি। ক্রেমের সঙ্গে রাগের, কিম্বা ব্যথার সঙ্গে যন্ত্রণার যে সম্পর্ক, অনুশোচনার সঙ্গে পরিতাপেরও সম্ভবত সেই একই সম্পর্ক। এটা মোটেই আশ্চর্য নয় যে মাত,দেনহের মতো অত্যন্ত শক্তিশালী ও মর্যাদাময় কোন প্রবৃত্তিকে অঙ্বীকার করা হলে নিদার্শ যম্প্রণার উদ্রেক হয় এবং সেইসঙ্গেই অতীতে এই প্রবৃত্তিকে অমানা করার কারণ সংক্রাম্ত স্মৃতিও দূর্ব ল হয়ে পড়ে। এমনকি যখন কোন কাজ বিশেষ কোন সহজাত প্রবৃত্তির বিরোধিতা করে না, তথনও যদি আমরা জানতে পারি যে ঐ কাজটি করার জন্য বন্ধু-বান্ধ্বরা আমাদের ঘূণা করছে, তাহলে সেট্রকুই আমাদের মধ্যে জাগিয়ে তোলে এক গভীর দ্ব:খবোধ । ভয় পেয়ে ছন্দরেশ্বর (Duel) এড়িয়ে যাওয়ার পর বহুজনই লক্ষায় জর্জ বিত হয়েছে—এ কি আর বলার অপেকা রাখে? শোনা যায়, হিন্দু ধর্মাবলন্বীদের মধ্যে অনেকেই অস্প্রশাদের ছোঁয়া খাবার খাওয়ার পর মরমে মরে থাকেন। এখানে আর একটি ঘটনার কথা বলছি, যাকে অনুশোচনাবোধ ছাড়া আর কিছু বলা বায় না। ডঃ ল্যান্ডর যখন পশ্চিম অস্ট্রেলিয়ায় বিচারকের দায়িত্বে ছিলেন, তখন তাঁর খামারের কাজে নিযুক্ত একজন আদিবাসীর একটি স্থী অস্ত্রথে ভূগে মারা যায়। লোকটি তথন ল্যান্ডরের কাছে এসে বলে যে, "সে একটি দরেবর্তা গোষ্ঠীর কোন একজন স্ফীলোককে বর্ণা বি ধিয়ে হত্যা করতে যাচ্ছে কেননা তবেই সে তার নিজের স্থার প্রতি শেষ কর্তব্য পালন করতে পারবে একং

নিজেও শান্তি পাবে। আমি তাকে সাবধান করে বললাম, এমন কাজ করলে তাক্তে আমি যাবজ্জীবন কারাদত্তে দণ্ডিত করব। মাস কয়েক সে আগের মতোই খামারে পড়ে রইল, কিম্পু ক্রমশ রোগা হতে শুরু করল। শেষে একদিন বলল যে সে কিছত্রতেই স্থির হতে পারছে না. খাওয়া-দাওয়া করতে পারছে না : তার স্থাীর আত্মা তাকে সবসময় তাড়া করে বেড়াচ্ছে, কারণ মূতা স্ত্রীকে খুশি কররে জন্য সে তখনও পর্যাত অন্য একটি প্রাণহানি ঘটাতে পারে নি। এ-কথার কী জবাব দেব বুৰতে না পেরে আমি শুধু তাকে বললাম যে এমন কাজ করলে কোন কিছুই তাকে রক্ষা করতে পারবে না।" অতঃপর লোকটি বছরখানেকের জনা উধাও হলো। তারপর একসময় ফিরে এল বেশ খোজমেজাজী হয়ে! ব্যাপারটা কী খোঁজ করতে লোকটির অপর একজন দটী ডঃ ল্যান্ডরকে জানায় যে তার স্বামী দরেবর্তী একটি গোষ্ঠীর জনৈকা স্বীলোককে খনে করে ফিরেছে। কিল্টু আইনমতে কোন সাক্ষ্য পাওয়া না যাওয়ায় তাকে আদালতে অভিযুক্ত করা যায় নি। এভাবে কোন আইনকে লঙ্ঘন করা, যাকে আদিবাসীরা পবিত্র কর্তব্য বলে মনে করে, তা তাদের মধ্যে এক গভীরতম অনুভূতির জন্ম দেয়, এবং এই অনুভূতি সামাজিক প্রবৃত্তির থেকে একেবারেই আলাদা, অবশ্য সেই আইনটি গোষ্ঠীর মতামতের ভিত্তিতে রচিত হলে আলাদা কথা। সারা পূথিবী জুড়ে এতসব বিচিত্র কুসংস্কার কিভাবে সূষ্টি হল, তা আমরা জানি না, যেমন জানি না নিকট সম্পকীয় স্ত্রী-পরে, ধের মধ্যে অবৈধ সংগম বা न्यकनस्मिट्रानंत मरा প্রকৃতই মারাত্মক কিছু অপরাধকে একেবারে নিশ্নশ্রেণীর বন্যদশার মানুষরাও কিভাবে ঘুণাভরে পরিহার করতে শিখল (অবশ্য সমস্ত বন্যরাই যে এ-সব পরিহার করে, তা নয়)। এমনকি কোন কোন গোষ্ঠীর মধ্যে অনাত্মীয় অথচ একই পদবীবিশিষ্ট দক্তন স্ত্রী-পরেকের মধ্যেকার বৈবাহিক সম্পর্কের চেয়েও বেশি ভয়ের কারণ হিসেবে স্বজনমেহনকে দেখা হতো কিনা, তা নিয়েও যথেণ্ট সন্দেহের অবকাশ আছে। "এই নিয়ম লঙ্ঘন করলে (একই পদবীবিশিষ্ট দূজন স্ত্রী-পরেষের মধ্যে বৈবাহিক সম্পর্ক) যে পাপ হয়, অস্ট্রেলিয়ানরা তাকে অত্যশত ঘূণার চোখে দেখত। উত্তর আর্মেরিকার কয়েকটি গোষ্ঠীর মধ্যেও এরকম ঘূণার স্বীকৃতি মেলে। এই দুই অঞ্চলের কোন লোক র্যাদ জিজেন করা হয় যে ভিন্ন গোষ্ঠীর কোন মেয়েকে খুন করা আর স্বজাতির একটি মেয়েকে বিয়ে করা—এই দুয়ের মধ্যে কোনটি তার কাম্য, তাহলে সে কোন-রকম ইতঃস্তত না করে আমানের মনোভাবের ঠিক উন্দৌ জবাবটাই দেবে।'' তাহলে, সম্প্রতি কিছু লেখকের জার গলায় বলা মতবাদটিকে আমরা বাতিল বলে ধরে নিতে পারি। তারা বলেছিলেন, স্বজনমেহনের প্রতি তার ঘ্ণার কারণ হচ্ছে

আমাদের মধ্যে ঈশ্বর-প্রদন্ত বিবেক নামক বিশেষ বস্ত্তটির অধিষ্ঠান । মোটের উপর বোকা যাছে, সহান্তিতির মতো এত শক্তিশালী একটি ভাবপ্রবর্ণতার ছারা চালিত হলে (যদিও তা উপরোক্তভাবেই গড়ে ওঠে) মান্ত্র এমনভাবে কাজ করে, যাকে সে প্রায়শ্চিত বলে ভাবতে শিখেছে । যেমন, নিজেকে সে তখন আইনের হাতে তুলে দের ।

বিবেকের প্রেরণায় মান্য দীর্ঘ অভ্যানের সাহায্যে এমন এক আত্ম-সংযম অর্জন করে যে একসময় তার আকাঙ্খা ও আবেগা বিনা ছম্ছে আত্মসমর্পণ করে তার সামাজিক সহান;ভূতি ও প্রবৃত্তির কাছে, আর প্রতিবেশীদের মতামত সম্বশ্যে তার অন্ভ্তির কাছে। সেইজন্যে অত্যন্ত ক্ষুধার্ত হয়েও অনেক মানুষ খাবার চুরি করবার কথা ভাবে না বা তীব্র প্রতিহিংসাপরায়ণতা থাকা সম্বেও তাকে বাস্তবে রূপ দিতে পারে না। সম্ভবত আত্ম-সংখ্যমের অভ্যাস আর সকল অভ্যাসের মতোই বংশগত : পরে আমরা দেখব যে তা সম্ভবও বটে। অবশেষে মান্ত্রর তার অজিতি ও খুব সম্ভব বংশগত অভ্যাসের সাহায্যে বুঝতে পারে যে অধিক দ্হায়ী আবেগকে মেনে চলাই বৃশ্বিমানের কাজ। 'উচিত' নামক কত্র'তবব্যঞ্জক শব্দটি কেবলমাত্র আচরণের নিয়ম মেনে চলার জন্য ব্যক্তির সচেতনতাকেই বোঝায়, তা সে নিয়মের স্বাণ্টি ষেভাবেই হয়ে থাক না কেন। আগে তো হামেশাই প্রচণ্ড জোরের সঙ্গে বলা হতো যে অপমানিত ব্যক্তি মাত্ৰেরই দশ্বযুদ্ধে অবতীর্ণ হওয়া 'উচিত'। এমনকি আমরা এ-ও বলে থাকি যে শিকারী কুকুরের শিকার খোঁজা 'উচিত' এবং উম্থার-কারী কুকুরের 'উচিত' ভূপাতিত শিকারকে তুলে আনা। আর তা করতে না পারলে वना रस जाता कर्जना भानत्न नाथ रसाह धनः जनजात काज करतह । কোন একটি কাজ করবার ইচ্ছা বা প্রবৃত্তি যদি অপরের ভালো না করে ক্ষতি করে, এবং সেই কাজের স্মৃতি রোমস্থনের সময় তা সহজাত সামাজিক প্রবৃত্তির সমান বা তার চেয়েও বেশী শক্তিশালী রূপে নেয়, তাহলে কাজটি করার জন্য মানুষটির মনে তেমন কোন গভীর দঃখের উদ্রেক হয় না। কিম্তু সে এ-ব্যাপারে সচেতন হয়ে ওঠে যে প্রতিবেশীরা তার কাজের কথা জানতে পারলে মোটেই তাকে -সমর্থন করত না। এ-ধরণের ঘটনার পরেও কোন অস্বস্থিতবাধ করে না, এমন সহান,ভ,তিহীন মান, ধ খ্ব কমই দেখা যায়। আর সত্যিই যদি কার,র মধ্যে সহান,ভূতি না থাকে এবং তার মন্দ কাজ করার ইচ্ছা জোরালো হয়, আর এইসব কাজের কথা মনে করার সময় যদি স্থায়ী সামাজিক প্রবৃত্তি ও অন্যদের মতামত তাকে দঃশ্চিতাগ্রন্থত করে না তোলে—তাহলে সে অবশ্যই একজন খারাপ প্রকৃতিরঃ

লোক। ১০ তখন তার মধ্যে আত্ম-সংযমের যে একমান্ত প্রবণতাটি দেখা যার, অ হচ্ছে দ্রেফ শাস্তি পাওয়ার ভয়। আর সেইসঙ্গে থাকে একটা বিশ্বাস যে, নিজের চেয়ে অপরের ভালো গাণুকে শ্রুখা জানানোটাই ভবিষ্যতে তার ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার পক্ষে অনুকলে হবে।

ম্পর্ণতই প্রত্যেক ব্যক্তি বিশেষ কিছা না ভেবে সহজ সরল মনেই নিজে ইচ্ছা পরেণ করে থাকে, অবশ্য যদি না সেইসব ব্যক্তিগত ইচ্ছা তার সহজাত সামাজিক প্রবৃত্তিতে হস্তক্ষেপ করে, অর্থাৎ যদি না অপরের মঙ্গল সাধনে কোন ব্যাঘাত ঘটায়। কিম্<u>ড</u> আত্ম-ভর্ণসনা বা নিদেনপক্ষে দুক্তিতা থেকে সম্পূর্ণ রেহাই পাবার জন্য সে তার প্রতিবেশ দের সম্মতি নেই এরকম কোন কাজ (তা সে অসম্মতি যুক্তিসঙ্গত হোক বা না-ই হোক) এডিয়ে যাবার চেণ্টা করে। নিজের দৈনন্দিন অভ্যাসগর্নালও তাকে পরিহার করতে হয় না, বিশেষ করে সেগুলি যদি যুদ্ভিযুক্ত হয়, তাহলে তো একেবারেই নয়। কারণ তা করতে গেলে সে নিশ্চিতভাবেই অস কণ্টির শিকার হবে। একইভাবে সে তার জ্ঞানমতে বা অন্থ ধারণার বশে যে ঈশ্বর বা বহ:-ঈশ্বরে বিশ্বাস করে, তার বা তাদের প্রত্যাখ্যান থেকেও নিজেকে বাঁচিয়ে চলার চেণ্টা করে। অবশ্য এর সঙ্গে প্রায়শই ঈশ্বরদত্ত শাস্তির ভয়ও তার মনের মধ্যে কাজ করে চলে। প্রথমে প্রকৃত সামাজিক নীতিজ্ঞান সমূহকেই মালু করা হতোঃ নৈতিক বোধের উৎস ও প্রকৃতি সম্পর্কে উপরে যে দু: ফিল্ফীটির কথা বলা হল, তা আমাদের বলে দেয়-কী করা উচিত। এবং বিবেকবোধ সম্পর্কে যে দুর্গিউভঙ্গীর কথা। বলা হল, তা আমাদের ভর্ণসনা করে অনুচিত কাজ করলে। এইদ_্ণিটভঙ্গীগ**্রলির সঙ্গে** মান,ষের মধ্যে এই গা্রণটির প্রারশিভক ও অন,মত অবস্হার যথেণ্ট মিল রয়েছে। বর্ব র অবস্হায় একসঙ্গে মিলে-মিশে থাকবার জন্য মান মের মধ্যে অন্তত সাধারণভাবেও যে গ্রেণগ্রাল থাকার দরকার ছিল, আজও সেগ্রালকেই মান্রধের সবথেকে প্রয়োজনীয় গুণাবলী বলে মনে করা হয়। কিল্তু এগুলি প্রায় পুরোপ্রবিভাবে কেবলমাত্ত একই গোষ্ঠীর লোকজনের মধ্যেই সীমাবন্ধ রয়ে গেছে। অন্য গোষ্ঠীর লোকজনের সঙ্গে একেবারে বিরম্প আচরণ করলেও তাকে কোন অপরাধ বলে গণ্য করা হয় না। খুন, লুঠতব্রাজ, প্রতারণা প্রভূতি ঘটনা একেবারে যথেচ্ছ হয়ে উঠলে কোন গোষ্ঠীই মিলে-মিশে বাস করতে পারত না। তাই কে**উ** তার নিজের গোষ্ঠীর

১৩। ডঃ প্রস্পার ডেস্পাইন তার "সাইকোলন্ধি স্থাচারেল", (১৮৯৮) গ্রন্থে (থও ১, পৃঃ ২৪৩; ধও ২, পৃঃ ১৯৯) বেশ কিছু জ্মন্ত অপরাধীর ঘটনা বিবৃত করেছেন, যাদের মধ্যে আপাতভাবে ংকোনরকম বিবেকবোধই নেই।

মধ্যে এই ধরণের অপরাধ ঘটালে সে "আজীবন অপষশের ছাপষ্টের হয়",কিন্তু অন্য গোষ্ঠीর মধ্যে এসব ঘটনা ঘটালে অপষ্শের প্রশ্ন আদৌ ওঠে না। উত্তর আমেরিকার কোন ইণ্ডিয়ান যদি ভিন্ন কোন গোষ্ঠীর কারো মাথার খালি উপড়ে নিয়ে আসতে পারে, তাহলে সে নিজে যেমন সম্জণ্ট হয়, তেমনি গোণ্ঠীর অন্যেরাও তাকে অভিনন্দন জানায়। শুখু তাই নয়, ডিয়াকুরা অনেকসময় অকারণেই কোন নিরীহ মানুষের মাথা কেটে আনে, তারপর জয়ের স্মারক হিসেবে সেটাকে যত্ন করে শ্বিকমে রাখে। শিশ্বহত্যা তো সারা প্রথিবী জ্বড়ে ব্যাপকভাবেই চাল্ব আছে, ১৪ কিম্পু তার জন্য হত্যাকারীদের <mark>কোন সমালোচনার মূখে পড়তে হ</mark>য় না। বরং বিভিন্ন গোষ্ঠীর মধ্যে শিশা হত্যা, বিশেষ করে মেয়ে-শিশা হত্যাকে মঙ্গলজনক বলে মনে করা হয়, বা এই হত্যাকে কোন ক্ষতিকর কাজ বলে অন্তত মনে করা হয় না। আগেকার দিনে আত্মহত্যাকে সাধারণত কোন অপরাধ বলে মনে করা হতো না. ১৫ বরং সাহসের নিদর্শন হিসেবে কাজটাকে সম্মানজনক কাজ বলেই বিবেচনা করা হতো। এখনও পর্য'নত কিছু, অর্ধ'-সভ্য ও বন্য জাতির মধ্যে আত্মহত্যার জন্য কোনরকম ভর্ণসনা করা হয় না, কারণ কোন ব্যক্তি আত্মহত্যা করলে গোষ্ঠীর অন্যদের বিশেষ কোন ক্ষতি হয় না। জানা যায় যে, ভারতবর্ষের ঠগীরা তাদের বাপকাকাদের মতো অগ্যুণতি লুটেতরাজ বা পথচারীদের নিণ্ঠারভাবে শ্বাসরোধ করে হত্যা করতে না পারলে অত্যন্ত অনুশোচনা করে থাকে। সত্যি বলতে কি. সভ্যতার আদি অবস্হায় অপরিচিতের জিনিসপত্র কেড়ে নেওয়াটাকে সন্মানজনক কাজ বলেই মনে করা হতো।

প্রাচীনকালে ক্রীতদাসপ্রথার কিছ্ম উপকারী ভূমিকা থাকলেও, আসলে এটা একটা মারাত্মক অপরাধ। তথাপি, এই সেদিন পর্যাত এমনকি অত্যাত স্থসভা জাতিগ্রনিও এই প্রথাকে কোন অপরাধ বলে মনে করত না। আর তার

১৪। এ বিষয়ে সবথেকে পূর্ণাঙ্গ জালোচনা দেখেছি ডঃ গারল্যাণ্ড-এর "Ueber dan Aussterben der Natarviolker' (১৮৬৮) শীর্ষক রচনার। শিশুহত্যা সম্বন্ধে পরবৃতী কোন পরিচ্ছেদে আমি আবার আলোচনা করব।

১৫। আত্মহত্যা প্রসঙ্গে লেকি-র "হিন্ত্রি অফ্ ইউরোপীয়ান মর্যাল্ন্" গ্রন্থের থও-১, ১৮৬৯, পৃ: ২২৩-এর চিন্তাকর্বক আলোচনা দ্রন্থীয়। মি: উইনউভ রিয়াদ বক্তদের ব্যাপারে আমাকে জানিয়েছেন, পশ্চিম আফ্রিকার নিগ্রোরা হামেশাই আত্মহত্যা করে থাকে। এটা হ্বিদিত যে স্পোন কর্তৃক বিজিত হওয়ার পর দক্ষিণ আমেরিকার হতভাগ্য আদিবাদীদের মধ্যে আত্মহত্যা হয়ে উঠেছিল প্রায় প্রাতাহিক ঘটনা। নিউজিল্যাণ্ডের ব্যাপারে দ্রন্থীয়-শ্লাজার্যাণ্ডিলিয়ান বীপপ্ঞের ব্যাপারে দ্রন্থীয়-মূলার-এর রচনা,—এগুলি মূলার তার "Les Facultes Mentales" গ্রন্থের ব্যপঃ ১৬৮-এ উল্কংত করেছেন।

্মলে কারণ ছিল এই যে, সাধারণত ক্রীতদাস ও তাদের প্রভুরা ছিল ভিন্ন ভিন্ন ্জ্রাতির লোক। অন্যদিকে, বর্বার লোকেরা সাধারণত তাদের **স্থাদের কথা**য় কোন আমল দেয় না। ফলে এই স্ফীলোকরা কার্যত ক্রীতনাসী হয়েই দিন কাটায়। অধিকাংশ বন্য জাতির লোকজন তাদের অপরিচিত লোকদের দুঃখ-কণ্টে সম্পূর্ণ উদাসীন থাকে, এমনকি তা দেখে মনে মনে মজাও অনুভব করে। হয়-তো অনেকেই জানেন উত্তর আমেরিকার রেড-ইণ্ডিয়ানদের বউ-বাচ্চারা তাদের শতকে পীতন করার সময় যথেণ্ট সক্রিয় ভূমিকা গ্রহণ করে থাকে। কোন কোন বন্য জাতির লোকেরা জীবজন্মদের নিষ্ঠারভাবে হত্যা করে এক বীভংস উম্লাস অন্যুভব করে। তাদের কাছে মানবিকতা এক অজানা বিষয়। তা সম্বেও. পারিবারিক প্রীতির পাশাপাশি, একই গোষ্ঠীর সদসাদের মধ্যে একটা মায়া-মমতার বাঁধন থাকেই, একং ্সেটা বিশেষভাবে পরিলক্ষিত হয় দলের কেউ অস্ত্রুন্থ হয়ে পডলে। শু:খ্য-তাই নয়, কখনো কখনো গোষ্ঠীর বাইরের লোকদের প্রতিও তাদের মমতা-আর্দ্র হাতটি বাড়ানো থাকে। এসম্পর্কে মুক্তো পার্ক একটি মর্ম স্পর্ণী বর্ণনা আমাদের হাতে তলে দিয়েছেন। তিনি জানিয়েছেন, অরণ্যবাসী একটি নিগ্নো স্তালোক তাঁর প্রতি অতাশ্ত সদয় আচরণ করেছিল। বন্য জাতের লোকদের মধ্যে পরস্পরের প্রতি চমৎকার বিশ্বদততার অনেক দৃংটাত্তই দেওয়া যায়, কিল্ডু অপরিচিত আগল্ডুকদের ক্ষেত্রে তাদের আচারণ একেবারেই বিপরীত। অভিজ্ঞতা বলেছে, তাদের সম্পশ্যে স্পেনীয়দের थवहनहीं न्यायारे हिल-"ना, ना, कथरना रकान रेडिशानरक विश्वाम रकारता ना।" সত্য না থাকলে বিশ্বস্ততা আসতে পারে না । একই গোণ্ঠীর লোকজনদের মধ্যে পরস্পরের প্রতি এই প্রধানতম চরিত্র গরেণ মোটেই বিরল ঘটনা নয়। মুঙ্গো পার্ক নিজের কানে শুনেছিলেন, নিগ্রো স্ত্রীলোকটি তার শিশ্বদের সত্যি কথা বলার উপদেশ দিচ্চে। এই গুণেটি এত গভীর ভাবে তাদের মনের মধ্যে গে'থে যায় যে অনেক সময় অপরিচিত আগশ্তুকদের ক্ষেত্রেও বন্যরা সত্যের কোন অন্যথা করে না, এমনকি এর জন্য তারা যথেষ্ট ত্যাগ স্বীকারও করে থাকে। অবশ্য আধুনিক কটেনীতিবিদ্যার ইতিহাস স্পণ্টভাবেই দেখিয়ে দেয় যে শত্রুর কাছে মিথ্যা কথা বলাটা খাব একটা দোষের কিছা নয়। যে মহোতে কোন গোষ্ঠীর একজন স্বীকৃত নেতার উল্ভব হয়, সেই ম.হ.ত' থেকেই বিশ্বস্ততাহীনতাকে অপরাধ বলে গণ্য করা হয়: এমনকি চরম অস্থ আনুগত্যও একটা মহান গুৰু হিসেবেই বিবেচিত হয়। আদিম অবস্থায় কোন লোকের সাহস না থাকলে তাকে তার গোষ্ঠীর পক্ষে উপকারী বা বিশ্বসত বলে মনে করা হতো না। ফলে সারা পূর্ণিবীতেই এই গ্র্ণাট দার্ণ সন্মান পেতো। সভ্য দেশে একজন ভালো কিন্তু ভীতু মান্ত্রেও

সমাজের পক্ষে একজন সাহসী লোকে অপেক্ষা অনেক বেশী উপকারী হতে পারে, তব্ কিম্পু আমরা সাহসী লোকের চেরে ভীতু লোককে বেশী সম্বান করি না, তা সে সমাজের বতই উপকার কর্ক না কেন। অন্যদিকে, একজনের বিচক্ষণতার সঙ্গে অন্যদের কল্যাণের তেমন কোন সম্পর্ক না থাকলেও, এটা একটা অত্যমত প্রয়োজনীয় গ্রেণ। কিম্পু কখনোই সেটা যথাযথ স্বীকৃতি পায় না। আ্যোৎসূর্গে, আত্মসংযম ও সহ্য শক্তি না থাকলে কোন মান্বই তার গোষ্ঠীর কল্যাণের জন্য কাজ করতে পারে না, ফলে এই গ্রেণগ্রলিকে অধিকাংশ সময়ই উচ্চ মর্যাদা দেওয়া হয় এবং সঠিকভাবেই ম্ল্যায়ণ করা হয়। অসভ্য আমেরিকানরা তাদের কট্সহিষ্ট্তা ও সাহসের প্রমাণ দেওয়া ও তা বাড়ানোর জন্য মারাত্মকরক্ম সব শারীরিক পীড়নের হাতে নিজেদের সমর্পান করে, মুথে টা শব্দটি পর্যান্ত করে না। অবশ্যই এরা প্রশংসার দাবীদার। ভারতীয় ফক্রিরাও প্রসংসার দাবী রাথে বখন তারা দেহের মাংসের মধ্যে একটা আকিশি আটকে দোল খায়; অবশ্য এর পিছনে থাকে নির্বোধ ধর্মীয় প্রেরণা।

অন্যান্য তথাকথিত আত্ম-বিবেচনাম্লেক গ্র্ণাবলীর সঙ্গে গোষ্ঠীর কল্যাণ অকল্যাণের কোন প্রত্যক্ষ সম্পর্ক নেই—যদিও পরোক্ষ সম্পর্ক থাকাটা একাশ্তই স্বাভাবিক, কিম্তু বন্য-মানুষরা এগন্নলিকে কখনোই তেমন গ্রের্তন দেয় নি। অবশ্য সভ্য জাতিগর্মল এখন এই গ্রণগর্মলকে যথেষ্ট মর্যাদা দিচ্ছে। বন্য জাতিগর্মলর মধ্যে অপরিমিত স্থরা পানের অভ্যাস কোন নিন্দনীয় কাজ নয়। এদের মধ্যে চরম কাম কতা ও অস্বাভাবিক অপরাধের হার আশ্চর্যরকম বেশী। কিন্তু যখন থেকে বহুগামি বা একগামি বিবাহের প্রথা চাল, হলো, তখন থেকে এরা ঈর্ষ নীয় ভাবে নারীর গ্রাণাবলীকে মর্যাদা দিতে শিখল। অবিবাহিত মেয়েরাও এই মর্যাদার অংশীদার হলো। পুরুষদের মধ্যে এই পরিবর্তন এসেছিল খুব ধীরে ধীরে, আমাদের আজকের সমাজ তো তার জনেশত দৃষ্টাশ্ত। সতীম্বের জন্য আত্ম-সংযম একাশ্তই প্রয়োজন। সেই জন্যই সভ্য মান্বের নৈতিক ইতিহাসের স্কেনা থেকেই একে এত সম্মান করে আসা হচ্ছে। আর তার ফলে সেই স্থারে সময় কাল আজো কোমার্য রক্ষার নির্থাক প্রয়াস একটি মহৎ গুণ হিসেবে উচ্চাসন দখল করে আছে। অশোভন আচরণকে ঘূণা করাটা আমাদের কাছে এত স্বাভাবিক, যে মনে হয় যেন তা আমাদের মম্জাগত। আবার সতীত্ব রক্ষার জন্য এই ব্যাপারটা খ্রুব মুল্যবানও বটে। স্যার জি ভাগনটোনের মতে, এটা শুধুমাত্র সভ্য জীবনের সঙ্গেই সংশ্লিট একটি আধ্বনিক গ্রেণ। বিভিন্ন জাতির প্রাচীন ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যে, পম্পেট নগরের দেওয়াল-চিত্রে

এবং নানান বন্য জাতির কাজকর্মের মধ্যে এর প্রমাণ পাওয়া যায়। আমরা এতক্ষণ দেখলাম যে বন্য লোকেরা, এবং সম্ভবত আদিম মানুষেরাও কোন কাজের ভালো-মন্দ বিচার করত তাদের নিজেদের গোষ্ঠ ীর কল্যাণ-অকল্যাণের পরিপ্রেক্ষিতে—সমগ্র মানবজাতি কিন্বা গোণ্ঠীর কোন একজন সদস্যের কল্যাণ-অকল্যাণের ব্যাপারে তাদের কোন মাথাব্যথা ছিল না। আর এই সিম্বান্তে পে ছানোর পর বলা যায়, তথাকথিত নৈতিক বোধ প্রাথমিকভাবে সামাজিক প্রবৃত্তি থেকেই গড়ে ওঠে, কারণ দেখতে গেলে এই দুটিই পুরোপুরিভাবে সমাজ সম্প্রের। আবার আমাদের মানদন্ডের বিচারে বন্য লোকজনদের নৈতিক মান নিদ্ন হওয়ায় প্রধান কারণ হচ্ছে একই গোষ্ঠীর সদস্যদের মধ্যেই তাদের সহান্ত্রতি সীমাবত্ব থাকে। দ্বিতীয়ত, চিম্তাভাবনার ক্ষমতা যথেণ্ট দূর্বল হওয়ায় তারা অনেক গণেকে গণে বলে চিনতেই পারে না, বিশেষ করে আম্মোপলন্ধিগত গ্রণগ্রনিকে, যা তানের গোষ্ঠীর কল্যাণের জন্য একান্ড দরকারী। যেমন, অধিকাংশ সময়ে বন্যরা মিতাচার, সতীম্ব ইত্যাদির অভাবে ক্রমশ বৃশ্বিধ প্রাপ্ত অশতে বিষয়গ**ুলিকে নির্ণা**য় করতে ব্যর্থ হয়। ততীয়ত, তাদের আত্ম-সংযমের ক্ষমতা বেশ দূর্বল। কেননা, তাদের এই ক্ষমতাটি দীর্ঘাদিনের— সম্ভবত জন্মগত—অভ্যাস, নির্দেশ ও ধর্মের সাহায্যে শক্তিশালী হয়ে ওঠেনি। এখানে আমি বন্য লোকজনের অনৈতিক কাজকমের বিশদ ব্যাখ্যা দিলাম এইজন্যে যে সম্প্রতি কোন কোন লেখক হয় তাদের নৈতিক চরিত্রকে প্রশংসার দৃৃণ্টিভঙ্গীতে দেখতে শরের করেছেন, অথবা তাদের অধিকাংশ অপরাধকে পথভ্রুট পরোপকারীতা বলে দেখাতে চেয়েছেন। এইসব লেখকরা তাঁদের সিন্ধান্ত গড়ে তলেছেন বন্যদের সেইসব গ্রেণের ওপর ভিত্তি করে, ষেগ্মলি তাদের পরিবার ও গোষ্ঠীর অস্তিত্বের পক্ষে কার্যকরী, এবং প্রয়োজনীয়ও বটে—নিঃসন্দেহেই বলা যায় যে এইসব গ্রণ তাদের বেশ উচ্চ মাগ্রাতেই আছে।

সিদ্ধান্ত মৃত্যু সমূহ : নীতিজ্ঞান বিষয়ে সিম্থান্তম,লক মতবাদপন্থী দার্শনিকদের দল মনে করতেন, নৈতিকতার ভিত্তি হল এক ধরণের ম্বার্থপরতা। কিন্তু অতি আধ্নিককালে 'চরম স্থথের নীতি'-কেই এর ভিত্তিবলে মনে করা হচ্ছে। তবে, শেষোক্ত নীতিটিকে মান্ধের আচার-আচরণের মাপকাঠি হিসাবে দেখাটাই য্ভিয্ভে, মোটেই তার আচার-আচরণের চালিকাশক্তি

নয়। তথাপি, যে-সব লেখকের লেখা আমি পড়েছি, তাঁদের দু,'একজনে বাদে'^৬ সবাই অমনভাবে লিখেছেন, হেন প্রত্যেকটি কাজেরই একটি নির্দিষ্ট হেতু বা চালিকাশক্তি থাকে, আর তা অবশ্যই কোন-না-কোন আনন্দ বা নিরানন্দের সঙ্গে যুক্ত। কিন্তু প্রায়শই দেখা যায় মানুষ আনন্দ সচেতন না হয়ে কেবল সহজাত প্রবৃত্তির বা দীর্ঘ অভ্যাসের বশে আবেগ প্রণোদিত হয়ে কাজ করে—মোমাছি বা পি'পড়েরা ষেভাবে তাদের সহজাত প্রবৃত্তিকে অম্প্রভাবে অন্সরণ করে, অনেকটা সেরকমই। মনে করা যাক কোথাও আগান লেগেছে। এটি নিশ্চয়ই একটি চরম বিপজ্জনক ঘটনা। তখন আমরা কী দেখি?—দেখি একজন লোক এক মহেতে ও ইতস্তত না করে তার প্রতিবেশীকে রক্ষা করার জন্য ঝাঁপিয়ে পড়ছে। এইভাবে ঝাঁপিয়ে পড়ার সময় সে নিশ্চয়ই কোন আনন্দ অনুভব করে না। আবার, প্রতিবেশীকে উত্থারের চেন্টা না করলে পরবর্তীকালে তার নিজের মধ্যে যে অসম্ভোষ সাটি হবে. তা নিয়ে ভাবনা-চিম্তা করার সময়ও তখন সে পায় না। পরবতী⁴ সময়ে নিজের আচরণ নিয়ে চিম্তাভাবনা করলে সে ব**ুর**তে পারে তার মধ্যে আবেগ তাডিত একটি শক্তি রয়েছে, যা আনন্দ বা স্থখ সম্পানের থেকে সম্পূর্ণ ভিন্ন, আর এটাই হচ্ছে মনের মধ্যে গভীর ভাবে জাঁকিয়ে বসা তার সহজাত প্রবৃত্তির দৃণ্টাশ্ত।

নিশ্নশ্রেণীর প্রাণীদের ক্ষেত্রে সামাজিক প্রবৃত্তির ব্যাপারটা খ্ব গ্রের্জপূর্ণ, মনে হয় এটা বলা বেশী স্থেষ্ট্ত হবে যে তাদের এই প্রবৃত্তি সমগ্র প্রজাতির স্থের জন্য বিকশিত হয়নি, বিকশিত হয়েছে সমগ্র প্রজাতির সার্বজনীন মঙ্গলের জন্য। সার্বজনীন-মঙ্গল বলতে আমরা কী বৃত্তির ? বিশাল সংখ্যক প্রাণীকে

১৬। মিল্ বৃব পরিকার ভাবেই খীকার করেছেন (খ্র: "দিন্টেম অফ্ লজিক", ২র বঙ্
পৃঃ ৪২২), আনন্দের প্রত্যাশা না করেই কেবল অভ্যাদের বশেও অনেক কাল সম্পাদন করা
বিতে পারে। মি: সিল্ক,উইকও আনন্দ ও ইচ্ছা বিবরে তার প্রবন্ধে বলেছেন (ফ্র: "জ
কনটেম্পারারি রিভিউ", একিল ১৮৭২, পৃঃ ৬৭১), "সংক্ষেপে, আমাদের সচেতন ও তৎপর
আবেগ সর্বদাই আমাদের মধ্যে বথেষ্ট সংবেদনশীলতা স্বষ্ট করে—এই মতবাদটির বিঙ্কদ্ধে আমি
বলতে চাই যে, আমরা আমাদের সচেতনতার মধ্যে সর্বত্রই বাড়তি উপলব্ধির আবেগ প্র্কুলে
পাই বার লক্ষ্য আনন্দ নয়, অছ্য কিছু। অনেক সমন্ন এই আবেগ আত্মপোলব্ধির সঙ্গে এতই
সঙ্গৃতিহীন হয়ে ওঠে বে এ ছটি সচেতনতার মধ্যে একসঙ্গে সহাবহান করতে পারে না।"
আমাদের আবেগ কোন প্রকারেই সবসমন্ন সমসামন্ত্রিক বা প্রত্যাশিত আনন্দের অমুভূতি থেকে
উৎপন্ন হয় না—সাধারণ এই অমুভূতিই হলো নৈতিকতার স্বতঃ ছুর্ জ্ঞান-উপলব্ধিনত্ব গ্রহণের
পিছনে একটি বৃট কারণ। শুধু তাই নয়, এই অমুভূতি থাকার বস্থুই উপযোগবাদ বা 'চরম
ক্ষুব্বের' নীভিটিও পরিত্যক্ত হয়। শেবের মতবাদটির ব্যাপারে প্রারশই আচরণের মানা ও উদ্দেশ্থ
নিম্নে বিভ্রান্তি দেখা দের, কিন্তু আসলে এ ছটি কিছুটা এক হরেই মিশে থাকে পরস্পরের সঙ্গে।

তাদের নিজ নিজ অবস্হার মধ্যেই পূর্ণ প্রাণশন্তিতে ও স্বাদ্যে ভরপরে করে তোলা, এবং তা করতে গিয়ে তাদের মানসিক গ্রাণবলীর কোন ক্ষাতি না করা। সম্পর নেই মান্য ও নিম্নশ্রেণীর প্রাণীদের সামাজিক প্রবৃত্তি প্রায় একইরকম অবস্হার মধ্যে দিয়ে বিকশিত হয়েছে। এই পরামর্শ দেওয়া যেতে পারে যে সম্ভবপর হলে উভয়ের এই প্রবৃত্তির জন্য একই সংজ্ঞা ব্যবহার করা এবং নৈতিকতার মাপকাঠি হিসাবে সাবিক স্থথের বদলে সাবিক মঙ্গল বা কল্যাণকেই গ্রহণ করা যেতে পারে। কিম্তু রাজনৈতিক নীতিশাস্তের বিচারে এই সংজ্ঞার মধ্যে কিছু ঘাটতি রয়ে যাছে।

যখন কোন লোক নিজের জীবন বিপন্ন করে তার প্রতিবেশীকে রক্ষা করতে ছুটে যায়, তখন তার কাজকে মানবজাতির সাবি ক স্থেখর জন্য না ভেবে সাবি ক মঙ্গলের জন্য ভাবাই যুৱিযুৱ । ব্যক্তিবিশেষের ক্ষেত্রে মঙ্গল আর স্থুখ সাধারণত সমার্থ কই হয়ে থাকে, এবং সন্তুন্ট ও স্থুখী কোন মানবগোণ্ঠী অসন্তুন্ট ও অস্থুখী একটি মানবগোণ্ঠীর চেয়ে অনেক ভালোভাবে বিকাশ লাভ করে । আমরা আগেই দেখেছি যে, মানব ইতিহাসের প্রারশ্ভিক সময়ে গোণ্ঠী বা সম্প্রদায়ের সামগ্রিক ইচ্ছা প্রতিটি সদস্যের আচরণের উপর যথেন্ট প্রভাব বিস্তার করত । আর সকলেই যেহেতু স্থুখ কামনা করে, তাই "চরম সুখের নীতি" একটি অত্যন্ত গ্রেরুস্বপর্ণ গোণ নির্দেশক বা লক্ষ্যের রূপে নেয় তবে, সহানুভ্তি (যা কিনা অন্যদের সম্মতি বা অসম্মতিকে মুল্য দিতে শেখায় আমাদের) আর সামাজিক প্রবৃত্তিই মুখ্য আবেগ ও নির্দেশকের দায়িত্ব পালন করে থাকে । কাজেই, আমাদের চরিত্রের মহক্তম অংশটি গড়ে উঠেছে স্বার্থপরতার নীতির ভিত্তিত—এ অভিযোগ ধোপে টেকে না । নিজের সতিকারের সহজাত প্রবৃত্তি অনুযায়ী কাজ করে প্রতিটি প্রাণী যে তৃথ্যি পায় আর সেই কাজে বাধা পেলে যে অতৃথ্যি দেখা দেয়, তাকে স্বার্থপরতা বলা হলে অবশ্য আলাদা কথা ।

একই গোষ্ঠীভুক্ত সদস্যদের ইচ্ছা বা মতামত প্রথমে মৌখিকভাবে জানানোর চল ছিল, পরে লিখিতভাবে জানানোও শ্রের হয়, আর সকলকার এই ইচ্ছা বা মতামতই হয় আমাদের আচার-আচরণের একমাত্র নির্দেশিক হিসাবে কাজ করে অথবা আমাদের সামাজিক প্রবৃত্তিগঢ়লিকে দার্শরকম শক্তিশালী করে তোলে। তবে, এই ধরণের মতামত কখনো কখনো সরাসার এই সব প্রবৃত্তির বিরোধিতা করে। শেষোক্ত ঘটনাটিকে ভালোভাবে বোঝা যায় সম্মান-নীতির (Law of Honour) সাহায্যে, অর্থাৎ, যে নীতি অনুযায়ী আমরা শ্র্যুন্তামাদের সমকক্ষদের মতামতকেই গ্রেক্ দিই, সমগ্র দেশবাসীর মতামতকে গ্রেক্ দিই না। এই

্বীনয়ম লণ্যন করলে—এমন কি সেই নিয়মলাখ্যন প্রকৃত নৈতিকতার সঙ্গে পুরোপ্রার সাযুজাপূর্ণ হলেও—মানুষ সাত্যকারের কোন অপরাধ করার থেকে ও বেশী যদ্যণা অনুভব করে। একই ব্যাপার দেখা যায় তীব্র লম্জাবোধের ক্ষেত্রেও। এ বোধ আমানের প্রত্যেকের জীবনেই ঘুরে-ফিরে আনে। শিণ্টাচারের কোন তুচ্ছ অথচ প্রথাগত নিয়ম ভঙ্গ করার অনেক বছর পরেও সে ঘটনার কথা মনে পড়লে আমরা লিম্পত হই । সাধারণত সম্প্রনায় বা গোষ্ঠীর বিচারধারা *গ*ড়ে ওঠে কিছু দহলে অভিজ্ঞতার ভিত্তিতে, যে অভিজ্ঞতা থেকে বোঝা যায় গোষ্ঠীর সকল সনস্যের পক্ষে আথেরে কোনটা সবথেকে ভালো ফল দেবে। কিল্ডু বেশীর ভাগ সময় এই বিচারধারা তাদের অজ্ঞতা বা চিম্তা-ভাবনার দর্বলতার দর্শ একটা ভুল জায়গায় গিয়ে পে'ছোয়। আর তাই দুনিয়া জুড়ে নানান অভতে অভতে দেশাচার ও কুসংস্কার মাথা চাড়া দিয়ে উঠেছে, যেগ;লি মানবজাতির প্রকৃত কল্যাণ ও সনুখের পনুরোপনুরি পরিপন্থী। হিন্দর্থমাবলন্বী কোন গোঁড়া ব্যক্তি তার জাত-পাঁচিল একবার টপকালে প্রচণ্ড আতহ্কিত হয়ে ওঠে। অবশ্য নিশ্চিত করে বলা সম্ভব নয় কার অনুশোচনার তীব্রতা বেশী, ঝোঁকের মাথায় নিষিন্ধ খাদ্য খেয়ে পরে অনুশোচনকারী একজন জাত-হিন্দুর, না চুরি করার পর কেন চুরি করলাম ভেবে কণ্ট পাওয়া একজন চোরের। সম্ভবত চোরের তুলনায় গোঁড়া-হিন্দার মনস্তাপই বেশী দঃসহ।

আচার-আচরণের এইসব অভ্ত অভ্ত নীতি, অজস্র অভ্ত অভ্ত ধর্মীয় বিশ্বাসের উভব কিভাবে হয়েছে, আমরা সঠিক জানি না। কিভাবেই বা এগালি প্রথিবীর সর্বন্ত মানব-মনের উপর এত গভার প্রভাব বিশ্বার করতে পারল—তা-ও জানা নেই আমাদের। কিশ্তু একথা ঠিক যে জাবনের উষালশেন আমাদের মাদতক্ষ তীর সংবেদনশীল থাকে, অর্থাৎ যা শোনে তা-ই করে বা যা দেখে তা-ই শেখে; তখন যদি কানের, সামনে অনবরত নির্দিণ্ট একটি বিশ্বাসের ব্রলি আড়রানো হয়, তাহলে তা অচিরেই প্রায় সহজাত প্রবৃত্তির স্তরে পেণাছে যায়, আর সহজাত প্রবৃত্তির মলে কথা হলো যাজি ভাবনা ছাড়াই ঐ প্রবৃত্তিকে অনুসরণ করা। অন্যান্য গোণ্ঠীর তুলনায় কিছ্ব বন্য গোণ্ঠী কেন কয়েকটি শাভ গাণকে—যেমন সত্যের প্রতি ভালবাসাকে—বেশি মর্যাদা দেয়, তা-ও আমরা জানি না। কেনই বা অত্যন্ত সভ্য জাতিগালির মধ্যেও একইরকম মত পার্থাক্য দেখা যায়—তা-ও আমাদের অজানা। এই সব অভ্যুত দেশাচার ও কুসংস্কার-গালি কত দ্বুমন্ল হয়ে উঠেছে, তা আমরা জানি। ফলে, যাজিসিম্থ আজো-পলাম্বর গাণকে আমরা যে আজ একাশত স্বাভাবিক ও প্রায় সহজাত গাণ বলেই

মনে করি—তাতে আশ্চর্যের কিছ্র নেই। আদিমযুগের মানুষরা কিল্তু এই গুণের কোন মুল্যাই দিত না।

মনের ভিতর যথেণ্ট সন্দেহের অবকাশ থাকা সন্থেও মানুষ্ সাধারণত নৈতিক নিয়মের কোনগর্বল উৎকৃণ্ট আর কোনগর্বল নিকৃণ্ট-এর মধ্যেকার তফাং চটপট ব্বে নিতে পারে। উৎকৃণ্ট নিয়মগর্বল সহজাত সামাজিক প্রবৃত্তির উপর্বিভিত্তি করে গড়ে ওঠে, আর সেই সঙ্গে সর্ব সাধারণের কল্যাণে বিশেষ ভূমিকা নেয়। এই নিয়মগর্বলর পিছনে থাকে য্বন্তির জাের আর আমাদের প্রতিবেশীদের সম্মতি অন্যদিকে নিকৃণ্ট নিয়মগর্বলর মধ্যে কয়েকটি আত্মত্যাগের দিকে নিয়ে যায়, ফলে সেগর্বলকে ঠিক নিকৃণ্ট বলা চলে না। এছাড়া বাকি নিকৃণ্ট নিয়মগর্বলি মলেত আত্মস্বাথের সঙ্গে সম্পর্ক যুক্ত, জনমত এগর্বলির জন্ম দেয় এবং অভিজ্ঞতা ও চর্চার সাহাব্যে এগর্বলি ক্রমণ পরিণত হয়ে ওঠে। তাই অ-সভ্য গোণ্ঠীগর্বলির মধ্যে এগ্রালির প্রচলন দেখা যায় না।

যখন থেকে মানার সভ্যতার দিকে যাত্রা শারা করল আর ক্ষাদ্র ক্ষাদ্র গোষ্ঠীগালি একটি বাহুৎ সম্প্রদায় ভাক্ত হলো, তখন থেকে প্রতিটি মানুষ্টে বাুখতে শুরু করল যে তার সহজাত সামাজিক প্রবৃত্তি ও সহানুভ্তিকে জাতির সকলের কাজে লাগাতে হবে—এমনকি নিজের সম্প্রদায়ের যাদেরকে সে চেনে না, তারাও এর বাইরে থাকবে না। একবার সে এই অবস্হায় পে'ছোনোর পর সমস্ত দেশ ও সমস্ত জাতির মানুষের জনাই সে নিজের সহানুভূতিকে ছড়িয়ে দিতে পারে, भार्य थारक भूभू वक्की कृष्टिम वाधात महत्व । के जब भान सम्बद्धात जरहा कि वाहित ও অভ্যাসে যদি তার বিপাল পার্থক্য থাকে, তাহলে তাদেরকে নিজের সমধ্মী বলে মনে করতে তার অনেক দেরি হয়—এটা দুর্ভাগ্য ছাড়া আর কী ! কেবল মান,বের গণ্ডীতেই নয়, তাকে অতিক্রম করে নিম্নশ্রেণীর প্রাণীদের প্রতিও সহান,ভ্ৰতি অৰ্থাৎ মানবতা দেখানোর ব্যাপারটা সম্ভবত অনেক পরে অজিতি গুনুগর্মালর অন্যতম। আপাতভাবে বন্যদের মধ্যে এই বোধ অনুপাস্থত : অবশ্য নিজেদের পোষা জীবজন্তুর প্রতি তাদের যথেণ্টই সহান,ভূতি থাকে। প্রাচীন রোমবাসীদের মানবতাবোধ কত কম ছিল, সেটা তাদের ঘূণ্য দুন্ধযুদ্ধের (পেশাদার একজন যোখা বা স্ব্যাডিয়েটরের সঙ্গে কোন জম্ভু বা মানুষের আমৃত্যে লডাই) প্রদর্শনী থেকেই বোঝা যায়। আমি যতদরে জানি পদ্পাস নগরীর রাখালদের কাছে মানবতাবোধের ধারণা ছিল একেবারেই অপরিচিত। মানুষের এই মহান গুণুটি (মানবতাবোধ) খুব সম্ভবত সহানুভূতি থেকেই গড়ে উঠেছে, অর্থাৎ আমাদের সহানুভূতি বৃতই কোমলতর হয়ে উঠেছে, ছড়িয়ে.

পড়েছে, আমরা যতই সহান,ভাতি বোধ করেছি যাবতীয় সঙ্গীব বস্তু সন্বন্ধে—
ততই গড়ে উঠেছে আমাদের মানবতাবোধ। প্রথমে অলপ কয়েকজন মান,ষ এই
বোধটিকে মর্যাদা দিতে শার্ম করে এবং প্রয়োগ করতে শার্ম করে, তারপর তাদের
উপদেশ আর দাণ্টাশ্তের সাহায্যে তা ছড়িয়ে পড়ে নবীনদের মধ্যে, এবং অবশেষে
জনমতের মধ্যে স্পণ্টভাবে মতে হয়ে ওঠে এই মানবতাবোধ।

নৈতিক কৃণ্টির সর্বোচ্চ স্তরে পে'ছিলে আমরা ব্রুতে পারি যে নিজেদের চিন্তা-ভাবনাকে আমাদের নিয়ন্ত্রণ করা উচিত, আর "যে-সব পাপ আমাদের অতীতকে মনোরম করে তুলেছিল, সেগ্লিকে এমনকি একেবারে অন্তরতম চিন্তাতেও ঠাই দেওয়া উচিত নয়''। কোন্টা খারাপ কাজ, তা চিনতে যা-কিছ্ আমাদের সাহায্য করে, তা-ই আবার ঐ কাজটাকে সহজ করেও তোলে। মার্কাস অরেলিয়াস বহুদিন আগেই বলেছিলেন, "আপনার অভ্যাসগত চিন্তা-ভাবনা যেমন হবে, আপনার মনের গঠনও হবে তেমনই। কারণ চিন্তা-ভাবনার রঙেই রঞ্জিত হয় আমাদের আত্মা।''

মহান দার্শনিক হাবার্ট দেপন্সার সম্প্রতি নৈতিকবোধ সম্পর্কে নিজের মতামত ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, "আমার মনে হয় মানবজাতির সমস্ত অতীত প্রজন্মের মধ্যে দিয়ে উপযোগিতা সম্বন্ধে যে অভিজ্ঞতা গড়ে উঠেছে, অুদুটু হয়ে উঠেছে, তা আমাদের মধ্যে নানান সময়ে নানান পরিবর্তন ঘটিয়ে চলেছে। আর এই পরিবর্তন, অবিরাম চলতে চলতে আর নানা কিছু; সঞ্চয় করতে করতে, আমাদের নৈতিক স্বজ্ঞার কিছু বিশেষ ক্ষমতা, বিশেষ আবেগ গড়ে জলেছে, যা আমাদের জানিয়ে দেয় কোনটো সঠিক আচরণ আর কোনটো বেঠিক। উপযোগিতা সম্বন্ধে আমাদের যে ব্যক্তিগত অভিজ্ঞতা, আপাতভাবে তার ভিস্তিতে কিন্তু এই স্বজ্ঞা বা আবেগ গড়ে ওঠে না।" বিভিন্ন গ্রন্থমণ্ডিত প্রবণতাগর্মল · तिण किन्द्रुवीरे छेखताधिकात भूति वर्णात वर्णा वामात मत्न रहा। वामास्ति গ্রুপালিত পশ্র-পাখিরা তাদের বিভিন্ন ঝোঁক ও অভ্যাস যে নিজেদের সম্তান-সম্ততির মধ্যে চারিয়ে দেয়, সে কথা না-হয় বাদই দিচ্ছি। কিন্তু এমন অনেক প্রামান্য ঘটনার কথাও আমি শনেছি, যেখানে উচ্চশ্রেণীর অনেক পরিবারের মধ্যে চুরি করার ইচ্ছা আর মিথ্যা কথা বলার একটা প্রবণতা বংশপরম্পরারুমে চালঃ থাকতে দেখা গেছে। সম্পদশালী শ্রেণীর মধ্যে চুরি করা একটা নেহাতই বিরন অপরাধ। কাজেই, একই পরিবারের দুই বা তিনজনের মধ্যে চুরি করার ঝোঁক খাকাটা নিছক কোন আকস্মিক সমাপতন হতে পারে না। খারাপ প্রবণতাগ**্রাল** -বদি উত্তরাখিকার সূত্রে সন্ধারিত হতে পারে, তাহলে ভালো প্রবর্ণতাগালর পক্ষেও

ঐভাবে সণ্যারিত হওয়া একাশ্তই সম্ভব। হজম কিশ্বা যক্ৎ-সংক্রাশ্ত গণ্ডগোলেঃ বাঁরা দীর্ঘদিন ভূগেছেন, তারা ভালো করেই জানেন যে শরীরের অবস্থা ছাপ্য ফেলে মস্ভিদ্রের ওপর, এবং সেটা আমাদের নৈতিক প্রবণতার ওপর দার্ণ প্রভাব বিস্তার করে থাকে। "মানসিক গণ্ডগোলের একেবারে প্রাথমিক লক্ষণগ্রিলর অন্যতম হচ্ছে নৈতিক বোধের বিকৃতি বা ভাঙন"—এই ঘটনার মধ্যেও সেই একই সভ্যের প্রতিধানি শানি। । শিক্ষতেকবিকৃতিও অনেক সময় বংশপরম্পরাক্তমে বর্তায়। মানবজাতির বিভিন্ন শাখার মধ্যে নৈতিক প্রবণতার ব্যাপারে যে পার্থক্য আছে বলে মনে করা হয়, তাকে ব্রুতে হলে নৈতিক প্রবণতার এই বংশান্ত্রমে সন্থারিত হওয়ার নিয়মের আশ্রয় নেওয়া ছাড়া গতাশ্বর নেই।

সামাজিক প্রবৃত্তির মধ্যে থেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে প্রাথমিক আবেগগর্নল আমরা অর্জান করে থাকি, সেগালের ক্ষেত্রে উত্তরাধিকার সাত্রে গাণুমণিডত প্রবণতাগালির এমনকি আংশিক সংলেনও এক দারাণ সহায়ক ভামিকা পালন করে থাকে। যদি ধরে নেওয়া যায় যে গাল্মণিডত প্রবণতাগালি বংশানক্রমেই অন্তিত হয়, তাহলে অত্ততপক্ষে সতীত্ব, মিতাচার, জীবজন্তুর ওপর দরদ প্রভাতি এই গ্রেণার্নল একই পরিবারভুক্ত বেশ কিছু প্রজন্ম জরুড়ে চলে আসা বিভিন্ন অভ্যাস, নির্দেশ আর দৃণ্টাণ্ডের সাহায্যেই কোন মানুষের মনের ওপর ছাপ ফেলে, আর এইসব গুর্ণবিশিষ্ট যে-সব ব্যক্তি জীবন-ধারণের সংগ্রামে সবথেকে সফল হতে পেরেছে, তারা অন্য কোন মানুষের মনে খুব কমই ছাপ ফেলে কিম্বা আদৌ কোন ছাপই ফেলে না। এ ধরণের কোন উত্তরাধিকার সম্ভব কি না, সে ব্যাপারে আমার সন্দেহ আছে। আর সেই সন্দেহের মলে কারণটা হল এই যে, তাহলে তো ঐ নিয়ম অনুযায়ী যে কোন অর্থ হীন প্রথা, কুসংস্কার আর রুচিও —বেমন অপবিত্র খাবার সম্বদ্ধে হিন্দুদের আত•ক—বংশানুক্রমে সণ্ণারিত হতে পারত ! কিন্তু কোন কুসংস্কারমলেক প্রথা কিন্বা অর্থহীন অভ্যাসের এইভাবে বংশান ক্রমে সঞ্জারত হওয়ার সমর্থনে কোন প্রমাণ আমার চোখে পড়েনি। সাধারণভাবে বিচার করলে অবশ্য মনে হয়, জীবজ্বতুরা যেমন বংশানুক্রমে কিছু বিশেষ খাদ্যপ্রীতি বা বিশেষ কিছন শহন ভীতির শরিক হয়, তেমনি মানুষের ক্ষেত্রেও বংশান,ক্রমে নানান গ্রুণের অধিকারী হওয়ার মধ্যে অস্বাভাবিক কিছু নেই ।

শেষত, নিশ্নশ্রেণীর প্রাণীদের মতো মান্ষও তার সামাজিক প্রবৃত্তিনাল অজ ন

১৭। মডক্লে, "বডি জ্যাপ্ত মাইঙ'', পৃ: 🖦 ।

করেছিল গোটা সমাজের মঙ্গলের জন্যই, আর একেবারে প্রথম থেকেই এগ্রেল তার মধ্যে জাগিয়ে তলেছে প্রতিবেশীদের সাহাযা করার একটা আকাৎখা. সহান,ভ,তিবোধ, এবং তাকে বাধ্য করেছে প্রতিবেশীদের অন,মোদন বা অন,-মোদনকে মান্য করতে। অনেক প্রাচীনয়াগে সঠিক বৈঠিক নির্পায়ের একটা স্থাল নিয়ম হিসেবে এইসব আবেগ মানুষকে সাহায্য করেছে। কিন্তু আন্তে আন্তে মানুষের মননক্ষমতার উর্নাত ঘটলো, নিজের কার্যকলাপের স্থদরেপ্রসারী ফলাফলকৈ সে ব্রুবতে শিখল, ক্ষতিকর প্রথা আর কুসংস্কার বর্জন করার মতো পর্যাপ্ত জ্ঞান অর্জান করল, অন্যান্য মানুষদের মঙ্গলের কথাই শুধু নয় বরং তাদের স্থাের কথাও বেশি করে ভাবতে শ্বর করল। কল্যাণদায়ী অভিজ্ঞতা থেকে গড়ে ওঠা অভ্যাস, বিভিন্ন নির্দেশ আর দুন্টান্ত তার সহানুভূতিকে আরও কোমল, আরও প্রসারিত করে তুলল, তার মধ্যে সহান,ভাতি স্টি হল সমস্ত জাতির মানুষের জন্য, জড়বুণিধ, বিকলাঙ্গ আর সমাজের অন্যান্য অকর্মণ্য সদস্যদের জন্য, এমন্কি নিম্নতর প্রাণীদের জন্যও—আর এইসব গণে অর্জন করার সঙ্গে তাল মিলিয়ে তার নৈতিকবোধের মানও অনেক উন্নত হয়ে উঠ**ল**। সিম্ধান্তম,লক চিন্তার অনুগামী নীতিবাদীরা এবং কিছ;ু দ্বজ্ঞাবাদীও দ্বীকার করেন যে মানব-ইতিহাসের আদি যুগ থেকেই মানুরের নৈতিকবোধের মান **উন্নত হতে শ**ুরু করেছে ^{১৮}।

নিন্নতর প্রাণীদের বিভিন্ন সহজাত প্রবৃত্তির মধ্যে মাঝে-মাঝে একটা পারম্পরিক সংঘাত বাধতে দেখা যায়। কাজেই, নানুষের ক্ষেত্রেও যে তার নানান সামাজিক প্রবৃত্তির মধ্যে সংঘাত বাধবে, সংঘাত বাধবে তার আহ্ত গুন্থাবলী আর নিন্নতর (কিন্তু সেই ম্হুতে শক্তিশালী) আবেগ বা আকাৎথার মধ্যে—তা আর আশ্চর্য কী! মিঃ গ্যান্টন বলেছেন স্—ব্যাপারটার মধ্যে আশ্চর্য হওয়ার কিছুই নেই, কেননা তুলনামলেক বিচারে মানুষ বর্বর অবস্হা থেকে উল্লীত হয়েছে মথেন্টই সাম্প্রতিক কালেন কোন প্ররোচনার উত্তেজিত হয়ে পড়ার পর আমরা একটা অসম্তৃণিট, লংজা, অনুশোচনা বা অনুতাপ বোধ করি, আর এই অনুভ্তিটা হছে অন্য কোন শক্তিশালী প্রবৃত্তি বা আকাংখা অত্থ থাকলে বা

১৮। একজন লেথক এই সিদ্ধান্তের স্বপক্ষে অত্যন্ত জোরালো যুক্তি দিয়ে নিজের মত প্রকাশ করেছেন (ক্র:, ''নর্থ ব্রিটিশ রিভিউ'', জুলাই, ১৮৬৯, পৃ: ৫৩১)। মি: লেকীও তার সঙ্গে কিছুটা মতের মিল শু'জে পোরেছেন (দ্র:, "হিস্ট অফ্ মর্যালস'', ১ম থঙ, পৃ: ১৪৩)।

১৯। তার বিশিষ্ট রচনা "হেরিডিটারি জিনিয়াস", পৃঃ ৩৪৯ জ্ঞন্তর। আর্জিলের ডিউকও মানব প্রকৃতির মধ্যে ভালো-মন্দের দক্ত প্রসক্ষে কিছু মূল্যবান মন্তব্য করেছেন (জঃ, "প্রিমিভ্যাল মান", পুঃ ১৮৮)।

ব্যাহত হলে যেমন অনুভূতি হর, ঠিক তেমনই। অতীতের কোন উত্তেজনার ফিকে-হয়ে-আসা স্মাতিকে আমরা তুলনা করে থাকি আমাদের সদ্য-কৈশোরে অর্জিত ও সারাজীবন ধরে স্থদটে হয়ে ওঠা সদা-বর্তমান সামাজিক প্রবৃত্তি অথবা অভ্যাসগ্রালির সঙ্গে, আর যতক্ষণ না এগ্রালি প্রায় সহজাত প্রবৃত্তির মতই শক্তি-শালী হয়ে ওঠে, ততক্ষণ এ-রকম তুলনা আমরা করেই চলি। ঐ একই প্ররোচনা সামনে থাকা সম্বেও যদি আমরা তাতে আর উর্ত্তোজত না হই, তাহলে তার কারণ হচ্ছে হয় আমাদের সামাজিক প্রবৃত্তি কিম্বা কোন প্রথা সেই মহেতে আমাদের মধ্যে তীরভাবে জেগে উঠেছে, অথবা আমরা জেনে গেছি যে কিছু, দিন পর ঐ প্ররোচনার ফিকে-হয়ে-আসা স্মাতির সঙ্গে আমাদের সামাজিক প্রবৃত্তি বা প্রথাটির তলনা করলে প্রবৃত্তি বা প্রথাটিকেই বেশি জোরদার বলে মনে হবে, আর সেই সঙ্গেই ব্যুঝতে পেরেছি যে ঐ প্রবৃত্তি বা প্রথাকে লঙ্ডন করলে তা আমাদের মধ্যে যশ্ত্রণার জন্ম দেবে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে সামাজিক প্রবৃত্তিগ**্রলি** দুর্বল হয়ে পড়বে, এমন আশৎকার কোন কারণ নেই। আমরা আশা করতে পারি যে গ্রেণমণ্ডিত অভ্যাসগর্নলি তাদের মধ্যে আরও শক্তিশালী হয়ে উঠবে, আর উত্তর্যাধিকার সতে সম্ভবত মনের গভীরে দুঢ়ভাবে প্রোথিত হয়ে যাবে। তখন মানুষের উচ্চতর আর নিন্নতর আবেগগুলির মধ্যেকার সংঘাতের তীব্রতা অনেক কমে যাবে, এবং সদ্গুলাবলীই নেবে বিজয়ীর ভূমিকা।

শেষ পরিচ্ছেদন্তটির সংক্ষিপ্রসার—নিঃসন্দেহেই বলা যায় যে নিশ্নতম পর্যায়ে থাকা মান্মের মন আর উচ্চতম পর্যায়ের জীবজাতুদের মন—এ দুটোর মধ্যে বিশ্তর তফাৎ রয়েছে। কোন বননান্ম যদি তার নিজের অবস্থাকে নির্মোহ—ভাবে বিচার করতে পারত, তাহলে সে অবশাই স্বীকার করত যে, কোন বাগান লাঠ করার একটা স্থকোশলী পরিকল্পনা হয়ত সে তৈরী করতে পারে, লড়াই করা কিন্বা বাদাম ভাঙার জন্য পাথরও হয়ত ব্যবহার করতে পারে, কিন্তু পাথর দিয়ে অস্ট্র বা যায় বানানোর চিন্তা করার মত ক্ষমতা তার নেই। আর কোন অধিবিদ্যক যুৱিধারা অনুসরণ করা, কিন্বা কোন গাণিতিক সমস্যার সমাধান করা, বা ঈন্বরা বিষয়ে ভাবনা-চিন্তা অথবা কোন মনোরম প্রাকৃতিক দৃশ্য উপভোগ করা—এ-সব ক্ষমতা তো আদৌ নেই তার। তবে হাা, কোন কোন বনমান্ম অবশ্য দাবী করতে পারে যে বিয়ের সময় তাদের সঙ্গী বা সঙ্গীনীদের রঙবাহারী প্রক আর লোমের সৌন্দর্যের মর্যাদা দিতে তারা জানে, এবং দিয়েও থাকে। এইসঙ্গেই বনমান্মদের স্বীকার করতে হবে যে, কোন কিছ্ দেখলে বা খুব সাধারণ কোন জিনিস দরকার হলে তারা অনেকসময় চিৎকার করে সেটা

অন্য অন্য বনমান্রদের জানাতে পারলেও, নির্দিণ্ট শব্দ দিয়ে প্রকাশ করার ধারণা কথনোই তাদের মাথায় আসেনি। নিজের দলের অন্য বনমান্রদের নানাভাবে সাহায্য করতে; তাদের জন্যে নিজেদের জীবন বিপার করতে আরু তাদের বাপ-মা মরা সম্তানদের দায়িত্ব নিতে আমরা রাজি—এমন দাবী হয়ত বনমান্র্ররা করতেও পারে। কিণ্তু তারা স্বীকার করতে বাধ্য হবে যে সমস্ত সজীব প্রাণীর প্রতি নিঃস্বার্থ ভালোবাসার ব্যাপারটা—যা মান্বের মহস্কম গ্রণ—তাদের সমস্ত বোধ-ব্যম্থর বাইরে।

কিম্তু এ-সব সম্বেও, মান,ষ আর উচ্চতর জীবজাতুর মনের পার্থক্যটা (তা সে যতই পার্থ কই থাকুক না কেন) হচ্ছে মান্তার পার্থ ক্য, উভয়ের মনের গড়নে কোন পার্থকা নেই। আমরা আগেই দেখেছি যে বিভিন্ন বোধ, স্বজ্ঞা, নানান আবেগ আর মানসিক ক্ষমতা, যেমন ভালোবাসা, স্মরণশক্তি, কোন বিষয়ে মনোষোগ দেওয়া, কোতৃহল, অনুকরণ প্রবণতা, বিচারণান্তি প্রভৃতি যে-সব গ্রণের জন্য মান্ত্র গর্ববোধ করে, সেগর্লি নিন্নতর জীবজাতুদের মধ্যে প্রাথমিক অকহার, এমনকি কখনও কখনও বেশ উচ্চ মাত্রাতেও দেখা যায়। উত্তর্যাধকারগত কিছ কিছা উন্নতি ঘটাতেও তারা সক্ষম, যেমনটা আমরা দেখেছি নেকড়ে বা শিয়ালের সঙ্গে গৃহপালিত কুকুরের তুলনা করার সময়। যদি প্রমাণ করা যেত কিছ্র কিছ্র উ চুমানের মানসিক ক্ষমতা, যেমন সাধারণ ধারণা গড়ে তোলা, আত্ম-সচেতনতা প্রভৃতি মানসিক ক্ষমতা শুধুমার মানুষেরই একচেটিয়া ব্যাপার (যে সম্বন্ধে আদৌ নিঃসংশয় হওয়া যায় না), তাহলে আমরা ধরেই নিতে পারতাম যে এই গ্রনগ্রনি হচ্ছে আসলে অন্যান্য অত্যন্তত মননগত ক্ষমতারই স্বাভাবিক ফল মান্ত, আবার ঐ মননগত ক্ষমতাগালিও হচ্ছে মলেত একটা উন্নত ভাষাকে অবিরাম ভাবে ব্যবহার করারই ফল। ঠিক কোন্ বয়সে পে⁴ছনোর পর একটি নবজাত শিশ্ব বিভিন্ন বিষয়ের মলে জিনিসটাকে ব্রুঝতে পারে অর্থাৎ বিম্তেকিরণের ক্ষমতা অর্জন করে, অর্থবা আত্ম-সচেতন হয়ে ওঠে, আর নিজের অঙ্গিত সম্পর্কে চিম্তা-ভাবনা করতে শেখে ? আমাদের জানা নেই। ক্রমে ক্রমে উন্নত হয়ে ওঠার জৈবিক বিন্যাসের ব্যাপারেও আমানের সঠিক উত্তর জানা নেই। ভাষার আধা-কৌশলও আধা-সহজাত প্রবৃত্তিমলেক চরিত্রের মধ্যে এই ক্রমান্বয় বিবর্তনের ছাপ আজও রমে গেছে। সমগ্র পর্লাথবীর সমস্ত মানুষের মধ্যে ঈশ্বরের প্রতি মহৎ বিশ্বাস পরিলক্ষিত হয় না, আর অপ্রাকৃত শক্তিসমহের প্রতি বিশ্বাসটা একাশ্ত স্বাভাবিক-ভাবেই গড়ে ওঠে অন্যান্য মানসিক ক্ষমতার সাহায্যেই। মান্ধ ও নিম্নতর প্রাণীদের মধ্যেকার সবথেকে বড পার্থ'ক্যটা সম্ভবত নৈতিক বোধের মধ্যেই খংজে

পাওয়া যায়। কিন্তু এ-বিষয়ে আমি কোন মন্তব্য করছি না, কেননা কিছ্কেশ আগেই আমি দেখানোর চেন্টা করেছি যে পিরয় মননগত ক্ষমতা এবং অভ্যাশের প্রভাবের সাহায্যে সামাজিক প্রবৃত্তিগ্রেল—যা মান্যের নৈতিক কাঠামোর মুখ্য নীতিংক স্বভাবতই উপনীত হয় সেই অম্লা নিয়মে, "তুমি ষেমন ব্যবহার করবে, অন্য মান্যরাও তোমার সঙ্গে তেমনই ব্যবহারই করবে; অতএব তুমিও তাদের প্রতি একইরকম আচরণ করো।" আর এটাই হচ্ছে নৈতিকতার ভিত্তি। সম্ভাব্য যে-সমস্ত পদক্ষেপ ও উপায়ের সাহাযো মান্যের বিশীভ্র মানসিক ও নৈতিক ক্ষমতা ধীরে ধীরে বিবর্তিত হয়েছে, সেগ্রেল সম্বন্থে পরবর্তী পরিচ্ছেদে কিছু আলোচনা করার চেন্টা করব। এই ধরণের বিবর্তান যে সম্ভব, তা মোটেই অস্বীকার করা যায় না, কারণ প্রতিটি শিশ্র মধ্যে এইসব ক্ষমতার ঠিকানা প্রতিদিনই আমাদের চোখে পড়ে। আর, নিয়তর জীবজম্তুদের থেকেও নিম্নমানের কোন চরম নির্বেধের মন থেকে শ্রের করে কিভাবে ধাপে ধাপে নিউটনের মত মনও গড়ে উঠেছে—তা-ও আমরা খাজে দেখতে পারি।

২ । "ছ খট্দ অফ মার্কাদ অরেলিয়াদ", পৃঃ ১৩৯

পঞ্চম পরিচের

আদিম ও সভা যুগে মননগত ও নৈতিক ক্ষমতার বিকাশ প্রসঙ্গে

প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়ে মননগত ক্ষমতার অগ্রগতি—অনুকরণের গুরুত্ব—সামান্ত্রিক ও নৈতিক কার্যক্ষমতা—একই গোঞ্জীর মধ্যে এইসব ক্ষমতার বিকাশ—প্রাকৃতিক নির্বাচন বেস্তবে স্থান্ত জাতিগুলিকে প্রভাবিত করেছে—হ্মস্তা জাতিগুলিও বে একদা বর্বর অবস্থার চিল তার প্রমাণাবলী।

এই পরিচ্ছেদের আলোচ্য বিষয়টি অত্যন্ত গ্রেম্বপূর্ণ, কিন্তু এ-বিষয়ে আমি কিছ্ব অসম্পূর্ণ ও খণ্ডিত আলোচনাই শুধু করতে পারি। আমরা আগে মিঃ ওয়ালেসের যে মলোবান রচনাটির কথা উল্লেখ করেছি, সেই রচনায় তিনি বলেছেন—যে সব মননগত এবং নৈতিকগুণ মানুষকে নিদ্নতর জীবজাতুদের থেকে প্রথক করে তুলেছে সেই গুলগুলি আংশিকভাবে অর্জন করার পর প্রাকৃতিক নির্বাচন বা অন্য কোন উপায়ে মানুষের আর কোন শারীরিক পরিবর্তন ঘটে না। কারণ, নিজের মানসিক ক্ষমতার সাহাযো "পরিবর্তনশীল ব্রহ্মান্ডের সঙ্গে সঙ্গতি রেখে একটা নিজের শরীরকে অপরিবর্তিত অবস্থায় টিকিয়ে রাখতে মানুষ সক্ষম। নতুন নতুন অবস্হার সঙ্গে নিজের অভ্যাসকে থাপ থাইয়ে নেওয়ার এক দার্মণ ক্ষমতা আছে মান্মের। খাদ্য সংগ্রহ আর নিজেকে রক্ষা করবার জন্য নানান অস্ত্র, যম্ত্রপাতি এবং বহুবিধ কোশল উদ্ভাবন করেছে সে। কোন শীতপ্রধান অঞ্চলে গিয়ে পড়লে সে গরম পোশাক ব্যবহার করে, আচ্ছাদন বানায়, আগ্বন জনালায়। আগ্বনের সাহাষ্যে সে এমন সব খাদ্য রামা করে নের যে খাদ্যগর্নল কাঁচা অবস্থায় দর্মপাচ্য থাকে। নিজের প্রতিবেশীদের সে নানাভাবে সাহাষ্য করে, এবং ভবিষ্যতে কী কী ঘটতে পারে সেটা অনুমান করার চেটা করে। এমনকি বহু, প্রাচীন যুগেও মানুষ কিছু, কিছু, শ্রম-বিভাজন চালা, করেছিল। অন্যাদিকে, অবশ্হার বিপাল পরিবর্তনের মধ্যে টিকে থাকার জন্য নিদ্দাতর জীবজাতদের শারীরিক কাঠামোরও পরিবর্তান ঘটে। নতুন শত্রদের মোকাবিলা করার জন্য তাদের আরও শক্তিশালী হয়ে উঠতে হয়, কিম্বা আরও তীক্ষ্য দাঁত নখের দরকার হয়; অথবা, ধরা পড়া আর বিপদের হাত থেকে বাঁচার জন্য আয়তনে ছোট হয়ে যাওয়ার প্রয়োজন হয় । শীতলতর আবহাওয়ায় গিয়ে পড়লে নেরকার হয় শরীরজোড়া আরও ঘন রোমরাজি, কিম্বা শারীরিক ধাত পরিবর্তন। এইসব পরিবর্তন না ঘটলে তাদের অস্তিত্ব বিলুপ্ত হয়ে যায়।

মিঃ ওয়ালেস অত্যন্ত সঠিকভাবেই বলেছেন, মানুষের মননগত ও নৈতিক ক্ষ্মতার ক্ষেত্রে ব্যাপারটা একেবারেই আলাদা। এই ক্ষ্মতাগর্লি পরিবর্তনশীল, এবং এই পরিবর্তনগালি যে বংশপরন্পরাক্তমে সংগারিত হয়—তা বিশ্বাস করার যথেণ্ট কারণ আছে। কাজেই, প্রাচীন যুগের মানুষ আর তাদের বানর-সদৃশ পরেপরে, বদের ক্ষেত্রে যদি এই গ্রেগ্রাল খ্র গ্রেন্থপূর্ণ হয়ে থাকে, তাহলে তা অবশ্যই প্রাকৃতিক নির্বাচন মারফং যথায়থ বা উন্নত হয়ে উঠেছে। মননগত গুরুণগুর্নিষ যে অত্যন্ত গ্রেক্স্রেণ, সে খ্যাপারে সন্দেহের অবকাশ নেই, কেননা এই গুণগুলির জোরেই মানুষ পূর্ণিবীতে শ্রেণ্ঠতের আসন পেয়েছে। সমাজের একেবারে আদিম অবস্থায় যে-সব লোক সবথেকে বিচক্ষণ ছিল, যারা সবথেকে ভালো হাতিয়ার বা ফাদ তৈরী করতে আর তা ব্যবহার করতে পারত, এবং যারা সবথেকে ভালোভাবে নিজেদের রক্ষা করতে পারত, তারাই সবথেকে বেশি সংখ্যক সম্তান লালন-পালন করতে সক্ষম ছিল। যে-সব গোষ্ঠীর মধ্যে এ-রকম গুণী লোক প্রচুর থাকত, তারা সংখ্যায় বেডে উঠত এবং ছাপিয়ে যেত অন্য গোষ্ঠী-গ্বলিকে। কোন জায়গার জনসংখ্যা কত হবে, সেটা প্রধানত নির্ভার করে জীবন-ধারণের উপকরণের ওপর, আর সেটা আবার নির্ভার করে আংশিকভাবে সেই দেশের প্রাকৃতিক চরিত্রের ওপর এবং তার থেকেও অনেক বেশি ভাবে নিভ'র করে ঐ দেশে যে-সব কলাকোশল ব্যবহৃত হয়—তার ওপর। গোণ্ঠীগর্নালর জনসংখ্যা এভাবেই বেডে চলে। তারা অন্য গোষ্ঠীকে পরান্ধিত করলে সেই গোষ্ঠীর সদস্যরাও তাদের সঙ্গে মিশে যায়, ফলে গোষ্ঠীটির জনসংখ্যা আরও বেড়ে ওঠে। কান গোষ্ঠীর সদস্যদের দৈহিক উচ্চতা কত, শরীরের শক্তি কেমন— এ-সমুহত গোষ্ঠীর সাফল্যের ব্যাপারে বেশ গ্রের্ড্রপূর্ণ। এগ্রাল আংশিকভাবে নির্ভার করে ঐ এলাকায় কী ধরণের ও কত পরিমাণ খাদ্য পাওয়া যায়, তার ওপর। ইউরোপের ব্রোঞ্জ যুগের মানুষরা অন্য একটি অধিকতর শক্তিশালী জাতির দারা পরাীজত হয়েছিল। ঐ শেষোক্ত জাতিটির তরবারির হাতল ছিল অনেকটা বেশি লম্বা, অর্থাৎ তাদের হাতের দৈর্ঘাও ছিল বড়। এটা তাদের

[।] স্থার হেনরি মেইন্ বলেছেন ("এনসিয়েউ ল", পৃঃ ১৩১), কোন গোটা অপর কোন গোটার অবলীত্ত হরে যাওয়ার কিছুদিন পর থেকে ঐ অথম গোটার সদস্তর। মনে করতে শুরু করে থে বিকরী গোটাটার পূর্বপুরুবরাই তাদেরও আদিপুরুষ।

কিছুটো স্থাবিধা নিশ্চরাই দিয়েছিল, কিম্তু সম্ভবত তাদের সাফল্যের অনেক বড় কারণ ছিল কলাকোশলের উৎকর্ষতা।

বন্যদের সম্বন্ধে আমরা ষেট্রকু জানি, অথবা তাদের বিভিন্ন প্রথা আর প্রাচীন স্ম,তিস্তম্ভগ্রেলি থেকে ষেট্রকু অনুমান করতে পারি,—আজকের বাসিন্দারা ষেণ্ট্রলির ইতিহাস প্রায় ভূলেই গেছে—তা থেকে বোঝা যায় যে, স্থপ্রাচীন কাল থেকেই সমৃন্ধ গোষ্ঠীগঢ়াল অন্যান্য গোষ্ঠীগঢ়ালকে ছলে বলে কোশলে দখল করে আসছে। প্রথিবীর সমসত স্থসভ্য অঞ্চলে, আমেরিকার বনময় সমতলে, প্রশান্ত মহাসাগরের মহাসাগরের বিচ্ছিন্ন দ্বীপগ্নলিতে আবিষ্কৃত হয়েছে বিলুপ্ত বা বিক্ষাত বহুগোণ্ঠীর নানান নিদর্শন। আজকের দিনে সভ্য জাতিগুলি সর্বন্তই বর্বার জাতিগালের উপর কোশলে প্রভুত্ব কায়েম করছে ; শাধা যে-সব জায়গায় জলবায়, একটা সাংঘাতিক বাধা হয়ে দাঁড়ায়, সেইসব জায়গা বাদে। এ-কাজে সভ্য জাতিগুলি পুরোপুরি না হলেও অনেকটাই সফল হতে পারছে তাদের क्लाकोभरत्नत সाहारग्रहे—या এकान्छलात छेन्नछ मननभक्तितरे फरान । कार्र्कहे, এটা খাবই সম্ভব্পর যে মানবজাতির ক্ষেত্রে মননগত ক্ষমতাগালৈ মলেত যথাযথ হয়ে উঠেছে প্রাকৃতিক নির্বাচনের সাহায্যে, এবং তা ঘটেছে ধীরে ধীরে। আমাদের আলোচনার পক্ষে এই সিম্বাল্ডট্যকুই বথেণ্ট 🖟 প্রতিটা পূথক পূথক ক্ষমতা নিন্দতর প্রানীদের মধ্যে যে অবস্থায় থাকে, তার থেকে অনেক উন্নতইঅবস্হায় থাকে মানুষের। প্রতিটা ক্ষমতার এই উত্তরণের ধারাকে খংজে বার করতে পারলৈ যে খুবই ভালো হত, তাতে কোন সন্দেহ নেই। কিন্তু সে কাজ করার মত সামর্থ্য বা জ্ঞান আমার নেই।

লক্ষ্যণীয় ব্যাপার হল, মান্ধের পর্বেপ্রের্দ্রা সামাজিক জীব হয়ে ওঠার সঙ্গে সঙ্গে (সম্ভবত তা ঘটেছিল বহুকাল আগেই) তাদের অন্করণের নীতি, চিম্তা-ভাবনা করার ক্ষমতা আর অভিজ্ঞতাও অনেক উন্নত হয়ে উঠেছিল, আর তার ফলে তাদের মননগত ক্ষমতাতেও দেখা দিয়েছিল বিরাট পরিবর্তন। নিম্নতর প্রাণীদের মধ্যে এই ক্ষমতার কিছু সক্ষেম ছাপ ছাড়া আর কিছু দেখা যায় না। নিম্নতম সতরের বন্য মান্ধদের মতোই বনমান্ধরাও অন্করণের ব্যাপারে খ্ব পারদশী হয়ে থাকে। আমরা আগেই উল্লেখ করেছি যে, একটা নির্দিণ্ট সময়ের পর একই জায়গায় একই ফাদ পেতে কোন জম্তুকেই আর ধরা যায় না। এ থেকে বোঝা যায় জ্বিজ্জত্বা অভিজ্ঞতা থেকে শিক্ষা নের এবং অন্যদের কেও সতর্কতার সঙ্গে অন্করণ করে। কোন গোষ্ঠীর মধ্যে অন্যান্যদের তুলনায় বিচক্ষণ কোন লোক যদি একটা নতুন ধরণের ফাদ কিম্বা হাতিয়ার, অথবা আক্রমণ বা আত্মরক্ষার অন্য

কোন নয়া উপায় উভাবন করে, তাহলে গোষ্ঠীর বাকি সক্ষ্যরাও তার অনুকরণ করতে শরে করে এবং প্রত্যেকেই লাভবান হয়। এই অন্করণের জন্য খাব বেশি চিম্তাশক্তির দরকার হয় না, নিছক আত্মদ্বার্থ'ই তাদেরকে ঠেলে নিয়ে যায়। নতন নতন প্রতিটা কলাকৌশলের অভ্যাসগত অনুশীলনের ফলে মুননশক্তিও একটা একটা করে বেড়ে ওঠে। নতুন উভাবনটি খাবে গরেছপার্ণ হলে গোষ্ঠীটির লোকসংখ্যা বাড়ে, ছড়িয়ে পড়ে তারা এবং অন্য গোষ্ঠীনের স্থানচাত করে তাদের এলাকা দখল করে । এইরকমভাবে সংখ্যায় বেড়ে ওঠা কোন গোষ্ঠীর মধ্যে আরও উন্নত ব্রাণ্থসম্পন্ন ও উম্ভাবনক্ষম মানুষ জন্মানোর যথেণ্ট সম্ভাবনা থাকে। এই ধরণের মান্যুষদের সন্তান থাকলে তারা উত্তরাধিকারসত্তে তার ঐ মার্নাসক উৎকর্ষ তা লাভ করতে পারে, আর সেক্ষেত্রে আরও বেশি উভাবনশীল মানুষ জন্মানোর সম্ভাবনাও অনেক জোরদার হয়ে ওঠে। খুব ছোট কোন গোষ্ঠীর ক্ষেত্রে তো এই সম্ভাবনা খুবই বেশি থাকে। মানসিক উৎকর্ষযুক্ত **ঐ-সব মান,মনের কোন স**ম্ভান যদি না-ও থাকে, তা**হলেও** গোষ্ঠীর মধ্যে তার জ্ঞাতিরা তো থাকেই, আর তাদের মধ্যেও এ-সব উৎকর্ষ তার দকরেণ ঘটা সম্ভব। কৃষিতত্ববিদুরা জানিয়েছেন—যখন কোন জম্তুকে জবাই করার সময় জানা যায়. জ্বতাটি স্বদিক দিয়ে উৎকর্ষ যাক্ত ; তখন তার পরিবারের অন্যান্যদের দ্বারা বংশবুদিধ করার ব্যবদহা করা হয় যাতে সেই বাচ্চাটিকে বাঁচিয়ে রাখার মধ্য দিয়ে তার জন্মদাতার গ্রুণগর্নল মূর্ত হয়ে ওঠে।

এবার সামাজিক ও নৈতিক গ্লেগন্লির কথার আসা যাক। সামাজিক জীব হয়ে ওঠার জন্য আদিম মান্ধকে অথবা তার বানর-সদৃশ পর্বেপ্র্বিকে সেই সহজাত অন্তর্ভিত অবশাই অর্জন করতে হয়েছিল, যে অন্তর্ভির প্রভাবেই অন্যানা জীবজন্ত্রা দলবন্ধভাবে বসবাস করে। নিঃসন্দেহেই বলা যায়, ঐ-সব জীবজন্তুদের মত প্রবণতা তাদের মধ্যেও নিশ্চরই দেখা গিয়েছিল। নিজের সঙ্গী-সাথীদের প্রতি কিছন্টা ভালোবাসা দেখা দিয়েছিল মান্ধের মধ্যেও, তাদের থেকে কোন কারণে বিচ্ছিন্ন হয়ে পড়লে সে অন্বন্ধিত অন্তব করত। বিপদের গন্ধ পেলে একে অপরকে সতর্ক করত, আক্রমণ বা আত্মরক্ষার কাজে সাহায্য করত পরস্পরকে। এই স্বিকছ্র মধ্যে সহান্ভর্তি, বিশ্বস্ততা ও সাহসের একটা চিত্রই ফুটে ওঠে। নিয়তর প্রাণীদের জীবনে এইসব সামাজিক গ্রেণ যে চরম গ্রেছপর্ণে, সে-কথা প্রত্যেকেই স্বীকার করতে বাধ্য। নিন্ধিষার বলা চলে, মান্ধের আদি পর্বেপ্রেরাও জীবজন্তুদের মত একইভাবে, অর্থাৎ, উত্তরাধিকারস্থ্যে অজিত অভ্যাসের সাহায্যে প্রাকৃতিক নির্বাচন মারক্ষেই, এইসব সামাজিক

গুলু অর্জন করেছিল। ধরা যাক আদিম মানুষদের দুটি গোষ্ঠী একই অঞ্চলে পাশাপাশি বসবাস করে। কোন এক সময় তাদের মধ্যে দেখা দিল প্রতিছশিছতা। ধরা যাক গোষ্ঠী দুটির অন্য সব অবস্থা একইরকম, কিন্তু একটা গোষ্ঠীর মধ্যে সাহসী, সহান,ভাতিশীল ও বিশ্বদত সদস্যের সংখ্যা অপর গোষ্ঠীটির চেয়ে বেশি. এবং তারা বিপদ সম্বন্ধে পরম্পরকে সতর্ক করার জনা, পরম্পরকে সাহায্য ও রক্ষা করার জন্য সর্বদাই প্রস্তৃত। সেক্ষেত্রে ঐ গোচঠীটিই জয়লাভ করবে প্রতিছ িছতায়। মনে রাখা দরকার, বন্যদের অবিরাম যুস্থের আঙিনায় বিশ্বস্ততা আর সাহসের গ্রেব্র অপরিসীম। কোন বিশৃত্থল দলের তুলনায় कान जुग अल रेमनावाहिनीत रेमनिकता स जानक त्रीम कार्य करी हारा थाक. তার মলে কারণ হল—দৈন্যবাহিনীর প্রতিটি সদস্য তার সাথীদের প্রতি আস্হা রাখে। মিঃ বেগহেট চমংকারভাবে দেখিয়েছেন, যে-কোন ধরণের সরকারের ক্ষেত্রেই আনুগত্য একটি প্রচাড গ্রেন্তনপূর্ণ বিষয়। স্বার্থপর ও কলহাপ্রিয় লোকেরা পরস্পরের সঙ্গে মিলে-মিশে কাজ করতে পারে না, আর মিলে-মিশে काक करता ना भारता कान किছ्यूरे अर्जन करा यात्र ना । এইসব গ্রামে সমুস্থ কোন গোষ্ঠী সহজেই বিশ্তার লাভ করে এবং অন্যান্য গোষ্ঠীকে পরাজিত করতে পারে। কিম্তু অতীত ইতিহাস সাক্ষ্য দেয়, কালের গতিপথে অন্য কোন আরও বেশি গ্রেণসমূপ গোণ্ঠীর কাছে এদেরকেও একদিন-না-একদিন মাথা নোয়াতে হয়। কাজেই দেখা যাচ্ছে যে সামাজিক ও নৈতিক গ্রেণগুলি ধীরে ধীরে উন্নত হয়ে ওঠে এবং সারা পূর্ণিবীতে ছড়িয়েও পড়তে পারে।

এখানে একটা প্রশ্ন উঠতেই পারে—কোন একটাই গোণ্ঠীর মধ্যেকার বেশ কিছ্ মানুষ প্রথমে কিভাবে এইসব সামাজিক ও নৈতিক গুণে সমৃশ্ধ হয়ে উঠেছিল, আর সেগালির উৎকর্ষ তার মানই বা কিভাবে উন্নত হয়ে উঠেছিল ? সহান্ত্তিপ্রণ ও পরোপকারী নারী-প্রেমের সম্তান, অথবা সাথীদের প্রতি সবথেকে বিশ্বসত নারী-প্রেম্বর সম্তানদের সংখ্যা ঐ একই গোণ্ঠীভুক্ত গ্বার্থ পর ও বিশ্বাসঘাতক নারী-প্রেম্বদের সম্তানদের চেয়ে বেশি হও কি না—সে বিষয়ে যথেণ্ট সন্দেহের অবকাশ আছে। নিজের সাথীদের প্রতি বিশ্বাসঘাতকতা করার বদলে যারা তাদের জন্য নিজেদের জীবন উৎসর্গ করে দিত (বন্যদের মধ্যে এমন লোকের সংখ্যা নেহাত কম নয়), তারা প্রায়শই নিজেদের মহান চরিত্রের উক্তরাধিকারী ইওয়ার জন্য কোন সম্তান রেখে যেতে পারত না। যে-সব সাহসী মানুষ সবসময়েই এগিয়ে যেত বন্ধের সামনের সারিতে, অন্যদের জন্য মেহার বিপান করত নিজেদের জীবন—স্বাভাবিকভাবেই তাদের গড়পড়তা মৃত্যুর হার

অন্যদের তুলনায় বেশি হত। কাজেই, প্রাকৃতিক নির্বাচন অর্থাৎ যোগ্যতমের টিকে থাকার নীতি অনুযায়ী এই ধরণের গুণসম্পন্ন মানুষদের সংখ্যা অথবা তাদের উৎকর্ষতার মান ক্রমেই বেড়ে চলবে—এটা মোটেই সম্ভব নয়। কেননা এখানে আমরা কোন একটি গোষ্ঠী কর্তৃক অপর কোন গোষ্ঠীকে পরাজিত করার বিষয়ে আলোচনা করছি না।

একই গোষ্ঠীর মধ্যে এইরকম গ্রেপসমৃন্ধ মান্মদের সংখ্যা কোন্ কোন্
পরিস্থিতির দর্ণ বেড়ে চলতে পারে, তা স্পণ্টভাবে খাঁজে বার করা খা্বই জটিল
ব্যাপার। তব্, সম্ভাব্য কয়েকটি বিষয়কে চিহ্নিত করা বেতে পারে। প্রথমত,
গোষ্ঠীর সদস্যদের চিন্তা-ভাবনার ক্ষমতা ও দ্রেদশিতা উয়ত হয়ে ওঠার সঙ্গে
সঙ্গে প্রতিটি মান্মই ব্রুতে শিখেছিল যে সে যদি অন্যদের সাহাষ্য করে, তাহলে
সে নিজেও পাল্টা সাহাষ্য পেতে পারবে। এই হীন উদ্দেশ্য থেকেই হয়ত সে
ধীরে ধীরে অর্জন করেছিল অন্যদের সাহাষ্য করার অভ্যাসটা, আর এই পরোপকার
করার অভ্যাসটা নিশ্চিতভাবেই জোরদার করে তুলেছিল সহান্ভ্রতি-বোধকে।
মান্ম যে পরোপকার করতে চায়, তার কারণ হচ্ছে এই সহান্ভ্রতিবোধ।
তাছাড়া, কোন একটা অভ্যাস বহু প্রক্রম্ম ধরে অনুশীলিত হতে হতে একসময়
উত্তরাধিকার সত্রে বর্তাতে শারু করেছিল, এমনটা হওয়াও অসম্ভব নয়!

কিল্তু সামাজিক গ্ণাবলীর বিকাশে আরও শক্তিশালী ভ্রিমকা পালন করে থাকে সামাদের প্রতিবেশীদের প্রশংসা ও নিন্দা। আমরা আগেই দেখেছি যে, সহান্ভ্রিত সংক্রান্ত প্রবৃত্তিটির সাহায্যে আমরা সঙ্গতভাবেই অন্যদের প্রশংসা বা নিন্দা করে থাকি, কিল্তু নিজেদের বেলায় প্রশংসা পেতে ভালোবাসি আর নিন্দাকে অপছন্দ করি। অন্যান্য সামাজিক প্রবৃত্তির মত এই সহজাত প্রবৃত্তিটাও প্রাকৃতিক নির্বাচনের সাহায়েই অর্জন করেছিল মান্দ্রণ মান্দের পর্বেপ্রের্মরা তাদের বিকাশের গতিপথে ঠিক কতদিন আগে অন্য মান্দেরে প্রশংসা বা নিন্দাকে অন্ভব করতে বা তার ঘারা আলোড়িত হতে শ্রুর্ করেছিল, তা আমাদের জানা নেই। কিল্তু এমনকি কুকুররাও উৎসাহ, প্রশংসা বা নিন্দা উপলন্ধি করতে পারে বলেই মনে হয় ৻ একেবারে অসভ্যতম বন্যদের মধ্যেও গৌরব অর্জনের মানসিকতা কাজ করে। এই মানসিকতারই স্কুন্পণ্ট প্রমাণ পাই এইসব ঘটনার মধ্যে—নিজেদের শোর্ষের স্মারক তারা রক্ষা করে সম্বন্ধে, তাদের মধ্যে দেখা যায় অতিরিক্ত দম্ভোক্তি করার প্রবণতা, এমনকি নিজেদের চেহারা আর সাজগোজের ব্যাপারেও তারা অতীব মনোযোগাঁ। নিজের সঙ্গী-সাথীদের মতামতকে গ্রেক্ত্রনা দিলে এ-সব অভ্যাসের কোন অর্থই থাকে না।

নিজেদের কোন গোণ নিরম ভঙ্গ করলে এরা লম্জা তো অনুভব করেই, সম্ভবত অনুতাপেও দম্প হর। জনৈক অস্ট্রেলিয়ান তার মৃতা স্ত্রী-র আত্মাকে প্রক্রম করার জন্য অপর একটি স্ত্রীলোককে হত্যা করতে চেয়েছিল। কাজটা করতে দেরি হওয়ার দর্শণ লোকটি অস্থির হয়ে উঠেছিল এবং কৃশকায় হয়ে গিয়েছিল। এই ধরণের আর কোন ঘটনার কথা আমার জানা না থাকলেও এ-কথাটা জোর দিয়েই বলা চলে যে, যে বন্যরা নিজেদের জীবন উৎসর্গ করে তব্ গোষ্ঠীর সম্ক্রে বিম্বাসঘাতকতা করে না, বন্দীত্ব মেনে নেয় তব্ প্রতিশ্রতি ভঙ্গ করে না—তারা তাদের ধারণামতে কোন পবিত্র কর্তব্য সমাধ্য করতে না পারলে অম্ভরের অম্ভঃস্হলে কোনরকম অনুশোচনা বোধ করবে না, তা হতেই পারে না।

কাজেই আমরা সিম্পাশ্ত করতে পারি যে, খুব প্রাচীনকালে আদিমযুগের মানুহ তার সঙ্গী-সাথীদের প্রশংসা আর নিন্দার দ্বারা প্রভাবিত হয়েছিল। সপ্টেই বোঝা যায়, একই গোণ্ঠীর সদস্যরা সেইসব আচরণকেই অনুমোদন করবে যেগালি তাদের সবার পক্ষে মঙ্গলজনক, আর সেইসব আচরণের নিন্দা করবে যেগালি তাদের পক্ষে ক্ষতিকর। নৈতিকতার বনিয়াদ হচ্ছে অন্যদের উপকার করা—অন্যদের সঙ্গে তুমি যেমন আচরণ করবে, তারাও তোমার সঙ্গে তেমন আচরণই করবে। তাই, আদিমযুগের মানুষের পক্ষে প্রশংসা-প্রীতি আর নিন্দা-ভীতির উপর গারুদ্ব আরোপ করাটা মোটেই অতিরঞ্জন নয়। কোন মানুষ যদি কোন গভীর, সহজাত অনুভাতির দ্বারা চালিত হয়ে অন্যদের উপকারের জন্য নিজের জীবন উৎসর্গ করার বদলে কোন গৌরব অর্জনের তাড়নায় তার জীবন উৎসর্গ করে, তাহলে তার সেই কাজটাও অন্য মানুষদের মধ্যে ঐ গৌরব অর্জনের স্পূহা জাগিয়ে তোলে, আর নানাজনের এই ধরণের কাজের ফলে অন্যদের সম্মান জানানোর মহৎ অনুভাতিতিও জোরদার হয়ে ওঠে। নিজের মহৎ গাণাবলীর উত্তরাধিকারী হওয়ার জন্য কোন সম্তান রেখে না গিয়েও সে এইভাবে তার গোষ্ঠীর অনেক বেশি উপকার করতে পারে।

অভিজ্ঞতা ও চিতা-ভাবনার শক্তি বেড়ে ওঠার সঙ্গে সাঙ্গে মানুষ তার কাজকর্মের সুদ্রেপ্রসারী ফলাফলকে ব্রুতে শেখে, আর মিতাচার, সতীত্ব প্রভৃতির মত যে-সব আত্ম-সংব্যমলেক গ্রেকে একসময় কোনরক্ম মর্যাদাই দেওরা হত না, সেগ্রেল বিপলে মর্যাদা পেতে শ্রের করে, এবং এরক্ম কোন কোন গ্রেকে এখনও পবিত্র ব্যাপার বলে মনে করা হয়। এই প্রসঙ্গে চতুর্থ পরিচ্ছেদে যা বলে এসেছি, তার আর প্রনরাবৃত্তি করছি না। আমাদের নীতিবোধ বা বিবেকবোধ শেষ পর্যত্ত পরিগত হয় এক অত্যত জটিল অনুভ্তিতে, যার উত্তব হয়

সামাজিক প্রবৃত্তির মধ্যে, বহুলাংশে পরিচালিত হয় আমাদের সঙ্গী-সাথীদের অনুমোদন-অননুমোদনের দ্বারা, যার দিক-নির্দেশ করে চিম্তাশান্তি, আত্মস্বার্থ এবং পরবতী কালে গভীর ধমী র অনুভূতি, আর যা স্থদ্ভূ হয়ে ওঠে নির্দেশ ও অভ্যাসের সাহায়েয়ে।

কোন ব্যক্তি ও তার সম্তানদের নৈতিকতার মান খুব উ'চু হলেও' তার দর্শু তারা নিজেদের গোষ্ঠীর অপর সদস্যদের তুলনায় খ্রব একটা স্থাবিধাজনক অবস্হায় থাকে না. এ-কথা সত্য। কিণ্ড কোন গোষ্ঠীর মধ্যে উচ্চ গ্রেণসমন্থিত মান্রবদের সংখ্যা বৃদ্ধি পেলে ও তাদের নৈতিকতার মান উন্নত হলে সেই গোষ্ঠীটি অন্য গোষ্ঠীগুলির তুলনায় অনেক স্থবিধাজনক অবস্হায় থাকে—একথাটা জোর দিয়েই বলা যায়। দেশপ্রেম, বিশ্বস্ততা, আনুগত্য, সাহস, সহানুভূতি, পরস্পরকে সাহায্য করার তীর আকাৎখা, সার্বজনীন মঙ্গলের জন্য নিজেদের জীবন উৎসর্গকরা— এইসব মহৎ গ্রাণে সমান্ধ মানার যে গোষ্ঠীতে বেশি থাকত, তারা সহজেই অন্যান্য গোষ্ঠীকে পরাজিত করতে পারত, তাদের চেয়ে এগিয়ে থাকতে পারত। আর এটাই হচ্ছে প্রাকৃতিক নির্বাচন। দেখা যায়, প্রাথবীর সব দেশে সব কালেই এক গোণ্ঠী অপর গোষ্ঠীকে বলপরেক উচ্ছেদ করেছে। যেহেত ঐ-সব গোষ্ঠীর সাফলোর একটা গ্রের্ম্বপূর্ণে উপাদান হচ্ছে নৈতিকতা, তাই সর্বগ্রই এই নৈতিকতার মান উন্নত হওয়ার সাথে সাথে উচ্চ গ্রনসমূল্ধ মানুষের সংখ্যা বেড়ে যেতে দেখা গেছে। তবে. কোন বিশেষ গোষ্ঠী কেন সফল হতে এবং সভ্যতার স্তরে উন্নীত হতে পারল, আর অপর একটি গোষ্ঠী কেন তা পারল না—সেটা নির্ধারণ খুবই করা মান্দিকল। বেশ কয়েক বছর আগে যখন বিভিন্ন বন্য জাতির অন্তিত্ব আবিক্ষত হয়, তখন তারা অনেকেই একইরকম অবস্হায় ছিল। মিঃ বেগ্রেটা সঠিকভাবেই বলেছেন, মানবসমাজের অগ্রগতির ব্যাপারটাকে আমরা নিতাশ্ত স্বাভাবিক বলেই মনে করে থাকি, কিন্তু ইতিহাস তাতে সায় দেয় না। প্রাচীন কালের মানুষেরা এ নিয়ে ভাবতোই না, আজকের প্রাচ্য জাতিগুলিও ভাবে না। আর এক বিশিষ্ট চিল্তাবিদ স্যার হেনরি মেইন্ বলেছেন, "মানবজাতির অধিকাংশের মধ্যে তাদের পৌর প্রতিষ্ঠান**গ্রনিতে উ**নত করার সামান্যতম আকাৎখাও কখনো দেখা যায়নি।'' নানাধরণের আনুষঙ্গিক অনুকলে অবস্থার উপরই অগ্রগতি নির্ভার করে, যেগা লিকে খ^{*}ুজে বার করা একাশ্তই দুরুহে। তবে, একটা শাশ্ত, নিরুদ্বেগ পরিবেশ যে অগ্রগতি ও বিকাশের পক্ষে খ্বই অনুক্লে, এবং সেটা যে মানুষের মধ্যে এনে দের শিষ্প গড়ে তোলার ক্ষমতা, নানান চার, ও কার, শিষ্টেপর मक्कार—এ-कथा व**र्**डकन्टे न्दीकात क्रिटन ।

নিদার্ণ প্রয়েজনের তাগিদে এদ্কিমোরা স্থাক কোশলে বহু কিছু উত্তাবন করেছে, কিন্তু তাদের অগুলের জলবায় মোটেই ধারাবাহিক অগ্রগতির অনুক্লে নয়। যাযাবরস্থলত অভ্যাসও সর্বক্ষেত্রেই অত্যাত ক্ষতিকারক—তা সে বিস্তৃত সমতল অগুল জুড়েই হোক, বা উষ্ণমাডলীয় অগুলের ঘন অরণ্যানীর মধ্যেই হোক, কি সমুদ্রের উপক্লে বরাবরই হোক। সিয়েরা দেল্ ফুয়েগো-র বর্বর অধিবাসীদের পর্যবেক্ষণ করার সময় আমার মনে হয়েছিল, কিছু অস্হাবর সম্পত্তি, একটা সহায়ী আবাস, আর একজন প্রধানের অধীনে বেশ কিছু পরিবারের একত্রবাস—এগুলিই সভ্যতার অপরিহার্য পূর্বশত্তাবলী। এই ধরণের অভ্যাসসমহ কৃষিকাজকে প্রায় অবশ্যমভাবী করে তোলে। অন্যত্র আমি দেখিয়েছি, সম্ভবত্ কোন-না-কোন আক্রিমক ঘটনা থেকেই কৃষিকাজের স্ট্রেগাত হয়েছিল। যেমন, হয়ত কোন আবর্জনা-স্তুপের ওপর কোন ফলের বীজ পড়ল, কিছুদিন পর সেই আর্বজনা-স্তুপের মধ্যে মানুষ দেখল এক আশ্চর্য জিনিস : গাছ! শুরু হল কৃষিকাজ। তবে, বন্য মানুষ প্রথমে সভ্যতার দিকে কিভাবে পা বাড়িয়েছিল, সেটা আজ নির্দিণ্ট করে বলতে পারা খুবুই কঠিন কাজ।

প্রাকৃতিক নির্বাচন কিভাবে স্থসন্তা জাতিগুলিকে প্রভাবিত করে : এখনও পর্য'ন্ত আমি শাধা অর্ধ'-মানবীয় অবস্থা থেকে মানাৰ কিভাবে আধানিক বন্য অবস্হায় এসে পে°ছিল, তা নিয়েই আলোচনা করেছি। স্থসভ্য জাতিগ**ুলি**র ওপর প্রাকৃতিক নির্বাচন কিভাবে প্রভাব বিস্তার করে থাকে, সে প্রসঙ্গে এবার কিছু বলা দরকার। মিঃ ডরিউ আর গ্রেগ এবং তার আগে মিঃ ওয়ালেস ও মিঃ গ্যান্টন এ-বিষয়ে বেশ মনোজ্ঞ আলোচনা করেছেন। এই তিনজনের রচনা থেকেই আমি আমার অধিকাংশ বস্তব্য সংগ্রহ করেছি। শারীরিক বা মানসিকভাবে দুর্ব ল লোকদের বন্যরা বেশিদিন বাঁচিয়ে রাখে না; আর যারা টিকৈ থাকে, তাদের শরীর-স্বাস্থ্য সাধারণত দার্ল হর। অন্যাদকে, আমরা অর্থাৎ সভ্য মান্ম্বরা আপ্রাণ চেন্টা করে থাকি দূর্বলদের মৃত্যুর হাত থেকে বাঁচাতে। জড়বৃত্তিধ, বিকলাঙ্গ ও অস্মুস্হদের জন্য আমরা গড়ে ছাল নানান সেবা-প্রতিষ্ঠান, দরিদ্রদের গ্রাণ ও তত্ত্বাবধানের জন্য রচনা করি আইন, প্রতিটি মানুষের জীবন বাঁচানোর জন্য শেষ মূহ্রেত পর্যাত নিজেদের যাবতীয় দক্ষতা উজাড় করে দেন আমাদের চিকিৎসকরা। অতীতে শারীরিক দ্ব'লতার দর্রণ ষারা গর্টি-বসন্তে আক্লান্ড হত, এমন হাজার হাজার মানুষ আজ যে গুটি-বসন্তের টীকা নেওয়ার ফলে রক্ষা পেয়েছে—তা মনে করার ষথেণ্ট কারণ আছে । সভ্য সমাজের দূর্বল সদস্যরাও এইভাবে টিকে থাকে এবং বংশবিস্তার করে। গ্রহপালিত পশ্বদের প্রস্ব-দৃশ্য র্যারা দেখেছেন, তাঁরা প্রত্যেকেই একমত হবেন যে ঐ-রকম প্রসব প্রক্রিয়া মানবজাতির: পক্ষে অত্যন্ত ক্ষতিকর। পরিচর্যার অভাব কিম্বা ভুল পরিচর্যা অম্পদিনের মধ্যেই যে-কোন গৃহবাসী প্রজাতির দার্ব ক্ষতি করতে পারে। তবে, শৃধ্ব নিজেদের ব্যাপারটা (অর্থাৎ মানুষের বংশবিস্তার) বাদে, কোন মানুষই নিকৃণ্টতম শারীরিক গঠন ও গ্রেপসম্পন্ন জম্তু-জানোয়ারদের বংশবিস্তার করতে দিতে চায় না। অসহায়দের সাহায্য করার যে তাড়না আমরা মনের মধ্যে অনুভব করে থাকি, তা আসলে আমাদের সহান,ভাতি বিষয়ক প্রবৃতিটিরই একটি স্বাভাবিক ফল। এই প্রবৃত্তিটি মানুষ প্রথম অর্জন করেছিল তার সামাজিক প্রবৃত্তির অংশ হিসাবেই। কিম্তু পরবতী^{*}কালে (প্রবোল্লিখিত প্রক্রিয়ায়) তা আরও কোমল, আরও বহুবিস্তৃত হয়ে ওঠে। আমাদের চরিতের মহক্তম অংশের অবনতি না ঘটিয়ে আমরা আমাদের সহানুভ্তিকে রুখ করে রাখতে পারি না, এমনকি তা র**ুখ করার যথে**ণ্ট সঙ্গত কারণ থাকলেও নয়। শল্য-চিকিৎসার সময় কোন শল্য-চিকিৎসক নিজের মনকে কঠোর, নির্মম করে তুলতে পারেন, কারণ তাতেই রোগীর মঙ্গল। কিম্তু দূর্ব'ল ও অসহায়দের কি আমরা ইচ্ছাকৃতভাবে অবহেলা করতে পারি ? ভীষণ রকম ক্ষতিকর কোন আশ্ব বিষয়ের হাত থেকে তাদের বাঁচানোর জন্য হয়ত করতে পারি, অন্যথায় নয়। অক্ষম, দূর্ব ল মানুষদের টিকে থাকা ও বংশবিস্তার করার সম্পেহাতীত ক্ষতিকর ফলাফলের কথা আমাদের মনে রাখা উচিত। তবে, এইসব মান্ত্রদের দ্রত বংশবিস্তারের পথে অন্তত একটা প্রতিবংধক আছে: সমাজের দূর্বল ও অক্ষম মান্ধরা স্বন্থ-সবল মান্ধদের মত সহজে বিবাহ করতে পারে না। শারীরিক বা মানসিকভাবে দ্বর্ণল ব্যক্তিরা আদৌ বিবাহ না কর**লে** এই প্রতিবশ্ধকটা সবথেকে বেশি কার্মকর[†] হতে পারত। তবে সেটা **শব্বে আশাই করা** যায়**, বাস্তবে তা ঘটার কোন সম্ভাবনা নেই**।

যে-সব দেশে প্রচুর সংখ্যক সৈন্যবিশিষ্ট নিয়মিত সৈন্যবাহিনী আছে, সেখানে সবথেকে সুস্থ-সবল যুবকদের বাধ্যতামলেকভাবে অথবা স্বেচ্ছায় সৈন্যবাহিনীর অশতভূপ্তি করা হয়। ফলত যুশ্ধের ময়দানে তারা অকালে প্রাণ দেয়, প্রায়শই নানান কদভ্যালৈ লিগু হয়, এবং জীবনের শ্রেষ্ঠ সময়ে বিবাহ করতে পারে না। অন্যদিকে, দুর্বল, রুশ্ন মানুষদের যুশ্ধে যেতে হয় না, নিজেদের ঘরেই থাকতে পায় তারা, ফলে বিবাহ ও বংশবিস্তার করার সম্ভাবনাও তাদের অনেক বেশিই থাকে।

্রিজীবনে মানুষ যে-সব সম্পদ বা সম্পত্তি অর্জন করে, সেগর্বল সে রেখে যায় তার সম্তানদের জন্য। ফলে, সাফল্যের প্রতিযোগিতায় দরিদ্রদের সম্তানদের

जूननाम्न धनीरिनत मण्डानमा मयमममूटे अभित्य थारक, आत जात जना भातीविक বা মানসিক উৎকৃষ্টতার কোন প্রয়োজন হয় না 🌶 অন্যাদকে, ক্ষীণজীবি 🔞 অষ্প বয়সে মৃত পিতা-মাতার সম্তানদের শরীর-স্বাস্থ্যও সাধারণত দুর্ব'ল হয়, এবং তাদের বয়সী অন্যান্য ছেলে-মেয়েদের তুলনায় অনেক আগেই পিতা-মাতার সম্পত্তির উত্তরাধিকারী হয়ে বসে । ফলে স্বাভাবিকভাবেই তারা অন্যদের থেকে অষ্প বয়সে বিবাহও করে, আর নিজেদের দূর্বলতার উত্তরাধিকারী হিসাবে রেখে যায় অনেকগ**্বলি সম্ভান-সম্ভতি। কিন্তু সম্পত্তির উত্তরাধি**কার ব্যাপারটা এমনিতে মোটেই ক্ষতিকর নয়, কারণ প^{*}রজির সঞ্চয় না হলে শিশেপর উন্নতিসম্ভব নয়। আর ম্লত এই শিলেপাদ্যোগ জোরেই সভ্য জাতিগালি নিজেদের এলাকা বাড়াতে পেরেছে, আজও বাড়িয়ে চলেছে আর দখল করে চলেছে অপেক্ষাক নিকৃণ্ট জাতিগালের এলাকা। পরিমিত পরিমাণ সম্পদ সঞ্চয় করলে প্রাকৃতিক নির্বাচন প্রক্রিরাও কোনভাবে ব্যাহত হর না। কোন দরিদ্র মানুষ মোটামুটি ধনী হয়ে উঠলে তার সন্তানরা এনন সব[্]বাবসা বা পেশায় হাত দেয় যেখানে সংগ্রাম বেশ তীর, আর তার ফলে দেহে-মনে সক্ষম ব্যক্তিরাই সেখানে সবচেয়ে সাফলালাভ করে। দৈনিন্দিন রুজি-রুটির জন্য যাদের পরিশ্রম করতে হয় না, এমন কিছু স্থাশিকিত ব্যক্তির উপস্থিতি সমাজে একাশ্তই দরকার। যে-সব কাজে উচ্চ মননশীলতার প্রয়োজন, সে-সব কাজ এ রাই করে থাকেন, আর এইসব কাজের ওপরেই নির্ভার করে সমুদ্ত ধরণের বৃদ্তগত অগ্রগতি—এছাড়াও অন্যান্য উচ্চতর স্থাগ-স্থাবধার কথা আর না-ই বা বললাম ! স্প্রচর সম্পদ অবশ্য মানারকে অকর্মণ্য ও অলস করে তোলে, তবে এ-রকম সম্পদশালী মানুষের সংখ্যা নিতাশ্তই নগণ্য। আর একেরেও একটা ঝাডাই-বাছাইয়ের প্রক্রিয়া চলমান। প্রতিদিনই আমরা অনেক বোকা বা অপব্যয়ী ধনী ব্যক্তিকে নিজেদের সম্পদ বেহিসেবীভাবে উডিয়ে দিতে দেখে থাকি।

বিক্রয়-অযোগ্য সন্পত্তির ওপর জ্যেষ্ঠ প্রেরের উত্তরাধিকারও একটা অত্যত্ত ক্ষতিকর ব্যাপার, আর এটা সমস্ত যুগেই দেখা গেছে। অবশ্য এ-রকম উত্তরাধিকারের ফলে একটা প্রভাবশালী শ্রেণী স্টুণ্টি হয়, এবং একসময় সেটা হয়ত সমাজের পক্ষে স্থাবিধাজনকই ছিল। শারীরিক বা মানসিকভাবে দুর্বল হলেও অধিকাংশ জ্যেষ্ঠ প্রুই বিবাহ করে, আর দেহে-মনে শ্রেষ্ঠতর হলেও তার পরের ভাইরা অনেক সময়েই বিবাহ করতে পারে না। বিক্রু-অযোগ্য সম্পত্তিকে অপদার্থ জ্যেষ্ঠ প্রেরা নানান বদখেয়ালে উড়িয়ে দিতেও পারে না। কিম্কু অন্যান্য সব ব্যাপারের মত এক্ষেক্রেও সভ্য জীবনের সম্পর্কগর্মল এত জটিল যে

দাবীতে যারা সম্পত্তির উত্তরাধিকারী হয়, তারা পুরুষানুক্রমে নিজেদের স্ত্রী হিসাবে সমাজের সন্দেরী নারীদের বেছে নিতে পারে। আর এইসব নারীরা সাধারণত স্বাস্হাবতী ও মানসিকভাবে সক্রিয় হয়ে থাকে। যোগ্যতা বিচার না করে এইভাবে একই বংশধারায় উত্তরাধিকার বর্তাতে থাকে। এর অশুভে ফলাফলকে (যা একাশ্তই স্বাভাবিক) প্রতিহত করতে পারে এমন কিছু, ব্যক্তি, যারা সবসময়ই নিজেদের সম্পদ ও প্রতিপত্তি বাড়াতে উৎসকে। সম্পত্তির উত্তরাধিকারিনীদের বিবাহ করেই তারা নিজেদের অভীণ্ট সিম্পি করে । কিম্তু, মিঃ গ্যান্টন দেখিয়েছেন, যে-সব মেয়ে তাদের পিতা-মাতার একমাত্র সম্তান, তারা সাধারণত বংধ্যা হয়ে থাকে। ফলে, উচ্চবংশীয় পরিবারগালির সরাসরি বংশধারা ক্রমাগত ছিল্ল হয়, আর তাদের সম্পদ হস্তান্তরিত হয় বংশের অন্য কোন শাখার লোকজনদের হাতে। কিন্তু, দুর্ভাগ্যবশত, এইভাবে সম্পত্তি হস্তাম্তরিত হওয়ার সময় যারা তা পাচ্ছে, ভারা কে কতটা যোগ্য, সে ব্যাপারে কোনরকম বিচার-বিবেচনা করা হয় না। ুইভাবে সভ্যতা প্রাকৃতিক নির্বাচনের কাজকে নানাভাবে বাধা দিলেও, ভাল খাদ্য যাগ্রিয়ে ও বিভিন্ন কণ্টকর কাজ লাঘ্ব করে শরীরের উন্নতি ঘটাতেও সভ্যতা সাহায্য করে। এই কথার সমর্থনে আমরা দেখতে পাই, বন্যদের তুলনায় সভ্য মান্ত্রেরা শারীরিকভাবে বেশি শক্তিশালী হয়। বহু দুঃসাহসিক অভিযানে দেখা গেছে সভ্য মানুষদের সহা ক্ষমতা বন্যদের চেয়ে মোটেই কম নয়। এমনকি ধনীদের প্রচুর বিলাস-ব্যসন্ও খুব একটা ক্ষতিকর কিছু নয়, কেননা দেখা গেছে আমাদের অভিজাতদের মধ্যেকার সকল বয়সের নারী-পারুষের আয়ুকাল নিন্দ্রশ্রেণীর স্বাস্হ্যবান ইংরেজদের চেয়ে এমন কিছু কম নয়। এবার মননশীল ক্ষমতার বিষয়টিতে আসা যাক। সমাজের সকল স্তরের সমস্ত সদস্যকে উচ্চ মননশীলতাসম্পন্ন ও নিন্ন মননশীলতাসম্পন্ন—এই দু'ভাগে সমানভাবে ভাগ করা গেলে নিঃসন্দেহেই দেখা যেত যে প্রথমোক্তরাই সমস্ত কাজে সফল হচ্ছে আর শেষো**ন্ত**দের চেয়ে অনেক বেশি সম্তানসম্ততির জম্ম দিচ্ছে।

এই অস্থবিধাটা এড়ানোর কিছু উপায়ও তারা হাতে পেয়ে যায়। জ্যোঠছের

সদস্যকে উচ্চ মননশীলতাসম্পন্ন ও নিন্দ মননশীলতাসম্পন্ন—এই দ্ব'ভাগে সমানভাবে ভাগ করা গেলে নিঃসন্দেহেই দেখা যেত যে প্রথমান্তরাই সমস্ত কাজে সফল হচ্ছে আর শেষোক্তদের চেয়ে অনেক বেশি সন্তানসন্ততির জন্ম দিচ্ছে। জীবনের একেবারে সাদামাটা ব্যাপারগর্বালতেও দক্ষতা ও সামর্থ্য কিছ্র সর্বিধা দিয়েই থাকে। অবশ্য কোন কোন বৃদ্ধিতে চ্ডোন্ত শ্রম-বিভাজনের দর্শ এই স্বিধা খ্রই অলপ হয়ে থাকে। তাই সমস্ত সভ্য জাতির উচ্চ মননশীলতা-সম্পন্ন ব্যক্তিদের মধ্যে সংখ্যা ও গ্রণগত মান বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়। কিন্তু তাই বলে আমি এ-কথা বলতে চাইছি না যে এই প্রবণতার বিপ্রীত চিত্রটা একেবারেই অনুপঙ্গিছত। যেমন, বেপরোয়া ও অদ্রেদশীব্যক্তিদেরও অনেক সন্তান-

সম্ততি জমায়। তা সন্তেও, দক্ষতার কিছু বিশেষ সূবিধা থাকেই। উপরোক্ত ধরণের দৃণ্টিভঙ্গীর বিরুদ্ধে যুক্তি নিতে গিয়ে প্রায়শই বলা হয়— প্থিবীর বিশিষ্ট্তম ব্যক্তিরা তাঁদের স্মহান মননশীলতার উত্তরাধিকারী হওয়ার জন্য কোন সন্তান রেখে যান নি। মিঃ গ্যান্টন বলেছেন, ''বিরাট প্রতিভাসম্পন্ন নারী-পরে ধরা সম্তানের জন্মদানে অক্ষম হন কিনা, বা তাঁদের भर्या कञ्जन এ-त्रकम जन्मम इन-एन श्रुटन्तत्र छेख्त एएशात न्ममञा जामात रनहे। তবে. আমি দেখিয়েছি যে বিশিণ্ট ব্যক্তিরা সম্তানের জম্মদানে মোটেই অক্ষম হন না।" মহান আইনপ্রণেতারা, মঙ্গলময় ধর্ম প্রবর্ত করা, মহান দার্শনিকরা এবং বিজ্ঞান-জগতের আবিৎকারকরা তাঁদের কাজের সাহাযোই মানবসমাজের প্রগতিতে অনেক বড় অবদান রেখে যান। প্রচুর সম্তান-সম্ততি রেখে যেতে পারলেন কি না, সেটা তাঁদের ক্ষেত্রে ধর্ত ব্যের মধ্যেই পড়ে না। কোন প্রজাতির শারীরিক কাঠামোর অগ্রগতি ঘটে কিছ.টা-উন্নত কাঠামোবিশিষ্ট ব্যক্তিনের নির্বাচন আর কিছুটা-কমজোরি কাঠামোবিশিণ্ট ব্যক্তিদের বাতিল হয়ে যাওয়ার সাহায্যে, স্কুস্পণ্ট ও বিরল ব্যতিক্রমগ্রলিকে রক্ষা করার সাহায্যে নয়। মননগত ক্ষমতার ব্যাপারেও একই কথা প্রযোজ্য, কেননা সমাজের সমস্ত স্তরেই কিছুটা-বেশি সক্ষম ব্যক্তিরা কিছাটা-কম সক্ষম ব্যক্তিদের থেকে তাধিক সাফল্য পেরে থাকে, এবং ফলন্দ্ররূপ, অন্য কোনভাবে বাধাপ্রাপ্ত না হলে তাদের বংশবিস্তারও দ্রুততর হর। কোন দেশে মননশীলতার মান ও মননশীল ব্যক্তিদের সংখ্যা যথেণ্ট বেশি হয়ে উঠলে, গড়পড়তা হিসাব থেকে বিচ্চাতির নিয়ম অনুসারে (মিঃ গ্যান্টন যেমন দেখিরছেন) সে দেশে আগের থেকে অনেক বেশি সংখ্যার প্রতিভাসম্পন্ন মান্যুষ জন্মানোর

নৈতিক বোধের ব্যাপারে বলা যায়, এমনকি সবথেকে স্থসভা দেশগ্রনিতেও, মান্বের চরিত্রের থারাপ উপাদানগ্রনি বিলা্প্ত করার একটা প্রক্রিয়া সারাক্ষণই চলে। কুখ্যাত অপরাধীদের মৃত্যুদশ্ড দেওয়াঁ হয় বা দীর্ঘাদিন বন্দী করে রাখা হয়, ফলে তারা আর নিজেদের খারাপ দিকগ্রনিকে অন্যদের মধ্যে অবাধে ছড়িয়ে দিতে পারে না। বিষাদ-রোগাঞ্জান্ত ও উন্মাদ ব্যক্তিদের উন্মাদ-আশ্রমে অন্তরীণ রাখা হয়, কিন্বা তারা আত্মহত্যা করে। হিংসাপ্রবণ ও কলহপরায়ণ ব্যক্তিরা প্রায়শই এক ভয়ৎকর পরিণতির দিকার হয়। য়েন্সব অস্থিরটিন্ত মানা্র কোন নির্দিণ্ট ব্র্তিতে নিম্বত্ত থাকতে রাজি নয়,—বর্ণর অবস্থার এই সব স্মারকরা সভ্যতার পথে এক বিরাট প্রতিবন্ধক র্পে দেখা দেয়। কোন সন্য গড়ে ওঠা দেশে চলে যায় তারা এবং সেখানে খবুই কার্যকরী পথিকৃতের ভূমিকা-পাল্ন থাকে। অসংয্ম ব্যাপারটা মানা্রকে

সম্ভাবনা থাকে।

দার্ণ ভাবে ক্ষইয়ে দেয়। এটা এতদ্বে ক্ষতিকর যে, চিশু বছর বয়দের সময় অসংযমী ব্যক্তিদের সম্ভাব্য আয়ুকাল থাকে আর মাত্র ১৩-৮ বছর, আর ঐ একই বয়সকালে ইংল্যান্ডের গ্রামীন শ্রমজীবীদের সম্ভাব্য আয়ুক্তাল থাকে আরও ৪০-৫৯ বছর । অসচ্চরিত্র নারীরা খুব বেশি সম্তানের জম্ম দিতে পারে না, আর অসচ্চরিত্র প্রে, यরা প্রায়শই বিবাহ করে না। এই ধরণের নারী-প্রে, ব উভয়েই ব্যাধিতে আক্রান্ত হয়। গৃহপালিত পশ্বদের বংশবিস্তারের ক্ষেত্রে, স্পণ্টতই নিকৃণ্টতর পশ্বদ্বলির বাতিল হয়ে যাওয়াটা তাদের অগ্রগতির পথে যথেন্টই গ্রেক্সম্পন্ন ব্যাপার। যে-সব ক্ষতিকর বৈশিষ্ট্য পর্বান্ব-ত্তির সাহায্যে বার বার ফিরে আনে, সেগ্রনির ক্ষেত্রে এটা বিশেষভাবে সতা; ষেমন, ভেড়াদের গায়ের কালো রঙ। অনেকসময় মানুষের ক্ষেত্রেও কিছু কিছু খারাপ স্বভাব কোনরকম নির্দিষ্ট কারণ ছাড়াই কোন কোন পরিবারের মধ্যে দেখা দেয়, আর তা এক বন্য দশার পর্বোন্ব ভির দ্যোতকও হয়ে উঠতে পারে—বন্যদশা থেকে আমরা তো এখনও খুব বেশি এগিয়ে আসিনি ! এই ভাবনাটাই ফুটে ওঠে চাল, প্রবচনের मस्या । जानः श्रवहरून वना रहा—७-भव लाक रुक्तः भीत्रवादात काला एन्छ। (অর্থাৎ কল•ক)। স্থসভ্য জাতিগ, লির ক্ষেত্রে নৈতিকতার উচ্চ মান, আর বেশি সংখ্যক যথেষ্ট ভালো মানুষ থাকার ব্যাপারে প্রাকৃতিক নির্বাচনের তেমন কোন ভূমিকা নেই। অবশ্য একেবারে বুনিয়াদী সামাজিক প্রবৃত্তিগৃ লিকে মানুষ প্রথম অর্জন করেছিল প্রাকৃতিক নির্বাচনের সাহায্যেই। কিণ্ডু কোন্ কোন্ কারণ সমূহ আমাদের নৈতিকবোধকে উন্নত করে তোলে, সে বিষয়ে যথেণ্ট আলোচনা আমি পর্বেবন্ত্রী অধ্যায়ে করে এসেছি নিদ্নতর জাতিগালির কথা বলবার সময়। যে কারণগ্রলির কথা আমি উল্লেখ করেছি, সেগ্রলি হল – অন্যান্য মান্যদের অনুমোদন, দু-টাম্ত ও অনুকরণ, চিম্তাশন্তি, অভিজ্ঞতা, এমন্কি আক্ষম্বার্থ, অলপ বয়সে প্রাপ্ত বিভিন্ন নির্দেশ ও ধর্মীয় অনুভূতি।

সন্সভ্য দেশগন্নিতে সব দিক থেকে উন্নতশ্রেণীর মান্ষদের সংখ্যা বেড়ে চলার পথে একটা খ্ব গ্রেম্পন্র্ণ বাধার কথা জাের দিয়ে উল্লেখ করেছেন মিঃ গ্রেগ এবং মিঃ গ্যাল্টন ৄ বাধাটা হল এই মে, অতি দরিদ্র ও বেপরােয়া লােকেরা, প্রায়শই যারা নানা কদভ্যাসে লিগু থাকে, প্রায় সবসময়ই অলপ বয়সে বিবাহ করে তারা, আর অন্যদিকে সাবধানী ও মিতবায়ী লােকেরা, যারা সাধারণত নীতিপরায়ণ হয়, তারা বিবাহ করে একট্ব বেশি বয়সে, যাতে করে নিজেদের এবং নিজেদের সম্তানদের ভরণ-পােষণ ভালােভাবে চালানাে যায়। ডঃ ডান্কান দেখিয়েছেন, যারা অলপ্রয়সে বিবাহ করে, তারা একটা নির্দিণ্ট সময়ের মধ্যে

শ্বর যে বেশি সংখ্যক প্রজম্ম বা প্রের্ছ (প্রে, প্রপৌর ইত্যাদি) সৃষ্টি করে তা-ই নয়, তারা অনেক বেশি সম্তানেরও জম্ম দেয়। তাছাড়াও, মান্লেদের পরিপর্ণে বৌবনকালের সম্ভানদের থেকে অলপ বয়সের সম্ভানরা বেশি প্রুটপুরুট ও আয়তনে বড় হয়, ফলে সম্ভবত তাদের জীবনীশক্তিও বেশি হয়। তাই সমাজের বেপরোয়া, মর্বাদাহীন ও অনেক সময় অসৎ ব্যান্তরা বিচক্ষণ ও স্বনীতিপরায়ণ ব্যান্তদের চেয়ে অনেক দ্রত হারে বংশবৃদ্ধি করে। মিঃ গ্রেগ ব্যাপারটাকে এইভাবে বলেছেন : ''অসতক', দারিদ্রাপীড়িত, উচ্চাকা•কাহীন আইরিশরা খরগোশের মত বংশব**্রি**খ করে চলে, আর মিতবায়ী, দ্রেদশী, আত্মর্যাদাসম্পন্ন, উচ্চাকাৎকী ক্ষটরা, যারা নৈতিকতায় অবিচল, উচ্চস্তরের চিম্তা-ভাবনায় বিশ্বাসী, বিচক্ষণ এবং ব্যক্তি মন্তায় স্মৃশ্, ৭খল—তারা জীবনের শ্রেষ্ঠ সময়টা কাটায় সংগ্রাম করে, কৌমার্ষ বজার রেখে: তারা বিবাহ করে দেরিতে, এবং খুব বেশি সংখ্যক সন্তান-সন্ততির জন্ম দেয় না। কোন একটা নিদি^দট অঞ্চলে যদি এক হাজার স্যা**ন্ধ**ন আর এক হাজার কেল্ট থাকে, তাহলে দেখা যাবে দশ-বারো প্রজন্মের মধ্যেই ঐ এলাকার মোট জনসংখ্যার ছয় ভাগের পাঁচ ভাগ হয়ে গেছে কেন্টরা, কিল্ত যাবতীয় সম্পত্তি, ক্ষমতা মননশক্তির ছয় ভাগের পাঁচ ভাগ চলে গেছে ঐ এক-ষষ্ঠাংশ স্যাক্ষনদের হাতে। চির**ম্ভন সেই 'অস্তিত্তে**র জন্য সংগ্রামে' নিকুণ্টতর ও কম স**ু**বিধাজনক অবস্হায় থাকা জাতিরাই টিকে থেকেছে। তবে এই টিকে থাকাটা তাদের ভালো গুণাবলীর ফল নয়, বরং তাদের দোষ-চ_টিগ_লিই টিকিয়ে রেখেছে তাদেরকে।"

তবে এই নিশ্নমুখী প্রবণতার কিছু প্রতিরোধক ব্যবস্থাও আছে। আমরা দেখেছি, অসংষমীদের মৃত্যুর হার বেশি হয়, আর অসচ্চরিত্র ব্যক্তিরা খুব বেশি সম্তানের জন্ম দিতে পারে না। দরিদ্রতম শ্রেণীর লোকেরা শহরে এসে জড়ো হয়, এবং স্কটল্যাম্ভের দশ বছরের পরিসংখ্যান থেকে ডঃ স্টার্ক প্রমাণ দেখিয়েছেন ষে বে-কোন বয়সেই গ্রামের থেকে শহরে মৃত্যুর হার অনেক বেশি, 'এবং জীবনের প্রথম পাঁচ বছরের মধ্যে মৃত্যুর হার গ্রামের তুলনায় শহরে প্রায় দিগুণ।' ধনী ও দরিদ্র, উভয়ের ক্ষেত্রেই কথাটা সত্য। ফলে, নিজেদের লোকসংখ্যার হার বজায় রাখার জন্য শহরের অতি দরিদ্র বাসিম্দাদের গ্রামের অতি দরিদ্র বাসিম্দাদের ক্রিয়ে বিবাহ হওয়া অত্যত ক্ষতিকর ব্যাপার। ফ্রাম্সে দেখা গেছে যে, "এক বছরে যতজন অবিবাহিতা মারী মারা গেছে, তার থেকে দিগুণ সংখ্যক বিবাহিতা রমণীর মৃত্যুত্র হয়েছে।" কুড়ি বছরের কম বয়সী বিবাহিত প্রেম্বদের মৃত্যুর হারও "অত্যত

বেশি।" তবে এর ঠিক কারণ কী, তা বলা মৃন্দকল। শেষত, যে-সব প্রুব্ধ: স্বচ্ছেন্দে নিজের পরিবারের ভরণ-পোষণ করার অবস্থায় না-আসা পর্যন্ত স্ফুচিন্তিতভাবেই বিবাহ করে না, তারা যদি প্র্ণ যৌবনবতী মেয়েদের বিবাহ করত (যা তারা প্রায়শ করেও থাকে), তাহলে উন্নততর শ্রেণীর জনসংখ্যা বৃদ্ধির হার অন্যদের চেয়ে খুব একটা কম হত না।

১৮৫৩ সালে সংগ্রেগত প্রচুর পরিমাণ তথ্য থেকে দেখা যায়, সারা ফ্রান্সে কুড়ি থেকে আশি বছর বয়স পর্যাত অবিবাহিত লোকদের মাতার হার বিবাহিত লোকদের মৃত্যুর হারের চেয়ে অনেক বেশি। যেমন, কুড়ি থেকে তিশ বছর বয়সী প্রতি ১০০০ জন অবিবাহিতর মধ্যে এক বছরে মারা গিয়েছিল ১১.৩ জন আর ঐ বয়সী বিবাহিতদের মধ্যে মারা গিয়েছিল মাত্র ৬.৫ জন । ১৮৬৩ এবং ১৮৬৪ সালে স্কটল্যান্ডের কৃডি বছরের বেশি বয়সী সমস্ত লোকেদের মধ্যেও এই একই নিয়ম চোখে পড়েছিল। যেমন, কুড়ি থেকে চিশ বছর বয়সী প্রতি ১০০০ জন অবিবাহিতর মধ্যে এক বছরে মারা গিয়েছিল ১৪-৯৭ জন আর ঐ বয়সী বিবাহিতদের মধ্যে মারা গিয়েছিল মাত্র ৭.২৪ জন, অর্থাৎ অর্ধেকেরও কম। ^৪ ডঃ স্টার্ক এ-ব্যাপারে বলেছেন; "কোন অস্বাস্হ্যকর কাজে নিয**়ন্ত** থাকা, অথবা নিকাশী ব্যবস্থার উন্নতির জন্য যেখানে কোনদিন কোনরকম চেণ্টা করা হয় নি, এমন কোন অস্বাস্হাকর বাড়ি বা অগুলে বসবাস করার চেয়েও অবিবাহিত **থাকা** জীবনের পক্ষে অনেক ক্ষতিকর।'' তাঁর মতে, মৃত্যুর হার কমে যাওয়াটা হচ্ছে "বিবাহের এবং তার ফলস্বর প গড়ে ওঠা বিভিন্ন নিয়মিত অভ্যাসেরই" প্রত্যক্ষ ফলাফল। তবে তিনি স্বীকার করেছেন যে অসংযমী, অসচ্চরিত্র ও অপরাধী শ্রেণীর লোকেদের আয়ুকাল কম হয় এবং তারা সাধারণত বিবাহ করে না : এইসঙ্গেই আমরা মেনে নিতে পারি যে ক্ষীণজীবী, অসুস্হ কিন্বা দেহ বা মনের কোন দার্থ দর্শেলতায় আক্রাম্ত ব্যক্তিরা প্রায়শই বিবাহে গররাজি অথবা প্রত্যাখ্যাত হয়। ডঃ দটার্ক সম্ভবত এই সিম্বান্তেই উপনীত হয়েছিলেন

২। হাকেপ্ও এই সিক্ষান্তেই উপনীত হয়েছেন। স্তইবা, ভারচৌ-এর "Sammlung, gemein. wissen. vortage", ১৮৬৮, পৃ: ৬১ তে "ueber die Entstehung des Menschenges chlechts". এছাড়াও স্তইবা তার "Naturliche Schopfungs-geschichte", ১৮৬৮, বেখানে তিনি মানুবের বংশবৃত্তান্ত সম্বন্ধে নিজের দৃষ্টিভঙ্গীকে বিশ্বভাবে ব্যাখ্যা করেছেন।

 [।] ড: ফার, পূর্বোল্লিখিত রচনা। উদ্ধৃত কথাগুলি ঐ চমৎকার রচনাটি থেকেই নেওয়া হয়েছে।
 । এথানে আমি "ভ টেন্থ, আামুয়াল রিপোর্ট অফ বার্থস, ডেথস্ এট্সেট্রা ইন স্কটল্যাওা' রচনার অদত্ত পঞ্চবার্থিক গড হিসাব থেকেই এই হিসাবটি এহণ করেছি।

য়ে, বিবাহ হচ্ছে দীঘ' জীবনলাভের একটি প্রধান কারণ, কারণ তিনি দেখেছিলেন অবিবাহিতদের চেয়ে বিবাহিতরা বেশিদিন বাঁচে। কিম্তু আমরা সকলেই এমন অনেক মানুষের কথা জানি, যারা তাদের দুর্ব'ল স্বাস্থ্যের দর্বণ যৌবন-काल विवाह ना करते प्रशिकाल विकास एक एक । जनगा माता कीवन जाता হয়ত দুর্ব'লই থেকেছে, ফলে বে'চে থাকার বা বিবাহ করার সন্ভাবনাও তাদের সবসময় কমই থেকেছে। আরেকটি উল্লেখযোগ্য ঘটনাও আপাতভাবে ডঃ স্টার্কের जिन्धान्त्रक जमर्थन करत । घटेनांटि श्ल-कार्ल्ज विवाश्किरत रहा विधवा **७** বিপত্নীকদের মৃত্যুর হার অনেক বেশী। কিল্তু ডঃ ফার-এর মতে এই ঘটনার কারণটা এ-রকম : দ্বামী বা দ্বী-র মৃত্যুতে পরিবারে ভাঙন ধরে, দেখা দেয় पातिना, नानान क-क**ाम, प्रानि**ह्य व्याप्त विश्वाप : करल, विश्वा नाती वा বিপত্নীক ব্যক্তিটির মৃত্যুও এগিয়ে আসে কয়েক কদম। মোটের ওপর, ডঃ ফার-এর সঙ্গে একমত হয়ে আমরা এই সিম্বাণেত আসতে পারি যে, অবিবাহিতদের তুলনায় বিবাহিতদের মাতার হার কম হওয়া, যাকে এক সাধারণ নিয়ম বলেই মনে হয়, "তার মলে কারণ হছে এই যে, চুটিপূর্ণ মানুষরা পূথিবী থেকে প্রতিনিয়তই বাতিল হয়ে যায়, আর প্রতিটি প্রজন্মের শ্রেণ্ঠতম ব্যক্তিরাই প্রাকৃতিক নির্বাচনে সবথেকে ভালোভাবে টিকে থাকে;'' এই নির্বাচন শুখু বিবাহিত জীবনের সঙ্গেই সম্পর্কিত, আর তা সমস্ত রকম দৈহিক, মননগত ও নৈতিক গুণাবলীকেও প্রভাবিত করে। কাজেই, আমরা সিম্পান্ত করতে পারি—যে-সব স্থান্থ ও স্বাস্থ্যবান মানুষ তাদের দুরদার্শিতার কারণে বেশ কিছুদিন অবিবাহিত থাকে, তাদের মৃত্যুর হার মোটেই খুব বেশি নয়।

শেষ দ্বটি অন্চেছদে যে-সব প্রতিবন্ধকের কথা আমরা উল্লেখ করেছি, সেগ্রাল, এবং সম্ভবত আরও কিছু আজও-অজানা প্রতিবন্ধক যদি সমাজের উৎকৃষ্টতর মান্মদের তুলনায় বেপরোয়া, দ্বন্ধরিত ও নিকৃষ্টতর ব্যক্তিদের দ্রুত হারে বংশব্রিশকে প্রতিহত না করত, তাহলে যে-কোন জাতির অধঃপতন ঘটত—প্থিবীর ইতিহাসে যা প্রায়শই ঘটেছে। মনে রাখা দরকার, প্রগতি কোন অপরিবর্তনীয় নিয়ম হয়। কোন একটি সভ্য জাতি কেন অপর একটি জাতির তুলনায় বেশি উন্নত হয়, বেশি শক্তিশালী হয়ে ওঠে বা অনেক বড় অঞ্চল জ্বড়েছড়িয়ে পড়ে, কিন্বা কোন একটা সময়ে কিভাবেই বা তারা অন্য একটি জাতির

^{ে।} এ ব্যাপারে ডঃ ডান্কান বলেছেন (স্ক্রষ্ট্রা, "ফেকান্ডিটি, ফার্টিনিটি" ইত্যাদি, পৃ: ৩৩৪), "সমস্ত বুপেই স্বাস্থ্যবান ও স্থন্দর মান্মুষরা বিবাহিতদের দলে নাম লেপার, আর ছর্বল ও ছর্ভাগারা; পড়ে থাকে অবিবাহিতের সারিতে।"

থেকে অনেক বেশি অগ্রসর হয়ে ওঠে—তা বলা খ্বই কঠিন। আমরা শ্ব্র এট্বকুই বলতে পারি যে, এই গোটা ব্যাপারটা নির্ভার করে তাদের প্রকৃত জন-সংখ্যা বৃশ্বির ওপর, উঁচু মানের মননগত ও নৈতিক গ্রেসমৃষ্ণ মান্রধদের সংখ্যার ওপর, এবং তাদের উৎকর্ষ তার ওপর। শারীরিক শান্ত মান্বের মানসিক শান্তর ওপর যেট্বকু প্রভাব ফেলে, সেট্বকু ছাড়া শারীরিক কাঠামোর আর কোন ভূমিকা এক্কেন্ত্রে থাকে না।

বেশ কিছু লেখক প্রশ্ন তুলেছেন, যদি সতিটে কোন ক্ষাতা থেকে থাকে, তাহলে প্রাচীনকালের গ্রীকদের পক্ষে আরও উন্নত হওয়া, সংখ্যায় আরও বেডে ওঠা এবং গোটা ইওরোপ জ্বডে ছডিয়ে পডাটাই স্বাভাবিক ছিল। কারণ প্রথিবীর যে-কোন জাতির তুলনায় মননশীলতার দিক থেকে গ্রীকরা ছিল অনেক উন্নত। দৈহিক গঠনের ব্যাপারে একটা কথা প্রায়ই শোনা যায়, মন আর শর[®]রের মধ্যে নাকি অবিরাম বিকশিত হয়ে চলার একটা প্রবণতা থাকে। পূর্বেক্তি লেখকদের বক্তবো এই অনুমানেরই অব্যক্ত ছাম্নাপাত ঘটেছে। কিম্তু যে-কোন ধরণের বিকাশই আনু, ছাঙ্গিক বিভিন্ন অনু, কলে অবস্থার ওপর নির্ভ রশীল। প্রাকৃতিক নিবাচন কেবলমাত্র সাময়িকভাবে সাহায্য করে তাতে। কোন কোন ব্যক্তি বা कां ि किছ, किছ, विज्ञाउँ अविधा अर्जन कहा मुख्य अनुगना ग्राम अर्जित वार्य হওয়ার দর্শ ধরংস হয়ে যেতে পারে। গ্রীকদের পিছিয়ে পড়ার অনেক কারণই থাকতে পারে, ষেমন, বহু, ছোট ছোট রাণ্টের মধ্যে ঐক্যবন্ধনের অভাব, গোটা দেশটার আয়তন খুব ছোট হওয়া, দাসপ্রথার কুফল, কিন্বা অত্যধিক যৌনলালসা। কেননা, "একেবারে শক্তিহীন ও মঙ্জায় মঙ্জায় কলনীযত" না হওরা পর্য'ন্ত তাদের পতন ঘটেনি। আজকের ইওরোপের পশ্চিমী জাতিগুলি, যারা তাদের বন্য পরে পুরুষদের থেকে বহুগুণ উন্নত হয়ে সভ্যতার শিখরে এসে দাঁড়িয়েছে, তারা তাদের এই উৎক্রণ্টতার জন্য প্রাচীন গ্রীকদের উত্তরাধিকারের কাছে আদৌ ঋণী নয় (বা সে ঋণের পরিমান খুবই সামান্য)। অবশ্য গ্রীকদের লিখিত সাহিত্যের কাছে তাদের ঋণ অপরিসীম।

বে স্পেনীর জাতি একদা অত শক্তিশালী ছিল, তারা কেন সময়ের দৌড়ে পিছিয়ে পড়ল—তাঁ কি জার দিয়ে কেউ বলতে পারেন ? অম্থকার যুগের বুক চিরে ইওরোপিও জাতিগালের অভ্যুদয়ও এক জটিল সমস্যা। মিঃ গ্যান্টন বলেছেন, সেই বুগে ষে-সব শান্ত-ভদ্র মানুষ গভারভাবে চিন্তা-ভাবনা বা মানসিক চর্চা করত, তালের প্রায় প্রত্যেকেরই চার্চের শরণ নেওয়া ছাড়া গতান্তর খাকত না, আর প্রত্যেক চার্চিই তার শরণাগতদের কাছে চিরকৌমার্য দাবী

ইন্তরেপের অন্যান্য জাতিগ্রালির তুলনায় উপনিবেশ স্থাপনের ব্যাপারে ইংরেজদের বিপত্নল সাফল্যের কারণ হিসাবে চিহ্নিত করা হয়েছে তাদের "নিভর্কি ও অবি**চল কর্মশান্ত''-কে**। ইংল্যা**শ্ডের কানাডিয়নদের এবং** ফরাসীদের অগ্রগতির তুলনা করলে এ-কথার স্পণ্ট প্রমাণ পাওয়া যায়। কিন্তু কিভাবে ইংরেজরা তাদের এই কর্মশন্তি অর্জন করেছিল, তা কি কেউ বলতে পারে ? বরং এ-কথাটার আপাত সত্যতা অনেক বেশি যে, আমেরিকা যুক্তরান্টের বিষ্ময়কর অগ্রগতি আর সেখানকার লোকেদের চরিত্রগত উৎকর্ষতা হচ্ছে নির্বাচনেরই ফল। কেননা ইওরোপের সমস্ত দেশ থেকে বিগত দশ-বারো প্রজন্মের উপীপনাময়, কর্মচণ্ডল ও সাহসী লোকেরা আমেরিকায় গিয়ে বাসা বে'ধেছে, আর নানা কাজে দার্ণ সফল হয়েছে। স্থদ্র ভবিষাতের ব্যাপারে রেভারেন্ড মিঃ জিতেক-র কথাটা মোটেই কোন অতিশয়োক্তি নয়। তিনি वर्लाष्ट्रलन : ''शिफरमंत्र फिर्क शहुत श्रीतमां जा।रला-मान्यतन प्रभाण्यती হওয়ার সঙ্গে---সম্পর্কিত করে অথবা তার সহায়ক হিসাবে অন্য সমস্ত ঘটনার विक्लचन क्यल-एयमन शीरम हिन्छा-ভाবनात हर्हात वा त्याप्य या चार्वे हिन-सिंग्यानिक मार्यामाठ किन्य छिप्यमा ७ मानारवास्थत सर्माणे वरमरे मरन रहा।" সভ্যতা কিভাবে অগ্নসর হয়েছে, তা আমাদের কাছে আজও অস্পণ্ট । কিন্তু

৬। "হেরিডিটারি জিনিরাদ", পৃ: ৩৫৭-৩৫৯। বিপরীত যুক্তি দিয়েছেন রেডারেও এক ভব্লিউ কারার (ত্রপ্টবাঁ, "ক্রেজার'দ ম্যাগ্..', ১৮৭•, পৃ: ২৫৭)। স্তার দি. লারেল একটি চিডাকর্ষক রচনার (ত্রপ্টবাঁ, "ব্রেজিপ্ল্ট্ অফ জিওলজ্বি", বঙ্ব ২, পৃ: ৪৮৯) 'পবিত্র ইন্কুইজিশ্ম'-এর কুফলের দিকে দৃষ্ট আকর্ষণ করে বলেছেন বে, এ ঘটনা প্রাকৃতিক নির্বাচনের পধ বেরে ইওরোপে বুদ্ধিসভার সাধারণ মানকে অনেক নিচু করে দিয়েছিল, ক্ষতিগ্রন্ত করেছিল।

এটাকু অশ্তত বোঝা যায়, বেশ দীর্ঘ একটা সময়ের মধ্যে যে জাতি সবথেকে বেশি সংখ্যক উন্নত মননসম্পন্ন, কর্ম চণ্ডল, সাহসী, দেশপ্রেমিক ও পরোপকারী মানুষের জন্ম দিতে পেরেছে, তারা দ্বাভাবিকভাবেই এ-সব ব্যাপারে তাদের থেকে নিকৃষ্ট জাতিগালির থেকে প্রবল হয়ে উঠেছে।

টিকে থাকার জন্য যে সংগ্রাম, তা থেকেই উভতে হয়েছে প্রাকৃতিক নির্বাচন। আবার, এই টিকে থাকার সংগ্রাম স্ফিট হয়েছে প্রথিবীতে মান্মের সংখ্যা দ্রত विद्यु <mark>ज्ञात क्रम रि</mark>मात्वरे । मान**्**रस्त्र मरथा। य शत्त विद्यु ज्ञान जा ज्ञानक দুঃথজনক পরিণতি ডেকে আনে। জনসংখ্যা বৃদ্ধি ঠেকানোর জন্য বর্বর গোষ্ঠীগর্নি তাদের সদ্যোজাত শিশবদের হত্যা করা ও আরও কিছু, ক্ষতিকর কাজ করে থাকে, আধা সমেভ্য জাতিগন্তির মধ্যে জনসংখ্যা বৃদ্ধির ফলে দেখা দেয় চরম দারিদ্র, আজীবন কোমার্য', এবং সংযমী লোকেদের বিলম্বে বিবাহ। কিন্তু নিম্মতর প্রাণীদের মত একই শারীরিক ক্ষয়ক্ষতি মানুষের মধ্যেও কাজ করে, তাই টিকে থাকার সংগ্রাম থেকে উম্ভতে ক্ষরক্ষতি তাকেও আক্রমণ করবে না—এমন আশা সে করতে পারে না। প্রাচীন যুগে মানুষের মধ্যে প্রাকৃতিক নির্বাচন যদি ক্রিয়া না করত, তাহলে সে কখনই আজকের অবস্থায় এসে পে'ছিতে পারত না। প্রথিবীর অনেক জায়গায় এমন প্রচুর উর্বার জমি আছে যা স্বচ্ছেন্দে বহু পরিবারের ভরণ পোঘণের ব্যবস্থা করতে পারে। কিল্তু এ-রকম অনেক জায়গাতেই কিছু ভ্রাম্যমান বন্য জাতি ছাড়া আর কেউ বসবাস করে না। এ থেকে প্রণন উঠতে পারে যে, টিকে থাকার সংগ্রাম মান্মকে তার সর্বোচ্চ মানে উঠে আসতে বাধ্য করার মত তীর কখনই ছিল না। মান্ত্র এবং নিদ্নতর প্রাণীদের সম্বন্ধে আমরা যে-ট্রকু জানতে পেরেছি, তা থেকে বলা যায় — প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়ে স্ফুন্ট ভাবে অগ্রসর হওয়ার জন্য তালের মননগত ও নৈতিক ক্ষমতায় সর্বদাই নানান পরিবর্তন ঘটে চলত। এ রকম অগ্রগতির জন্য যে বেশ কিছু, অনুকলে আনুষ্ঠিক পরিস্থিতি দরকার হয়, তাতে কোন সন্দেহ নেই। কিম্তু জনসংখ্যা দ্রুত হারে বেড়ে না চললে এবং তার ফল দ্বরপে টিকে থাকার সংগ্রাম অত্যন্ত তীর হয়ে না উঠলে, সবথেকে অনুকলে পরিন্থিতিও অগ্রগতির সহায়ক হয়ে উঠতে পারে কিনা—সে ব্যাপারে সন্দেহের অবকাশ থেকেই যায়। ধরা যাক, দক্ষিণ আমেরিকার কোন্ কোন্ জায়গায় বসবাসকারী মান্রবদের মধ্যে যাদেরকে স্থসভা বলা যায় (যেমন—স্পেনীয় अर्थानर्दिभकता), जास्तत मन्दर्भ वामता या जानि, जा श्वरक वमनीक वन्छ मरन হতে পারে যে, জীবনযাপনের অবস্হা খুব সহজ হয়ে গেলে তারা পরিশ্রম

বিমাখ হয়ে যায় আর পিছিয়ে পড়ে। অত্যাত স্থাসভা জাতিগালের অবিরাম অগ্রগতি প্রাকৃতিক নির্বাচনের ওপর খুব একটা নির্ভার করে না, কারণ বন্য গোষ্ঠীগর্নালর মত এই সব জাতিরা একে অপরকে উচ্ছেদ ও ধরংস করে না। তা সম্বেও কোন জাতির অধিকতর বৃদ্ধিমান সদস্যরা তুলনায় নিকুণ্টদের চেয়ে জীবনে বেশি সফল হয়, অনেক বেশি সংখ্যক সম্তান-সম্ততি রেখে যায়, আর এটা আসলে প্রাক্ততিক নির্বাচনেরই একটা রপে। প্রগতির সব্থেকে কার্য করী কারণগুলি হল অলপ বয়স থেকে (যখন মানুষের মাদতকে যে-কোন জিনিষ স্বথেকে বেশি ছাপু ফেলে) শৃশক্ষার সাবন্দোবসত আর উচ্চমানের চিন্তাভাবনা। এই শিক্ষার উন্গাতা হন সমাজের সবথেকে সক্ষম ও শ্রেষ্ঠ মানুষরা, তা মুর্ভ হয়ে ওঠে জাতির আইন, প্রথা ও ঐতিহ্যের মধ্যে, এবং জনমত তাকে বাস্তবে রূপ দেয়। তবে, মনে রাখা দরকার, এই জনমতের ব্যাপারটা নির্ভর করে অন্যদের অনুমোদন ও অননুমোদনকে আমরা কতথানি উপলব্ধি করতে পারি. তার উপরেই । এই উপলব্ধি আবার গড়ে ওঠে আমাদের সহান,ভাতিবোধের উপর ভিত্তি করে, আর আমাদের এই সহান,ভুতিবোধ যে আদতে প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়েই সামাজিক প্রবৃত্তির একটা অত্যন্ত গরেম্বপূর্ণ উপাদান হিসাবে গড়ে উঠেছিল, তাতে কোন সন্দেহ নেই।

সমস্ত স্থানিত বৈ এক সময় বর্বর অবন্ধায় ছিল, তার প্রামাণ প্রান্তর : এই বিষয়টি নিয়ে স্যার জেন ল্বক, মিঃ টাইলর, মিঃ ম্যাক্লেনান ও অন্যান্যরা যথেণ্ট পর্শাল এবং চমংকার আলোচনা করেছেন। তাই এখানে আমি শ্ব্র্য তাঁলের গবেষণার একটা ছোট্ট সারসংক্ষেপ করার চেণ্টা করিছি। সাম্প্রতিককালে ডিউক অফ আজিল এবং এর আগে আর্কবিশপ হোয়েট্লি বলেছেন—মান্ত্র স্ক্রত হয়েই প্থিবীতে এসেছে, আর আজ যারা বন্য অবস্থায় রয়েছে, তারা আসলে নানান অধঃপতনের ফলেই ঐ দশায় গিয়ে পেণছেছে। এই অনুমানের বিপরীত কথা যারা বলেছেন, তাঁদের তুলনায় এপের ব্রুরিকে বেশ দ্বর্বল বলেই মনে হয়েছে আমার। এটা সাত্য যে অনেক জাতি তাদের সভ্য অবস্থা বজায় রাখতে পারেনি, এমনকি কোন কোন সভ্য জাতি হয়ত চুড়াম্ত বর্বরতার অম্বকারেও তালয়ে গিয়ে থাকতে পারে, যদিও এই শেষোক্ত ঘটনাটির কোন প্রমাণ আমি আজ পর্যম্ত পাইনি। কিছু বিজয়ী গোণ্ডীর চাপে পড়েই সম্ভবত ফুজিয়ানরা এক কঠিন, দ্বর্গম অঞ্চলে বসতি স্থাপন করতে বাধ্য হয়েছিল। কিম্তু তাই বলে তারা যে ব্রাজিলের সব থেকে সমুম্থ অঞ্চলে বসবাসকারী বোটোকিউডোদের চেয়েও নিচে নেমে গিয়ে-

ছিল, তা প্রমাণ করা মোটেই সহজ নয়।

সমুহত স্থপতা জাতি যে বর্বারদেরই উত্তরপার ব, তার প্রমাণ পাওয়া যায় দু রক্ম-ভাবে। একদিকে, সভা জাতিগ্রনির মধ্যে আজও চাল্ম থাকা বিভিন্ন প্রথা, বিশ্বাস, ভাষা ইত্যাদির মধ্যে এমন অনেক চিহ্ন খ'ক্লে পাওয়া যায়, যেগলে সাক্ষা দেয় যে কোন এক সময় তারা নিন্দ অবস্থাতেই ছিল: অন্যাদকে, বনারা যে নিজেদেরকে সভাতার পথে কিছুটো এগিয়ে নিয়ে যেতে পারে, এবং নিয়ে গেছেও— তারও নানান প্রমাণ আমরা ইতিমধ্যে পেয়েছি। প্রথমোক্ত বিষয়টির প্রমাণগট্নিল অতাত্ত কোঁডহলোন্দীপক, তবে সে সবের বিস্তারিত বিবরণ এখানে দেওয়া সম্ভব নয় । দুন্টাম্কুস্বরূপে আমাদের গণনা-পর্ম্বতির কথা উল্লেখ করা যায়। কোন কোন জায়গায় আজও বাবহার করা হয় এমন কিছা শব্দের উল্লেখ করে মিঃ টাইলর স্পণ্টভাবে দেখিয়েছেন যে. এই পর্ম্বতিটা প্রথমে শরে, হয়েছিল মাঙ্কল গোনা দিয়ে। প্রথমে গোনা হত এক হাতের আঙলে, তারপর অপর হাতের, আর সবশেষে পারের আঙলে। আমাদের দশমিক পন্ধতির মধ্যে এবং রোমানদের সংখ্যা লেথার পশ্বতিতে আজও এর ছাপ খনজৈ পাওয়া যায়। রোমান সংখ্যামালার V (অর্থাং किक्छिंदक मान्यसङ्ग शास्त्र अवित अविक निर्माण या आएकि कि विद्यास्त्र मान्यसङ्ग अवित अविक निर्माण करिया । করা হয়। এই V-এর পর আসে VI (অর্থাৎ ৬) ইত্যাদি, যেখানে নিঃসন্দেহেই একটা হাতের পর অপর হাতটাকে ব্যবহার করা শরে; হয়েছে। আবার, ''তিন-কাঁড দশ বলার সময় আমরা ভাইজেসিম্যাল (vigesimal) পর্ম্বাতই অনুসরণ করি, ষেখানে এক-কৃড়ি বলতে ২০ বোঝানো হয়। কোন মেল্পিকান বা ক্যারিবিয়ান হলে এটাকে 'একজন মানুম' বলেই উল্লেখ করত।''¹ বেশ কিছু ভাষাতত্ববিদ বলেছেন, প্রতিটা ভাষার মধ্যেই তার ধীর ও ক্রমান্বয় বিবর্তনের নিদর্শন থেকে যায়। লিখনশৈলীর ব্যাপারেও এই একই কথা প্রযোজ্য, কেননা এক সময় ছবির সাহায্যে ষে-কোন জিনিস বোঝানোর চেণ্টা করত মান ম, আর তারই পরিণতিতে সাণ্টি হয়েছে এক একটা অক্ষর। মিঃ ম্যাক্লেনানের রচনা^চ পড়ার পর আর কোনমতেই অস্থীকার করা যায় না যে গায়ের জোরে স্ত্রী সংগ্রহ করার মত নানান আদিম অভ্যাসের ছাপ আজও প্রায় প্রতিটি সভ্য জাতির মধ্যে রয়ে

৭ । বন্ধান ইনচ্টিট্টশন অৰু গ্ৰেট ব্ৰিটেন", ১৫ মাৰ্চ, ১৮৬৭. এছাড়াও ফ্ৰষ্টব্য, "বিসাৰ্চেদ ইন্ট্ ন্ত আৰ্লি হিন্দ্ৰি অৰু ম্যানকাইও", ১৮৩৫।

৮। "প্রিমিটিড ম্যারেজ।" এইবা, "হোমারের রচনার এবং ওক্ত টেন্টামেন্টে প্রাপ্ত নরবলি সংক্রান্ত সাক্ষ্য" প্রদক্ষে অধ্যাপক স্থাক্ হউসেন্-এর মন্তব্য ("জ্যান্থ্রোপলজিক্যান রিভিয়্", অক্টোবর ১৮৬৯, পৃ: ৩৭০)।

গেছে। ম্যাক্লেনান প্রশ্ন তুলেছেন—প্রাচীনকালে এমন কোন জ্বাতি ছিল কি. বাদের মধ্যে আদতে এক-বিবাহ প্রথা চাল্ ছিল? ব্রুশের নিরম ও অন্যান্য প্রথা, বার নিদর্শন আজও চোখে পড়ে, তা থেকে বোঝা বার ন্যায় সংক্রান্ত আদিম ধারণাও অত্যন্ত অমার্জিত ধরণের ছিল। আজকের দিনের অনেক কুসংস্কার আসলে অতীতের লান্ত ধর্মীয় বিশ্বাসেরই অবশেষ মাত্র। ক্রশ্বর পাপকে ঘ্ণা করেন আর ন্যায়পরায়নতাকে ভালোবাসেন—এই চমংকার ভাবনাটা, ধর্মের এই সর্বেচিচ র্পুটা আদিম য্গে চাল; ছিল না।

अवात अना **धतरात क्षेत्रारा**त पिरक ठाकारना याक । भगत रक, जाउक रहिश्दारहन. কোন কোন বন্য গোষ্ঠীর কিছু কিছু সাদামাটা কলা-কোশল সাম্প্রতিককালে থানিকটা উন্নত হয়েছে। পূথিবীতে বিভিন্ন অঞ্চলের বন্যদের মধ্যে চালু থাকা হাতিয়ার, যন্ত্রপাতি ও কলা-কোশলের যে অত্যন্ত চিন্তাকর্ষক বর্ণনা তিনি দিয়েছেন, তা থেকে নিঃসন্দেহেই বলা যায়, সম্ভবত একমাত্র আগঃন জ্বালানোর কৌশলটা বাদে এ-রকম আর সব জিনিস প্রতিটা বন্য গোষ্ঠী আলাদা আলাদা ভাবেই আবিণ্কার করেছিল। এ-রকম শ্বাধীন আবিশ্কারের একটা চমংকার নমুনা হচ্ছে অস্ট্রেলিয়ান ব্যুমেরাং। বাইরেয় লোকেরা যখন প্রথম তাহিতিতে ষায়, তখন অন্যান্য পলিনেশিয় দীপের অধিবাসীদের চেয়ে তাহিতির লোকেরা বহু ব্যাপারেই অনেক এগিয়ে ছিল। পেরু বা মেল্লিকোর অ-সভ্য অধিবাসীনের উন্নত কৃষ্টি বিদেশ থেকে আমদানী করা, এমনটা মনে করার কোন সঙ্গত কারণ নেই। ঐ-সব জায়গায় অনেক দেশজ গাছপালার চাষ করা হত, এবং কয়েক ধরণের স্থানীয় জীবজস্তুকে পোষ মানাতেও শিখেছিল তারা। অধিকাংশ ধর্ম-প্রচারকের অত্যন্প প্রভাবের ব্যাপারটা বিবেচনা করে আমাদের মনে রাখা দরকার, কোন অর্থ'-সভ্য দেশের একদল স্থামামান লোক আমেরিকার উপক্লে গিয়ে পে'ছিলেও সেখানকার বাসিন্দাদের ওপর তেমন কোন উচ্চেলখযোগ্য প্রভাব ফেলতে পারে না । একমাত্র তখনই এ-রকম প্রভাব ফেলা সম্ভব, যদি তারা আগে **থাকতে**ই কিছুটো উন্নত অবস্হায় থেকে থাকে। পূথিবীর ইতিহাসের সেই সুপ্রাচীন পথরেখায় চোখ রাখলে আমরা দুটি যুগের ছবি দেখি: প্রত্নপ্রতর যুগ আর নব্যপ্রদতর যুগ (স্যার জে নুবকের পরিভাষা অনুযায়ী)। এবড়ো-থেবড়ো পাথ্রে যন্ত্রপাতিকে ঘষে ঘষে মস্ণ করার কোশলটা কোন জাতি অপর কোন জাতির কাছ থেকে শিখেছিল, এ-রকম দাবী নিশ্চয়ই কেউ করবেন না। ইওরোপের সর্বাত, সেই স্কুদ্রে পর্বে গ্রীস পর্যান্ড, ওদিকে পালেন্ডাইন. ভারতবর্ষ', জাপান, নিউজিল্যা'ড, ঈজিণ্ট সহ সারা আম্রিকায়—সর্বশ্রই প্রচুর পরিমাণ পাথারে যাসপাতি আবিষ্কৃত হরেছে। ঐ-সব জারগার আজকের দিনের বাসিন্দারা আর ও-সব যাসপাতি ব্যবহার করে না। চীনারা এবং প্রাচীনকালের ইহ্দারাও যে একসময় ঐ-সব জিনিস ব্যবহার করত, তারও পরোক্ষ প্রমাণ পাওয়া গেছে। এ থেকে এই সিম্পান্তেই আসতে হয় যে, ঐ-সব দেশের অধিবাসীরা, অর্থাৎ প্রায় সমগ্র সভ্য দ্বিনয়াই, একসময় বর্বর অবস্হায় ছিল। একেবারে প্রথম থেকেই মান্য স্মৃত্য ছিল আর তারপর এতসব জায়গায় তার চড়ান্ত অধঃপতন ঘটেছিল—এ ধরণের মনোভাব মান্যের প্রকৃতি সম্বন্ধে অজ্ঞতারই পরিচায়ক মার। বরং এই দ্বিটভঙ্গীটাই অনেক বেশি সত্য, বেশি উৎসাহব্যঞ্জক যে, মানব-ইতিহাসে প্রগতিই হচ্ছে সার্জনীন চিন্তা, অধােগতি নয়। খ্রই হীন অবস্হা থেকে ধারে ধারে, কাঠন পথে পা ফেলে ফেলে, মান্য আজ উঠে এসেছে জ্ঞান, নাতিবোধ ধর্মের সবেচিত শিখরে।

वर्छ शतित्व

মান্ধের সাদৃশ্য এবং বংশবৃত্তাশ্ত প্রসঙ্গে

কীৰজগতের ধারাবাহিকতার মাসুবের স্থান—বংশবৃত্তান্তের প্রাকৃতিক নিমন্ন—কম গুরুত্বপূর্ণ বিষয়গুলির অভিযোজনন্দক চরিত্র—মাসুব ও চতুস্পদী প্রাণীদের মধ্যেকার বিভিন্ন ছোটখাট সাদৃশু—প্রাকৃতিক ব্যবস্থার মাসুবের স্থান—মাসুবের উদ্ভবের স্থান ও মাসুবের প্রাচীনত্ব—জীরাখ্যগত সংযোগস্ত্রের অনুপস্থিতি—মাসুবের বংশবৃত্তান্তের নিমতর তার, বা জানা বার প্রথমত অন্তদের সঙ্গে তার সাদৃশ্য থেকে এবং দিতীয়ত তার দৈহিক গঠন থেকে—মেরুদণ্ডী প্রাণীদের আদি ভিন্নবিক্ত অবস্থা—উপসংহার।

কিছ্ম কিছ্ম প্রাণীবিজ্ঞানী বলেন, মানুষ আর তার সঙ্গে সবথেকে বেশি সাদৃশ্য-যুক্ত প্রাণীদের শারীরিক কাঠামোর মধ্যে প্রচুর পার্থক্য আছে। এই কথাটা যদি আমরা মেনেও নিই, আর সেইসঙ্গেই যদি মেনে নিই যে মানুষ এবং ঐ-সব প্রাণীদের মানসিক ক্ষমতার মধ্যে বিপত্ন পার্থক্য আছে, তাহলেও, পূর্ববর্তী পরিছেদগ্মলির আলোচনার ভিত্তিতে অনায়াসেই বলা যায়—কোন নিন্নতর জৈবিক রূপে থেকেই মানুষ উভত্ত হয়েছে, যদিও তার সংযোগ-স্ক্রগ্মলি আজও পর্যাত অনা বিক্ষৃত থেকে গেছে।

মান্বের মধ্যে অসংখ্য, ক্ষ্দ্র ক্ষ্দ্র নানা ধরণের পরিবর্তন ঘটে চলৈছে। বে-সব
সাধারণ কারণসম্বের দর্ণ এইসব পরিবর্তন ঘটে থাকে, যে-সব সাধারণ নিরমের

ঘারা এগালি নির্মাণ্ডত হয়, এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মের মধ্যে সঞ্চারিত হয়—তার
নিরম-পন্ধতি মান্বে ও নিন্দাতর প্রাণীদের ক্ষেত্রে একই। প্রিথবীতে মান্বের
সংখ্যা অত্যন্ত দ্বত হারে বেড়ে উঠেছে বলে তাদের জীবনে অস্তিত্বরক্ষার সংগ্রাম এবং
ফলম্বর্প প্রাকৃতিক নির্বাচন খ্ব কঠোর চেহারা নিয়েছে। মান্বের মধ্যে স্বৃত্তি
হয়েছে বহু জাতি। এ-রকম কিছু কিছু জাতির পরস্পরের মধ্যেকার পার্থক্য এত
বিপলে বে প্রাণীবিজ্ঞানীরা অনেক সময় এদেরকে জিন জিন প্রজাতি হিসাবেও
চিহ্নিত করে থাকেন। মান্বের শারীরিক গঠন অন্যান্য স্তন্যপায়ী প্রাণীদের মতোই
সমতাবিশিন্ট। তার দ্বনগত বিকাশও একইরকম দশার মধ্য দিয়ে অগ্রসর হয় ।
তার শরীরের মধ্যে এমন অনেক ল্পেপ্রায় ও অপ্রয়েজনীয় অংশ আছে, যেগালি
একসময় নিশ্চয়ই কার্যকরী ছিল। মান্বের মধ্যে অনেক সময় এমন কিছু
চারিটিক বৈশিন্ট্য ফুটে ওঠে; বে-সব বৈশিন্ট্য তার আদি পর্বপ্রস্ক্রমের মধ্যে

ছিল বলে মেনে নেওয়ার সঙ্গত কারণ আছে। মান্ধের উভবের ইতিহাস অন্যান্য সমস্ত প্রাণীর উভবের ইতিহাসের থেকে সম্পর্ণ প্রেক হলে, এইসব ঘটনাকে নিছক কাকতালীয় ব্যাপার বলে উড়িয়ে দেওয়া ষেত। কিম্তু মান্ধের উম্ভবের ইতিহাসকে অন্যান্য সমস্ত প্রাণীর উভবের ইতিহাসের থেকে সম্পর্ণ প্রেক বলে আদৌ মেনে নেওয়া যার না। অন্যাদিকে, অন্যান্য স্তন্যপায়ী প্রাণীদের মতো মান্ধও যদি কোন অজানা ও নিম্নতর জৈবিক রূপে থেকে উভতে হয়ে থাকে—তাহলে এইসব ঘটনাকে অনেকটাই উপলব্ধি করা যায়।

মান,ষের মানসিক ও আত্মিক শক্তির কথা বিবেচনা করে কোন কোন প্রাণীবিজ্ঞানী সমগ্র সজীব জগৎকে তিন ভাগে ভাগ করেছেন : মানব জগৎ, জীবজগৎ আর উল্ভিদজগণ। অর্থাৎ, মান্ত্র্যকে তাঁরা একটা স্বতন্ত জায়গা দিয়েছেন। বিভিন্ন প্রাণীর আত্মিক শক্তির মধ্যে তুলনা করা বা সেগ,লিকে শ্রেণীবিন্যস্ত করাটা পাণীবিজ্ঞানীদের কাজ নয়। বরং তাঁরা দেখানোর চেণ্টা করতে পারেন (আমি যেমন করেছি) যে, মানুষ ও নিন্দতর প্রাণীদের মানসিক ক্ষমতার মধ্যে বিপত্ন মাদ্রাগত পার্থ কা থাকলেও, আদতে সেই ক্ষমতার একই ধরণ। মাদ্রাগত পার্থ কা যত বেশিই হোক না কেন. তা মান্ত্ৰকে একটা স্বতন্ত্ৰ বৰ্গ হিসাবে চিহ্নিত করাটাকে ন্যায্য প্রতিপন্ন করতে পারে না । এই ব্যাপারটা সবথেকে ভালোভাবে বোঝা যায় দুটি পোকার, যেমন জাব পোকা (Scale-inscet homopterous tanily coecus) এবং একটি পি পড়ের, মানসিক ক্ষমতার মধ্যে তুলনা করলে। এদের মানসিক ক্ষমতা নিঃসন্দেহে একই জাতের। মানুষ আর সর্বোচ্চ পর্যায়ের দতন্যপায়ী প্রাণীদের মানসিক ক্ষমতার মধ্যে যতটা পার্থক্য থাকে, তার থেকে অনেক বেশি পার্থক্য চোখে পড়ে ঐ-সব জাব পোকা আর পি'পড়েদের মানসিক ক্ষমতার মধ্যে—অবশ্য এই পার্থক্যটা কিছুটা অন্য ধরণের। স্ত্রী-পোকা তার তরুণাবস্থায় নিজের হুল বা শন্ডের সাহায্যে কোন উভিদের গায়ে আঁকড়ে ধরে এবং রস শোষণ করে, একদম নডা-চডা না করে গর্ভবিতী হয়ে ডিম পাডে : বাস. এই হচ্ছে তাদের সমগ্র জীবনব ক্তত। অন্যাদিকে, পিয়ের হাবার দেখিয়েছেন, শ্রমিক-পি'পড়েনের অভ্যাস আর মানসিক ক্ষমতা বর্ণনা করার জন্য একটা विदार वहें तथा नतकात, ज्रात आभि भूध, करतकि विषयक সংক্ষেপ जुल **हारे।** খान क्लात पिरत्नरे नला हल य भि भर्डता निस्करनत मस्या थनता-थनत আদান-প্রদান করে, এবং কোন একটা কাজ করার জন্য কিম্বা খেলা করার জন্য অনেক পি°পড়ে একজোট হয়। বেশ কয়েক মাস পরে দেখা হলেও তারা তাদের পরিচিত পি'পডেদের ঠিকই চিনতে পারে, আর পরম্পরের প্রতি সহান,ভাতিও

বোধ করে। তারা বড় বড় বাসম্হান বানায়, সেগ্রালিকে পরিস্কার-পরিচ্ছম রাখে, সম্ব্যাবেলা দরজা বস্ধ করে দেয়, এবং প্রহরী মোতায়েন করে। তারা রাস্তা তৈরী করে নদীর নিচে স:ডুঙ্গ কাটে, এমনকি পরস্পরকে শক্ত করে জড়িয়ে ধরে নদীর ওপর অস্থায়ী সাঁকোও তৈরী করে। নিজেদের দলের জন্য তারা খাদ্য সংগ্রহ করে। বাসার দরজার থেকে অনেক বড কোন খাদ্যদ্রব্য নিয়ে আসা হলে তারা দরজাটা তথনকার মতো বড় নেয়, পরে তা মেরামত করে নেয় আবার। নানাধরণের শসোর বীজ সংগ্রহ করে পি'পডেরা, তা থেকে অঙকুর বেরোতে দেয় না, আর ঐ-সব বীজ সা্যাতসেতৈ হয়ে গেলে মাটির ওপরে তুলে এনে শক্কোতে দেয়। কয়েক জাতের পোকাকে (Aphides & other insects) পি পড়েরা ধরে রাখে, দুধেল-গাই হিসাবে ব্যবহার করে। সুশুভথলভাবে দল বে'ধে তারা যুস্ধ করতে যায়, সকলকার মঙ্গলের জনা অ**ক্রেশে উৎসর্গ** করে নিজেদের জীবন। আগে থেকে পরিকল্পনা করে তারা এক জায়গা থেকে আর এক জায়গায় চলে যায়। য**ে**শের সময় তারা বিপক্ষের পি[®]পডেদের বন্দী করে রাথে দাস হিসাবে। নিজেদের পোষা-পোকাদের ডিমগ্রনিকে এবং নিজেদের ডিম ও লাভাগ্রনিকে তারা বাসার গরম দিকটায় সরিয়ে নেয়, যাতে করে সেগর্লি তাড়াতাডি ফুটে যেতে পারে। এবকম অসংখ্য দুন্টান্ত সাজিয়ে দেওয়া যায়। মোদ্যা কথাটা হল,পি'পড়ে আর জাব পোকাদের মানসিক ক্ষমতার মধ্যে বিপলে পার্থক্য আছে, কিল্ত তাই বলে কেউ কখনও এইসব পোকাদের পূথক পূথক শ্রেণী বা ভাগ হিসাবে চিহ্নিত করার কথা স্বশ্নেও ভাবেনি। এই পার্থকাটা পরেণ করে দেয় অন্যান্য পোকারা। মান্ত্র আর উন্নততর বাঁদরদের ক্ষেত্রে অবশ্য ব্যাপারটা আলাদা । কিণ্ডু এ-কথা বিশ্বাস করার সঙ্গত কারণ আছে যে মানঃঘ আর উন্নততর বাদরদের মাঝামাঝি অবস্হার বেশ কিছু জৈবিক রূপে নিশ্চিহ্ন হয়ে গেছে বলেই এই ধারাবাহিক भा भा भा कि स्था निस्तरह ।

মলেত মন্তিণেকর কাঠামোর ভিত্তিতে অধ্যাপক ওয়েন সমগ্র ন্তন্যপায়ী প্রাণী-বর্গকে চারটি উপ-শ্রেণীতে বিভক্ত করেছেন। এর মধ্যে একটি উপ-শ্রেণীতে ন্তান দিয়েছেন মান্ধকে: আর একটিতে রেখেছেন থাল-বাহিত ক্যাঙ্গার, জাতীর প্রাণী এবং অন্ডজ লিপ্তপদ ন্তন্যপায়ীদের; এবং মান্ধকে তিনি অন্য সমন্ত ন্তন্যপায়ীদের থেকে সন্পর্ণ পূথক গোরের জীব হিসাবে চিহ্নিত করার ফলে শেষ ভাগ দুটি মিলে-মিশে একাকার হয়ে গেছে। ন্বাধীনভাবে বিচার করতে সক্ষম কোন প্রাণীবিজ্ঞানী এই দুন্টিভঙ্কীকে মেনে নিয়েছেন বলে আমার জানা নেই, তাই এ প্রসঙ্গে আর বিশ্তারিত আলোচনায় যাছি না।

প্রাণীদের কোন একটি বৈশিষ্ট্য, বা কোন অঙ্গ (এমনকি মঙ্গিতকের মতেন দারণে জটিল ও গ্রেম্পর্ণে অঙ্গ হলেও), কিন্বা মানসিক ক্ষমতার বিপ্রক উর্বাতর ভিত্তিতে তাদের শ্রেণীবিভাগ করা হলেও তা প্রায় কখনোই নিশ্চিত ভাবে नत्न्वाच्छानक रहा धरो ना । स्रोमाहि, त्वानवा, शि'शर कावीय शवस्त्र कार्य এইভাবে শ্রেণীবিভাগ করার চেণ্টা করা হয়েছে। কিন্তু তাদের অভ্যার্স বা সহজাত প্রবাজির ভিত্তিতে করা এ-ধরণের বিভাজন একাশ্তই ক্রান্তম বলে প্রমাণিত হয়েছে ৮ প্রাণীদের আকার, গায়ের রঙ, কিম্বা তাদের স্বভাব প্রভৃতির মতো যে-কোন বৈশিষ্ট্য অনুযায়ী শ্রেণীবিন্যাস নিশ্চয়ই করা যায়, কিম্চু প্রাণীবিজ্ঞানীরা বহুদিন ধরেই অনুভব করে আসছেন যে এই বিন্যাসের একটা কিছু প্রাকৃতিক প্রণালী আছেই। আজ প্রায় প্রত্যেকেই মেনে নিয়েছেন যে এই প্রণালী অনুযায়ী বিন্যাসটা যতদরে সম্ভব বংশব্যক্তান্ত মাফিক করা দরকার। অর্থাৎ, একই জৈবিক গঠন থেকে উভতে যাবতীয় প্রাণীদের একই ভাগের মধ্যে রাখতে হবে, অন্য কোন জৈবিক গঠন থেকে উল্ভবে প্রাণীদের সঙ্গে তাদেরকৈ মিশিয়ে ফেলা চলবে না। কিন্তু এইসব প্রাণীদের সেই আদি গঠনগুলি যদি পরস্পরের সঙ্গে मध्यक्तं राष्ट्र शास्त्र, जाराम जारात वश्यक्षतात भारता अको। मध्यक्तं थाकर्व, এবং দুটি ভাগ মিলে একটা বৃহত্তর দল গড়ে উঠবে। বিভিন্ন দলের মধ্যেকার পার্থক্যের মাত্রাকে, অর্থাৎ প্রতিটি দলের মধ্যে যে পরিবর্তন ঘটেছে তার মাত্রাকে প্রকাশ করা হয় বর্গ, কুল, বিন্যাস আর শ্রেণী প্রভ:তি অভিধার সাহায়ে। আমাদের হাতে বংশধারার কোন নির্দিণ্ট বিবরণ নেই। কাজেই, প্রাণীদের বংশতালিকা আবিষ্কার করার একমাত্র উপায় হল—যে-সব প্রাণীকে শ্রেণীবিনাস্ত করা হবে, তাদের মধ্যে কতটা সাদৃশ্য আছে তা লক্ষ্য করা। এই কাজ করার জন্য, करत्रकि विश्वस्त्रत नामृग्य वा विनामृत्यात तथक जातक गृत्युष्पूर्ण दर्ष्ट অসংখ্য বিষয়ের সাদ,শ্যকে লক্ষ্য করা এবং দুটি ভাষার বহু, শব্দ ও বাক্যগঠনের मर्सा योष श्रष्ट्रत मान् भा थारक, जारत्न मकत्नारे न्यौकात कत्रत्व त्य के जारा দুটির উল্ভব ঘটেছে একই ভাষা থেকে—এমনকি ঐ দুটি ভাষার কিছু শব্দ ও বাক্যগঠন প্রশালীর মধ্যে বিপত্নল পার্থক্য থাকলেও। কিন্তু সজীব প্রাণীদের ক্ষেত্রে সাদ,শোর ব্যাপারটাকে একই ধরণের জীবনযাপন পর্যাতর সঙ্গে মানিয়ে त्म क्यात मत्या अंकारण क्यात ना। स्थमन, कारण वसवास कतात नतान नाहि প্রাণীর সমগ্র দেহ-কাঠামো পরিবর্তিত হয়ে যেতে পারে, কিল্ড তা সম্বেও প্রাকৃতিক প্রণালীতে তাদের মধ্যে কোন সাদৃশা না∹ও থাকতে পারে। এ-থেকে বোঝা বায় বে কেন নানান গ্রেছেবীন অঙ্গ, অকেজো ও ল্পেপ্রায় অঙ্গ, বা

वर्जभारन निष्क्रिय किन्दा अरुवादारे सामाकादा थाका अन्नगृहिनद नाम् गारे **धार्गीवना।स्मत वा।भारत मवर्थरक पत्रकाद्री। रकतना धरेमव जन स्माउँ**र পরবর্তীকালের অভিযোজনের ফলে গড়ে ওঠে না, আর তাই এগালি থেকে বংশধারার বা প্রকৃত সাদ্শোর প্রাচীন র পরেখাটিকে চিনে নেওয়া যায়। তাছাড়া, কোন একটি বৈশিশ্টোর প্রচর পরিবর্তনের ভিত্তিতে দুটি প্রাণীকে সম্পূর্ণে পূর্থক বর্গের প্রাণী হিসাবে চিহ্নিত করা যায় না। বিবর্তন তম্ব অনুষায়ী বিচার করলে বোঝা ষায়, কোন প্রাণীর বে অঙ্গটি একই ধরণের অন্যান্য প্রাণীদের ঐ অঙ্গের থেকে অনেকাংশে পূথক, সেই অঙ্গটির প্রচুর পরিবর্তন ইতিমধ্যে নিশ্চয়ই ঘটে গেছে। ফলন্বরূপে ঐ অঙ্গটির একই ধরণের আরও পরিবর্তন ঘটতে বাধ্য (যতদিন ঐ প্রাণীটি একই ধরণের অবস্হায় থাকবে, ততাদিনই ঘটে চলবে এই পরিবর্তন)। এইসব পরিবর্তন প্রাণীটির পক্ষে সহায়ক হলে সেগালি টিকে থাকবে এবং ক্রমাগত উন্নত হয়ে উঠবে। অনেকসময় কোন অঙ্গ ক্রমাগত উন্নত হয়ে চললে—যেমন পাখিদের ঠোঁট কিবা কোন স্তন্য-পায়ী প্রাণীর দাঁত—তা তাদের খাদ্য সংগ্রহ করতে অথবা অন্য কোন কাজে সাহায্য করে না। কিন্তু মানুষের ক্ষেত্রে মদিতক ও মানসিক ক্ষমতার ক্রমাগত উন্নতির কোন নির্দিণ্ট সীমারেখা নেই, অর্থাৎ তার উন্নতির জন্য মানুষের কোন অস্থবিধা হর না। তাই, প্রাকৃতিক বা বংশব, তাশ্তগত ব্যবস্থায় মান, ধের স্থান নির্ধারণ করার সময় খেয়াল রাখতে হবে, তার মঙ্গিতকের দারণে উর্বাত যেন অন্যান্য কম গরে স্বপূর্ণে বা একেবারেই গরে স্বহীন বিষয়গালের অজস্ত সাদ্শাকে চাপা দিয়ে না দেয়।

অধিকাংশ প্রাণীবিজ্ঞানী, যাঁরা মানসিক ক্ষমতা সহ মান্বের সমগ্র কাঠামোর কথা বিবেচনা করেছেন, তাঁরা প্রত্যেকে ব্লুমেন্বাথ্ ও কুভিরেরের পথই অন্সরণ করেছেন এবং মান্বকে একটা আলাদা শ্রেণী হিসাবে দেখিরেছেন, যে শ্রেণীটিকে নাম দিয়েছেন তাঁরা বিপদী (Bimana)। আর এইভাবে তাঁরা চতুম্পদী, মাংসাশী প্রভৃতি শ্রেণীগর্মালর সমান অবস্থানেই স্থান দিয়েছেন মান্বকে। যে মতটি বিচক্ষণভার জন্য স্থপ্রসিম্ধ লিনিয়াস সর্বপ্রথম উপস্থাপিত করেছিলেন, সেই মতটিকে সাম্প্রতিককালের বহু শ্রেণ্ঠ প্রাণীবিজ্ঞানীই মেনে নিয়েছেন, এবং মান্বকে বসিয়েছেন চতুম্পদী প্রাণীদের সঙ্গে একই সারিতে। এই সারিটিকে তাঁরা উষত ধরণের স্তন্যপায়ী প্রাণিবর্গ (Primates) নামে চিছিত করেছেন। এই সিম্ধাশ্তটিকে ন্যায্য বলে মেনে নেওয়া যায়। কেননা প্রথমত মনে রাখা দরকার, শ্রেণীবিন্যাসের ব্যাপারে মান্বের মস্তন্কের বিপ্রল

উন্নতিটা খাব একটা তাৎপর্যপার্ণ কিছা নয়, এবং মানাম ও চতুম্পদী প্রাণীদের করোটির স্থাপন্ট পার্থকাটা (যে বিষয়টার ওপর বিশপ, এবি ও অন্যানার। সম্প্রতিকালে গরেছে দিয়েছেন.) তাদের ভিন্ন ভিন্ন ভাবে বিকশিত মন্তিম্কের দর্শেই উল্ভাত হয়েছে। বিতীয়ত, মনে রাখা দরকার যে মানুষ আর চতুম্পদীদের মধ্যেকার অন্য প্রায় যাবতীয় ও আরও গরেম্বেশরে পার্থক্যগর্নি স্পন্টতই অভিযোজনশীল, এবং সেগালি মলেত মানাষের ঋজা কাঠামোর সঙ্গেই সম্পর্ক-যুক্ত : যেমন তার হাত, পা আর শ্রোণীর গঠন, তার মের,দন্ডের বহুতা, এবং তার মাথার অবস্হান। শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে অভিযোজনশীল বিষয়গালির গ্রুত্ব যে থথেণ্ট কম, তা ভালোভাবে বোঝা যায় সীল মাছদের দিকে তাকালে। এই প্রাণীটির শারীরিক গঠন এবং অঙ্গ-প্রত্যঙ্গের কাঠামো অন্যান্য মাংসাশী প্রাণীদের থেকে যথেণ্টই আলাদা, উন্নততর জাতের বাঁদর এবং মানাষের মধ্যেও এতটা পার্থক্য দেখা যায় না। তাসত্ত্বেও, কুভিয়ের থেকে শুরু করে অতি সম্প্রতিকালে মিঃ ফাওয়ার পর্যাত প্রায় প্রত্যেকেই সীল মাছদের মাংসাশী শ্রেণীর প্রাণীদের একটা বর্গ হিসাবেই চিহ্নিত করেছেন। শ্রেণীবিন্যাসের কাজটা মানুষ্ট করে থাকে. তা নাহলে নিজেকে একটা আলাদাশ্রেণী হিসাবে চিহ্নিত করার কোন সঙ্গত কারণ নেই।

উন্নত শ্রেণীর অন্যান্য স্তন্যপায়ী প্রাণীদের দৈহিক কাঠামোর সঙ্গে মানুষের যে কত অসংখ্য মিল আছে, তা উল্লেখ করার মত সাধ্য বা জ্ঞান আমার নেই। প্রখ্যাত শারীরসংস্থানবিদ্ধ ও দার্শনিক অধ্যাপক হাক্সলি এই বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন, এবং বলেছেন—নিশ্নতর জাতের বাদরদের সঙ্গে উচ্চতর জাতের বাদরদের দৈহিক গঠনের যতটা পার্থক্য থাকে, উচ্চতর জাতের বাদরদের দৈহিক গঠনের কোন অংশেরই ততটা পার্থক্য থাকে না। ফলম্বর্প, "মানুষকে একটা স্বতন্ত শ্রেণী হিসাবে চিহ্নিত করার কোন সঙ্গত কারণ নেই।"

এই প্রন্থের প্রথম দিকে আমি বিভিন্ন তথ্য দিয়ে দেখিয়েছি উবততর জাতের স্তন্যপায়ী প্রাণীদের সঙ্গে মান্ধের দৈহিক গঠন যথেণ্ট সাদ্শ্যপর্ণ, এবং তার মলে কারণ হল ছৌটখাট অজস্র কাঠামোগত ও জৈবিক গঠনের সাদ্শ্য । দৃণ্টাশ্ত হিসাবে আমি তুলে ধরেছিলাম একই ব্যাধিতে এবং একই ধরণের জীবাণ্ দারা আমাদের আক্রান্ত হওয়ার কথা । তাছাড়াও দেখিয়েছিলাম যে, একই ধরণের মাদক বা ওব্রু প্রয়োগ করলে উবততর জাতের স্তন্যপায়ী জীব ও মান্ধের মধ্যে একই ধরণের প্রতিক্রিয়া দেখা দেয় ইত্যাদি ।

মান্য ও চতুম্পদী প্রাণীদের মধ্যেকার ছোট-খাট সাদৃশ্য নিয়ে যেহেতু প্রায় কোন প্রণালীবন্ধ আলোচনা হয়নি, এবং যেহেতু এই ধরণের অজস্র সাদৃশ্য চতুম্পদীদের সঙ্গে আমাদের সম্পর্কের ম্পণ্ট প্রমাণ হাজির করে, তাই এখানে আমি এ-রকম অম্প করেকটি বিষয় তুলে ধরতে চাই। যেমন ধরা যাক মুখাবয়বের কথা। ম্পণ্টতই এক্ষেত্রে অনেক সাদৃশ্য রয়েছে এবং মাংসপেশী ও অকের প্রায় একইরকম ম্পন্দনে নানা আবেগচিহ্ন প্রকাশ পায়, বিশেষ করে হা-র উপরে ও মুখের চারপাশে। কয়েকটি ভঙ্গী তো হাবহা একরকম। কিছা কিছা বাদর কাদবার সময় এবং কয়েক প্রকার বাদর আনন্দে চে চামে চি করার সময় দেখা য়য়য়, তাদের ঠোটের দ্ব কোন পিছনের দিকে সরে গেছে আর চোখের নীচের পাতা কু চকে গেছে। বহিঃকর্নের গঠনের মধ্যেও আদ্র্যারকম মিল খাছে পাওয়া য়ায়। অবশ্য অধিকাংশ বাদরের তুলনায় মান্যের নাক অনেক খাড়া প্রকৃতির। কিম্তু একটা লক্ষ্য করলেই দেখা যাবে, হালক্ গিবন (Hoolock Gibbon) জাতীয় বাদরদের নাক স্বাল পাখির ঠোটের মতো বাকানো। আর সেম্নোপ্রথকাস্ন্যাসিকা (Semnopithecus nasica) নামক বাদরদের নাক অসম্ভবরকম বাকা।

অনেক বাদরেরই মুখমণ্ডলে গোঁফ, দাড়ি বা জ্বলপি দেখা যায়। সেম্নোপিথেকাস প্রজাতির কিছু, বাদরের মাথায় বেশ বড়ো বড়ো চুল থাকে। বনেট জাতীয় বাদরদের (Macacustadiatus) মাথার চাঁদির একটি নিদিন্ট জায়গা থেকে চারপাশে চুল ছড়িয়ে পড়ে, আর ঝুলতে থাকে মাঝখানের সি^{*}থির দূপাশে। भान-स्वतं क्लान प्रत्थरे नािक जारक मुम्बान्ज जात विन्धिमान वरन रहना यात्र, কিন্তু বনেট জাতীয় বাঁদররাই বা কম কিসে ? তাদের মাথার উপরিভাগের ঘন চুল একসময় যেন আকস্মিকভাবে নীচের দিকে নেমে আসে এবং ক্রমণঃ ছোট হতে হতে এমন সান্দরভাবে মিলে যায় যে, এক লা ছাড়া লার উপরিন্হ অংশে (क्পाल) काम রোম থাকে না। আবার অনেক সময়ই বলা হয় যে, কোন বাদরেরই ল্লু থাকে ন:---এ-কথা সবসময় সাত্যি নয়। এই মাত্র এখানে যে প্রজাতির বাদরদের কথা বললাম (বনেট জাতীয় বাদর), তাদের কপালের রোমশনোতা সকলের ক্ষেত্রে একরকম নয়। এশ রিষ্টে বলেছেন, মানব শিশাদের চলে ভরা মাথা আর রোমশনো কপালের মধ্যে অনেক সময়ই কোন নির্দিণ্ট সীমারেখা থাকে না। এটাকে আমরা প্রনরাবর্তনের একটি মাম্বলী ঘটনা বলেই চিহ্নিত করতে পারি, কেননা মানুষের প্রেপারুষের কপাল কখনোই সম্পর্ণে রোমশনো र्रेष्ठल ना ।

সকলেরই জানা আছে বে আমাদের হাতের উপরাংশের ও নিম্নাংশের রোম ক্রমণ কন্ট অভিমুখী। অভ্তে এই বিন্যাস অধিকাংশ নিশ্নশ্রেণীর স্তন্যপায়ী शानीएमत क्कारत एनथा ना शास्त्रक, गिन्मिशि, एतार-एठोर, हारेत्वादकर म জাতীয় কোন কোন বাঁদর, এমনকি কয়েকপ্রকার আমেরিকান বাঁদরের মধ্যেও प्तथा यात्र । किन्छू हाहे(लाखिए) म् अिक्सिनम् एतत्र मध्याय-वाहात (कनारे छः কন্জির মধ্যবতী অংশ) রোম সাধারণতঃ নিম্নাভিমুখী বা কন্জি-অভিমুখী হয় আর হাইলোবেট্স্লার্দের হাতের রোম প্রায় খাড়া অবস্হায় থাকে এবং শুখু সামনের দিকে সামান্য বে^{*}কে থাকে। অর্থাৎ এই শেষোক্ত প্রজাতির ক্ষেত্র রোমরাজি একটা র্পাশ্তরকালীন অবস্থায় রয়েছে। অধিকাংশ স্তন্যপায়ী প্রাণীদের পিঠের লোম ঘন ও নিম্নাভিমুখী হওয়ার কারণ যে শরীর থেকে व िर्णेत जल त्यएए रफला, स्म व्याभारत रकान मस्मरहत **•**ञवकाण तारे। ध्यानीक কুডলী পাকিয়ে ঘুমোনোর সময় কুকুরের সামনের দুই পায়ের রোম তির্বকভাবে থাকার কারণও একই বলে মনে হয়। মিঃ ওয়ালেস্ অত্যন্ত মনোযোগ সহকারে ওরাং-ওটাংদের আচরণবিধি লক্ষ্য করার পর মাতব্য করেছেন, এদের হাতের রোম কন্ই-অভিমুখী হওয়ার কারণ সম্ভবত বৃণ্টির হাত থেকে রেহাই পাওয়া, কারণ এইসব প্রাণীদে বর্ষাকালে মাথার উপর কোন গাছের ডাল মুঠো করে ধরে, कात्नत म्यारम कन्दे एडए७ वरम थाकरू एमथा यात्र। निष्टिरणीतनत भरठ, গরিলারাও "মুখলধারে বৃণ্টির সময় হাত দিয়ে মাথা আড়াল করে বসে থাকে।" উপরের এই কথাগালি যদি ঠিক হয়, এবং যা হওয়াই সম্ভব, তাহলে আমাদের হাতের উপরিস্থ রোমের অভিমুখকে আমাদের পরে' অবস্থারই স্মারক বলে মেনে নেওয়া যায়। কারণ এখন তো আর ব**ুণ্টির জল আটকাতে হাতের রোম** আমাদের কাজে লাগে না বা আমাদের শরীরের বর্তমান ঋজ, কাঠামোয় রোমের এই অভিমুখ বৃণ্টির জল আটকানোর পক্ষে উপযুক্তও নয়।

তবে, মানুষ বা তার আদি পূর্বপ্রব্যের শরীরের রোমের অভিমুখ সম্বশ্যে অভিষোজন বা উপযোগবাদের নীতিকে অতিরিক্ত গ্রেছ্ম দেওয়াটা খুব সঙ্গত নয়। কারণ এশ্রিদ্রে মনুষ্য-শ্রণের শরীরে রোমবিন্যাসের যে চিত্র উপস্থিত করেছেন (পর্ণকাষ্ট্রক মানুষদের ক্ষেত্রেও এই বিন্যাস একইরকম), তা পর্যবেক্ষণ করা সম্ভব নয়, এবং এ-ব্যাপারে অন্যান্য অনেক জটিলতর কারণও যে বাদ সাধে, তার এই কথাও স্বীকার না করে উপায় নেই। শ্রণের শরীরে রোমগর্মলির একটি বিন্দর্তে এসে মিলিত হওয়াটা সম্ভবত শ্রণের সেইসব বিষয়ের সঙ্গে সম্পর্কয়ন্ত, যেগালি তার বিকাশের সময় সবথেকে শেষে হ্রাসপ্রাণ্ড হিয়। তাছাড়া,

অঙ্গপ্রত্যঙ্গের উপর রোমবিন্যাসের সঙ্গে মেডুলারি ধমনীর কার্যধারারও কিছ্

আমরা দেখলাম বে রোমশন্যে কপাল, মাথায় দীর্ঘ কেশগ্রেছ প্রভৃতি অনেক বিষয়েই মান্বের সঙ্গে কয়েকপ্রকার বাঁদরের অন্ত,ত সাদৃশ্য আছে। কিল্ডু এরকম প্রত্যেকটি সাদৃশ্যকে একই প্রেপ্রেষ্ট্র থেকে উন্ত,ত অব্যাহত বংশগতির বা উত্তরকালীন প্রত্যাবর্তনের ফল হিসাবে ভাবলে ভূল হবে। এই সমস্ত সাদ্দ্রোর অনেকগ্র্লিই খ্ব সম্ভবত একইরকম রুপান্তরের ফল, এবং আমি অন্যর দেখাতে চেন্টা করেছি যে এই রুপান্তর একই প্রেপ্রেষ্ট্র থেকে স্বৃন্ট প্রাণীদের একইরকম শারীরিক গঠন ও একই কার্যকারণ থেকে স্বৃন্টি হয়। মানুষ ও কিছু জাতের বাদরদের সম্মুখ-বাহুতে রোমের একইরকম অভিমুখ খ্ব সম্ভবত উত্তরাধিকার স্তুরে অজিত। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, অধিকাংশ অ্যানথ্রপমরফাস জাতের বাদরদের মধ্যে এটি একটি সাধারণ ঘটনা। কিন্তু অত্যন্ত স্বতন্ত জাতের কিছু আমেরিকান বাদর কিভাবে এই বৈশিল্ট্যের অধিকারী হলো, তা ঠিক বোধগা্য নয়।

আমরা এতক্ষণ যা দেখলাম, তার থেকে বলা যায় যে মান্য তার নিজের জন্য ভিন্ন কোন শ্রেণী দাবি করতে পারে না। বডজোর তাকে একটি উপ-শ্রেণী বা বর্গ বলা যায়। অধ্যাপক হান্ধলি তাঁর শেষ বইটিতে সমস্ত উন্নতশ্রেণীর স্তন্যপায়ী প্রাণীকে তিনটি উপ-শ্রেণীতে ভাগ করেছেন: মানুষ—আান্থ্রপিডে (Anthropidae) উপ-শ্রেণী : সমস্ত ধরণের বাদর—সিমিয়্যাডে (Simiadae) উপ-द्युगी, এবং নানারকম লেম্ব্র-লেম্ব্রাইডে (Lemuridae) উপ-द्युगी। তাছাড়া, অঙ্গসংস্থানের কতকগালি গরেম্বপূর্ণে ব্যাপারে মানুষের গঠন অতাত দ্বতন্ত্র বলে সে অতি অবশ্যই ভিন্ন একটি উপ-শ্রেণীর পদাধিকার দাবী করতে পারে। কিন্তু তার মানসিক ক্ষমতার কথা বিচার করলে বোঝা যায়, এই পদাধিকার অত্যাত নিশ্নমানের। তাঁ সম্বেও, বংশব্রতাণ্ডের বিচারে এই পদাধিকার বেশ উ^{*}চু, আর তাই মান**ুষকে** একটা বর্গ বা **উপ-বর্গের**ই অম্তর্ভুক্ত করা উচিত। ষদি আমরা একই মলে বংশ থেকে উদ্ভতে তিনটি বংশধারার কথা চিম্তা করি, তাহলে দেখতে পাব তাদের মধ্যে দুটি বংশধারা অনেক বছর পরেও এত স্বন্ধ পরিবর্তিত হয়েছে যে মলে প্রজাতির সঙ্গে তাদের খুব একটা তফাৎ নেই ৮ কি**ন্ট্** ততীয় বংশধারাটিতে এত বিপলে পরিবর্তন ঘটে গেছে যে অনায়াসেই তাদেরকে একটি স্বতন্ত্র উপ-বর্গা, বর্গা, এমনকি স্বতন্ত্র একটি শ্রেণীও বলা বায়। তবে, এই তৃতীয় ধারাটির মধ্যে উত্তরাধিকার সতে এমন বহু ছোটখাট বিষয় থাকে, বেগন্লি অন্য দ্বিট ধারার সঙ্গে সাদ্শায়ন্ত । ফলে, এখানে আমরা একটি অমীমাংসিত প্রশেনর সম্মুখীন হই — শ্রেণীবিন্যাস করতে গিরে করেকটি স্থানিদিশ্ট পার্থ কোর উপর আমরা কতখানি গ্রন্থ দেব ? অর্থাৎ, কতটা গ্রন্থ দেব ঘটে যাওয়া পরিবর্তনের পরিমানের উপর, এবং কতটাই বা গ্রন্থ দেব অসংখ্য গ্রন্থহীন বিষয়ের ঘনিষ্ঠ সাদ্দোর উপর, যেগ্রাল বংশধারা বা বংশব্ ভাতের ইক্সিত দেয় । সংখ্যায় অলপ অথচ জোরদার পার্থক্যগ্রিলকে বেশি গ্রন্থ দেওয়াটাই বেশি নজর কাড়ে আর নিঃসন্দেহে তাতে ঝাঁকও কম, কিল্তু তা সম্বেও সাত্যকারের প্রাকৃতিক শ্রেণীবিভাজন করতে হলে অসংখ্য ছোটখাটো সাদ্শ্যের উপর জোর দেওয়াটাই বেশি দরকারী ।

এ-বিষয়ে মান,্য সম্পর্কে কোন রয়ে দেওরার আগে আমরা বরং একবার বাদরদের উপ-শ্রেণী, সিমিয়্যাডেদের দিকে চোখ ফেরাই। প্রায় সমস্ত প্রাণীতম্ববিদ্ই এই উপ-শ্রেণীকে দু'ভাগে ভাগ করেছেন। এক ভাগে আছে (Catarhine group) বা পরেগোলাধের বাদররা (Old world monkeys); এই জাতীয় বাদরদের বৈশিষ্ট্য হল (নাম থেকেই বোঝা যায়) অভতে গঠন-আকৃতি বিশিষ্ট নাসারুধ্য এবং প্রতি চোয়ালে চারটি করে প্রিমোলার বা উপ-পেষণ দাঁত। অন্য ভাগে আছে প্ল্যাটিরহাইন (Platyrhine group) বা উত্তর ও দক্ষিণ আমেরিকার বাদররা (New world monkeys; দুটি স্থানিদি টে উপ-বিভাগ সমেত) : এই জাতীয় বাঁদরদের নাসারন্ধ, প্রেগোলার্ধের ্বাদরদের থেকে স্বতন্ত্রভাবে গঠিত এবং এদের উভঃ চোয়ালে চারটির জায়গায় ছটি করে প্রিমোলার বা উপ-পেষণ দাঁত থাকে। এছাড়া দুটি ভাগের মধ্যে আরো কিছু, ছোটখাটো পার্থক্যও দেখা যায়। মানুষের দাঁত এবং নাসারশ্বের গঠন-প্রকৃতি বা অন্যান্য বৈশিণ্ট্যগর্বাল একটা খেয়াল করলেই বোঝা যায়, তারা ক্যাটারহাইন গ্রপে বা পরে গোলার্ধের বাঁদরদের বিভাগেরই অশ্তর্ভুন্তি। করেকটি প্রায় গরে, <mark>স্বহ</mark>ীন এবং আপাতভাবে অভিযোজন-भीन প্রকৃতির কিছু বিষয়ে 'ল্যাটিরহাইন বিভাগের বাদরদের সঙ্গে মানুষের মিল থাবলেও, বাকি প্রায় সমস্ত ক্ষেত্রেই মানুষের সঙ্গে ক্যাটারহাইন গোষ্ঠীর সাদুশ্য °ল্যাটিরহাইন গোষ্ঠার তুলনায় অনেক বেশি। কাজেই, প্রাচীনকালে ঐ উত্তর ও দক্ষিণ আমেরিকার বাঁদরদের রপোশ্তরের ফলেই মানব-সদৃশ কোন জীবের উত্তব घटिष्म, के वीनतता जारनत निकश्व देवीमध्ये द्वातिता रक्तमिष्म, यात मानव-সদৃশ সেই জীবের মধ্যে ফুটে উঠেছিল পরের গোলার্ধের বাদরদের যাবতীয় - বৈশিন্টা—এটা একেবারেই অসম্ভব। স্তুতরাং, মান ধ যে পরে গোলার্ধের

সিমিয়ান উপ-শ্রেণীরই একটি প্রশাখা, সে বিষয়ে আর কোন সন্দেহ থাকতে পারে না। আর তাই, বংশব্দ্তান্তের প্রশেন আমরা তাকে নির্দিধায় ক্যাটারহাইন বিভাগের অত্তর্গীক্ত করতে পারি।

অধিকাংশ প্রাণীতন্তবিদ গরিলা, শিশ্পাঞ্জি, ওরাং-ওটাং হাইলোবেট্মে প্রভৃতি অ্যানথাপমরফাস জাতের বাঁদরদের পর্বেগোলার্ধের অন্যান্য বাঁদরদের থেকে স্বতন্ত্র একটি উপ-গোণ্ঠীতে ভাগ করেন। কিন্তু, তাদের মন্তিন্দের আকারের কথা বিচার করে, এই উপ-গোণ্ঠীর অন্তিন্ধ স্বীকার করতে গ্র্যাটিওলেট্র রাজী নন। নিঃসন্দেহে এটি একটি ব্যতিক্রমী দৃণ্টান্ত। মিঃ সেণ্ট জি মিভার্ট বলেছেন, ওরাংরা হচ্ছে "ক্রমবিন্যাসের ক্ষত্রে একটি বিচিত্র ও বিচ্যুত গঠনাকৃতি।" আবার কোন কোন প্রাণীতন্তবিদ পর্বে গোলার্ধের অ্যানথাপমরফাস শ্রেণী বহি'ভত্ বাঁদরকুলকে দ্ব'তিনটি ছোট ছোট উপগোণ্ঠীতে ভাগ করেছেন। অন্তত্ত্ব থলি-আকৃতির পাকস্থলীবিশিণ্ট সেম্নোপিথেকাস্ জাতের বাঁদররা এরক্ম একটি উপগোণ্ঠীর অন্তর্গত। কিন্তু এম গুড়ি এথেন্স সম্পর্কে খেজি-খবর করতে গিয়ে একটি আশ্চর্ম জিনিসের সম্থান পান। তিনি জানতে পারেন্থে মিওসেন যুগে, অর্থাৎ প্রায় সন্তর লক্ষ বছর আগে, প্রথিবীতে সেম্নোপ্থেকাস ও ম্যাকাকাস জাতের বাঁদররের মধ্যে সংযোগকারী অন্য এক জাতের বাঁদরের অন্তত্ত্ব ছিল। একসময় বোধহয় এভাবেই অন্যান্য উচ্চশ্রেণীর প্রাণীরা পরস্পরের সঙ্গে মিলেমিশে টিকে ছিল প্থিবীতে।

যদি অ্যান্থ্রপমরফাস জাতের বাঁদরদের একটি সাধারণ উপগোষ্ঠী হিসাবে মেনে নেওয়া হয়, আর মান্বের সঙ্গে যেহেতু তাদের অনেক বিধয়ে মিল রয়েছে—শর্ম্ব ক্যাটারহাইন গোষ্ঠীর সঙ্গে তার যে-সব বিষয়ে মিল রয়েছে সেগ্র্লিই নয়, তা ছাড়াও বিচিত্র সব বৈশিষ্ট্য, যেমন লেজের অন্পঙ্গিহতি, থকে কড়া না পড়া, এবং চেহারাগত সাদ্শা—এর থেকে আমরা এই সিম্বান্ত গ্রহণ করতে পারি যে তাহলে নিশ্চয়ই অ্যান্থ্রপমরফাস উপ-গোষ্ঠীর কোন প্রাচীন প্রজাতি থেকেই মানুষের উদ্ভব ঘটেছিল। নিমুশ্রেণীর আরো যে-সব উপ-গোষ্ঠী রয়েছে, তাদের

১। এই রকম শ্রেণী-বিভাজনের সঙ্গে মি: সেন্ট. জর্জ মিভার্ট-এর বরুবেরর প্রায় হবছ মিল বরেছে (ফ্র:, "ট্রানসাকট ফিলোসক, সোদ,", ১৮৬৭, পৃ: ৩০০)। তিনি উন্নতশ্রেণীর ব্যস্তপারী প্রাণীদের থেকে লেমুরজাতীর প্রাণীদের (Lemuridae) আলাদা করে বাদবাকিদের হোমিনাইডেওসিমিয়্যাডে (ক্যাটারহাউন গোণ্ডীর সঙ্গে সাদৃশুবুক্ত) এবং সেবিডে ও হাণালাইডে (প্রাণ্টিরহাইন গোণ্ডীর সঙ্গে সাদৃশুবুক্ত) উপ-পর্বে ভাগ করেন। এখনও পষ্ট তিনি তার বন্ধব্যে অটন।

কার্র পক্ষেই 'সাদ্শায্ত জাতিগত পরিবত"নের' নিয়ম অন্সারে মানব-সদ্শ কোন জীবের জন্ম দেওয়া সম্ভব ছিল না, কেননা মান্ত্রের সঙ্গে সবথেকে বেশি সাদ্শার্ত্ত উনত শ্রেণীর অ্যানথ্রগমরফাস বাদরদের। আবার, তার নিকট সাদ্শায্ত্ত বাদরদের (উনত শ্রেণীর বাদরদের) অধিকাংশের তুলনায় মান্ত্রের মধ্যে অনেক বেশি পরিবর্তন ঘটে গেছে, যা ম্লেত তার মান্ত্রুত্তর দার্ণ উন্নতি ও সোজা হয়ে দাঁড়ানোরই ফল। তাসত্তেও মনে রাখা দরকার যে মান্ত্র হছে "উন্নত শ্রেণীর স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে কার অত্যাত একটি ব্যাতিরুমী প্রাণী মাত।"

বিবর্ত নবাদে বিশ্বাসী ষে-কোন প্রাণীতত্ববিদই মনে করেন যে সিমিয়্যাড় উপপ্রেণীর দৃই ম্লেগোড়ী, ক্যাটারহাইন ও স্প্যাটিরহাইন বাদররা আর তাদের সমসত উপ-গোড়ী, সকলে একই স্প্রাচীন কোন আদি প্রেপ্রান্থের বংশধর। এই প্রেপ্রান্থের একেবারে প্রথমদিক কার বংশধরেরা পরস্পরের থেকে যথেন্ট পরিমাণে পৃথক হয়ে যাওয়ার আগে পর্যন্ত একই গোড়ীর অত্তর্ভ ছিল। কিন্তু ততদিনে কোন কোন প্রজাতি বা সদাস্ট বর্গের নানাম্খী চরিত্রের মধ্যে ক্যাটারহাইন ও স্প্যাটিরহাইন গোড়ীত্বরের ভবিষ্যৎ বৈশিষ্ট্যগর্নল মাথাচাড়া দিয়ে উঠতে শ্রুর করেছিল। কিন্তু অবিভক্ত এই প্রাচীন বাদরদলের মধ্যে দাঁতের বা নাসারশ্যের গঠনাক্তি এমন ছিল না ঠিক যে-রকম এখন ক্যাটারহাইন গোড়ী বা স্প্যাটিরহাইন গোড়ীর মধ্যে দেখতে পাওয়া যায়। বরং এ-ব্যাপারে তাদের সঙ্গে লেম্রাইড উপ-শ্রেণীর আশ্রম্ব সাদৃশ্য লক্ষ্য করা যায়। যাদের নিজেদের মধ্যে চোখ-ম্থের গঠন-সাদৃশ্য খ্রই কম আর দাঁতের গঠনের বৈসাদৃশ্য রয়েছে বহুল পরিমাণে।

ক্যাটারহাইন আর স্প্রাটিরহাইন বাঁদরদের মধ্যে যথেণ্ট পরিমাণে বৈশিণ্টাগত সাদৃশ্য উভরেই যে প্রশাতীত ভাবে একই শ্রেণীভূক—এটাই প্রকাশ করে। যে-সব বৈশিণ্টা এদের উভরের মধ্যেই রয়েছে, সেগুলো সংখ্যায় এত বেশী যে প্রথক প্রজাতি নিজে থেকে সেটা অর্জন করতে পারে না। অর্থাৎ, এই বৈশিণ্টাগ্রনিল উভরাধিকার স্তেই অর্জিত। কিন্তু প্রাণীতদ্ববিদরা এদেরকে চিহ্নিত করবেন বনমান্য বা বাঁদর হিসাবে, এক প্রেনো প্রজাতির প্রাণী হিসাবে, যাদের অনেক লক্ষণ ঠিক ক্যাটারহাইন ও স্প্যাটিরহাইন বাঁদরদের মত, কিছু লক্ষণ অন্তর্বাতী স্তরের, এবং সম্ভবত কিছু লক্ষণ এই উভয় গোণ্ঠীর মধ্যে বর্তামানে যে-সব লক্ষণ দেখা যায়—তার থেকে আলাদা। আর যেহেতু বংশব্রুভান্তর বিচারে মান্য হচ্ছে ক্যাটারহাইন বা পরে গোলাধের বাঁদরগোণ্ডীর

-অন্তর্গত, তাই, আমাদের আত্মগারিমা ক্ষ্ম করেও স্বীকার করতে হবে যে আমাদের আদি পর্বেপ্রের্বদেরও ঐ নামেই চিহ্নিত হওয়া উচিত। বিক্তৃত্বতাই বলে মান্য সহ সমগ্র সিমিয়্যান গোষ্ঠীর আদি পর্বেপ্রের্বরা এখনকার কোন বনমান্য বা বাদরদের মতোই ছিল কিম্বা এইসব বনমান্য বা বাদরদের সঙ্গে তাদের দার্ণ সাদ্শা ছিল—এমনটা ভাবলে ভূল হবে।

माम्यायत উद्धवचन এवः माम्यायत श्रीहीमदः म्वजवंदे शन्त उद्धे. ক্যাটারহাইন গোষ্ঠী থেকে আমাদের পরে পরে মরা প্রথম কোন্ অঞ্জে বিচ্ছিন হয়ে যান এবং মানুষের উভব ঘটে। মানুষ যেহেতু একদা এই গোষ্ঠীর (ক্যাটারহাইন) অশ্তর্ভুক্ত ছিল, ফলে তাকে পর্বে গোলাধের (Old world) वाजिन्हा वर्त्न मत्न कदात यरथण्ठे कात्रण আছে। তবে. ভৌগোলিক विनाास्त्रत নিয়ম অনুষায়ী বিচার করলে বোঝা ষায়, অন্টেলিয়ায় বা মহাসাগরীয় বীপ-গ্রালিতে তারা বসবাস করত না। দেখা গেছে, প্রথিবীর যে-কোন ব্রহৎ অঞ্চলেই বর্তমানে টিকে থাকা স্তন্যপায়ী প্রাণীরা ঐ জঞ্চলের অধুনালুগু প্রায় কোন-না-কোন প্রজাতির সঙ্গে সাদ,শাযুক্ত। তাই মনে হয়, গরিলা ও শিম্পাঞ্জির সঙ্গে विनर्फ मान् गाय**्ड न**्थशास वांनतता श्रथम व्यक्तिकाराज्ये वमवाम कत्र । बात যেহেতু এই দুই বাঁদর প্রজাতিই হচ্ছে সাদ্দোর দিক দিয়ে মানুদের সবথেকে কাছাকাছি, তাই আমাদের আদি পূর্বেপুরুষদের পক্ষে আন্ধিকা মহাদেশের বাসিন্দা হওয়ার সম্ভাবনা অন্য যে-কোন অঞ্চলের চেয়ে অনেক বেশি। কিম্তু এই বিষয়টি নিয়ে জন্পনা-কন্পনা করা অর্থাহীন। কারণ, মিওসেন যুগে (প্রায় সন্তর লক্ষ বছর আগে) দু'তিন প্রকার অ্যান্থ্রসমরফাস বাদর, দৈর্ঘেণ্য প্রায় মানুষের সমতুল্য ও গঠন-প্রকৃতিতে হাইলোবেট্স্ বাদরদের খুব কাছাকাছি একপ্রকার ড্রামোপিথেকাস বাঁদর (Dryopithecus of Lartet) ইয়োরোপে বাস করতে বলে জানা গেছে। তাছাড়া, সেই স্মপ্রাচীনকালের পর থেকে প্রথিবীতে ঘটে গেছে অজন্ত বড বড পরিবর্তন, এবং এই সুদীর্ঘ সময়ের মধ্যে অনেক জায়গার -বাসিন্দারাই অনা জায়গায় চলে গেছে দলে দলে।

কিম্তু, মেখানে আর যে সময়েই মানুষের শরীর থেকে বড় বড় রোমরাজি নিশ্চিক

২। কেবেলও এই সিদ্ধান্তে উপনীত হরেছেন। ন্তঃ, "ueber die Entstehung des Menschengeschlechts", in Virchow's, "Sammlung, gemein, wissen. Vorlage", ১৮৬৮, পৃঃ ৬১। এছাড়াও স্তেইব্য তার অপর একটি রচনা "Naturliche schopfungs geschichte", ১৮৬৮।—এথানে তিনি মানুবের বংশবৃত্তান্ত সম্বন্ধে বিভারিত আনোচনা করেছেন।

হতে শরের করকে না কেন, একথা নিশ্চিত যে সেই সময় তারা কোন উষ্ণ জল-বায়রে দেশে বসবাস করত। কেননা কাঁচা ফলমলে, মাংস ইত্যাদি খেয়ে হজম করারু পক্ষে ঐ-রকম জলবায়. ই ছিল আদর্শ। অবশ্য আমাদের জানা নেই ঠিক কতদিন আগে মান্য ক্যাটারহাইন গোণ্ঠী থেকে বিচ্ছিন্ন হয়ে স্বতন্ত্র এক সন্ধার দিকে পা বাড়িয়েছিল। তবে খাব সদ্ভবত ইওসেন বা প্রাক্-প্রতাপ্রস্তর যাগের মতো স্থারে অতীতেই এ-ব্যাপারটি ঘটেছিল। কারণ মিওসেন যুগের প্রথম দিকে দ্রায়োপিথেকাস জাতের বাঁদরদের অস্তিত থেকে বোঝা যায়, এ সময়েই অনুস্লত শ্রেণীর বনমান মদের (ape) থেকে আলাদা (diverged) হয়ে একদল উন্নত শ্রেণীর বনমান ধের উদ্ভব হয়েছিল। আবার এ-ও আমাদের অজানা যে, একই ধারার উন্নত বা অন্যন্নত শ্রেণীর প্রাণীরা অন্যক্রল পরিস্হিতি পেলে কত দ্রত উন্নত হতে পারে। তবে, আমরা জানি যে কোন কোন প্রাণী দীর্ঘকাল ধরে একইরকম আছে, তেমন কোন পরিবর্তন হয়নি তাদের। গ্রহপালিত জীবজাতদের লক্ষ্য করে দেখা গেছে, নির্দিণ্ট একটি সময়ের মধ্যে একই প্রজাতির ভিন্ন ভিন্ন বংশধরদের কেউ কেউ আদৌ পরিবর্তিত হয় না, কেউ হয়তো নামমাত্র পরিবৃতিতি হয়, আবার কারুর হয়ত বিপলে পরিবর্তন ঘটে যায়। মানুষের মধ্যেও হয়ত এইরকম ঘটনা ঘটেছিল, উন্নত শ্রেণীর বনমান্মদের (ape) তুলনায় তাদের বিশেষ কতকগ;লি বিষয়ে দার্য়ণ পরিবর্তন ঘটেছিল।

মান্দ ও তার নিকট-সদৃশ জীবদের জৈবিক পরশ্পরার (organic chain)
মধ্যে যে বিশাল ফাঁকের সৃণিট হয়েছে, তা কোন বিদ্যমান বা বিলুপ্ত প্রাণীর
দারা প্রেণ করা বাছে না। আর এই ব্যাপারটা কোন নিমুশ্রেণীর জৈবিক রপ
থেকে মান্ধের উভতে হওয়ার ধারণার বির্শেধ জোরালো যুক্তির কারণ হয়ে
দাঁড়ায়। অবশ্য যাঁরা সাধারণ চিশ্তা-ভাবনা থেকে বিবর্তনবাদে বিশ্বাসী, তাঁদের
কাছে এই আপত্তি কখনোই তেমন গ্রেড্র পায় না। জৈবিক পরশ্পরার প্রায়
সর্বস্তই এই ফাঁক বা আকম্মিক ছেদ রয়েছে। কোথাও কোথাও তা অত্যত
ব্যাপক—দৃঢ় ও স্থানির্দিণ্ট, আবার কোথাও বা বিভিন্ন মাত্রায় কম। যেমন,
ওরাং-ওটাং ও তার নিকট-সদৃশ উন্নতশ্রেণীর বনমান্ধদের মধ্যেকার শ্নোস্হান,
টার্সিয়াস (প্রেণ্-ভারতীয় দ্বীপপ্রেজর একপ্রকার বাঁদর) ও লেম্রে জাতীয়
বাঁদরদের মধ্যেকার শ্নোস্হান, হাতিদের মধ্যেকার শ্নাস্হান, এবং অরনিথর—
হাইন্চাস (অন্টেলিয়ায় প্রাপ্ত একপ্রকার হংসচন্দ্র) বা এচিড্নার (নিউগিনি
ও অন্টেলিয়ার অত্যত প্রাচীন একপ্রকার হংসচন্দ্র) এবং অন্যান্য স্তন্যপায়ী
প্রাণীদের মধ্যেকার শ্নাস্হান। অবশ্য এই শ্নাস্হান তথনই সৃণ্টি

হর, বখন একটি প্রাণীর অত্যাত নিকট সম্পর্ক বৃদ্ধ অন্যপ্রাণীরা ক্রমণ লোপ পেতে থাকে। অদ্রে ভবিষ্যতে, হরত করেকণ বছরের মধ্যেই, মান্বের সভ্য-জাতিগন্তি অসভ্য জাতিগন্তিকে ধন্স করে সারা পৃথিবী জন্তে তাদের প্রভূষ কারেম করবে। একই সঙ্গে, অধ্যাপক স্ট্যাফোসেনের মন্তব্য অনুবায়ী বলা যায়, অ্যান্থ্যপমরফাস্ জাতির বাদরের দলও (গারলা, শিম্পান্তি প্রভৃতি) নিশিক্ত হরে যাবে। আর তাই যদি হয়, তাহলে মান্ষ আর তার নিকটসদৃশ প্রাণীদের মধ্যেকার ফাঁকা আরও বেড়ে যাবে, কারণ তখন মনেহয় এই পরস্পরার একপ্রান্তে থাকবে ককেশিয়ানদের চেয়েও উম্লত শ্রেণীর মান্ষ আর অন্যপ্রান্তে থাকবে বেবনুন জ্যাতিয় নিক্তট বাদরকলে মধ্যে। এখন নিগ্রোজ্যাতি বা অন্ট্রেলিয়ার আদি অধিবাসীদের সঙ্গে গারলাদের যেমন ফারাক রয়েছে।

উপষ্ক জীবাসের অভাবে মানুষের সঙ্গে তার বাদর-সন্শ প্রেপ্রের্মের সম্পর্কের মলেস্ক্রির এখনো অসপত রয়ে গেছে। অবশ্য যিনি স্যার সিন্দ্রিরেলের আলোচনাটি মন দিয়ে পড়েছেন, তাঁর কাছে এ-বিষয়টা খুব একটা গ্রেব্রুপ্র্র্প্র্র্ নয়। তিনি দেখিয়েছেন যে সমস্ত মের্দ্রুণ্টী প্রাণীদের ক্ষেত্রেই জীবাসম আবিক্কারের ব্যাপারটা এক মন্থ্র প্রক্রিয়া এবং আকস্মিকভাবেই জীবাসম আবিক্কাত হয়ে থাকে। এই প্রসঙ্গে মনে রাখা দরকার, যে-সব জায়গা মানুষের সঙ্গে কোন বাদর সদৃশ বিলুগ্র জীবের সম্পর্ক প্রমাণ করার উপযোগী জীবাসম পাওয়ার পক্ষে আদর্শ, এমন অনেক জায়গাই এখনো পর্যন্ত ভ্তেক্বিদ্দের অনুসম্থানী চোথের বাইরে থেকে গেছে।

ৰাকুষ্বের বংশ বৃত্তান্তের নিম্নতর শুরসমূহ: আমরা দেখতে পেলাম যে সিমিয়াড উপশ্রেণীর অর্ত্রগত ক্যাটারহাইন বা পর্বে গোলার্ধের বাদরদের জাতিরা (Old world division) উত্তর ও দক্ষিণ আর্মেরিকার বাদরদের জাতিদের (New world division) থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার পরই তাদের (old world division) থেকে আবার আলাদা হয়ে মানুষ জাতীর শ্রেণীর উত্তব ঘটেছিল। এবার আমরা মানুষের বংশ বৃত্তান্তের স্থদরে অতীতের চিহ্নগুলি খাজে দেখার চেন্টা করব। আর তা করার জন্য আমরা মালত নির্ভর করব পারস্পরিক শ্রেণীও বর্গের সাদ্শোর উপর, এবং আমাদের জ্ঞাত তথ্যের ভিত্তিতে প্রথিবীতে তাদের পরস্পরাক্রমিক আবিভাবের প্রশনটাকে একট্র ছারে যাব। প্রথমেই ধরা যাক উত্তবে শ্রেণীর বাদরদের একটি অংশ লেমুরাইডদের কথা। বিন্যাস অনুষারী তাদের অবস্থান সিমিয়্যাডদের নীচে এবং এদের সম্পর্কও বেশ কাছাকাছি। উত্তবে শ্রেণীর বাদর জাতীর প্রাণীদের মধ্যে এরা স্বতন্ম একটি বর্গা, বা হ্যাকেলা ও

অন্যান্য প্রাণিতস্থাবিদ্দের কথা অনুষায়ী স্বতশ্ব একটি বিন্যাস। এই গোণ্ঠীটির শাখা-প্রশাখা অসম্ভব রকম বেশি। ফলে তাদের থেকে উল্ভত প্রাণীর সংখ্যাও অনেক। আর এইসব কারণেই সম্ভবত তাদের অবলুপ্থিও ঘটেছে বেশী রকম। টিকে থাকা অধিকাংশেরই আগ্রয়ন্থল হলো বিভিন্ন ছীপ ষেমন ম্যাডাগাম্কার ও মালয় উপদ্বীপ সমূহ। এইসব জায়গায় তাদেরকে বে চ থাকার জন্য নানান জীবজল্তুতে ঠাসা মহাদেশসমূহের মতো কোন কঠিন প্রতিযোগিতার সম্মুখীন হতে হর্মন। আবার এই গোণ্ঠীর মধ্যে বিভিন্ন স্বর লক্ষ্য করা যায়, ষেগুলি, হার্মালর কথায়, "সর্বোচ্চ স্তরের জীব থেকে শরুর করে এমন নিমুস্তরের জীব পর্যন্ত প্রসারিত, যার থেকে মান্ত এক ধাপ নিচেই আছে নিন্দ্রতম ও সবথেকে কম বুল্বিব্যুত্তিসম্পন্ন ল্ব্যুাসেন্টাল (placental) স্তন্যপায়ী প্রাণীরা।" এ-সব কিছু বিচার করে দেখলে মনে হয় যে, বর্তমানের লেম্ব্রাইড উপশ্রেণীর প্রেপ্র্রুষ্দের থেকেই স্টিট হয়েছিল সিমিয়্যাড উপ-শ্রেণীটি, আর লেম্ব্রাইডদের উদ্ভব ঘটেছিল স্বন্যপায়ী প্রাণিবর্গের একেবারে নিচের স্বরের কোন রূপের মধ্য থেকে।

অনেকগরে,স্থপূর্ণ লক্ষণের দিক দিয়ে মারস্থপিয়্যালদের (ক্যাঙ্গারন্জাতীয় স্তন্যপায়ী প্রাণী) অবস্থান স্থাসেণ্টাল স্তন্যপায়ীদের (placental mammals) চেয়ে নীচে। এদের আবিভাব ঘটেছিল বহু, প্রাচীন কোন ভাতাত্তিক যুগে। আর তারা যে প্রাচীনকালে আজকের তুলনায় অনেক বেশি জায়গা জ্বডে ছডিয়ে পড়েছিল, এমন প্রমাণ পাওয়া গেছে। তাই মনে করা হয় যে "ল্যাসেণ্টাল প্রাণীর पन देशनारमणीन **शागी वा भा**तस्त्रिभग्रानरमत्र स्थरकरे क्यविवर्णतन्त्र भाषास्य मृण्डि হয়েছে। তবে এখনকার মারস্মপিয়্যালদের সদৃশ আকারবিশিষ্ট প্রাণীদের থেকে নয়, তাদের আদি পরেপিরেম্বদের থেকে। আবার ক্যাঙার, জাতীয়প্রাণীদের (Marsupials) সঙ্গে হংসচন্দ জাতীয় প্রাণীদের (Monotremata) সাদ,শা দেখা যায়, এবং এদেরকে নিয়ে গড়ে ওঠে স্থবিশাল স্তন্যপায়ী শ্রেণীর একটা তৃতীয় ও নিন্দতর বিভাগ। বর্তমানে অরনিধরহার কাস্ত ও এচিড নারই হচ্ছে এই বিভাগের একমাত্র প্রতিনিধি । এই দু ধরণের প্রাণীকে একটি বৃহত্তর গোষ্ঠীর শেষ নিদর্শন বলে ধরে নেওরা যার স্বচ্ছন্দেই, যে গোষ্ঠীর কিছু, প্রাণী নানান অনুকৃষ পরিন্হিতি পাওয়ার ফলে টিকে যেতে পেরেছিল অন্টেলিয়ায়। তাছাড়া, প্রাণী হিসেবে হংসচন্দ্রজাতীয় প্রাণী কিন্তু দারুণ কৌতুহলোদ্দীপক। কারণ তাদের শরীরের অনেক গরেত্বপূর্ণে অংশই সরীসূপ জাতীয় প্রাণীদের মতো। म्जनाशाशी शानीतम् अवर स्मर्थे मृत्य मान्यस्य वर्णव्यास्य अक्वारस निक्रत

দিকে কোন: কোন: প্রাণী আছে, তা খঞ্জে বের করতে গিয়ে আমরা বারবার অস্থকারে পথ হারিয়ে ফেলি। অবশ্য মিঃ পার্কারের মতো একজন স্থযোগ্যবান্তির কথায় আমরা আম্হা রাখতে পারি। তিনি বলেছেন, কোন পাখি বা সরীস্প স্তন্যপায়ীদের মলে বংশতালিকার অন্তর্ভুক্ত নয়। যদি কেউ উদ্ভাবনী ক্ষমতা ও জ্ঞানের ফলপ্রসাতা সম্পর্কে অবহিত হতে চান, তাহলে তিনি অধ্যাপক হেকেলের রচনাগলে পড়ে দেখতে পারেন। তুলাম শহের করেকটি সাধারণ কথা বলতে চাই। বিবর্ত নবাদে বিশ্বাসী প্রত্যেকেই স্বীকার করবেন যে মেরুদণ্ডী প্রাণীদের পাঁচটি বিভাগ, অর্থাৎ দতন্যপায়ী, পক্ষী, সরীস্থাপ, উভচর প্রাণী ও মাছ, रक्षां । অনেক ব্যাপারেই এদের মধ্যে সাদৃশ্য আছে, বিশেষ করে শুণাবস্হায় তাদের মধ্যে সবচেরে বেশি সাদৃশ্যে দেখা যায়। মংস্যকুলের অবস্থান একেবারে নিচে থাকায় এবং সকলের চেয়ে আগে তাদের উল্ভব হওয়ায় আমরা এই সিম্বান্তে আসতে পারি যে, মেরুদন্ডীশ্রেণীর সমস্ত জীবই মংস্য-সদুশ কোন প্রাণী থেকে উভতে হয়েছে। প্রাকৃতিক ইতিহাসের সাম্প্রতিক অগ্রগতির সঙ্গে যাঁরা পরিচিত নন, তাঁদের কাছে বাঁদর, হাতি, হামিং-বার্ড, সাপ, ব্যাঙ বা মাছের মতো একেবারে ভিন্ন ভিন্ন প্রাণীদের একই উৎস থেকে সূচিট হওয়ার ধারণাটা একেবারেই কিম্ভুতকিমাকার বলে মনে হবে। এই ধারণা থেকে আমরা জানতে পারি ষে এইসব প্রাণীদের পরস্পরের মধ্যে এক সময় ঘনিষ্ঠ যোগসত্তে ছিল, যে যোগসত্তের কথা আজ আর চিশ্তাই করা যায় না।

তাসক্তেও এটা ঠিক যে এমন সব প্রাণীদের গোষ্ঠী প্রবেণ্ড ছিল বা এখনো আছে, যারা বেশ কিছু মের্দশ্ডী প্রাণীর যোগস্ত্রকে কম বেশী চিনে নিতে সাহাষ্য করে। আমরা দেখেছি অরনিথরহাইন্সেরা ক্রমশ পরিবর্তনের মাধ্যমে সরীস্প জাতীয় প্রাণীদের মতো আকার পেয়েছে। তাছাড়া, অধ্যাপক হান্ধলি প্রথমে জানিয়েছিলেন এবং পরে, মিঃ কোপ ও অন্যান্যরা আরো নিশ্চিত করে বলেছেন যে, ডাইনোসরিয়ানরা (Dinosaurians) অনেক গ্রহ্তবপ্রণ লক্ষণের দিক থেকে কিছু কিছু সরীসূপ ও কিছু কিছু পক্ষীকুলের মধ্যবর্তী প্রাণী। কিছু

০। ক্লেকেরে "ক্লোরেল মরকোলজি" (B. ii. s. cl iii. and পৃ:, ৪২৫) বইটিতে বিশ্বত সারণী দেওরা হরেছে আর মামুব সম্পর্কে বিশেব আলোচনা ররেছে তার "Naturlicho schiopfungs geschichte" রচনার। অব্যাপক হান্দলি এই শেবোক্ত রচনাটির পর্বালোচনা করতে গিরে বলেছেল বে, অধ্যাপক হেকেল মেরুল্ডী প্রাণীদের শ্রেণীবিভাগ বা উৎপত্তি সম্পর্কে চমৎকার আলোচনা করেছেন; অবশু করেকটি ব্যাপারে হেকেলের সঙ্গে তার মত পর্যক্তি শ্রাপারে হেকেলের সঙ্গে তার মত পর্যক্তি। তবে তিনি সম্প্র রচনাটির রীতি ও দৃষ্টিভালীর দান্ত্রণ প্রশংসা করেছেন।

পক্ষীবৃল বলতে মুখ্যত অণ্ট্রিচ্গোষ্ঠী (যারা নিজেরাই একটা বৃহত্তর গোষ্ঠীর: বিচ্ছিন্ন অবশেষ মাত্র) এবং তাছাড়া আকিওপ্রটেরিক্স (Acheopteryx) নামে এক অভ্যত ধরণের গিরগিটি সন্শ লব্দ্বা লেজগুরালা পাখির (প্রায় ১৪ থেকে ১৭ কোটি বছর আগেকার প্রাণী: বর্তমানে পাখির জীবাম) কথাই বলা হয়েছে। আবার, অধ্যাপক ওয়েনের মতে, ইস্থিওসরিয়্যান (Ichthyosaurians)—অর্থাৎ, সাঁতরানোর উপযুক্ত ডানা বিশিষ্ট বৃহদাকার সাম্দ্রিক গিরগিটির সঙ্গে মাছেদের অনেক সাদৃশ্য দেখা যায়। অধ্যাপক হার্কালর মতে এদের সঙ্গে উভচর (amphibians) প্রাণীরও প্রচুর সাদ;শ্য রয়েছে। উভচর প্রাণী বলতে তিনি ব্রাঝিয়েছেন গ্যানয়েড শ্রেণীর মাছেদের (যেমন Acipenser. polypterus প্রভূতি মাছ) সঙ্গে সাদ,শাযুক্ত প্রাণীদের, যাদের সর্বোচ্চভাগে রয়েছে জলের ব্যাঙ (Frog) ও ডাঙার ব্যাঙ (Toad) জীবেরা। গ্যানয়েড-শ্রেণীর মাছেদের দেখা মেলে ভতোত্বিক যুগের সচেনা পরে^র। তাদের গঠন-আক্রতি ছিল সাধারণ ধরণের, অর্থাৎ অন্যান্য প্রাণীদের সঙ্গে তাদের নানারকম সাদৃশ্য ছিল। লেপিডোসিরেনদের (দক্ষিণ আমেরিকার একধরণের মাছ) সঙ্গে উভচর প্রাণী আর মাছেদের এত নিকট-সাদ, শ্য আছে যে প্রাণিতম্ববিদ,রা ব,ঝে উঠতে পারেন না এই দুয়ের মধ্যে কোন শ্রেণীতে তাদেরকে (লেপিডোসিরেন) ফেলবেন। লেপিডোসিরেন ও কিছ্ম গ্যানয়েড জাতের মাছ একেবারে বিলুপ্ত হওয়ার হাত থেকে বে^{*}চে গেছে নদীতে বসবাস শুরু করার দরুণ। এই নদীগ*ুলিই* रुद्धा छेर्कि इन जाम्बर आधारम्यन, ययः भान भरामरान महत्र चीलग्रीन याजायः যুক্ত থাকে, ঠিক সেইভাবেই এই নদীগুলি যুক্ত ছিল সমুদ্রের সঙ্গে।

শেষত, অসংখ্য শ্রেণীতে বিভক্ত বিশাল মংসাকুলের আর এক সদস্য হলে।
ল্যাম্পলেট্ বা আাম্ফিওক্সাস (দৈর্ঘ্যে মাত্ত দুই ইণি ; অগভীর সম্প্রের মাছ ;
প্রিবীর প্রায় সর্বত্ত পাওয়া যায়)। এরা আর সব মাছেদের থেকে এত স্বতশ্ত যে,
হেকেলের মতে, এরা নিজেরাই মের্দেডী প্রাণীদের মধ্যে একটি স্বতশ্ত বিভাগ
দাবী করতে পারে। এইসব মাছেরা তাদের নেতিবাচক বৈশিণ্টোর জন্য উল্লেখযোগ্য। এদের দেহে মিস্তম্ক, শিরদাঁড়া বা ফ্রদ্যেত্ত থাকে না বললেই চলে।
ভাই আগেকার প্রাণিতভবিদরা এদেরকে পোকা-মাকড়ের শ্রেণীভুক্ত করেছিলেন।
অনেকদিন আগেই অধ্যাপক গ্রুড্স্যার ল্যাম্সলেট মাছেদের সঙ্গে আ্যাসিডিয়্যান
বা সিম্ব্রোটক জাতীয় প্রাণীদের কিছ্র সাদ্শা খর্মজে পেয়েছিলেন। এই
আ্যাসিডিয়্যানরা হচ্ছে একরক্ম অমের্দেডী ও উভলিঙ্গবিশিষ্ট সাম্রিক জীব,
কোন কিছ্রেতে ভর না দিয়ে এরা চলাফেরা পারে না। এদেরকে প্রাণী বলাও

মাশকিল, কারণ শরীর বলতে সাদা-সিধে শন্ত একটা চামডার থলে আর তার মধ্যে দ্বটি ছোট ছোট ফুটো। হান্ধলির মতে এরা মোলাস কোর্যাড়া শ্রেণীভুক্ত। মোলাস্-কোয়্যাভা হল শন্দ্রকজাতীয় প্রাণীদের (Mollusca) নিচে দিকের একটি বিভাগ। কিম্পু অধানা কিছু প্রাণিতত্ববিদ এদেরকে ক্রমিজাতীয় কীট বা পোকা-মাকড়ের দলে রাখতে চেয়েছেন। এদের শকেকীটের (larvae) আকার অনেকটা ব্যাঙাচির মতো ।⁸ এরা অবাধে জলে ঘ_ররে বেড়াতেও পারে। এম-কোভালেভ্ স্কি সম্প্রতি লক্ষ্য করেছেন যে অ্যাসিডিয়ানের শুককীট মেরুদন্ডী প্রাণীদের সঙ্গে সম্পর্ক যুক্ত। কারণ শুকেকীট অবস্থায় এদের বেডে ওঠার ধারা. ম্নায় তম্বের অবস্থান এবং দৈহিক আকৃতি অনেকটাই মের দেডী প্রাণীদের কর্ডা ডরসালি বা ল্র্নাক্স্হার মতো। অধ্যাপক কুফার-ও এ-ব্যাপারে তাঁর সঙ্গে সহস্বত পোষণ করেছেন। এম- কোভালেভ স্কি নেপ্লুস্ থেকে আমাকে লিখে জানিয়েছেন যে তিনি এখন এ-ব্যাপারে আরো পর্যবেক্ষণ চালাচ্ছেন, এবং সমস্ত বিষয়টা ভালোভাবে প্রমাণিত হলে তা এক অত্যন্ত মূল্যবান আবিন্কার হিসাবে পরিগণিত হবে। কাজেই, আমরা যদি শ্রেণীবিভাজনের পক্ষে এখনো পর্যানত সবচেয়ে নির্ভারযোগ্য পথপ্রদর্শক দ্রাণতত্ত্বের উপর আন্হা রাখি, তাহলে অবশেষে আমরা মের্দেডী প্রাণীদের উত্তব সম্পর্কে একটা সত্রে খ;ঁজে পেয়েছি বলে ধরে নেওয়া যায়। আর তাই আমরা নিমিধায় বলতে পারি যে, স্লান্ত

তঃ। ১৮৩৩ খুষ্টাব্দের এপ্রিল মাসে, অর্থাৎ বে কোন প্রাণিতত্ববিদের থেকে করেক বছর পূর্বেই ফক্ল্যাণ্ড দ্বীপে আমি নিজের চোথে একটি মিশ্রজাতের গমনশীল আাসিডিয়ানের শুককীট (larvae) দেখেছিলাম, যেটি আকারে-প্রকারে অনেকটাই সিনোয়াকামের (synoicum) মতো, অথচ জাত বা শ্রেণী বিচারে একদম আলাদা। শুককীটার আয়তাকার মাথার থেকে লেজটা দৈর্ঘ্যে প্রায় পাঁচগুণ বড়। খুব স্ক্র একটি ভন্ততে গিরে শেব হয়েছে লেজটা। সাধারণ একটি অণুবীক্ষণ বল্লের সাহায্যে আমি যেমন দেখেছি, তাতে মনে হয় এই তন্ত্রটি আড়াআড়িভাবে অবছিত কিছু অস্পষ্ট রেথা দ্বারা বিভক্ত, আর তা খুব সন্ধবত কোভালেভ্রিম বর্ণি বৃহৎ কোরেরই অনুস্থাণ। বিকাশের প্রাথমিক অবস্থায় শুককীটের লেজটি তার মাথার চারপাশে গোল হয়ে শুটিয়ে ছিল।

^{ে।} এখানে উল্লেখ না করে পারছি না যে অত্যন্ত গুণীজনেরাও কেট কেউ এব্যাপারে সন্দেহ
ক্রকাশ করেছেন। এরকম একজন হলেন বিশিষ্ট প্রাণীতব্যবিদ্ মিঃ ক্রার্ড (ক্রঃ, "আ্যারগ্রাভ ভ
কুওলজি এক্সপেরিমে ত্যাল", এর ১৮৭২ সালের কিছু ধারাবাহিক প্রবন্ধ)। তা সন্দেও, তিনি
মন্তব্য করেছেন, "কোন তর বা ধারণার ধরকার নেই, প্রেক অ্যাসিডিয়ান শৃককীটকে লক্ষা
করলেই,বোঝা বার কিভাবে প্রকৃতি গুধুমাত্র অভিযোজনের সন্ধীব অবহার সাহাব্যে অমেরক্ষণ্ডী
জীবের মধ্যেও মেরুদণ্ডী জীবের মৌলিক বৈশিষ্ট্য (ডর্সাল কর্ডের উপস্থিতি) স্বাষ্ট করে এবং
এক ধরণের জীবের সঙ্গে আর এক ধরণের জীবের যোগাবোগের এই সভাবনা ছ'রের
মধ্যেকার ব্যাপক ফারাককে যুচিয়ে দের। তবে, ঠিক কোধার এই বোগাযোগ বান্তবে সম্পর্ক
হয়েছিল, তা আমাদের জানা না ও থাকতে পারে।"

সতীতে পৃথিবীতে এমন এক প্রকার জীবের অন্তিম ছিল, বাদের সঙ্গে অনেক্ষ ব্যাপারেই সাদৃশ্য আছে এখনকার অ্যাসিডিয়ান শ্কেকীটের (larvae)। পরে তারা দৃটি বড় বড় শাখায় বিভক্ত হয়—একটি শাখা বিকাশের ক্ষেত্রে পিছিয়ে পড়ে এবং অ্যাসিডিয়ানদের বর্তমান শ্রেণীটির জন্ম দের, অন্যটি মের্দশ্ভী প্রাণীদের জন্ম দিয়ে প্রাণীজগতের সর্বেচ্চি শিখরে আরোহণ করে।

এতক্ষণ ধরে আমরা মোটামন্টি পারস্পরিক সাদ্দ্রোর সাহায্যে মের্দণ্ডী প্রাণীদের বংশবৃদ্ধান্ত উন্ধার করার চেন্টা করলাম। এবার আমরা মান্ধের অস্তিত্ব নিয়ে আলোচনা করব। আমার মনে হয় একট্র চেন্টা করলো আমরা আমাদের আদি পর্বেপ্রের্থের গঠন-আফুতি সম্বন্ধে কালান্ক্রমিক না হলেও এক এক ব্রুগে তা কেমন ছিল, তার একটা আংশিক খসড়া অন্তত তৈরী করতে পারি। আর তা সম্ভব হতে পারে মান্ধের দেহে এখনও টিকে-থাকা লর্গুপ্রায় অঙ্গের সাহায্যে, পর্নরাবর্তনের মাধ্যমে অতীতের বে-স্রব বৈশিন্ট্য তার মধ্যে আবার প্রকাশ পায় সেগন্লির সাহায্যে, এবং অঙ্গসংস্হান তব্ব ও ভ্রুণতব্বের সাহায্যে। এখানে যে-সব তথ্যের কথা আসবে, সেগন্লি পর্বেবর্তী পরিছেল-স্ব্লিতে আগেই উদ্বৈশিত হয়েছে।

মান,ষের আদি পর্বেপরে,ষের সর্বাঙ্গ একসময় নিশ্চয়ই রোমাব্রত ছিল। স্ত্রী ও প্রবৃষ, উভয়ের মুখেই দাড়ি ছিল। তাদের কানের গঠন ছিল সম্ভবত ছ° ফালো বা খাড়াক্রতি (pointed); ইচ্ছে করলে তারা কান নাড়াতেও পারত। একটা লেজ থাকত তাদের দেহে আর তা ব্যবহারের জন্য উপযুক্ত পেশীও থাকত। তাদের শরীর ও অঙ্গপ্রত্যঙ্গ এমন বেশ কিছু পেশীর দ্বারা নিয়ন্তিত হত, যেগুলি এখন মানবদেহে প্রায় দেখাই যায় না, কিন্তু চতুম্পদ প্রাণী বা বাঁদর জাতীয় প্রাণীদের মধ্যে আকছার দেখা যায়। যে সময়ের কথা বলছি তখন বা তারও: আগে হাতের উর্ম্বাংশের হাড় হিউমেরাসে প্রধান ধমনী ও স্নায় তেন্দের প্রবেশ পথ ছিল স্থা-কণ্ডিলয়েড ফোরামেন নামক ছিদ্রটি দিয়ে। তখন মানুষের অক্তে ডাইভার্টি কুলামের দৈর্ঘ্য (ইলিয়াম যেখানে শেষ সেখান থেকে মাত্র এক সেমি দরে অবস্থিত) বা সিকামের ব্যাস আরো বড় ছিল। লুগাবস্থায় পায়ের বুড়ো আঙ্কল ষেমন থাকে, তাদের ব্বড়ো আঙ্কোও অনেকটা সেরকম ভাবেই পায়ের অন্যান্য আঙুলের সঙ্গে জুড়ে থাকত। আমাদের পূর্বপারুরদের আচার-আচরণ যে বক্ষবাসীদের মতো ছিল এবং সাধারণত তারা যে উষ্ণ জল-বায় বিশিষ্ট, ঘন জঙ্গলাকীর্ণ অঞ্চলে বসবাস করত, তাতে কোন সন্দেহ নেই। পুরেষদের বড় বড় কেনাইন দাঁত থাকত, আর তা মারাত্মক অস্ত্র হিসেবে ব্যবস্তুত

হত। তার থেকে আরও আগের যুগে মেরেদের শরীরে দুটি করে জরারু থাকত। দেহের বর্জাপদার্থ' (মলমূত্র) ক্লোয়েকা (cloaca) নামক ছিদ্রপথ দিয়ে বেরিয়ে যেত। চোখের রক্ষক হিসেবে তৃতীয় একটি পর্দা বা নিক্টিটেটিং কিচ্চা প্রাকৃত। অনেক অনেক আগে মানুষের পূর্বপরের্মদের আচার-আচরণ সম্ভবত জলচর প্রাণীদের মতো ছিল। কারণ অঙ্গসংস্থানতর থেকে আমরা জ্বানতে পারি যে মানুষের ফুসফুস হচ্ছে আসলে একটি রুপাশ্তরিত হাওয়া-ব্লাভার (হাওয়া পেলে প্রসারিত হয় এবং হাওয়া ছাড়লে সংক্চিত হয়), যা একসময় তাকে জ্ঞলের উপর ভেসে থাকতে সাহায্য করত। মানব-ভ্র্ণের ঘাড়ে চেরা দাগ থেকে অনুমান করা যায়, নিশ্চরই একসময় ঐথানে ফুলকার (branchiae) অস্তিত ছিল। আবার, আমাদের শারীরিক কিছু কাজ চন্দ্রপক্ষ অনুষায়ী বা প্রতি সপ্তাহাম্তে সংঘটিত হয়। এটা সম্ভবত মানুষের সমুদ্র উপক্লেবতাঁ আদি বাসস্হানেরই নিদর্শন। তাছাড়া সেই সময়েই মানবদেহে প্রকৃত কিডনির বদলে করপোরা উল্ফিয়ানা (corpora wolffiana) দেখা দেয়। প্রদ্**ষশ্ত ছিল** একটা সামান্য ধুক্'ধ্কানি য'ত মাত্র। অন্যাদিকে, কর্ডা ভরস্যালিস (chorda dorsalis), যা দেখতে অনেকটা পাকানো দড়ির মতো, তা শিরনীড়ার স্থান পখল করেছিল। তাহলে দেখা যান্ডে, মান্মের এইসব আদি প্রেপ্রের্ষের গঠনাকৃতি তখন বেশ সাদামাটাই ছিল। এমনকি ল্যাম্সলেট্ বা অ্যাম্ফিওস্কাস মাছেদের থেকেও সাদামাটা ছিল তাদের গঠনাকৃতি।

আর একটি বিষরের প্রতিও আমানের মনোযোগ দেওয়া উচিত। দীর্ঘদিন ধরেই জানা আছে যে, মের্দণ্ডী-প্রাণীদের কোন এক লিঙ্গের (দ্বী বা প্রেষ্) মধ্যে জনন সংশ্লিষ্ট যেসব অপরিহার্য অঙ্গ প্রার্থামক (অবিকাশপ্রাপ্ত) অবস্থার থাকে, বিপরীত লিঙ্গতে সেগালিই খ্ব উন্নত অবস্থার বিরাজ করে। তাছাড়া, সমসত অনুনেরই প্রার্থামক অবস্থায় যে দ্বী ও প্রে, উভন্ন গ্রাম্থামক অবস্থায় যে দ্বী ও প্রং, উভন্ন গ্রাম্থামক অবস্থায় যে দ্বী ও প্রং, উভন্ গ্রাম্থামক জীবজাতের কোন আদি প্রেপ্রেষ্ট নিশ্চাই জননের ক্ষেত্রে দ্বী ও প্রেষ্ উভর বৈশিষ্টাই ধারণ করত বা উভিলিঙ্গ ছিল। কিন্তু এক্ষেত্রে একটা নির্দিণ্ট অন্ধবিধা দেখা

^{ে।} এ হলো তুলনামূলক শারীর-সংখানবিভার বিশিষ্ট ব্যক্তিত অধ্যাপক জিপেন্বরের সিকান্ত (এ:, "Grundzugc der vergleich Anat.", ১৮৭০ পৃ: ৮৭৬)। মূলতঃ উভচর আণিদের লক্ষ্য করেই তিনি এই সিকান্তে উপনীত হন। কিন্তু মি: গুরালন্ডেরারের গবেবণা খেকে মনে হর (এ:, "আর্ণান অফ অ্যানাটমি অ্যাণ্ড ফিজিওলজি", ১৮৬৯, পৃ: ১৬১), প্রাণীদের জনন অঙ্গ, এমনকি "উচ্চপ্রেণীর মেরুপণ্ডী প্রাণীদের জনন অঙ্গও, প্রাথমিক অবস্থার উভ্নেজতা সম্পন্ন হরে খাকে।" বিভিন্ন গবেবক দীর্ঘদিন ধরেই এই ধারণা পোবণ করে আসহেন কিন্তু কিছুদিন আগে পর্যন্তও এই ধারণার কোন দৃঢ় বনিরাধ জিল না।

দের। কারণ, দতনাপায়ী পার্ম-প্রাণীদের মাত্রগ্রান্থতে (vesiculas prostaticae) সমিহিত পথবিশিট অবিকাশপ্রাণ্ড জরায়, দেখা যায়, যেমন দেখা যায় তাদের স্তন-গ্রন্থি। তাছাড়া ক্যাঙার জাতীয় প্রাণীদের (marsupials) অনেক পরে ষের মধ্যেও অঙ্কদেশে বাচ্চা-বহনকারীথালর সম্থান মেলে। এরকম আরো অনেক ঘটনার কথাই হয়তো উদাহরণ হিসেবে বলা যায়। কিত তাহলে কি আমরা ধরে নেব যে, কিছু প্রাচীনস্তন্যপায়ী প্রাণী একটা আলাদা শ্রেণী হিসেবে নিজম্ব বৈশিষ্ট্য অর্জন করবার পর এবং সেহেতু নিমুশ্রেণীর মেরুদেন্ডী প্রাণীদের থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার পরও উভলিঙ্গই থেকে গিয়েছিল? ব্যাপারটা অবিশ্বাস্য বলেই মনে হয়, কেননা মেরুদ'ড়ী প্রাণীদের মধ্যে সবচেয়ে নীচের তলার প্রাণী মাছেদের মধ্যেও এখন উভলিঙ্গতার কোন লক্ষণ খ'ুজে পাওয়া মুশবিল। ^৮ একটি লিলের ক্ষেত্রে প্রযোজ্য অনেক আনুষলিক অংশই তার বিপরীত লিক্সতে অসম্পর্ণে অবস্হায় থাকে। এই বিষয়টিকে এভাবে ব্যাখ্যা করা যায় যে, প্রথমে কোন একটি লিঙ্গ (ফ্রা বা প্রার্থ) এই অংশগুর্ল ক্রমান্বয়ে অর্জন করেছিল এবং পরে তা বংশগতির মাধ্যমে কম-বেশী অসম্পর্ণ তবন্দ্রায় তন্যলিক্ষেও সম্বারিত হয়ে ছিল। এ-রকম সম্বরণের ভরিভার নজির আছে। ষেমন, পরেষ পাখিরা আক্রমণের হাতিয়ার হিসেবে বা তাদের সৌদর্যাকে মোহময় করে তোলার জন্য যে কাঁটা (পায়ে), পালক ও উজ্জাল বর্ণ অর্জন করে থাকে, দেখা যায় সেগালিই একদিন বংশগতির সাহায্যে মেরেরাও পেয়ে গেছে। তবে মেরেদের মধ্যে সেগালি মোটেই হথাহথ বা প্রেক হয় না।

ণ। পুরুষ আইলাসিনাস্ এর একটি এক্ট উদাহরণ। ডা:, "আনাটমি অফ ভার্টিবেট্স্',
খণ্ড ৩, পু: ৭৭১।

৮। বিভিন্ন প্রজাতির সেরানাসদের (Serranus) মধ্যে এবং অস্তান্ত কিছু মাছের মধ্যেও উভলিকতা দেখা গেছে। এদের মধ্যে এই উভলিকতা হয় স্বাভাবিক ও সামঞ্জপূর্ব, অথবা অবাভাবিক ও গুধুমাক্র-একটি লিকের মধ্যেই দীমাবদ্ধ। ডঃ জুতেভীন্ এ-বিবল্প আমাকে অনেক প্রাসাকিক তথ্য জানিরছেন, আর বিশেষভাবে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন অধ্যাপক হালবার্ট-স্মার একটি গবেবণাপত্রের দিকে (জঃ, "ট্রান্জাক্শন্স অক অ ডাচ, অ্যাকাউমি অফ সারেম্মেশ", খণ্ড ১৬)। ডঃ গুদ্বার এ-ব্যাপারে সন্দেহ প্রকাশ করলেও, এত বেশি সংখ্যক স্থলক পর্যবেশকরের কাছ থেকে এর বীকৃতি মিলেছে যে এখন আর এ সম্বন্ধে কোনরকম বিতর্ক করা চলে না। ডঃ এম. লেসোনা আমাকে লিখেছেন যে সেরানাসদের সম্বন্ধে ক্যাভোলিউই-র পরীক্ষাটি তিনি ঘাচাই করে দেখেছেন। অধ্যাপক এরকোলানি সম্রতি দেখিরেছেন যে বানরাছেরা উভলিক (জঃ, "Acad. delle Scienze", Bologna, ২৮ ডিসেশ্বর, ১৮৭১)।

প্রের স্তন্যপারীদের দেহে নিন্তিয় ধরণের স্তন-সদৃশ অঙ্গের উপস্থিতি করেকটি দিক থেকে বিশেষ কোতৃহলোন্দীপক। হংসচগু জাতীয় প্রাণীদের (Monotremata) দেহে যথার্থ দ ুশ্ব-উৎপাদক গ্রান্থ দেখা যায়। তাতে অনেক ক্ষদ্র ক্ষদ্র ছিদ্র থাকে. কিণ্ডু কোন বোটা থাকে না। আর এই জাতীয় প্রাণীরা যেহেত স্তন্যপায়ীদের মধ্যে অতান্ত তলার সারির জীব, তাই মনে হয় তাদের পর্বেপরে বেটাবিহীন দতন-গ্রান্থর অধিকারী ছিল। তাদের বিকাশধারা থেকে বোঁটাবিহীন স্তনের ব্যাপারটির সত্যতা প্রমাণিত হয়। কলিকার ও লেঞ্চারের মতামত সম্পর্কে অধ্যাপক টার্নার আমাকে জানিয়েছেন যে, অ্বণের মধ্যে স্তন-বৃশ্ত স্পণ্ট হওয়ার আগেই দুস্পগ্রান্থকে স্পণ্টভাবে চেনা যায় এবং প্রাণীর পরস্পরাক্রমিক অংশগ্রালের বিকাশ সাধারণত তার বংশধারার পরস্পরাক্রমিক প্রাণীদের বিকাশের সঙ্গে সাযুজ্যপূর্ণ হয়ে থাকে। ক্যাঙারজাতীয় প্রাণীদের স্তনে বোঁটা থাকায় স্পণ্টতঃই তারা হংসচন্দ্র জাতীয় প্রাণীদের থেকে পৃথিক গোতের প্রাণী। সম্ভবত এ-রকম দৈহিক অঙ্গ (বোঁটায**ুন্ত** স্তন) ক্যাঙার_ু জাতীয় প্রাণীরা হংসচন্দ্রদের থেকে বিচ্যুত হয়ে ও তাদের থেকে আরো এগিয়ে যাবার পরই প্রথম লাভ করেছিল, আর পরে তা বংশগতির নিয়মে বাচ্চা প্রসবকারী স্তন্যপায়ীদের মধ্যে সন্ধারিত হয়েছে। অথচ কেউই বলতে পারবেন না যে ক্যাঙার, সম্প্রদায় তাদের বর্তমান গঠন-আর্কাত লাভ করার পরও উভলিঙ্গই রয়ে গেছে। তাহলে প্রেষ স্তন্যপায়ীদের মধ্যে কেন দুম্পর্গান্থর দেখা মিলছে? সম্ভবত এই গ্রন্থি প্রথমে স্ত্রীলোকদের মধ্যে বিকশিত হয়ে পরে পার্ব্রুষদের মধ্যেও সঞ্চারিত হয়েছিল। কিন্তু আমাদের আলোচনা অনুযায়ী এই ব্যাপারটা অসম্ভব বলেই মনে হয়।

এ-প্রসঙ্গে আর একটি মতবাদের কথা বলা যাক। এই মতবাদ অনুযায়ী মনে করা হয় যে, সমগ্র শতনাপায়ীশ্রেণীর প্রেপ্রের্ছদের উভলিঙ্গতার জীবন শেষ হওষার দীর্ঘদিন পরেও শ্রী ও প্রের্ষ উভয়েই দৃশ্য উৎপাদন করত আর তা দিয়ে বাচ্চাদের প্রতিপালন করত। আর ক্যাঙার্দ্ব-সদৃশ প্রাণীরা, স্মী ও প্রেষ্
উভয়েই, তাদের অভকদেশের থলিতে বাচ্চা বহন করত। এই মতটা একেবারে

শ অখ্যাপক বিগেন্বর দেখিয়েছেন বে সমগ্র অন্তপায়ী প্রাণীদের মধ্যে ছারকম ন্তনবৃত্তের সন্থান মেলে (तः, "Jenaische Zeitschaift", Bd. vii, পৃ: ২১২)। আর, বৃকতে অন্থিধা হর বা বে এই ছাপ্রকার ন্তনবৃত্ত ক্যাঙারকাতীর প্রাণীদের থেকেই স্পষ্ট হয়েছিল, আর ক্যাঙারকাতীর প্রাণীদের থেকে। এই বিগরে আরে। ক্রাটার প্রাণীদের থেকে। এই বিগরে আরে। ক্রামা বার ন্তনগ্রহি সম্বন্ধে ও: ম্যার হান্-এর মৃত্তিকথা থেকে (য়ঃ, এ, B. viii, পৃ: ১৭৬)।

অসম্ভব নর, কেননা একরকম পরেষ মাছ (syngnathous fishes) সভিচ সাত্যিই তাদের পেটের নীচেকার থালতে দ্বী-মাছের ডিম রেখে বাচ্চা ফোটার: এমনকি কেউ কেউ মনে করেন যে, পরবর্তীসময়ে তারা ডিম-ফোটা-বাচ্চাদের. नानन-भागन भर्य क करत थारक । ३ कान कान कारजत भारत माह जानाहः মূখের মধ্যে বা কানকোর মধ্যে ডিম রেখে বাচ্চা ফোটায়। কয়েকপ্রকার পরেষ ব্যাও স্থা-ব্যাওের কাছ থেকে মালাকৃতি ডিমগুছে নিয়ে নেয়, তারপর সেগুটল তাদের উরুতে জড়িয়ে রাখে, যতদিন না ডিমফুটে ব্যাঙাচির জন্ম হয়। কিছু কিছু প্রেষ পাখি তো ডিমে তা দেবার সমস্ত দায়িত্ব একাই পালন করে থাকে। পরেষ এবং দ্বী পায়রারা দানা খাটে খাটে তাদের বাচ্চাদের খাইয়ে দের। উপরোক্ত ধারণাটা আমার মাথায় প্রথম এসেছিল এই থেকে যে, পরেষ স্তন্যপায়ী-দের শরীরে জনন সংশ্লিষ্ট অন্যান্য সহায়ক অংশের তলনায় দুস্পেগ্র্যান্থ অনেক र्विण विक्रिण रहा थाक । स्व मृत्थ्या र मृत्यु नाती-महीस्तर निष्क्रस्य ব্যাপার। পুরুষ শতনাপায়ীদের শরীরে দুংখগ্রন্থি ও শতনের বোটা যে অকন্সায় থাকে, তাতে তাকে আদৌ প্রাথমিক স্তরের লক্ষণ বলা যায় না। বডজোর বলা ষায় যে তা সম্পূর্ণে বিকাশ লাভ করেনি এবং কাজের ক্ষেত্রে নিজিয় থেকে গেছে। মেরেদের মতো পরে বদেরও এই অঙ্গগরিল (দঃস্বর্গাহ ও স্তনের বোটা) বেশ কিছা রোগের শিকার হয়। অনেক সময় জন্মলনে বা বয়ঃসন্থিকালে তাদের দতনে কয়েক ফোঁটা দুধ আসতেও দেখা যায় ; এই কোতুহলোন্দীপক ব্যাপারটি দেখা গিয়েছিল পর্বোল্লিখিত সেই যুবকটির মধ্যে, যার শরীরে দু'জোড়া স্তনগ্রন্থি ছিল। কখনো কখনো মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর পরের্ছদের মধ্যে এই অঙ্গানিল বয়ঃপ্রাপ্তির সময়ে এত চমৎকার বিকাশ লাভ করে যে তা থেকে নিয়মিত দুশ্ধ নিঃসূত হতে শুরু করে। তাহলে দেখা যাচ্ছে যে বহুদিন আগে মেয়েদের সঙ্গে পরেষে স্তনাপায়ীরাও নবজাতককে প্রতিপালনের দায়িও ভাগ করে.

১০। মি: লক্উড, হিশ্নোক্যান্পান্দের বিকাশধারা লক্ষ্য করার পর এই সিদ্ধান্তে উপনীত হন-(ফ্র:, "কোরাটার্নি জার্ণাল অফ নারেল, এপ্রিল, ১৮৬৮, পৃ: ২৬৯) যে, তাদের পুরুষদের পেটের নিচেকার থনির (abdominal pauch) গা (walls) করেকদিক থেকে ক্রণ প্রতিপালনের উপরুক্ত। পুরুষ মাছেদের মুখে ডিম রেখে তা দেওরার ব্যাপারটি নিরে অধ্যাপক ভাইম্যান, তার গবেষণা পত্রে (ফ্র:, "প্রাসিডিংস অফ বোন্টন সোনাইটি অফ স্থাচারাল হিন্ত্রি", "১৫ই সেপ্টেম্বর, ১৮৫৭) চমংকার আলোচনা করেছেন। তাহাড়া অধ্যাপক টার্ণার (ফ্র:, "জার্ণাল অফ অ্যানাটমি আঙি ফিলিওলন্ত্রি", ১ নভেম্বর, ১৮৬৬. পৃ: ৭৮) ও ডঃ শুয়ার এ-বিবর্ট্ট নিরে বিশদ্ আলোচনাচ কনেছেন।

নিরেছিল, '' এবং পরে কোন কারণে (হয়তো বাচ্চা প্রসাবের সংখ্যা হ্রাস পাওরার) প্রনুষরা এই কাজ থেকে অব্যাহতি পেরেছিল; ফলে, ঐ-সব অঙ্গের অব্যবহার বয়ঃসন্থিকালে সেগ্রেলিকে একসময় নিন্দ্রিয় করে দিয়েছে। আর বংশগাতির দুটি অবিদিত নিয়ম অনুসারে এই নিন্দ্রিয়তা পরবর্তী সমস্ত প্রজন্মের প্রের্বদের বয়ঃসন্থির সময়ে ঐ অঙ্গানুলিকে নিন্দ্রিয় করেই রেখেছে। কিন্তু ঐ বয়সের আগে পর্যন্ত এই অঙ্গানুলির উপর কোন প্রভাব না পড়ায় মেয়ে বা ছেলে যে-কোন বাচ্চার ক্ষেত্রেই এগ্রেলি সমান বিকশিত অবস্হায় দেখা যায়।

উপসংহার: ফনবার শরীরের বিভিন্ন অংশের বৈসাদৃশ্য ও বিশেষদ্বের উপর নির্ভার করে জীবের অগ্রগতি বা উন্নতির—এই সঙ্গে আমি যোগ করতে চাই. জীবটি যখন পর্ণেবয়ন্ক হয়ে ওঠে, তথনকার সম্বন্ধে—যে ব্যাখ্যা দিয়েছেন, তা অন্য ষে-কোন ব্যাখ্যার থেকে অনেক বেশি নির্ভুল। প্রাকৃতিক নির্বাচনের সাহায্যে প্রাণীরা ষেহেত জীবনের নানান ধারার সঙ্গে ধীরে ধীরে নিজেদের খাপ খাইরে নেয়, সেহেত তাদের বিভিন্ন অঙ্গপ্রতাঙ্গও বিভিন্ন কাজের জন্য আরও বেশি বেশি করে পূথকীকৃত ও বিশেষীকৃত হয়ে ওঠে। আর দৈহিক শ্রম-বিভাজন থেকে প্রাপ্ত স্থবিধার দর্মণুই এটা ঘটে থাকে। সাধারণতঃ প্রথমে ষে অঙ্গটি একটি মাত্র কাজের জন্য পরিবৃতিতি হয়, সেটিই বহুদিন পরে সম্পূর্ণ ভিন্ন অন্য একটি কান্ধের জন্য আবার পরিবর্তিত হয়। এইভাবে শরীরের সমস্ত অংশ বার বার পরিবর্তিত হতে হতে একসময় অত্যন্ত জটিল হয়ে পড়ে কিন্তু প্রতিটি জীবের সঙ্গে তার আদি পরেপারুষের গঠন-আকৃতির একটা সাদৃশ্য থেকেই যায়। এই দৃণিউভঙ্গীর সমর্থন মেলে ভ্তান্তিক নিদর্শনের मस्या। त्न्या शास्त्र स्व भूषियीरा नमण्ड कीवरे थीरत थीरत ও थ्यस स्थरम কতকগর্নাল স্তরের মধ্যে দিয়ে এগিয়েছে। স্থাবিশাল মেরনেন্ডী জগতে এইভাবে এগোনোর সর্বোচ্চ রপে হচ্ছে মান্য। তিবে এমন ভাবনা অর্থহীন যে, জীবগোণ্ঠীগুলি সর্বদাই অন্য কোন গোণ্ঠীকে হঠিয়ে নিজের জায়গা করে নিয়েছে এবং অন্য এক প্রকার উন্নততর জীবের জন্ম দেওয়ার সঙ্গে সঙ্গে তারা নিজেরাই লোপাট হয়ে গেছে। সরং অনেক সময় দেখা যায় নতুন জীবেরা তাদের পর্বে-পরেষদের থেকে উন্নত হয়ে উঠলেও প্রকৃতির সঙ্গে সব জারগায় ঠিকমতো খাপ খাইয়ে নিতে পারে না। কিছ্ম সেকেলে জীব (জম্ম সময় হিসেবে পৃ: খিবীতে বারা তালিকাড্রে) তাদের বসবাসের পক্ষে অনুক্লে সংরক্ষিত অপলে টিকে

১১। মামোরাকেল সি- রোরের-ও তার "অরিকাইন ত লো'ন্'', ১৮৭০, এতে অনুরূপ দৃষ্টিভলীর: কথা বলেজেন।

থেকেছে, যেখানে তাদের তীর জীবনসংগ্রামের সন্দর্শীন হতে হর্রান । সেইসঙ্গে এই প্রাণীরা আমাদের (মান্যের) বংশবৃদ্ধান্ত রচনার কাজে সাহাষ্য করে, কেননা এদের কাছ থেকেই তো আমরা ধারণা করতে পারি আগে প্রথিবীতে কেনন্ কোন্ জীবের অভিতম্ব ছিল এবং এখন কোন্ কোন্ প্রাণী লুগু হয়ে গেছে। কিন্তু আমরা নিশ্চয়ই বর্তমানে জীবিত কোন অনুমত শ্রেণীর জীবকে দেখে ধরে নেব না যে এরাই তাদের আদি পর্বেপ্রম্বদের হ্বহ্ন প্রতিচ্ছবি। এরকম ভাবটা নেহাতই ভল হবে।

মের্দেণ্ডী জীবজগতের একেবারে আদি প্রেপ্র্র্ছদের সম্পর্কে আমাদের অম্পণ্টতা এখনও কার্টেনি। খাব সম্ভবত তারা ছিল বর্তমানের অ্যাসিডিয়ানশক্তেনীটের (larvae) সঙ্গে সাদ্শ্যবাস্ত একপ্রকার সামাদ্রিক জীব। ২২ এদের থেকেই সম্ভবত ল্যাম্সলেট জাতীয় কিছ্যু অন্যাত মাছের স্টিট হয়েছিল; পরে আবার ল্যাম্সলেট জাতীয় মাছদের থেকে স্টিট হয়েছে গ্যানেয়েড ও লেপিভসিরেন (দক্ষিণ আমেরিকার একরকম মাছ) জাতীয় অন্যান্য মাছ।

১২। সমুদ্র-উপকূলবর্তী জীবেরা জোরার-ভাঁটার শ্বারা অনেকটাই প্রভাবিত হয়ে থাকে। বে-সব জীব উপরের ঘোলা জলে থাকে কিছা যে-সব জীব তলার ঘোলা জলে থাকে, তারা উভরেই এক পক্ষ কালের মধ্যে পূর্ণ একটি জোয়ার-ভাটা-গত পরিবর্তনের আবর্তন শেষ করে। ফলে, প্রতি সপ্তাহেই তাদের থাত্মের তালিকাও দারুণভাবে পরিবর্তিত হয়। এইরকম অবস্থার মধ্যে দিয়ে বছ প্রজন্ম অতিবাহিত করে আসার জন্মে এই ধরণের জীবদের সাপ্তাহিক প্রধান প্রধান কাৰ্যকলাপের কোন ব্যতিক্রমই প্রায় হয় না । তবে এটা খব রহস্তময় ব্যাপার যে বর্তমানে স্থলচর উন্নতশ্রেণীর মেরুদগুপ্রাণী এবং অক্সান্ত শ্রেণীর প্রাণীদের মধ্যে অনেক স্বান্তাবিক ও অস্বান্তাবিক প্রক্রিয়া এক বা একাধিক সপ্তাহ ধরে চলতে থাকে। মেরুদণ্ডী জীবেরা যদি সামুদিক আাসি-ডিয়ানের সঙ্গে সম্পর্কযুক্ত কোন প্রাণী থেকে উদ্ভূত হয়ে থাকে, একমাত্র তাহলেই এই ব্যাপারটার একটা ব্যাখা পাওয়া যায়। এরকম পর্বাবৃত্ত প্রক্রিয়ার আরও অনেক উদাহরণ দেওয়া যায়। বেমন, ক্ষপ্রপারীদের গর্ভধারণকাল, করের সময়সীমা ইত্যাদি। ডিমোতা দেওরার ব্যাপারটাও একটা চমৎকার উদাহরণ, কেননা মি: বার্লে ট-এর মতে (দ:, "ল্যাণ্ড আছে ওরাটার", ৭ ৰামুৱারী, ১৮৭১), পারবার ডিমে তা দিরে বাচ্চা কোটাতে হু'সপ্তাহ সময় লাগে, মুরগীর ক্ষেত্রে তিন সপ্তাহ, পাতিহাঁদের ক্ষেত্রে চার সপ্তাহ, রাজহংসীর ক্ষেত্রে পাঁচ সপ্তাহ এবং অষ্টিচ, পাথির ক্ষেত্রে সাত সপ্তাহ সময় লাগে। বিচার-বিবেচনা করে আমরা বতটা বুঝতে পারি, তাতে মনে হন্ন একদা অর্জিত কোন প্রনরাবর্তনমূলক পর্যাবৃত্ত যদি মোটামুটিভাবে কোন প্রক্রিয়া বা ক্রিন্নার সটিক সময় অমুযায়ী কিরে কিরে আনে, তবে তা বড়ো একটা পাণ্টার না। ফলে তা পরবর্তী প্রার সমস্ত প্রজন্মের মধ্যেই সঞ্চারিত হতে পারে। কিন্তু যদি ক্রিরাটি পরিবর্তিত হর, তাহলে নির্দিষ্ট সমন্নদীমারও পরিবর্তিন ঘটে, আর তা এক সপ্তাহের মধ্যেই অনেকটা হঠাৎই পরিবর্তিত हरत बात । এই निषास्त्र वित निक्र हत जाहल का चुनरे शक्तस्त्र किहात। नित । कातन, প্রতিটি অন্তপারী প্রাণীর গর্ভধারণকাল, প্রতিটি পাথির ডিমে তা দিরে বাচ্চা কোটানো এবং এরকম আরও অনেক অত্যাবশুক প্রক্রিরা এইসব প্রাণীদের আদি বাসন্থান সধকে আমাদের श्राद्रभटे धन्म (कर्तन (मद्र)

হরতো এরকমই এই ধরণের মাছেরা কিছুটা উন্নত হওয়ার পর সূ ণি হরেছে উভচর প্রাণীর। পাখিদের সঙ্গে সরীস পদের যে একসময় অত্যাত ঘনিষ্ঠ সম্পর্ক ছিল, তা আমরা আগেই দেখেছি। তারপর সরীস্পদের সঙ্গে স্তনাপায়ীদের মোটামটি একটা সংযোগ ঘটিয়েছে হংসচন্দু জাতীয় প্রাণীরা (monet remata)। কিন্তু বর্তমানে কারোর পক্ষেই বলা সম্ভব নয় যে পরস্পর সম্পর্কার তিনটি উচ্চপ্রেণীর প্রাণী, অর্থাং স্তন্যপায়ী, পক্ষী ও সরীস্পরা নিন্দ্রশ্রেণীর দুটে মেরুদ্রন্ডী, অর্থাৎ উভচর প্রাণী ও মৎস্য থেকে ঠিক কোন বংশধারা অনুযায়ী জন্ম নিয়েছিল। অবশ্য স্তন্যপায়ী শ্রেণীর বিকাশের স্তরগর্মাল একটা চিম্তা করলেই বোঝা যায়। যেমন, অতি প্রাচীনকালে হংসচন্দ্র জাতীয় প্রাণীদের (monotaemata) থেকে স্ভিট হয়েছিল ক্যাঙার, সদ্শ প্রাণী (Marsupials), আর ক্যাঙার -সদ ্শ প্রাণীদের থেকে বাচ্চা-প্রসবকারী দতন্যপায়ীদের (placental mammals) আদি পরে'পরে,ষের উভব হয়েছিল। এখান থেকে অগ্রগতি ঘটেছে লেম্বরাইড শ্রেণীতে। আবার লেম্বরাইড থেকে সিমিয়্যাড-এ পে°ীছোতে খুব বেশি দেরি হয় নি। তারপর এই সিমিয়্যাডরা দ্বটি বড় বড় শাখায় বিভক্ত হয়ে বায়—উত্তর ও দক্ষিণ আমেরিকার বাঁদর গোষ্ঠী এবং পরে গোলাধের বাদর গোষ্ঠী। অবশেষে, কোন এক স্থদরে অতীতে, পরে গোলার্ধের বাদর-কুল থেকে জম্ম নেয় জগতের বিষ্ময় ও গৌরব—মানহে ! আমরা এখানে মানুয়ের বংশ-বিবরণের একটি দীর্ঘ তালিকা পেলাম। তবে এই বংশবিবরণ হয়ত খুব রাজসিক নয়। অনেকে ব**লে**ন যে প**ৃথিবী ষেন** মান ষের আবিভাবের জন্য দীর্ঘদিন ধরে নিজেকে প্রস্তৃত করে তুলেছিল। কথাটা একদিক থেকে দার্ণ সতি। কারণ মান্বের উভবের পিছনে রয়েছে বহু ধরণের পরে প্রুষের অবদান। এই জৈবিক শৃ ভথলের মধ্যে কোন একটিমাত্র সত্তেও যদি গ্রহাজির থাকত, তাহলে মান্ত্র ঠিক আজকের চেহারায় এসে বৌধহয় পৌছোতে পারত না। ইচ্ছে করে চোথ বুজে না থাকলে, বর্তমান জ্ঞানের নিরিখেই স্ভবত আমরা চিনে নিতে পারব কারা আমাদের আদি পিতৃ পুরুষ। আর আর তার জন্য আমাদের লম্ভিত হওয়ারও কিছু নেই। অত্যন্ত নিকৃণ্ট জীবেরাও আমাদের পায়েয় তলাকার নিষ্পাণ ধ্রলিকণার থেকে অনেক বেশি সম্মানের অধিকারী। পক্ষপাতশনো দৃশ্টিভঙ্গীসম্পন্ন ষে-কোন ব্যক্তি প্রাণীর সম্বশ্বে—তা সে প্রাণীটি ষতই নিকৃষ্টমানের হোক না কেন—অনুসন্ধান করতে বসে তার চমংকার গঠনকাঠামো আর বিশেষ গণে দেখে উন্দীপনার চক্ষ্য হয়ে উঠবেনই ।

সপ্তম পরিচ্ছেদ

্মানুষের বিভিন্ন জাতি প্রসঙ্গে বিশেষ বিশেষ বৈশিন্টোর প্রকৃতি ও পুরুষ—

মান্নবের বিভিন্ন জাতির ক্ষেত্রে প্রবোজ্য বিবর—মানুবের তথাকথিত জাতিগুলিকে পৃথক পৃথক প্রজাতি হিসেবে ভাগ করবার পক্ষে ও বিপক্ষে যুক্তি—উপপ্রজাতি—একপ্রজাতির প্রবক্তা ও বহুপ্রজাতির প্রবক্তা—বৈশিষ্ট্যের সমধ্যিতা—একেবারে পৃথক পৃথক সানবজাতিগুলির মধ্যেও অসংখ্য শারীরিক ও মানসিক সাদৃশু—পৃথিবীতে প্রথম ছড়িয়ে পড়বার সময় মানুবের অবস্থা—প্রত্যেকটি জাতি একটি মাত্র জোড় থেকে স্বষ্ট হয় নি—বিভিন্ন জাতির বিস্তিত্ব—বিভিন্ন জাতির প্রস্তা—বিভিন্ন জাতির সদস্তদের মধ্যে যৌনমিলনের ফল—জীবনের বিভিন্ন অবস্থা—পত প্রত্যক্ষ ক্রিয়ার সামান্ত প্রভাব—প্রাকৃতিক নির্বাচনের প্রভাব খুবই সামান্ত বা একেবারেই নেই—থেন নির্বাচন।

তথাকথিত বিভিন্ন মানবজাতিকে নিয়ে আলোচনা করা আমার উদ্দেশ্য নয়। আমার উদ্দেশ্য হলো, শ্রেণী বিভাজনগত দুণ্টিভঙ্গীতে দেখলে এদের মধ্যেকার তারতম্যের গরেবে কতখানি আর কিভাবেই বা এই তারতম্যের স্টি হলো, তা অনুসন্ধান করে দেখা। দুই বা ততোধিক সমগোচীয় জীবকে একই প্রজাতির অশ্তর্ভ করা হবে, না ভিন্ন ভিন্ন প্রজাতির অশ্তর্ভ করা হবে, প্রাণিতম্ববিদ্রেয় তা নির্ধারণ করেন কতকগঢ়িল বিষয়ের ভিত্তিতে। এগঢ়িল হল—তাদের মধ্যে তারতম্যের পরিমান কতটা, এই তারতমাগালি শারীরিক কাঠামোর অম্প কয়েকটি অংশের ক্ষেত্রে দেখা যায় নাকি বহু অংশেই দেখা যায়, এগালির কোন শারীর বৃত্তিয় গ্রহতন আছে কিনা, আর সবচেয়ে বড় কথা এগালি অপরিবর্তনীয় কিনা। জৈবিক বৈশিশ্টোর অপারবর্তনীয়তাকে প্রাণিতস্থবিদ্রা অত্যত मालावान वर्तन भरन करतन बात स्मितिहरू छौता स्थांब्यात रहन्हें। करतन । यथनहें দেখানো যায় বা এমন সম্ভাবনা থাকে যে কোন জীব দীর্ঘসময় ধরে একইরকম রয়ে গেছে, তখন প্রজাতি হিসেবে তাকে প্রমাণ করতে অনেক স্থাবিধে হয়। আবার বে-কোন দু বুকম জীব যদি প্রথম মিলনের পর প্রজনন ক্ষমতা এতটাকুও হারিয়ে ফেলে বা তাদের সম্তানদের মধ্যে প্রজনন ক্ষমতার অভাব দেখা দেয়. তাহলে ধরে নেওয়া হয় যে সেটা আসলে তাদের দ্ব দ্ব বৈশিন্টোরই নিশ্চিত প্রকাশ। তাছাড়া, একই অঞ্চলে নিয়মিত বসবাস করা সম্বেও বিভিন্ন ধরণের জীব অবিমিল্লিড থাকলে তা তাদের কিছুটা পরিমাণ পারস্পরিক প্রজনন

ক্ষমতার অভাব কিন্দ্রা জন্তুদের ক্ষেত্রে পরস্পর জ্বোড় বাঁধার ব্যাপারে বিমন্থতার প্রমাণ হিসাবেই গণ্য হয়।

দর্টি প্রজ্ঞাতির মধ্যে বোন মিলনের ফলে মিশ্রণের ব্যাপারটা ছাড়া, কোন একটা অঞ্চলে ভালোভাবে অনুসম্পান করে যদি দেখা যায় যে দর্টি নিকট সাদৃশায়ন্ত জীবের সঙ্গে সম্পর্ক যুক্ত কোন ধরণের জীবের অস্থিতন সেখানে আদৌ নেই—ভাইলে সেটা সম্ভবত তাদের নিজম্ব ম্বাতস্থ সবথেকে গ্রের্তনপূর্ণ মানদন্ড হিসাবে প্রতিভাত হয়। আর এটা জৈবিক বৈশিন্টোর অপরিবর্তনায়াতার থেকেও ম্বতস্থ একটি বিবেচনার বিষয়, কারণ দর্টি জীব অতাশ্ত পরিবর্তনাশীল হলেও তাদের উভয়ের মধ্যবর্তী কোন জীব তারা না-ও স্টিট করতে পারে। আবার, ভৌগোলিক সীমা বিভাজনের কাজটি সবসময় যে সচেতন ভাবে করা হয় তা নয়, বরং বেশীরভাগ সময়ই অসচেতন ভাবে তা করা হয়ে থাকে। ফলে সম্পর্শে ভিম্ন দর্টি অঞ্চলে বসবাসকারী জীবদের—যেখানকার অন্য সব বাসিন্দাদের অধিকাংশই নিজম্ব ম্বাতস্থ মন্ডিত—দেখা হয় আলাদা আলাদা প্রজাতি হিসাবে। কিন্তু বাস্তবিক পক্ষে এটা তথাকথিত উত্নত বা প্রকৃত প্রজাতিদের থেকে ভৌগোলিক অঞ্চলগত জাতিগ্রনিকে প্রথক করার ব্যাপারে কোন সাহায়াই করে না।

সাধারণভাবে স্বীকৃত এই নীতিগ্রিলকে এবার মানুষের বিভিন্ন জাতিগ্রিলর ক্ষেত্রে প্রয়োগ করে দেখা বাক। একজন প্রাণিতত্ববিদ যে দ্ভিউঙ্গীতে কোন প্রাণীকে দেখে থাকেন, আমরা সেই দ্ভিউঙ্গীতেই মানুষকে দেখবো। বিভিন্ন জাতির মধ্যে ফারাক কতটা, তা বোঝার জন্য আমরা নিজেদের পর্যবেক্ষণ করার দীর্ঘদিনের অভ্যাস থেকে বিভিন্ন বিষয়ের মধ্যে পার্থক্য করার যে চমংকার উপায় উল্ভাবন করেছি, তার উপর কিছুটা ভরসা রাখতেই হবে। এল্ফিন্সেন্টান্ বলেছেন, ভারতবর্ষে গিয়ে প্রথম দর্শনেই কোন ইউরোপীয়ানের পক্ষে সেখানকার ভিন্ন ভিন্ন জাতিগ্রিলকে আলাদা করে চেনা সম্ভব না হলেও, কিছুদিন পর থেকেই তিনি ব্রুতে পারেন যে তাদের মধ্যে দার্ণ বৈসাদ্শ্য আছে। একইভাবে কোন হিন্দুর (ভারতীয়র) পক্ষেও ইউরোপীয়ান জাতিগ্রিলর মধ্যেকার বৈষম্য প্রথম দর্শনেই ব্রুবে ওঠা সম্ভব নয়। এমনকি অত্যাত স্বতার মানবজাতিগ্রিলর চেহারার মধ্যেও আশাতিরিক্ত সাদ্শ্য দেখা যায়। ডঃ রল্ফ্স্স্ আমাকে লিখে লিখে জানিয়েছেন, তাছাড়া আমি নিজেও দেখেছি যে নিয়োদের কয়েকটি

১। "হিন্তি অফ ইভিরা", খণ্ড ১, পৃঃ ৩২৩. চৈনিকদের সহকে কাদার রিপা-ও একই কথা। বলেছেন।

গোল্ঠীবাদে বাতি প্রায় সব গোল্ঠীর লোকদের দেখতে অনেকটা ককেশিয়ানদের মতো। পারি-র নৃত্ত্ববিষয়ক বাদ্যুরে (Anthropolgique du Museum de Paris) সংরক্ষিত বিভিন্ন জাতির মান্যুদের ছবি দেখে সহজেই এই সাদ্শ্যানির্ণয় করা বায়। এই ছবিগ্রালির অধিকাংশকেই ইউরোপীয়ানদের ছবি বলে মনে হয়। ছবিগ্রালি আমি বতজনকে দেখিয়েছি, তাদের মধ্যে বেশির ভাগ জন তাই-ই বলেছেন। কিন্তু ছবির ঐ-সব মান্যুকে চোখের সামনে দেখলে তাদের মধ্যে অনেক পার্থক্যই চোখে পড়বে। অর্থাৎ, চামড়া ও চুলের রঙ, মুখাবয়বের সামান্য পার্থক্য এবং অভিব্যান্তি—এইসব বিষয় আমাদের বিচারকে অনেকটাই প্রভাবিত করে থাকে।

তবে এতে কোন সন্দেহ নেই যে বিভিন্ন জাতিগালিকে খাটিয়ে বিচার বা তলনা করলে তাদের একের সঙ্গে অপরের প্রচার প্রভেদ চোথে পড়ে। যেমন, কেশ-বিন্যাসের ধরণ শরীরের সমসত অংশের আপেক্ষিক অনুপাতের ক্ষেত্রে', ফুসফুসের ক্ষমতার ব্যাপারে, করোটির আকার ও আয়তনের ব্যাপারে, এমনকি মদিতকের ভাঁজের ক্ষেত্রেও।° কিম্তু এইসব অসংখ্য পার্থকাকে চিহ্নিত করা এক দুঃসাধ্য কাজ। তাছাড়া এই জাতিগুলি প্রত্যেকেই শারীরিক ক্ষমতা, নতুন জল-হাওয়ার সংগে খাপ খাইয়ে নেওয়া এবং নির্দিণ্ট কিছু রোগে আক্লান্ড হওয়ার ব্যাপারেও পরম্পরের থেকে পূর্থক। একইভাবে, তাদের মানসিক বৈশিষ্টাগুলির পূথক। এই মানসিক তারতম্য মুখ্যত তাদের আবেগমুলক কাজের ক্ষেত্রেই দেখা যায় বটে, কিন্তু তাদের একের সঙ্গে অপরের বুলিখমন্তারও কিছুটো পার্থক্য থাকে। যদি কারোর পক্ষে তুলনা করে দেখার স্থযোগ ঘটে তাহলে তিনি দেখতে পাবেন দক্ষিণ আমেরিকার স্বন্ধভাষী, বিষয় প্রকৃতির আদিবাসীদের সংখ্য স্ফুর্তিবাজ, বাক্সেট্র নিগ্রোদের পার্থক্য কী বিপলে ! ठिक এकदेतकम পार्थ का तरसंख्य भानसंस्थान व्याधितामीस्य मार्का भाभासानस्य. কিম্তু উভয়েই একই প্রাকৃতিক অবস্হার মধ্যে বসবাস করে আর তাদের বাসম্হানের মধ্যে ব্যবধান শুধু একফালি সম্ভু।

প্রথমে আমরা সেইসব যুক্তিকে পর্য করে দেখবো, যেগত্বলি বিভিন্ন মানবজাতিকে

২। বেতাঙ্গ কৃষ্ণাঙ্গ ও ইণ্ডিয়ানদের সম্বন্ধে বিশদ তথ্যের অক্ষ্ঠ দেখুন, "ইন্ভেটগেশনস্ ইন্ জ্ঞানিটারি অ্যাও অ্যান্থু পলজিক্যাল স্টাটিস্টিক্স্ অফ, আমেরিকান সোল,জারস'', লেখক— বি. এ. গোল্ড, ১৮৬৯, পৃঃ ২৯৮-৩৫৮; এবং "অন্ ভ ক্যাপাসিটি অক ভ লাংস'', পৃঃ ৪৭১।

৩। উদাহরণবর্গ, মি: মার্শাল বর্ণিত জনৈক বুশ,ম্যাম স্ত্রীলোকের মন্তিকের বিবরণ (ক্রইবঃ "ফিল, ট্রাকাক্ট.", ১৮৬৪, পৃঃ ৫১৯)।

পূর্থক পূর্থক প্রজাতি হিসাবে ভাগ করার পক্ষে। তারপর বিচার করা বাবে विश्वती व्यक्तिम् नित्क । यि कान धारिक विष्यु कथ्ता कान निर्धा, रहिन् छि अस्पे निम्न वा मह्या निम्नानरक ना एत्य थारकन अवः स्मर्ट ना-एत्या अवस्थारुटे তাদের তুলনা করতে বসেন, তাহলে তিনি প্রথম দু, ভিতেই বু, কতে পারবেন যে তালের মধ্যে প্রচর পার্থক্য রয়েছে, তার মধ্যে কোন কোনটি হয়ত সামান্য, আবার अत्नकर्शाम यथण्पेरे गृ.द्रृञ्जभूर्ग । अन् मन्थान कद*रम* जिन स्नानराज भारत्वन বে তারা প্রত্যেকে একেবারে ভিন্ন ভিন্ন পরিবেশের মধ্যে জীবনযাপন করতে অভ্যদত, এবং দৈহিক গঠন ও মানসিক ক্ষমতার ব্যাপারেও তারা একে অপরের থেকে আলাদা। এরপর যদি তার সামনে ঐ-সব দেশ থেকে নমনো হিসেবে কয়েকটা লোককে হাজির করা হয়, তাহলে তিনি নির্দিধায় বলে দেবেন যে এরা হচ্ছে অন্য অনেক প্রজাতির মতোই এক একটি প্রজাতি, আর নিজের অভ্যাসমতো তাদের এক একটা নামকরণও করে ফেলবেন, যখন তিনি শুনবেন এইসব লোকজন বেশ কয়েক'শ বছর ধরে একইরকম বৈশিণ্টা ধরে রেখেছে, তখন তার ঐ সিম্খান্ত আরও জোরদার হরে উঠবে। ৪০০০ বছর আগে যেমন ছিল, এখনও তেমনই আছে।⁸ ডঃ ল**ু**ড-এর মতো চমৎকার একজন গবেষকের কাছ থেকে তিনি আরো জানতে পারবেন যে রাজিলের পার্বত্যগহোয় অনেক বিলপ্তে স্তন্যপায়ী-প্রাণীর করোটির সঙ্গে মানুষের যে করোটি পাওয়া গেছে, তার সঙ্গে আজকের দিনের গোটা আমেরিকা মহাদেশের মানুষদের করোটির অম্ভূত সামঞ্জস্য আছে। এবার হয়তো আমাদের এই প্রাণিতত্ববিদটি বিভিন্ন ভৌগোলিক এলাকায় মানুদের

৪। আবো-সিংঘলের বিধ্যাত মিশরীয় গুহাগুলি থেকে প্রাপ্ত মন্ত্রখ্যাকৃতি (figures) প্রসঙ্গে বলতে গিয়ে ম'পিয়ে পাউসেট বলেছেন যে, অনেকেই দাবী করেন যে তারা এখানে বারো কি তারও বেশী মানব জাতির অবিহের চিহ্ন খুঁলে পেরেছেন, কিন্তু হুর্ভাগ্যবশত তিনি (পাউসেট) তেমল কিছুই পাননি (প্র: "জ গু,্যালিটি অফ, ভ ইউম্যান রেসেদ্", ইংরাজী অমুবাদ ১৮৯৪, পৃ: ৫০)। এমনকি অত্যন্ত উল্লেখবোগ্য কোন কোন জাতিকেও ততটা নিংসন্দেহে সনাক্ত করা যায় না, বতথানি বিভিন্ন সময় বিভিন্ন লেথকের লেখা থেকে ভেবে নেওয়া হয়। মি: নট, ও মি: গ্রিডন জানিয়েছেন, বিতীয় বা ভ গ্রেট র্যামেনিদ্-এর চেহারা ছিল অনেকটাই ইউরোপীয়দের মতো। (প্র:, "টাইপ,দ্ অফ, ম্যান্কাইও", পৃ: ১৪৮)। অক্তদিকে, মামুবের বিভিন্ন জাতির পৃথক পৃথক নিজম বৈশিষ্টের আরেকজন প্রবল্গা মি: নক্সও তরণ মেন্নন্ (মি: বার্চ-এর কাছ থেকে বতদুর শোনা, তাতে মনে হয় ইনিই পরে বিতীয় ব্যামেনিদ্ হয়েছিলেন) সম্বন্ধে বলতে গিয়ে অত্যন্ত জোর দিয়ে বলেছেন যে, তার চারিত্রিক বৈশিষ্ট্য ছিল টিক আ্যানতোর্পের ইছ্পীদের মতো। আবার আমি নিজে বথন তৃতীয় আ্যাম্নক্-এর বৃর্ভিটি পরিদর্শন করি, তথন দেখানকার বথেই অভিজ্ঞ হ'লন কর্মকর্তার সঙ্গে এ-ব্যাপারে এক্সত হয়েছিলাম যে তৃতীয় আ্যাম্নক্কর কলে মনে করলেও তার মধ্যে "নির্যোক্তে" ছিল বলে মনে করেন না।

ছড়িয়ে পড়ার দিকে মনোযোগ দেবেন, আর সম্ভবত বলে উঠবেন যে ঐ-সব মান্যবেরা হচ্ছে ভিন্ন ভিন্ন প্রজাতির লোক, তাদের চেহারা আলাদা আলাদা রক্ম. এবং তারা প্রত্যেকেই গরম, স*্যাতস্যাতে বা শুক্ত অঞ্চলে ও উত্তরমের তে বাস कद्राक मक्त्र । जिनि रहाक এ-कथाछ वनाक भारतन स्व मान्द्रसद्र ठिक भारत ধাপের প্রাণী, অর্থাৎ বনমান ধরা, বেমন শিশ্পাঞ্জি প্রভাতি চতুল্পদীরা কম উঞ্চতা বা জল-ছাওয়ার ব্যাপক পরিবর্তন সহ্য করতে পারে না, আর মানুষের সঙ্গে **স্বথেকে বেশি সাদ,শাষ, প্র প্রাণীরা কখনোই খ**র বয়ন্ক হয়ে ওঠে না. অর্থাৎ বেশিদিন বাঁচে না, অমনকি ইউরোপের নাতিশীতোষ্ণ জলবায় তেও নয়। আগাসিজের জানানো তথ্য থেকে তিনি হয়তো দার্ণ প্রভাবিতও হতে পারেন। আগাসিজ্ লক্ষ্য করেছিলেন যে বিভিন্ন মানবজাতি প্রথিবীতে প্রাণীদের বসত উপযোগী সেইসব অপলেই (zoological provinces) ভাগ ভাগ হয়ে ছডিয়ে পড়েছে, যেগুলি স্তন্যপায়ী প্রাণীদের বিভিন্ন স্বতন্ত প্রজাতি ও বর্গের বাসন্থান। মানব জাতিগলের মধ্যে অন্টেলিয়ান, মঙ্গোলয়ান ও নিগ্রোজাতিকে দেখলে এই ধারণা স্পন্ট হয়। হটেনটেটলের মধ্যেও এর কিছটো ছাপ দেখা ষায়। কিল্ত পাপয়োন আর মালয়দেশের অধিবাসীদের বেলায় ঘটনাটা সহজ্ঞেই চোখে পড়ে। মিঃ ওয়ালেস দেখিয়েছেন যে এরা প্রায় সেভাবেই বিভন্ত, যেভাবে বিভক্ত মালয় আর অস্ট্রোলয়ার জীবজন্তুর বসত উপযোগী অঞ্চল। কিন্তু আর্মেরিকার আদিম অধিবাসীরা (রেড ইণ্ডিয়ান) সারা মহাদেশ জরড়েই ছড়িয়ে রয়েছে। আপাত দ চিতৈ এই ব্যাপারটা আমাদের উপরোক্ত প্রতিপাদ্যের বিরোধী। কেননা উত্তর ও দক্ষিণ অপ্তলের অধিকাংশ প্রাণীর মধ্যে ফারাক অনেকটাই। তথাপি. আমেরিকার ব্ ক্ষবাসী ওপ্স্যাম্দের (opossum) মতো কিছু জীব এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে ঘুরে বেড়ায় অবাধে, অতীতে ষেমনভাবে ঘুরে বেড়াত বিশালাকৃতি কিছু দশ্তহীন স্তন্যপায়ী প্রাণী। উত্তর মেরুর অন্যান্য প্রাণীদের মতো এস কিমোরাও সারা মের প্রদেশ জবড়ে তাদের বসতি স্থাপন করেছে। লক্ষাণীর ব্যাপার হল, প্রাণীদের বসত উপযোগী বিভিন্ন অঞ্চলের **স্তন্যপা**য়ী প্রাণীদের মধ্যেকার পার্থক্যের পরিমাণ এস কিমোদের বিভিন্ন এলাকায় ছডিয়ে পড়ার মান্তার অনুরূপে নয়। কাজেই, আন্ধিকা ও আমেরিকা মহাদেশের স্তন্যপায়ী প্রাণীদের সঙ্গে অন্যান্য অঞ্চলের স্তন্যপায়ী প্রাণীদের বতটা পার্থক্য, মানুষের অন্যান্য জাতিগ্রনির থেকে নিগ্রোদের পার্থক্য যে তার চেরে বেশি এবং वार्प्पात्रकानरमत्र পार्थका स्य व्यत्नक क्य-धो स्माउँदे कान व्यक्तर्य वर्धना नत्र। **এর সঙ্গে আরও বলা যায় যে মানুষ তার আদিম অবস্থায় কোন সামুদ্রিক ছীপে**

-ক্সতি গড়ে তোলেনি এবং এ-ব্যাপারে তার শ্রেণীভ্রে অন্যান্য প্রাণীদের সঙ্গে মানুষের কোন পার্থক্য নেই।

अकरे श्रकात गृहशामिक जीवजन्त्रस्मत स्व विधित त्रस्भत कथा जावा रहा, সেগালিকে সেইভাবেই শ্রেণীবিনাস্ত করা হবে, নাকি পাওক পাওক প্রজাতি হিসাবে শ্রেণীবিনাস্ত করা হবে । অর্থাৎ তাদের মধ্যে কেউ কোন স্বতন্ত্র বন্য প্রজাতি থেকে উল্ভাত হয়েছে কিনা, তা নির্ধারণ করতে গিয়ে প্রত্যেক প্রাণিতম্ববিদ্ধই এইসব প্রাণীদের শরীরে প্রথক পূথক ধরণের বহিঃস্থ-পরজীবি আছে কিনা. তার উপর সবিশেষ গরে**ছ** দেন। এই ব্যাপারটার উপর অত্যন্ত গরে**ছ দেও**য়া উচিত, किनना परी श्राप्त अबद्भी विषय । भिः एपीन आमारक आनिसारका स्व. ইংল্যান্ডের বিভিন্ন ধরণের কুকুর, মুরগাী ও পায়রারা একই প্রজাতির পরজাীব কীট (pediculi) বা উক্নের দ্বারা আক্রাম্ত হয় । মিঃ এ মারে বিভিন্ন দেশের বিভিন্ন জাতের মান,ষের শরীর থেকে সংগ্রহীত পরজীবি কীট নিয়ে পরীক্ষা করে দেখেছেন, তারা শুধু বর্ণের দিক দিয়েই আলাদা আলাদা নয়, তাদের বহিরাবরণ ও অঙ্গ-প্রতাঙ্গের আকুতিও ভিন্ন ভিন্ন। নানা ধরণের পরজীবিদের নিয়ে বারবার পরীক্ষা করে দেখা গেছে সবক্ষেত্রেই তাদের পার্থক্য একইরকম। প্রশান্ত মহাসাগরে তিমি মাছ ধরার একটি জাহাজের শল্য-চিকিৎসক আমাকে জানিয়ে-ছিলেন, একবার স্যাত্টেইচ্ দীপের কিছু অধিবাসী জাহাজে উঠলে তাদের শরীরের পরজীবি কীটেরা ইংরেজ নাবিকদের শরীরেও ছড়িয়ে গিরোছল, এবং তিন-চার দিনের মধ্যেই তাদের মৃত্যু ঘটেছিল। এই পরজীবি কীর্টেরা ছিল যোর কৃষ্ণবর্ণ, এবং দক্ষিণ আমেরিকার চিলির অধিবাসীদের শরীরে যে-সব পরজীবি কীট দেখা যায়, তাদের থেকে এদের চেহারা আলাদা রকমের ছিল। এই চিলির পরজীবি কীটের কিছা নমানা আমাকে পাঠিয়েছিলেন তিনি। আমি পরীক্ষা করে দেখেছি যে এয়া ইউরোপের উহুনদের থেকে আয়তনে অনেক বড় আর এদের দেহ অনেক নরম। মিঃ মারে আফ্রিকা থেকে চার রকমের পরজীবি কীট (বা উকুন) সংগ্রহ করেছেন ; এদের মধ্যে দু'রকম উকুন পাওয়া গেছে পূর্বে ও পশ্চিম উপক্লের নিগ্রোদের শরীর থেকে, আর বাকি দু'রকম পাওয়া গেছে হটেনটেট ও কাঞ্চি জাতির মানুষদের শরীর থেকে। তাছাড়া তিনি অন্টোল মার আদিবাসীদের শরীর থেকে দু'রকম, উত্তর আমেরিকা থেকে দু'রকম এবং দক্ষিণ আমেরিকার অধিবাসীদের মধ্যে থেকে দু রকম পরজীবি কীটও সংগ্রহ করেছেন। এই শেষোক্ত ক্ষেত্রটিতে ধরে নেওয়া বায় পরজ্ঞীবি কীটের দল বিভিন্ন অঞ্চলের অধিবাসীদের থেকেই জন্ম নিয়েছে। পোকামাকডদের ক্ষেত্র

সামান্য আকৃতিগত তারতম্য যদি অপরিবর্তিত থাকে, তাহলে তা খ্বই গ্রেক্সের্ণ বলে বিবেচিত হয়। স্থতরাং ভিন্ন ভিন্ন পরজাবি কীটের দারা মানবজাতিগ্রির আক্রান্ত হওয়ার ঘটনা থেকে এই যারি দাঁড় করানো বায় যে মানব জাতিগ্রিক আসলে এক একটি স্বতন্ত্র প্রজাতি।

আমাদের কল্পিত প্রাণিতম্ববিদ মহাশয় নিশ্চয়ই এই অবধি অনুসম্থান করার পর খঞ্জতে শুরু করবেন যে মানুষের বিভিন্ন জাতির একের সঙ্গে অপরের ষৌনমিলনের পর তারা কিছুটা বস্থ্যাত্ব প্রাপ্ত হয়ে থাকে কিনা। তিনি সম্ভবত অধ্যাপক ব্রকা-র মতো একজন স্থবিবেচক ও দার্শনিকের রচনাপত্রে একবার চোখ **व्हानि** तार्यन, आत जारल जानत्व भातर्यन त्य, किंच्य किंच्य भानवज्ञां जना মানব-জাতিদের সংখ্য যৌনমিলনে অট্টে প্রজনন ক্ষমতা অধিকারী হলেও, বাকিদের ক্ষেত্রে ঘটনাটা ঠিক বিপরীত। জানা গেছে, অন্টেলিয়া ও তাসমানিয়ার আদিবাসী স্থালোকেরা ইউরোপীয়ান পরেষদের সঙ্গে মিলনে ক্রচিৎ সম্তান প্রসব করে। অবশ্য এ-বিষয়ের প্রমাণগত্বলি এখন প্রায় অর্থাহীন বলেই প্রতিভাত হয়েছে। কারণ বিশস্থ কৃষ্ণাঙ্গরা মিশ্র-বর্ণের শিশ্যদের মেরে ফেলে। সম্প্রতি প্রকাশিত একটি বিবরণ থেকে জানা গেছে. এগারোটি মিশ্রবর্ণের শিশুকে একই সঙ্গে হত্যা করে পর্যাড়য়ে ফেলা হয়েছে এবং পর্যালশ তাদের মৃতদেহের ধরংসাবশেষ উত্থার করেছে।° আবার অনেক সময় বলা হয় যে ত্বেতকায় ও নিগ্রোর সংসর্গজাত ব্যক্তিরা (mulattoes) অসবর্ণ বিবাহ করলে বেশি সম্তানের জন্ম দিতে পারে না। অন্যদিকে, চার্লাস টনের ডঃ বাখাম্যান স্থানিশ্চিত করে বলেছেন ষে তিনি শ্বেতকায় ও নিগ্রোর সংসগজাত এমন কিছু পরিবারের কথা জানেন যারা করেক পরেষ ধরে অসবর্ণ বিবাহ করে আসছে এবং বিশব্দ সাদা (ইউরোপীয়ান) বা বিশাস্থ কালো মানাষদের (নিগ্রো) সমান হারেই সম্তানের জম্ম দিছে। এর আগে স্যার সি- লাইয়েলও এ বিষয়ে অনুসম্খান করে একই

^{ে।} দ্রং, মিং টি. এ. মুরো-র চিঠি "আান খ্রোপলজিকাাল রিভিন্ন, এপ্রিল, ১৮৬৮ পৃং ৫৩। এই চিপ্তাকর্ধক চিঠিটিতে কাউণ্ট স্টেজেলেকির বক্তব্যকে তিনি ভূল বলে প্রমাণ করেছেন। কাউণ্ট স্টেজেলেকি বলেছিলেন বে, যে-সব অষ্ট্রেলিরান প্রীলোক যেতাঙ্গদের সন্তান ধারণ করত, তারা পরে অঞ্চাতের সঙ্গে মিলনের সময় তাঘের প্রজনন ক্ষমতা হারিয়ে কেলত। মানির এ ভা ক্যাত্রেকাজও প্রচ্ব তথ্যের সাহায্যে দেখিয়েছেন যে অষ্ট্রেলিরান ও ইউরোপীয়ানদের মিলনে কারোরই তাদের প্রজনন ক্ষমতা নষ্ট হয় না (দ্রং, "রেভো দে কুর সাইতিফিক্", মার্চ, ১৮৫৯- পৃঃ ২০৯)।

সিম্বান্তে উপনীত হয়েছিলেন এবং আমাকে তা জানিয়েছিলেন। ড: ড: वाथ गारातत मरू, ১৮६८ माल আমেরিকাতে যে লোকগণনা হয়েছিল, তাতে ংশ্বেতকায় ও নিগ্নোর সংসর্গজাত ৪০৫৭৫১ জন ব্যক্তির নাম নথিভুক্ত করা হয়েছিল। প্রকৃত ঘটনার তলনায় সংখ্যাটা নেহাতই কম। এর আংশিক কারণ হয়তো তাদের মর্যাদাহীন ও বিশৃ, ১খল অবস্হা, এবং আর একটা কারণ হয়তো স্থীলোকদের অসৎ চরিত্র। নিগ্নোদের মধ্যে কিছু, সংখ্যক সংকর জাতদের (mulattoes) অঙ্গীভতে হয়ে যাওয়ার সংখ্যা ক্রমাগত বেডেই চলে। ফলে তাদের সংখ্যা আপাতভাবে হাস পায়। এই সংকর জাতদের প্রাণশক্তি অপেক্ষাকৃত কম হওয়াটাকে একটি নির্ভারযোগ্য রচনায় একটা স্থাবিদিত ব্যাপার বলে বর্ণনা করা হয়েছে: এই ব্যাপারটা যদিও তাদের দর্রেল প্রজননশক্তির থেকে স্বতস্ত্র একটা ব্যাপার, তথাপি এটাকে তাদের বাবা-মায়ের জাতির বিশেষ স্বাতস্ত্রোর লক্ষন বলে মনে করা যায়।° সংকর প্রাণী ও সংকর উভিদরা যখন একেবারে পূথক পূথক প্রজাতির মিলনের ফলে সূর্ণ্ট হয়, তথন সাধারণত তারা অকালম,তার শিকার হয়। কিন্তু এই সংকর জাত মলোটোদের বাবা-মাকে একেবারে পূর্থক পূর্থক প্রজাতির সদস্য বলে মনে করা যায় না। সাধারণজাতের খচ্চররা দীর্ঘ জীবন ও অটটে প্রাণশন্তির জন্য বিখ্যাত, অথচ তাদের জনন-ক্ষমতা খুবেই ক্ষম। এ থেকে বোঝা ষায় যে সংকর জাত প্রাণীদের দূর্বল প্রজনন ক্ষমতা ও জীবনীশক্তির মধ্যেকার সম্পর্ক নিতাশ্তই ক্ষীণ। এরকম অনৈক ঘটনাই দুণ্টাশতস্বরূপ হাজির করা যায়। এমনকি যদি পরে প্রমাণ করা যায় যে সমস্ত মানব জাতিগুলিরই যথেণ্ট প্রজনন ক্ষাতা ছিল, তাহলে অন্যান্য কারণের ভিত্তিতে যিনি তাদেরকে ভিন্ন ভিন্ন প্রজাতি বলে চিহ্নিত করতে চান. তিনি অতাশ্ত সঙ্গতভাবেই বলতে পারেন যে প্রজনন ক্ষমতা ও বন্ধ্যাত্ব মোটেই স্থানিদিন্ট স্বাতন্ত্র্য নির্ণয়ের উপযুক্ত মাপকাঠি নয়। আমরা জানি যে এই বৈশিণ্টাগুলি জীবনের পরিবৃতিত অবস্থার দ্বারা বা ঘনিষ্ট সম্পর্কের মধ্যে মিলনের ফলে সম্তান উৎপাদনের দ্বারা সহজেই প্রভাবিত হয় এবং এগালের পিছনে কাজ করে অতাশ্ত জটিল কিছু নিয়মাবলী। যেমন, দেখা যায়

ভ। ড: রল্ড্স্ আমাকে জানিরেছেন, তিনি সাহারাতে দে-সব সংকরজাতি দেখেছিলেন, তার। আরব, বার্বার ও তিনটি গোন্ঠার নিগ্রো জাতির মিলনে উৎপন্ন : অথচ প্রতিটি জাতিই অসম্ভবরক্ষ প্রজননক্ষমত। সম্পন্ন । অস্তদিকে, মি: উইন্ত্ড রিয়াদ আমাকে জানিয়েছেন, গোল্ড কোন্টের নিগ্রোরা স্বেতাঙ্গ ও সংকরজাত লোকদের পছন্দ করলেও, প্রবাদবাক্যের মতো মেনে চলে যে সংকরজাত লোকদের সঙ্গে বৈবাহিক সম্পর্ক করা উচিত নন্ধ, তাংলে ছেলেমেরে কম হবে আর ভারা ছর্বল হবে । মি: রিয়াদের মতে, নিগ্রোদের এই বিশাস একেবারে উড়িয়ে দেবার নন্ধ, কারণ স্বেতাঙ্গরা গোল্ড কোন্ট-এ দীর্ঘ চারশ ধরে বসবাস করেছে, ফলে নিগ্রোরা তাদের সম্বন্ধে অন্ডিজ্ঞতা লাভের পক্ষে যথেষ্ট সময়ই পেরেছে।

৭। জঃ, "মিলিটারি আগও অ্যান্ধে_াপলন্ধিক)াল স্ট্যাটিগটক্স্ অফ, আমেরিকান সোল্জারস', 'বি. এ. গোল্ড, ১৮৬২, পুঃ ৩১২।

একই ধরণের দুটি প্রজাতির দুটি বিপরীত লিঙ্গের প্রাণীরা যথন পরস্পরের সাজে বৌন মিলনে লিগু হয়, তথন তাদের উভয় প্রজাতির প্রজননক্ষমতা সর্বদা সমান হর না। প্রাণীদের মধ্যে বাদেরকে নিঃসদেহে প্রজাতি বলা যায় তাদের মধ্যে এক প্রজাতির সংগ্য অপর প্রজাতির মিলনে উভ্তে প্রাণীদের মধ্যে একেবারে বাধ্যা থেকে দুরু করে দারুণ প্রজনন দান্তি সম্পন্ন সব ধরণই দেখা যায়। তবে, বম্থ্যাতেরে মান্তা বাবা-মায়ের বাহ্য-আকৃতি বা আচার-আচরণের মধ্যেকার তারতম্যের মান্তার উপর নির্ভার করে না। অনেক ব্যাপারেই মানুষকে দীর্ঘাকাল ধরে গৃহপালিত জীবজম্পুদের সংগ্যে তুলনা করা যায়, এবং প্যালাসিয়ান্মতবাদেরদ স্বপক্ষে একরাশ প্রমাণ হাজির করা যায়। এই মতবাদে বলা হয়,

৮। ত্রঃ, "ম্ব ভারিরেশন অফ অ্যানিম্যাল্য অ্যাও গ্লান্ট্য আঙার ডোমেরিকেশন", খও ২, প্র: ১০৯। পাঠককে একবার মনে করিয়ে দিতে চাই যে অক্সদের সঙ্গে মিলনের কেত্রে প্রাণীর প্রজনন-বন্ধ্যাত কোন বিশেষভাবে অর্জিত বৈশিষ্ট্য নর। এটা অনেকটা কিছু উদ্ভিদের পরস্পরের সঙ্গে কলম বাঁধতে না পারার অক্ষমতার মতোই একটা ঘটনা, অর্থাৎ অস্তান্ত কতক-গুলি অর্ক্তিত পার্থক্যের সঙ্গে এর কোন তকাৎ নেই। এই পার্থক্যগুলির প্রকৃতি কী টিক জানা यात्र ना, তবে এগুলি শারীরিক বা মানসিক পঠনের পার্থকাগুলির ক্ষেত্রে ততটা দেখা यात्र না, যতটা দেখা যার জননবাবস্থার ক্ষেত্রে। সংকর প্রজাতিগুলির প্রজনন-অক্ষমতার একটি গুরুত্পূর্ণ উপাদান হলো এই যে এরা উভরেই বা এদের মধ্যে কোন একটি প্রজাতি দীর্ঘদিন ধরে একই অবস্থার মধ্যে বাদ করতে অভ্যন্ত। কারণ আমাদের জানা আছে যে পরিবর্ভিত অবস্থা জননক্রিয়ার উপর বিশেষ প্রভাব ফেলে, এবং যথেষ্ট সঙ্গতভাবেই আগে যেমন বলা হয়েছে আমরা ধরে নিতে পারি যে গৃহপালিত জীবনের নানান ওঠা-নামা দেই বন্ধ্যাত্দশা দূর করে দের, যা বনে-জঙ্গলে থাকার সময় বিভিন্ন প্রজাতির মধ্যে মিলনের ক্ষেত্রে একান্তই স্বাভাবিক ছিল। অন্তত্ত আমি দেখাতে চেষ্টা করেছি ঐ একই গ্রন্থের ২য় থও, পৃ: ১৮৫ এবং "অরিজিন অফ শিদীদ'', ৫ম দংকরণ, পু: ৩১৭), সংকর প্রজাতিগুলি প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে এই ৰক্ষাত্ব অৰ্জন করে না। যথন ছটি প্রাণীর প্রজনন ক্ষমতা আগে থেকেই খুব কম থাকে, তখন তাদের এই অক্ষমতা বে আরো বেশি বন্ধ্যাত্মক প্রাণীদের, অর্থাৎ তাদের উত্তরপুরুবদের मर्सा कमांगठ रबस्डि हनरब--छ। विश्वाम कत्रा श्वात ध्वमञ्चत । कात्रण, श्वाणीत वक्षाण यठ रवस् চলে, তাদের সন্তানের সংখাও ততই কমে আদে, এবং অবশেষে দীর্ঘ সময় অন্তর কৃচিৎ একটি-ছুটি বাচ্চা হয়। কথনো-কথনো অবশ্য প্রজনন ক্ষমতা এর চেরেও তীব্র সম্বটের মূথে পড়ে। মিঃ পার্টনার ও মিঃ কলরোটার উভরেই দেখিরেছেন বে অনেকগুলি প্রজাতিভক্ত উদ্ভিদ বর্গের মধ্যে এমন একটা বিশ্বাস দেখা বার, যার মধ্যে অস্ত প্রজাতির সঙ্গে মিলনের ফল হিসেবে অতি অল্প সংখ্যক বীক্স উৎপাদনকারী উদ্ভিদ খেকে শুরু করে একেবারে কোন বীক্ষের জন্ম দের না অবচ অস্ত্র*প্রজাতিটির পরাগের দারা প্রভাবিত হর (বা পরিক্ষুট হর বীজকোবের ফীতির মধ্যে)—এমন উদ্ভিদও আছে। একেত্রে, ইতিমধ্যেই বীজ উৎপাদন বন্ধ করে দেওর। कान, कान, छेडिए अधिकछत्र श्रक्षनन-अक्स, छ। निर्धात्र कत्र। आसी मस्य नत्र। छाई. এজনন-অক্ষমতার চূড়ান্তত্তরটি, অর্থাৎ বধন গুধুমাত্র বীক্সকোবটিই প্রভাবিত হয়, তা প্রাকৃতিক নিৰ্বাচন মারকং অর্জিত হতে পারে না। প্রজনন-মক্ষমতার এই চড়ান্ত ব্যুটি এবং এই অক্ষমতার चनाना शायकार राष्ट्र योगमिनात निश्व बाजािक्शनित कननग्रहात गर्रातत मर्शामात किछ-অজান। পার্থকোরই স্বাভাবিক পরিণতি নাত্র।

প্রকৃতির মধ্যে খোলামেলা অবস্থায় বিভিন্ন প্রজাতির একের সংগ্যে অপরের মিলনের ফলস্বরপে বে বংখ্যাতন দশা খ্বই স্বাভাবিক, গৃহপালিত হওয়ার পর সেটা খীরে ধীরে কেটে যেতে থাকে। স্থতরাং এইসব বিচার-বিবেচনা করে সংগতভাবেই বলা যায়—ভিন্ন ভিন্ন জাতির মধ্যে যোন মিলনের ফলে স্ট মানবজাতিগঢ়িলর মধ্যে পূর্ণ প্রজননক্ষমতা বজায় থাকার প্রমাণ পাওয়া গেলেও তা তাদেরকে পূথক পূথক প্রজাতি হিসাবে চিহ্নিত করার সিন্ধান্তকৈ প্রেরপট্রির উভিয়ে দিতে পারে না।

প্রজনন ক্ষমতার কথা ছাড়াও, সংকরজাতের সদতান-সদতিতর মধ্যে ষে-সব বৈশিণ্টা ফুটে ওঠে, তা দিয়েই বিচার করা হয় তাদের বাবা-মাকে আলাদা আলাদা প্রজাতির সদস্য বলে ধরা হবে, নাকি একই প্রজাতির দ্বটি আলাদা বর্গের সদস্য বলে ধরা হবে, নাকি একই প্রজাতির দ্বটি আলাদা বর্গের সদস্য বলে ধরা হবে। কিল্টু এ-বিষয়ে খর্নটিয়ে পরীক্ষা কয়ায় পর আমায় মনে হয়েছে য়ে এই ধরণের ফোন সাধারণ নিয়ম থাকতে পায়ে না। বেশীয় ভাগ ক্ষেত্রেই সংকর জাতের ছেলেমেয়েরা মিশ্র বা মাঝামাঝি প্রকৃতির হয়, তবে কোন কোন ক্ষেত্রে ছেলেমেয়েরা হয় বাবায় মতো, নতুবা মায় মতো দেখতে হয়। এই ব্যাপায়টা সাধারণত তথনই দেখা যায়, যখন বাবা-মায় বৈশিল্টাগর্বাল ভিল্ল ভিল্ল হয়। এই পার্থকাগর্বাল গড়ে ওঠে কোন আকিস্মক য়পাশ্তর বা অস্বাভাবিকতা হিসেবেই। এখানে এ কথা বলার কায়ণ হলো ডঃ রল্ফ্স্স্ আমাকে জানিয়েছেন য়ে তিনি আফ্রিকার অনেক জায়গাতেই দেখেছেন নিয়ো জাতির মানবদের সঙ্গে অন্যজাতির মিলনের ফলে জন্ম নেওয়া ছেলে-মেয়েরা হয় সম্পর্ণে কালো, নতুবা সম্পর্ণ সাদা, এবং কাচিৎ মিশ্রবর্গের হয়। অন্যদিকে, আমেরিকাতে সাদা-কালো মান্রদের মিলনজাত ছেলেমেয়েরা অধিকাংশই দ্বই বর্ণের মধ্যবর্তী কোন একটা বর্ণ ও চেহারাবিশিণ্ট হয়ে থাকে।

এতক্ষণ আমরা দেখলাম যে একজন প্রাণিতত্ববিদ সঙ্গত কারণেই বিভিন্ন মানব-জাতিকে ভিন্ন ভিন্ন প্রজাতি হিসেবে মনে করতে পারেন। কারণ তিনি দেখেছেন তাদের আকৃতি-প্রকৃতির মধ্যে রয়েছে অসংখ্য পার্থ ক্য, আর এইসব পার্থ ক্যের মধ্যে কোন কোনটি যথেণ্টই গ্রের্ছপূর্ণ। তাছাড়া এই পার্থ কাগ্রিল অত্যত্ত দীর্ঘ সময় ধরে প্রায় অপরিবর্তিত অবস্হাতেই রয়ে গেছে। আবার, সমগ্র মানব-জাতিকে একটিমার প্রজাতি হিসেবে ধরে নিলে তার বিপলে বিস্তার দেখেও আমাদের প্রানিতত্ববিদরা কিছুটা বিমৃত্য হয়ে পড়বেন, কারণ স্তন্যপারীশ্রেণীর আর কোন প্রাণীই এত বিশাল অঞ্চল জুড়ে ছড়িয়ে পড়তে পারেনি। তথাকথিত বিভিন্ন জাতির ভাগ ভাগ হয়ে ছড়িয়ে পড়া দেখেও হয়তো তিনি বিসমাবাধ

করবেন। মান্বের এই ছড়িয়ে পড়ার ব্যাপারটা ঠিক স্তন্যপারীপ্রাণীদের তান্যান্য স্বতন্ত প্রজাতিগুলির ছড়িয়ে পড়ার মতোই। আর অবশেষে তিনি হয়তো দাবী করবেন—পারস্পরিক মিলনে সমস্ত জাতিগুলির প্রজনন ক্ষমতার বিষয়টি এখনও পর্যন্ত পরুরোপ্রার প্রমাণিত হয় নি আর সেটা প্রমাণ করা গেলেও সেটাকে তাদের স্বতন্ত পরিচয়ের চড়োণ্ড প্রমাণ বলে ধরা যায় না।

অন্যদিকে, আমাদের এই প্রাণিত্ববিদ্ মহাশয় যদি একটা খোঁজ-খবর করতেন যে একই দেশের মধ্যে নানা ধরণের মানা্র বিপাল সংখ্যায় মিলেমিশে যাওয়ার পরও মানুষের আকার সাধারণ কোন প্রজাতির মতো স্বতন্ত্রই থাকে কিনা, তাহলে তিনি জানতে পারতেন যে তা আদৌ সম্ভব নয়। ব্রাজিলের দিকে চোখ রাখলে তিনি দেখতে পাবেন যে সেখানে নিগ্রো ও পর্তুগ[্]জদের থেকে বি**শাল** এক সংকর-জনতা স_ুষ্ঠি হয়েছে : চিলি এবং দক্ষিণ আমেরিকার অন্যান্য দে**ণের** প্রায় সমস্ত মান মই ইন্ডিয়ান ও স্প্যানিশদের সংসগজাত সংকর ; অবশ্য মিশ্রণের পরিমাণে অনেক তারতম্য দেখতে পাওয়া যায়। তাছাড়া ঐ মহাদেশের বহ্ন অংশে তিনি এমন এক জটিল সংকর শ্রেণীর মানুষের দেখা পাবেন, যারা নিগ্রো, ইণ্ডিয়ান ও ইউরোপীয়—এই তিন জাতির মিশ্রণজাত সংকর মান**ু**ষ। উদ্ভিদজগ**ংকে** উনাহরণ হিসেবে ধরলে দেখা যাবে. এধরণের চি সংক্রায়ণের মধ্যেই তাদের মলে রপেগ্রলির পারস্পরিক প্রজনন ক্ষমতার সবথেকে ভালো প্রমাণ পাওয়া যায়। প্রশান্ত মহাসাগরের একটি ছীপে তিনি একটি ক্ষুদ্র জনগোষ্ঠীর সংধান পাবেন, ষা সৃণ্টি হয়েছে পলিনেশিয়ান ও ইংরেজ রক্তের মিশ্রণের ফলে। ফিজি দ্বীপপরে তিনি যে সংকর-জাতির দেখা পাবেন, তারা হচ্ছে পলিনেশিয়ান ও নিগ্নোদের মিশ্রণজাত। এরবম অনেক ঘটনার কথাই বলা যায়। যেমন, আফ্রিকা মহাদেশে এ-রকম ঘটনা প্রচুর ঘটেছে। তাহলে দেখা যাচ্ছে, মানবজাতিগ্রলি পরস্পরের থেকে এতটা প'থিক নয় যাতে করে তারা একই অঞ্চলে বসবাস করেও পরস্পরের সঙ্গে মিখ্রিত না হয়ে থাকতে পারে, আর মিশ্রণ না ঘটলে সেটা তাদের নির্দিণ্ট স্বাতশ্রের স্বাভাবিক ও শ্রেষ্ঠ প্রমাণ হিসেবেই প্রতিভাত হয়।

সমসত জাতির ্নিজ নিজ বৈশিষ্ট্যগ্নিল যে ভীষণরকম পরিবর্তনশীল এটা অনুভব করার পর আমাদের প্রাণিতত্ববিদটি আবারও বিরত হয়ে পড়বেন। আফ্রিকার বিভিন্ন অঞ্চল থেকে সংগৃহীত রাজিলের নিগ্রো দাসদের যিনি প্রথম । ব্রাজিলের পলিতা জাতির সাফল্য ও কর্মোদ্দীপনার চমৎকার বিবরণ দ্বিয়েছেন মসির ভ কাত্রেকার (জঃ. "আন্ধুপলজিক্যাল রিভিয়্", আফুরারি ১৯৬৯, গৃঃ ২২)। এরা হচ্ছে পর্তুপীয়া ও ইভিয়ানদের ফিলেরে ফলে স্ট বর্ণসংকর জাতি। সেইসঙ্গে অন্যান্য কিছু জাতির রক্তও এক্টের শরীরে বিভ্যান।

দেখছেন, তাঁকে-ই এ-ব্যাপারটি নাডা দিতে বাধ্য। এই একই কথা বলা চলে পলিনেশিয়ান এবং আরো অনেক জাতি সদ্বন্ধে। এমন কোন বৈশিষ্টা আছে কিনা, যা শুধু একটি জাতিরই একাশ্ত নিজম্ব এবং অপরিবর্তনীয়—তাতে সন্দেহ আছে। এমন্কি একই গোষ্ঠীভুক্ত বন্য মানুষদের সকলের মধ্যে একই বৈশিষ্টা প্রকাশ পায় না, অথচ অনেকেই জোরগলায় বলে থাকেন যে এদের সকলকার মধ্যে একইরকম বৈশিষ্ট্য যুটে ওঠে। হটেন্টেট্র জাতির স্থালাকদের মধ্যে এমন কিছু নিজ্ঞ্ব বৈশিষ্টা দেখা যায়, যেগালি ঠিক সেইভাবে অন্যজাতির স্ফালোকদের মধ্যে দেখা যায় না। কিন্তু তাদের এই বৈশিষ্টাও কোন অপরিবর্তানীয় ব্যাপার নয় । অনেক আমেরিকান গোষ্ঠীর সদস্যদের গাত্ত বর্ণ ও শর রের রোমশতা পরস্পরের থেকে যথেণ্ট আলাদা আলাদা হয়। আবার আমিকার নিগ্রোদের মধ্যে পরস্পরের থেকে গাত্রবর্ণের ক্ষেত্রে কিছটো এবং মুখাবয়বের ক্ষেত্রে অনেকটাই পার্থ কা চোখে পড়ে। কোন কোন জাতির মধ্যে আবার করোটির গডনে যথেণ্ট তফাৎ দেখা যায়। ১০ অন্যান্য নানান বৈশিষ্ট্যের ক্ষেত্রেও এ-রক্ষ পার্থক্য পরিলক্ষিত হয়। সব প্রাণিতদ্ববিদই এখন অনেক ঠেকে শিখেছেন যে পরিবর্ত নশীল কিছু, বৈশিষ্ট্যকৈ সম্বল করে বিভিন্ন প্রজাতিকে চিহ্নিত করাটা ফ্রেফ গোঁয়াতুর্নি। তবে, মানব জাতিগুর্নিকে ভিন্ন ভিন্ন প্রজাতি হিসেবে মনে করার বির**ুশ্ধে সবচে**য়ে জোরালো য**়ন্তিটা হচ্ছে এই যে, তারা একে অপরের** সঙ্গে মিশে যায়, আর সেই মিশ্রনটা বহুক্ষেত্রেই তাদের পারস্পরিক যৌনমিলন ব্যাতরেকেই ঘটে থাকে। অন্য যে-কোন প্রাণীর থেকে মানুষকে অনেক বেশি গুরুষে দিয়ে বিচার করা সত্তেও, তাকে একটিমান প্রজাতি বা জাতি হিসাবে চিহ্নিত করা হবে কিনা, তা নিয়ে সুযোগ্য বিচারকদের মধ্যে মতপার্থক্য রয়েছে। কেউ বলেন দুটি (ভিরে), কেউ বলেন তিনটি (জ্যাকিনো), কেউ বলেন চারটি (কাণ্ট), কেউ পাঁচ (রুমেন্বাখ্), কেউ বা ছ'টি (মিঃ বাফন), সাতটি (হাণ্টার), আটটি (আগাসিজ:), এগারো (পিক্যারিং), কারো মতে পনেরোটি (বরিসেন্ট ভিন্সেট), ষোলটি (ভেম্মোটলিন্সু), বাইশটি (মটন), ষাটটি (ব্ৰফার্ড) এবং বার্কের মতে তেঘট্টিট। অবশ্য এই মত পার্থক্যের দর্বণ জাতিগুলির ভিন্ন ভিন্ন প্রজাতি হিসাবে চিহ্নিত হওয়া আটকায় না, কিম্তু এ থেকে একটা কথা

১০। বেমন-দেখা যার আমেরিক। আর অষ্ট্রেলিয়ার আদিবাদীদের মধ্যে। অধ্যাপক হান্ধলি বলেছেন (ত্র:, "ট্রানজাকশনস অফ ইন্টারজ্ঞাশনাল কংগ্রেস অফ প্রিহিন্টোরিক আর্কিওলজি" ১৮৬৮, পৃ: ১০৫), দক্ষিণ কার্মানী ও স্থইজ্ঞারল্যাওের অনেক অধিবাদীর করোট "ঠিক তাতারদের করোটির মতোই ছোট এবং চওডো" ইত্যাদি।

স্পণ্ট হয়ে ওঠে বে তারা একে অপরের সঙ্গে মিশে বার, এবং তাদের মধ্যে স্ক্রুণ্টভাবে স্বাতস্থাম লক বৈশিষ্টা খ'জে বার করা প্রায় অসম্ভব ।

नाना धत्रापत क्रीटवर विभाग विवत्रण क्रानात क्रणी करत्राह्म स्व-मव शाणिकविन्त, र्जातन প্रত্যেককেই মানুষের বিবরণের মত অনেক জটিল সমস্যার সম্মুখীন হতে হয়েছে (নিজের অভিজ্ঞতা থেকেই বলছি), আর সতর্ক শ্বভাবের প্রাণিতম্ববিদরা পরস্পরের মধ্যে মিশে বাওয়া সমস্ত জীবকে একটি মাত্র প্রজাতির অতভান্ত না করে পারেন না। কারণ, ষে-সব জীবকে তিনি সনাক্তই করতে পারছেন না, তাদের নামকরণ করার অধিকারই বা তিনি কোথায় পাবেন ? এ ধরণের ঘটনা চোখে পড়ে বাঁদরদের কিছা বর্গের ক্ষেত্রে, যার মধ্যে মানামণ্ড পড়ে। আবার, সারকোপিথেকাস ভাতীয় বর্গের বাঁদরদের অধিকাংশ প্রভাতিকে স্থানিশিতভাবেই চিহ্নিত করা যায়। অন্যদিকে, আমেরিকার সেবসেবর্গের বাদরদের বিভিন্ন ধরণগালিকে কিছা প্রাণিতত্ববিদ চিহ্নিত করেছেন প্রথক প্রথক প্রজাতি হিসেবে, আবার অন্যদের মতে এরা বিভিন্ন ভৌগোলিক জাতিমান্ত, স্বতন্ত্র প্রজাতি নয়। দক্ষিণ আমেরিকার বিভিন্ন অণ্ডলে থেকে যদি বেশ কিছু সেবুসজাতীয় বাদর, সংগ্রহ করে আনা যেত তাহলে দেখা যেত যে যত তারা একটা একটা করে. পরস্পরের সঙ্গে মিশে যাচ্ছে, আর তখন তাদের নিছক কিছু, পরিবর্তিত ধরণ বা জাতি ছাড়া অন্য কিছু, বলা যায় না। মানুষের বিভিন্ন জাতির প্রসঙ্গে অধিকাংশ প্রাণিতত্ববিদ এই একই নীতি অনুসরণ করেছেন। তা সত্ত্বেও, স্বীকার করতেই হবে যে অত্তত উদ্ভিদজগতে >> এমন কিছু নমুনা দেখা যায়, যাদের ভিন্ন প্রজাতি না বলে উপায় নেই। অবশ্য তারা (ঐ-সব উদ্ভিদ) পারস্পরিক মিলন ব্যতীতই একে অপরের সঙ্গে অসংখ্য ভাবে সম্পর্কযুক্ত।

সম্প্রতি কিছ্ প্রাণিতছবিদ্ কোন কোন জীবের ক্ষেত্রে উপ-প্রজাতি শব্দটি ব্যবহার করছেন। তাঁদের যৃত্তি হলো, এদের অনেক বৈশিণ্টাই প্রকৃত প্রজাতির মতো হলেও, এদেরকে প্ররোপত্ত্বির প্রজাতির মর্যাদা দেওয়া যায় না। এখন, মান্বদের বিভিন্ন জাতিকে প্রজাতির মর্যাদা দেওয়া, আর পাশাপাশি তাদেরকে সঠিকভাবে সনাক্ত করার অনতিক্রমা সমস্যার ব্যাপারে ওপরে যে-সব জোরালো যুত্তির পরিচয় আর্মরা পেয়েছি—তার আলোতে বিচার করে দেখলে মনে হয় এক্ষেত্রে এই উপ-প্রজাতি শব্দটি খ্বই লাগসই। কিল্ডু দীর্ঘদিনের অভ্যাসের

১১। অধ্যাপক মজেলি তার "Botanische Mittheilungen" গ্রন্থের থপ্ত ২, গৃঃ ২৯৪-৩৬৯-এ এরকম বেশ কিছু ঘটনার কথা বিবৃত করেছেন। উত্তর আমেরিকার কিছু উদ্ভিদের অন্তর্বতী রূপ সক্ষমে একই কথা বলেছেন আসা গ্রে।

দর্মণ 'জাতি' শব্দটিকে সম্ভবত এত সহজে তলে দেওরা যাবে না। একই পরিমাণ পার্থ ক্যের জন্য সর্ব ক্ষেত্রে যথাসম্ভব একই শব্দ ব্যবহার করাটাই কামা। কিল্ড দুর্ভাগ্যবশত তা খুব কম সময়েই করা যায়। কারণ প্রাণীদের বড়ো মাপের বর্গ বা মহাজাতি সাধারণত নিকট সাদ,শাযুক্ত প্রাণীদের নিয়েই গড়ে ওঠে, ফলে তাদের মধ্যে প্রভেদ করাও খুব কঠিন কাজ : অন্যাদিকে, একই গোষ্ঠীর ক্ষুদ্র বর্গের মধ্যে থাকে এমন সব জীব, যাদের মধ্যেকার পার্থক্য অত্যন্ত স্পণ্ট। তাই এদের সকলকেই প্রজাতির মর্যাদা দেওয়া উচিত। আবার, বৃহৎ কোন বর্গের অত্তর্গত প্রজাতিগালের মধ্যে পরস্পরের সঙ্গে ঠিক একইরকম সাদৃশ্যে থাকে না। বরং বিপরীতে তাদের কোন কোন প্রজাতিকে চ্ছাট ছোট ভাগে ভাগ করে অন্য প্রজাতিগনলির চারপাশে বিনাস্ত করা যায়—ঠিক যেন গ্রহের চারিদিকে উপগ্রহ। মানবজাতি কি একটি মাত্র প্রজাতি নাকি অনেকগরেল প্রজাতির সমন্বয়— সাম্প্রতিক বছরগালিতে এ প্রশেনর মীমাংসা খঞ্জতে নৃতম্ববিদ্রা বিস্তর আলোচনা চালিয়েছেন। স্পণ্টতই তাঁরা দুটি দলে বিভক্ত হয়ে পড়েছেন—এক-প্রজাতির সমর্থক ও বহুপ্রজাতির সমর্থক। বিবর্তনবাদে যাঁরা বিশ্বাসী নন, তাঁরা প্রজাতিগ্রনিকে পূথক পূথকভাবে সূর্য জীব বলে, কিন্বা কোন-না-কোন ভাবে স্বতন্ত্র সন্ধা বলে মনে করেন। অন্যান্য জীবকে প্রজাতি হিসাবে চিহ্নিত করার জন্য সাধারণত যে পর্ম্বাত অনুসরণ করা হয়, তার সঙ্গে সাদুশ্য রেখে তাঁদের স্থির করতে হবে কোন্ কোন্ ধরণের মান্বকে তাঁরা প্রজাতি বলবেন। কিন্ত যতক্ষণ না 'প্রজাতি' শব্দটির একটা সর্বসম্মত সংজ্ঞা দেওয়া যাচ্ছে, ততক্ষণ এ ধরণের প্রয়াস অর্থাহীন। মানুষের জন্মের মতো কোন অনিণীত বিষয়কে এই সংজ্ঞার অত্তর্ভন্ত করা চলবে না। দেখা যায়, নির্দিণ্ট কোন সংজ্ঞা ছাডাই আমরা প্রির করে ফেলতে চেণ্টা করি কিছু, সংখ্যক বাডির সমণ্টিকে গ্রাম, শহর না নগর— की वला श्टा । य-अव निकट आए, भाषा का का आपा था थी, अकी, की छे-अछक আর উদ্ভিদ ষথাক্রমে উত্তর আমেরিকা ও ইউরোপে দেখা যায়, তাদেরকৈ প্রজ্ঞাতি হিসেবে বিবেচনা করা হবে না ভৌগোলিক জাতি হিসেবে—এ এক চিরম্ভন সমস্যা, আর এর মধ্যে আমাদের উপরোক্ত সমস্যারই একটা নজির খংজে পাওয়া ষায়। কোন মহাদেশের সামান্য দরের অবস্হিত বহু দীপের উভিদ ও জীবজক্ত সম্বশ্যেও একই কথা প্রয়োজা ।

অন্যাদিকে, ষ্-েসব প্রাণিতছবিদ বিবর্তনবাদে বিশ্বাসী (এখন এঁদের সংখ্যাই বেশি), তাঁরা নিঃসন্দেহে বিশ্বাস করেন যে মান্বেরে সমস্ত জাতিগন্তি একটি আদিম বংশ থেকে ক্রমবিবর্তনের মধ্যে দিয়েই গড়ে উঠেছে। এইসব জাতিক্র: মধ্যেকার পার্থক্যের মান্তা বোঝানোর জন্য তাদেরকে তাঁরা স্বতন্ত প্রজাতি হিসেবে চিন্থিত করবেন কিনা—সেটা আলাদা ব্যাপার। আমাদের গৃহপালিত বা পোষ-মানা বিভিন্ন জাতের জীবজন্তুরা একটিই প্রজাতি থেকে স্টিট হয়েছে না একাধিক প্রজাতি থেকে—সে প্রশানী একট্ব অন্যরকম। অবশ্য স্বীকার করে নেওয়াই যায় যে সমস্ত জাতিগর্বলি এবং একই বর্গের অন্তর্গত সমস্ত প্রজাতিগ্রিল একই আদিম বংশ থেকে উন্ভূত হয়েছে, তথাপি এ বিষয়টা 'নিয়ে আরও আলোচনা হওয়া দরকার। যেমন, গৃহপালিত কুকুরদের বিভিন্ন জাতির মধ্যে এখন যতটা পার্থক্য দেখা যায়, তা কি মান্যের হাতে প্রথম কোন একটি প্রজাতির কুকুরদের পোষমানার পর থেকে তারা অর্জন করেছে ? অথবা, তাদের কিছ্ব বৈশিষ্টা কি স্বতন্ত্র কোন প্রজাতির কাছ থেকে উত্তর্রাধিকার সর্ত্রে অর্জিত, যে প্রজাতিটি তারা পোষমানার আগেই তাদের থেকে আলাদা হয়ে গিয়েছিল ? অবশ্য মান্যের বেলায় এরকম কোন প্রশ্ন ওঠেনা, কারণ সে কোন একটা নির্দিশ্ট সময় থেকে গৃহবাসী হয়ে ওঠেনি।

প্রাথমিক অবস্থায় মানুষ যখন একটি মান্ত বংশ থেকে বিভিন্ন জাতিতে ভাগ হতে শ্রুর্ করেছে, তখন জাতিগ্রালির মধ্যেকার পার্থাক্য, আর সেই সঙ্গে তাদের সংখ্যাও নিশ্চয়ই কম ছিল। ফলে তাদের মধ্যে তখন পরস্পরের থেকে স্বাতশ্যমলেক বৈশিষ্ট্য এখনকার জাতিগ্রালির থেকেও কম ছিল, আর তাই তাদেরকে আলাদা আলাদা প্রজাতি হিসেবে চিহ্নিত করাটা খ্রুব যুক্তিয়াক্ত নয়। কিন্তু, 'প্রজাতি' শব্দটিকে আমরা বড় যথেচ্ছভাবে ব্যবহার করে থাকি। আদিম যুগের ঐস্বর জাতির মধ্যে যে-সব অত্যালপ পার্থাক্য ছিল, সেগ্রালি যদি এখনকার তুলনায় আরও অপরিবর্তনীয় হত এবং ঐস্ব জাতি যদি পরস্পরের সঙ্গে মিশে না ষেত — তাহলে কিছুর প্রাণিতশ্ববিদ হয়ত তাদেরকে পৃথক পৃথক প্রজাতি হিসেবেই চিহ্নিত করে দিতেন।

যদিও সম্ভাবনা দরে রহিত, তব্ব বোধহয় একেবারে উড়িয়ে দেবার নয় যে মান্বের আদি পরে পর্র্মদের মধ্যে বিভিন্ন বৈশিদেটার ক্ষেত্রে অনেক পার্থকা ছিল, এবং এই অবস্থা ততদিন পর্যাত বজায় ছিল, যতদিন না বর্তমানের যে-কোন জাতির তুলনায় তাদের⊁ পারস্পরিক বৈসাদ্শা বেড়ে উঠেছিল। কিম্তু পয়বতাকালে তাদের বৈশিদ্টাগর্ল সমধর্মী হয়ে ওঠে—বলেছেন ফগ্ংা মান্য যথন কোন বিশেষ কাজের জন্য দ্ই স্বতাত্র প্রজাতির দ্বিট বাচ্চাকে নিব্চিন করে, তখন সেই কাজের মধ্যে একসঙ্গে থাকতে থাকতে অনেক সময় তাদেরকে দেখতেও অনেকটা একরকম হয়ে য়য়। ফন নাথাসায়াস দেখিয়েছেন, দ্বিট স্বতাত্র প্রজাতির মিলনজাত

উনত জাতের শুরোরদের এটা খুব স্পণ্টভাবে চোখে পড়ে। উনতজাতের গবাদি পশ্রদের ক্ষেত্রেও এই ব্যাপারটা কিছুটা দেখা বায়। বিখ্যাত শারীরতম্ববিদ্ গ্রাটিওলেট্ বলেছেন যে অ্যান্থে_পেমরফাস জাতের বাদররা কোন আলাদা উপ-দ্রেণীর মধ্যে পড়ে না : কিল্ড ওরাং-ওটাং, শিল্পাঞ্চি এবং গরিলারা হচ্ছে ষ্পাক্তম গিবন্ বা সেম্নোপিথেকাস, ম্যাকাকাস এবং ম্যান্ড্রিল জাতের বাঁদরদের অত্যশ্ত উন্নত সংস্করণ। প্রার প্ররোপর্বার ভাবে মস্তিন্ফের গঠনভিত্তিক এই সিম্বাত্তিটিকে যদি স্বীকার করে নেওয়া হয়, তাহলে আমরা অতত বাহ্যিক বৈশিদেটার ক্ষেত্রে সমধর্মীতার একটা প্রমাণ হাতে পাই । কারণ আন্থে প্রাপমরফাস জাতের বাদরদের সঙ্গে অন্যজাতের বাদরদের যতথানি সাদৃশ্য থাকে, তার চেয়ে অনেক বেশি সাদৃশ্য থাকে তাদের পরস্পরের মধ্যে। যাবতীয় তুলনাম্লেক সাদ,শাকে, যেমন তিমি মাছের সঙ্গে কোন সাধারণ মাছের সাদ,শাকে, এই সমধর্মীতারই প্রকাশ বলে ধরে নেওয়া যায়। অবশ্য এই সমধর্মীতা শব্দটিকে কখনোই ভাসাভাসা বা অভিযোজনগত সাদৃশ্যের ক্ষেত্রে ব্যবহার করা হয় না। তবে, একেবারে পূ'থক পূ'থক প্রজাতির পরিবর্তিত বংশধরদের আকৃতিগত নানান সাদ্শ্যকে সমধর্মীতা হিস:বে দেখাতে গেলে তা নেহাতই হঠকারিতা হয়ে দাঁডায় আমরা জানি স্ফটিকের আকৃতি নিধারিত হয় তার অণুগুলির শক্তির দারা, আর অনেকসময় বিভিন্ন বিসদৃশে উপাদানও একই রকম আকার নিয়ে গড়ে ওঠে। কিশ্ত জীবজগতের ক্ষেত্রে ব্যাপারটা আলাদা। প্রতিটি জীবের আকার কেমন হবে, তা নির্ভার করে অসংখ্য জটিল সম্পর্কোর উপর, যেমন রূপোম্তরের উপর, আর এইসব সম্পর্কের কারণগালি খ'জে বার করাও অতান্ত দারহে। এগালি নির্ভার করে বজায় থাকা নানান র পাশ্তরের উপর, এইসব র পাশ্তরের বজায় থাকা আবার নির্ভার করে শারীরিক অবস্হার উপর, এবং আরও বেশি করে নির্ভার করে পরস্পরের সঙ্গে প্রতিযোগিতায় লিগু চারপাশের জীবসমূহের উপর। আর শেষতঃ তা নির্ভার করে অসংখ্য পরে পারুষের কাছ থেকে প্রাপ্ত বংশানক্রমিক বৈশিন্ট্যের উপর (এই বৈশিন্ট্য কোন অনড় ব্যাপার নয়, সারাক্ষণই তার মধ্যে নানান ওলোট-পালোট চলে)। ঐ-সব পরে'প্রের্ছদের প্রত্যেকের শারীরিক আকুতিও একইরকম জটিল সম্পর্কের মধ্যে দিয়েই নিধারিত হত। দুটি জীব র্যাদ পরস্পরের থেকে বহুলাংশে পূর্থক ধরণের হয়, তাহলে পরবর্তীকালে তাদের পরিবর্তিত আকৃতি-প্রকৃতি-বিশিষ্ট বংশধরদের সমস্ত ব্যাপারে প্রায় অভিন रुस्त छोत्र वाभावणे এकवास्त्ररे जीवन्यामा वरण भरत रस । अकरे जाला मुर्छि ভিন্ন জাতির শকেরদের সমধর্মী হয়ে ওঠার বে ঘটনার কথা উল্লেখ করা হয়েছে.. সে ব্যাপারে ফন নাথ, সায়াস জানিয়েছেন বে, এরা বে শ্কেরদের দ্বিটর অতি প্রাচীন বংশ থেকে উল্ভ, তার প্রমাণ তাদের করোটির করেকটি হাড়ের মধ্যে এখনও রয়ে গেছে। অন্যদিকে, কিছু প্রাণিতছবিদের কথামতো মানবজ্ঞাতিগ্রেলি বদি দুই বা ততােধিক প্রজাতি থেকে উল্ভ,ত হয়ে থাকে—বে প্রজাতিগ্রেলির মধ্যে ওরাংদের সঙ্গে গরিলাদের যতটা পার্থক্য, ততটা বা প্রায় ততটা পার্থক্য ছিল—তাহলে নিশ্চরই বর্তমান সময়েও বিভিন্ন জাতের মানু ছের মধ্যে কিছু হাডের গঠন-কঠামায়ে যথেন্ট পার্থক্য লক্ষ্য করা যেত।

যদিও এখনকার এই মানবজাতিগুলির মধ্যে গাতবর্ণ চল, করোটির আক্রতি দেহের অনুপাত ইত্যাদি নানা বিষয়ে পার্থক্য রয়েছে, তবুও তাদের সমগ্র গঠন-আকৃতিকে বিচার করে দেখলে অনেক ব্যাপারেই তাদের মধ্যে মধেণ্ট সাদুশ্য र्थं एक भाष्या याय । এই সাদ্দোর অনেকগ্রালিই একেবারে গ্রেছে । বা অনন্য প্রকৃতির হয়ে থাকে। ফলে, বিশ্বাস করতে কণ্ট হয় যে আদিম যুগে ভিন্ন ভিন্ন প্রজাতি বা জাতি কর্তৃক এগালি প্রথক প্রথকভাবে অজিত হয়েছিল। এই একই কথা বলা চলে পরস্পরের থেকে অত্যন্ত স্বতন্ত্র মানবজাতিগালের মধ্যে মানসিক বিষয়ের নানান সাদৃশ্য সম্বম্থেও। আমেরিকার আদিবাসী, নিগ্রো বা ইউরোপীয়ানদের পরস্পরের মধ্যেকার মানসিক পার্থক্য যে-কোন তিনটি পরেক জাতির মতোই। তাসত্তেও, 'বিগলে,' জাহাজে কিছু, ফুজিয়ানের সঙ্গে থাকার সময় তাদের দেখে আমি অবাক হয়ে গিয়েছিলাম ; তাদের অনেক ছোট ছোট মানসিক বৈশিষ্ট্য ঠিক আমাদেরই (ইউরোপীয়ানদের) মতো । এমনকি আমার পরিচিত এক নিগ্রো-যুবার সঙ্গেও আমাদের এরকম মিল আমার চোখে পড়েছে। মি: টাইলর এবং স্যার জে. লবেকের প্রবন্ধগনেল যিনি পডবেন, তিনি নিশ্চরই রুচি, মেজাজ ও অভ্যাসের ব্যাপারে সমস্ত মানবজাতিগালির মধ্যে আশ্চর্যরকমের সাদৃশ্য দেখে বিশ্মিত না হয়ে পারবেন না। তাদের আনন্দের বিষয়গ্রালর মধ্যেও এই সাদৃশ্য বর্তমান :—তারা সকলেই ষেমন নাচতে ভালোবানে, তেমনি ভালোবাসে -হান্কা গান শূনতে, অভিনয় করতে, ছবি আঁকতে, উন্দিক পরতে এবং অঙ্গসম্জার দারা নিজেদের আকর্ষণীয় করে তুলতে। এমনকি পারস্পরিক খবর আদান-প্রদানের ভাষা হিসেবে তারা যে-সব আকার-ইঙ্গিত করেও সেখানেও দেখা ষায় যে মুখের একই রকম ভঙ্গী প্রকাশ পাচ্ছে ; আনন্দ বা দৃঃথের বাহাপ্রকাশও একইরকম। এই সাদৃশ্য, বা বলা ভালো এই অভিন্নতাকে বিভিন্ন রক্ম বাদরদের বিভিন্ন রকম অঙ্গভঙ্গী ও সূখ-দুঃখের চিংকার ধর্নির সঙ্গে তুজনা করে দেখলে অবাক হতে হয়। তীর-ধন-কের প্রয়োগ-কোশল যে একই আদি পর্বেপ্রেরের কাছ থেকে

সান্ধের হাতে আসে নি, তার যথেন্ট প্রমাণ পাওরা গৈছে। তাসন্থেও দেখা ধার, ওরেন্ট্রপ ও নিলসন বেমন বলেছেন, প্রথিবীর বিভিন্ন অঞ্চল থেকে উত্থার করা বহু প্রাচীন যুগের পাওরের তীর-ফলাগুলি দেখতে প্রায় একইরকম। এই ঘটনা থেকে একথাই স্পণ্ট হয়ে ওঠে যে, বিভিন্ন জাতির মান্ধদের উত্ভাবনী শাঁৱ বা মানসিক ক্ষমতা প্রায় একইরকম হয়। প্রস্থাতবিদ্রাও প্রাচীনকালের কিছু অতি প্রচলিত অলংকার (যেমন, স্পিলাকৃতি অলংকার) ইত্যাদি সম্বত্থে এবং বিভিন্ন জাতির মধ্যে প্রচলিত নানান বিশ্বাস ও প্রথা সম্বত্থে (যেমন, মৃতদেহ কবর দিয়ে তার উপর পাথরের চড়ো নির্মাণ ইত্যাদি) একই ধারণা পোষণ করেন। মনে আছে দক্ষিণ আমেরিকাতে আমি দেখেছিলাম, এবং প্রথিবীর অন্যান্য অঞ্চলেও দেখা বায়, ক্ষরণীয় কোন ঘটনার ক্ষ্যুতি হিসেবে বা মৃতদেহ সমাধি দেওরার জন্য ঐ-সব জায়গার বাসিন্দারা সাধারণতঃ উর্চ্ব পাহাড়-চড়োর পাথরের সতন্ত তৈরী করে রাখে।

প্রাণিতত্ববিদ্রা যখন দুই বা ততোধিক জাতের গৃহপালিত প্রাণীর মধ্যে বা নিকট সম্পর্কার্ম্ভ অ-গৃহপালিত প্রাণীদের মধ্যে অভ্যাস, রুচি ও মেজাজের অসংখ্য ছোট ছোট সাদৃশ্য লক্ষ্য করেন, তখন তারা ঐ-সব সাদৃশ্যকে এইসব স্মুণবিশিষ্ট একই পূর্বেপ্রের্ম্ব থেকে এই জ্যাতিগৃহ্লির উন্ভতে হওয়ার যুদ্ধি হিসেবে ব্যবহার করেন। আর তাই এদের সকলকেই তারা একটি মান্ত প্রজাতিরই অন্তভর্ম্ভ বলে মনে করেন। মানবজ্যাতিগৃহ্লির ক্ষেত্রে এ-কথা আরো বেশি করে সতিয়।

বিভিন্ন মানবজাতির দৈহিক আকৃতি ও মানসিক বৃত্তির মধ্যে (একই রকম প্রথার কথা এখানে বলছি না) অসংখ্য দ্বন্ধপ গ্রের্ছসম্পন্ন যে-সব সাদৃশ্য চোখে পড়ে, সেগনাল বে প্রত্যেকটি জাতি আলাদা আলাদাভাবে অর্জন করেছিল—তা মেনে নেওয়া যায় না । এই বৈশিষ্ট্যগর্নাল (দ্বন্ধপ গ্রের্ছের সাদৃশ্য) তারা তাদের পর্বেপ্রর্ছদের কাছ থেকেই বংশগতভাবে লাভ করেছে । এভাবেই আমরা প্রথিবীর বৃত্তে ক্রমশ ছড়িয়ে পড়বার আগে মান্যের প্রাথমিক অবস্থা সম্বশ্যে একটা ধারণা করতে পারি । বিভিন্ন সম্বদের তারে তারে ছড়িয়ে পড়ার ফলে দ্বতর ব্যবধান যে বিভিন্ন জাতির মধ্যে বিপত্তা পার্থক্যের জন্ম দেয় । তা না হলে একই জাতির মান্যদের হয়ত নানান মহাদেশেই বসবাস করতে দেখা যেত । কিন্তু তা দেখা যায় না । স্যার জে. লবুবক্ প্রথিবীর সমন্ত অঞ্চলের বন্য জাতিগ্রালর মধ্যে প্রচলিত কলা-কোশলগ্রেলর তুলনা করে দেখানোর পর সেই সব কোশল-গ্রালকে চিভিত করতে পেরেছেন, বেগনিল মান্য তার আদি বাসক্যান

एरए याख्यात সময় পর্য'শ্ত জানত না। কারণ এগ**্রাল** একবার শিখ**লে ভূলে বাওরার**: कान शन्नहे थ्ये ना। महेबना मात्र न्यक् वरमहान, वर्गा या हरू महास्मा-মুখ ছোরার উন্নত সংস্করণ এবং মাথাওয়ালা ভারী দণ্ড যা আসলে দীর্ঘ হাতল-ব্যক্ত হাতুড়িরই উন্নত সংস্করণ—আদি বাসস্হান ছেড়ে যাওয়ার আগে মাত্র এই पर्हि উপকরণেই অভাস্ত ছিল মানুষ।" অবশ্য তিনি স্বীকার **করেছেন যে** সম্ভবত আগনে জনালানোর কোশলও ততদিনে মান্য শিখে নিয়েছিল, কারণ বর্তমানের সমস্ত জাতিই আগান জনলাতে জানে, এমনকি ইউরোপের প্রাচীন भूरावामीत्मत्रथ এই विमारि जाना हिल । काञ्च-हालाता गाहित एपछा वा एजा বানাবার কোশলও সম্ভবত তাদের আয়বে ছিল। কিন্তু সেই স্থদরে যুগে অনেক জায়গারই ভ্রমিতল ঠিক আজকের মতো ছিল না, ফলে অনেক সমরই তারা ডোঙার সাহায্য ছাডা কেবল পায়ে হে°টেই বিভিন্ন অণলে ছডিয়ে পডতে পেরেছিল वर्रम मत्न रहा । माह्र रक्षः मानुकः आरहा वर्रमण्डनः य कथारो यरकवारहरे अवाष्ट्रव ষে আমাদের আদি পরে পুরুষেরা নাকি "দশ (সংখ্যা) অবধি গ্রণতে পারত, কারণ এখনও পর্য^কত অনেক জাতির লোকজনেরা চারের বেশি গণেতে পারে না।'' তাসক্তেও, সেই প্রাচীন যুগে মানুষের মননগত ও সামাজিক গুণগুলি আজকের **फिरनंत्र** निष्नज्ञ म्लद्धत वना ज्ञाजिश्चीलंत ज्ञानात थ्व वक्षे निकृषे मात्नत ছিল না। অন্যথায় তাদের পক্ষে জীবন-সংগ্রামে এত সাফল্য লাভ করা স**দ**ভব ছিল না, আর তাদের দ্রুত ও ব্যাপক ভাবে ছড়িয়ে পড়ার মধ্যে সেই সাফল্যেরই প্রমাণ পাওয়া যায়।

কতকগৃলে ভাষার মধ্যেকার মৌলিক পার্থকা বিচার করে কিছু ভাষাতত্ববিদ এই সিম্পাশেত উপনীত হয়েছেন যে, মানুষ যখন প্রথম ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছিল, তখন সে কথা বলতে জানত না। তবে এ কথা মনে করার মতো কারণও আছে যে, এখনকার যে-কোন ভাষার তুলনায় একেবারে প্রাথমিক স্তরের হলেও, ভাদেরও একটা ভাষা ছিল, যা তারা ব্যবহার করত বিভিন্ন অঙ্গভঙ্গী সহযোগে, আর তাসত্তেও সেই ভাষা পরবর্তীকালের উন্নভতর ভাষাগৃলির উপর কোন ছাপ ফেলে নি। যত প্রাথমিক স্তরেরই হোক না কেন, কোন একটা ভাষার অস্তিত্ব না থাকলে সেই সুদ্রে অতীতে মানুষ প্রাণীজগতের সর্বোচ্চ আসনে আরোহন করতে পারত কি না—সে বিষয়ে সম্পেহের অবকাশ আছে।

আদিম মানুষ যখন মোটাদাগের কয়েকটি মাত্র কোঁশল আয়ন্ত করেছিল এবং যখন তার ভাষা ছিল একেবারেই প্রাথমিক স্তরের—তখনকার সেই অবস্হায় তাকে আদৌ মানুষ বলা বাবে কি না,তা সম্পূর্ণ নির্ভার করছে আমরা কোন্ সজ্ঞো

ব্যবহার করছি, তার উপর। বাদর-সদৃশ জীব থেকে ধীরে ধীরে উন্নত হতে হতে ঠিক কখন সে এমন অকহায় এসে পে'ছোল যখন থেকে তাকে "মান্তর" নামে অভিহিত করা যাবে, তা বলা নিতাশ্তই অসম্ভব। তবে, এ আলোচনা এখানে খ্ব একটা গরেত্বপূর্ণে নয়। একথা আবার বলছি, তথাক্ষিত মানবজাতিগ্রালিকে জাতিই (Race) বলা হবে, নাকি তাদেরকে প্রজাতি (Species) বা উপজাতি (Subspecies) নামে চিহ্নিত করা হবে—তাতে কিছ, যায় আসে না। তবে, 'উপ-প্রজাতি' শব্দটিই এক্ষেত্রে বেশি ব, বিষয়ুক্ত। তাহলে আমরা এই সিম্বান্তে আসতে পারি যে, বিবর্তনবাদ যখন সাধারণভাবে স্বীকৃত হয়েছে (আশাকরি ভবিষ্যতে আরো বেশী স্বীকৃতি পাবে), তখন নিশ্চয়ই মানবজাতিগুলিকে একটিমার প্রজাতি হিসেবে দেখার মতাবলম্বী আর তাদেরকে ভিন্ন ভিন্ন প্রজাতি হিসেবে দেখার মতাবলম্বীদের মধ্যেকার বিবাদ আপনা থেকেই মিটে বাবে। আরো একটা প্রশনকে এড়িয়ে গেলে চলবে না । প্রশনটা হল —মানুবের প্রত্যেকটা উপ-প্রজাতি বা জাতি একজেড়া আদি মানব-মানবী থেকে স্কৃতিই হয়েছে কি না। আমাদের পোষা জীবজন্তুদের ক্ষেত্রে কোন একটি জোডের থেকে উন্তত্ত তারতম্যব্যন্ত দুটি দ্বী-পুরুষকে সতর্কভাবে বেছে নিয়ে তানের মধ্যে মিলন ঘটালে. অথবা এমনকি নতন ধরণের কোন বৈশিষ্ট্যসমন্বিত একটিমান্ত প্রাণী থেকেও, একটা নতুন জাতি সহজেই স্'ণ্টিকরা যেতে পারে। কিল্ডু অধিকাংশ মানবঙ্গাভি সচেতন-ভাবে নির্বাচিত কোন স্ফী-পুরুষের জোড় থেকে স্কৃষ্টি হয় নি, স্কৃষ্টি হয়েছে বহু নরবা নারীকে অসচেতনভাবে টিকিয়ে রাখার ফলেই, ষাদের পরস্পরের মধ্যে কিছু কিছু প্রয়োজনীয় বা বাছনীয় পার্থ ক্য ছিল। যদি এমন হয় যে একটি দেশের জল-হাওয়া বড আর তেজী ঘোড়ানের পক্ষে দারুণ উপযুক্ত, এবং অন্য একটি নেশের জল-হাওয়া ছোট মাপের রোগা-পাতলা ঘোডানের পক্ষে উপযান্ত, তাহলে কালক্রমে দুটি পূথক উপ-প্রজাতির সূদি হবে, আর তা সূদি করার জন্য এই উভয় দেশের কোনটিতেই একটিও স্ত্রী-পরেষ জোড়কে আলাদা করে নিয়ে তাদের থেকে আলাদা করে বাচ্চার জন্ম দেওয়ার প্রয়োজন হবে না। অনেক জাডিই এইভাবে সূ ি ইয়েছে, আর তাদের এই গড়ে ওঠার প্রক্রিয়ার সঙ্গে স্বাভাবিক প্রজাতিগালের গড়ে ওঠার ঘনিষ্ঠ সাদৃশ্যে আছে। আমরা এ-ও জানি যে, যে-সব ঘোডাকে ফক ল্যান্ড দীপপুঞ্জে নিয়ে যাওয়া হয়েছিল, তাদের পরবর্তী প্রজন্মগুলি ক্রমে ক্রমে হুস্বাকার ও দূর্বল হয়ে পড়েছিল, আর ষে-সব ঘোড়ারা পালিরে গিয়েছিল দক্ষিণ আমেরিকার তৃণভূমিতে, তাদের উত্তরপুরুষ ক্রমে ক্রমে লাখা-চওড়া এবং বড় ধরণের মাথার হরে উঠেছিল। স্পণ্টতঃই বোকা বায়, এ ধরণের

পরিবর্তন কোন একটা মাত্র স্থা-পরের জোড়ের থেকে ঘটতে পারে না। আসলে প্রত্যেকটি ঘোড়া একই প্রাকৃতিক পরিবেশের আওতার গিয়ে পড়েছিল, আর সেই সচ্ছেবত কাজ করেছিল প্রেবিস্থার প্রত্যাবর্তনের নাঁতি—তাই ঘটেছিল ঐ পরিবর্তন। এই ধরণের ঘটনার যে নতুন উপ-প্রজাতিগ্রাল স্থাটি হয়, তারা কোন একটিমাত্র স্থাী-প্রের্থ জোড়ের বংশধর নয়, বয়ং তারা হচ্ছে, একইরকম আচরণবিশিণ্ট অথচ অন্যান্য নানা ধরণের পার্ধকায়ত্ত্ব বহু প্রাণীষ্গলের বংশধর। এইসব প্রমাণের আলোয় দাঁড়িয়ে আমরা এই সিম্বান্তে আসতে পারি য়ে, মানুষের বিভিন্ন জাতিগ্রালও এই একইভাবে গড়ে উঠেছিল, এবং তাদের নানান পরিবর্তন হয়েছিল ভিন্ন ভিন্ন পরিবেশে বসবাসের প্রতাক্ষ ফলাফল, অথবা কোন-না-কোন ধরণের প্রাকৃতিক নির্বাচনের পরোক্ষ ফলন্বর্প। এই শেষোন্ত বিষয়টা নিয়ে একট্র পরে আমরা কিছু আলোচনা করব।

বিভিন্ন সানবজাভির বিলুপ্তি প্রসঙ্গে: ইতিহাসের গতিপথে বহু জাতি ও छेन-काण्य वार्शनक वा भ्राताभावि विकाशि वाववाबरे चर्णेटर । शामा वान्य দক্ষিণ আমেরিকায় একটি তোতাপাখি দেখেছিলেন । ঐ তোতাপাখিটি এমন এক মানবগোষ্ঠীর ভাষায় কথা বলত, যে ভাষায় কথা বলার জন্য একমাত্র ঐ পাখিটি ছাড়া আর একজন মানুষও জীবিত ছিল না। অর্থাৎ, পুরোপারি বিলয়েও হয়ে গিরেছিল গোণ্ঠীটি। প্রথিবীর সর্বন্তই অনেক প্রাচীন স্মৃতিস্তম্ভ ও পাথুরে ষন্ত্রপাতির সম্থান মেলে, যেগ, লি সম্বদেধ ঐ-সব অঞ্চলের বর্তমান অধিবাসীর। किছार स्नात ना। এই घटनात मस्याउ भारता व्यत्नक स्नाजित विलाश रहा বাওয়ার ছবিই ফটে ওঠে । পূর্বতন বিভিন্ন জাতির কিছু ছোট ছোট ও খণ্ডিত গোষ্ঠী আজও অনেক দুর্গম ও পাহাড়ী অঞ্চলে বসবাস করে। শ্যাফ্রউসেন বলেছেন, "ইউরোপের সমস্ত প্রাচীন জাতিগুলিই আজকের দিনের নিন্নতম মানের বনাদের থেকেও অনুদ্রত ছিল।" তাহলে ধরেই নেওয়া বায় যে আজকের দিনের ষে-কোন জাতির সঙ্গে তাদের কিছুটা পার্থক্য ছিলই। লো আইজি থেকে পাওয়া কিছা খাংসাবশেষের বিবরণ দিয়েছেন অধ্যাপক ব্রকা। দুর্ভাগ্যবশত, এই धदरमायरमधरानि मुम्छ्यछ कान এकोंग्रेमा शित्रवास्त्रत्र यस्त्रे श्रजीव्रमान इत्र । কিল্ড ভালবেও ঐ ধ্বংসাবশেষ থেকে বোঝা ষায় যে, সেখানে একটাই জাতি বসবাস করত যাদের মধ্যে একই সঙ্গে অত্যত নিম্নমানের এবং উচ্চমানের বৈশিষ্ট্য বিদ্যমান ছিল। এই জাতিটি "আমাদের জানা প্রাচীনকালের বা जार्यानक युरावत ख-रकान ङाण्डित थारक এरक्यात्तरे वामामा।" व्यक्त्यन, ভ্-গঠনের চতুর্ধ বৃপে (quaternary) বেলজিয়ামে বে গ্রেয়বাসী জাতির

অস্তিৰ ছিল, তাদের থেকেও এরা আলাদা।

নিজের অন্তিষের পক্ষে অত্যত প্রতিকলে অকস্থার মধ্যেও মান্র দীর্ঘাদন টিকে থাকতে পারে। উত্তরমের্র মত প্রতিকলে অগলেও সে দীর্ঘাদন ধরে বজার রেখেছে নিজের অন্তিক, যেখানে তার ডিঙি বা যম্প্রণাতি বানানোর জন্য না ছিল কোন কাঠ, জনালানী বলতে শুখু তিমি বা সীলমাছের চার্বা, আর একমান্র পানীয় হচ্ছে গলানো ত্বার! আমেরিকার স্থারে দক্ষিণাগুলের মতো জায়গায় ফুজিয়ানরা টিকে থেকেছে পোশাক ছাড়াই, কোনরকম ঘরবাড়ি ছাড়াই। দক্ষিণ আমিকার আদিবাসীরা ঘুরে বেড়ার বিস্তীণ উষর প্রাম্তর জ্বড়ে, যেখানে পদে পদে হিংপ্র জীবজম্বুর নিয়ত আনাগোনা। হিমালয়ের কোল-ছোয়া ভয় জড়ানো তরাই অগল কিম্বা ক্রাম্ভীর আমিকার মারায়ক উপকলে এলাকা—সর্বন্তই, মান্য টিকে থাকতে পারে।

প্রধানত গোণ্ঠীতে এবং জাতিতে জাতিতে প্রতিষদ্বিতার ফলেই বিলাপি বটিছে বিভিন্ন মানবজাতির। প্রথিবীতে এমন কিছা বাধা-বিপত্তি সর্বদাই কাজ করে চলে, ষেগালি কোন বন্য জাতিদের জনসংখ্যাকেই খাব বেশি বাড়তে দেয় না। ষেমন—কয়েক বছর অশ্তর অশতর দাভিশ্ব, যাযাবর স্বভাব এবং তার ফলস্বর্পে শিশামাত্যু, শিশানের দীর্ঘদিন ধরে স্তন্যপান (ফলে পরবর্তী শিশা জন্মতে বিকশ্ব হয়), যাখ, দাঘটিনা, অস্তুন্ততা, বহুগামীতা, নারীহরণ, শিশাহত্যা, এবং বিশেষত দাবল প্রজনন ক্ষমতা। এগালির মধ্যে কোন একটি বিষয়ও যদি কিছাটো জোরদার হয়ে ওঠে, তৎক্ষণাৎ উদ্দিন্ট গোষ্ঠীটির জনসংখ্যা কমতে শারা করে। বখন পাশাপাশি অভ্যলে বসবাসকারী দাটি গোষ্ঠীর মধ্যে একটির লোকবল ও শান্ত অপরটির থেকে কমে যায়, তখনই শারা হয় যাখ, হত্যা, নরমাংসভক্ষণ, দাস বানানো এবং একটি গোষ্ঠীর মধ্যে অপর গোষ্ঠীটির অঙ্গীত্ত হয়ে যাওয়ার মধ্য দিয়ে দাত নিম্পত্তি ঘটে প্রতিষদ্বিতার। কিশ্বা কোন দাবলিতর গোষ্ঠী যদি এভাবে অপর কোন গোষ্ঠীর ঘায়া নিশ্চিছ না-ও হয়ে যায়, তাহলেও একবার হ্রাস পেতে শারা করলে ধারে ধারে থকসময় গোষ্ঠীটি আপনা থেকেই বিলাপ্ত হয়ে যায়।

স্থসভ্য জাতিগন্ত্রির সঙ্গে বর্বার জাতিদের সংঘাত বাধলে সে সংঘাতের নিম্পত্তি হতে বেশি সময় লাগে না, জয়ী হয় স্থসভ্য জাতিগন্ত্রিই—যদি না সেই বর্বার জাতির বাসভ্যমির প্রতিক্লে জলবায় তাদেরকে একটা বাড়াত স্থাবিধে যোগায়। স্থসভ্য জাতিগন্ত্রির জয়লাভের পিছনে যে-সব কারণ কাজ করে, তার মধ্যে কয়েকটি নিতাত্তই সাদামাটা, আবার কয়েকটি খ্রই জটিল আর দুর্বোধ্য।

ষেমন, জমিতে কৃষিকাজ শ্রের করা হলে সেটা অ-সভ্য জাতিগালির পক্ষে একটা সর্বনাশা ব্যাপার হয়ে দাঁড়ায়, কেননা তারা নিজেদের অভ্যাস পাদ্টাতে পারে না বা পাণ্টাতেও চায় না। কোন কোন ক্ষেত্রে নতুন কিছু, রোগ আর ক্ষভ্যাসও তাদের অস্তিত্বের পক্ষে অত্যাত ক্ষতিকর বলে প্রমাণিত হয়েছে। দেখা গেছে. এদের মধ্যে নতুন কোন রোগ ছড়িয়ে গড়লে সেই রোগের আক্রমণে জনীবনহানির भংখ্যা বেড়েই **চলে,** আর ঐ রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা যাদের সবচেয়ে বেশি, তারা সবাই মারা না-যাওয়া পর্য'ত এই মরণ-দৌড় বন্ধ হয় না। চোলাই মদের ক্ষতিকর প্রভাবেও একই ঘটনা ঘটতে পারে, কারণ বহু, অ-সভ্য জাতির মধ্যেই এই চোলাই মদ সম্বন্ধে একটা অদম্য আসন্তি থাকে। তাছাড়াও দেখা গেছে (ব্যাপারটা বেশ রহস্যময়ই বটে) দুটি স্বতন্ত্র এবং ভিন্ন ভিন্ন অঞ্চলে বসবাসকারী জাতির মধ্যে প্রথম মিলন ঘটার পর তাদের মধ্যে নানান অস্থ্য মাথাচাড়া দেয়। মিঃ স্প্রোট. যিনি ভ্যাণ্কুবার দীপপুঞ্জে এই বিলুপ্তির বিষয়টাকে খণিটয়ে পর্যবেক্ষণ করেছিলেন, তিনি বলেছেন—ঐ দীপপুঞ্জে ইউরোপীয়রা অনুপ্রবেশ করার পর থেকেই ওখানকার বাসিন্দাদের বিভিন্ন অভ্যাস বদলাতে শুরু করে, আর তার ফলে দেখা দেয় রোগ, স্বাস্হাহানি। তাছাড়া তিনি আপাতভাবে 👳 এই কারণটার উপরও বথেণ্ট গরেত্বে দিয়েছেন যে সেখানকার আদি বাসিন্দারা ''তাদের চারপাশে এক নতন জীবনের ছাপ দেখে হতচকিত ও স্হালবাুশি হয়ে পড়েছিল: কোন কিছুরে জন্য চেণ্টা করার প্রেরণাটাই হারিয়ে ফেলেছিল তারা, আর তার জায়গায় অন্য কোন নত্ন প্রেরণার সম্পানও পার্যান।''

একটা জাতি সভ্যতার কোন স্তরে আছে, তা অন্যান্য জাতির সঙ্গে প্রতিষ্টিশ্বতায় তার জয়লাভের একটা গ্রেশ্বপূর্ণে উপাদান। মাত্র করেকশ বছর আগেও ইউরোপীয়রা প্রাচ্যের বর্বর জাতিগ্র্নির আকস্মিক আরুমণের ভয়ে সম্প্রত থাকত। কিন্তু আজ এরকম ভীতি নেহাতই হাস্যকর। আর একটা ব্যাপারও লক্ষ্য করার মতো। মিঃ বেগ্হেট দেখিয়েছেন যে আজকের দিনে অ-সভ্য লাতিগ্র্নিল আধ্যানক সভ্য জাতিগ্র্নির কাছে যত সহজে পরাভ্তত হয়, প্রাচীন আমলের সভ্য জাতিগ্র্নিলর (classical nations) কাছে কিন্তু তারা তত সহজে পরাভ্ত হত না। তা যদি হত, তাহলে সে আমলের নীতিবিদরা এ বিষয়ে কিছু চিন্তা-ভাবনা নিন্দয়ই করতেন। কিন্তু ধরংসোলম্খ বর্বরদের সম্বন্ধে তথনকার কোন লেখকের রচনাতেই কোনরকম বিলাপ ফুটে ওঠেনি বহুক্ষেটেই দেখা গেছে, কোন জাতির বিলুপ্ত হয়ে যাওয়ার পিছনে সব্থেকে গ্রেশ্বপ্রণ কারণ হিসেবে কাজ করেছে দুর্বল প্রজননক্ষমতা আর ভন্ননাচ্ছা, বিশেষত

শিশ্বদের ভণনম্বাস্থ্য। এগালের পিছনে আবার কাজ করে জীবনষাপনের অবস্হার পরিবর্তান, এমনাক সেই নতুন অকহা তাদের পক্ষে ক্ষতিকর না হলেও ফলটা একই হয়। এই বিষয়টির প্রতি আমার মনোযোগ আকর্ষণ করার জন্য এবং এ-ব্যাপারে আমাকে অনেক তথ্য সরবরাহ করার জন্য আমি মিঃ এইচ. এইচ. হাওয়র্থ-এর কাছে ঋণী। নিমালিখিত ঘটনাগ্রালির কথা আমি সংগ্রহ করেছি। ইংরেজরা যথন প্রথম তাসমানিয়ায় উপনিবেশ স্হাপন করে, তথন তাসমানিয়ার জনসংখ্যা ছিল কারো কারো মতে প্রায় ৭ হাজার, আবার কারো কারো মতে প্রায় ২০ হাজার। মলেত ইংরেজদের সঙ্গে যুখে আর তাছাড়া নিজেদের মধ্যে शनाशीन कतात करल राज्यानकात जनमध्या किन्द्रिम्टनत मसारे यून करम यात्र । সমশ্ত উপনিবেশিকরা মিলে একসময় তাসমানিয়ার মানুষদের নিবিচারে হত্যা করতে শুরু করে। এই ঘটনার পর ওথানকার অবশিষ্ট বাসিন্দারা যখন সরকারের কাছে আত্মসমর্পণ করে, তখন তাদের সংখ্যা এসে দীডিয়েছিল মাত্র ১২০ জনে। ১৮৩২ সালে এদেরকে ফিন্ডার্স দীপপুঞ্জে পাঠিয়ে দেওয়া হয়। তাসমানিয়া ও অন্টোলয়ার মাঝামাঝি জায়গায় অবস্থিত দীপপঞ্জেটি চাল্লিশ মাইল লম্বা আর বারো থেকে আঠারো মাইল চওডা। জায়গাটা এর্মানতেই দ্কাস্থকর, তাছাড়া সরকার ঐ-সব মান,মদের ভালভাবে থাকার ব্যবস্থাও করে দিয়েছিল। কিন্ড তাসত্বেও তাদের শরীর দূর্ব'ল হয়ে পড়তে শুরু করে। ১৮৩৪ সালে তাদের লোকসংখ্যা দাঁড়ায় (বনউইক্-এর হিসেব অনুষায়ী) সাতচন্লিশ জন প্রাপ্তবয়স্ক পুরুষ, আটচন্দিল জন প্রাপ্তবয় কা নারী আর বোলটি শিশুতে, অর্থাৎ মোট ১১১ জনে । ১৮৩৫ সালে এই সংখ্যা নেমে আসে ১০০ জনে । যেহেতু তাদের সংখ্যা অতি দ্রত কমে আসছিল, এবং যেহেতু তারা নিজেরা মনে করত যে অন্য কোথাও থাকলে তারা এত দ্রুত শেষ হয়ে যেত না—তাই ১৮৪৭ সালে তাদেরকে পাঠিয়ে দেওয়া হয় তাসমানিয়ার দক্ষিণ প্রাণ্ডস্হ অয়েন্টার খাঁড়ি অঞ্চলে। সেই সময় (২০ ডিসেম্বর, ১৮৪৭) তাদের লোকসংখ্যা ছিল চোন্দজন পরেষ, বাইশ জন নারী আর দশটি শিশ;। কিন্তু এই স্থান পরিবর্তনের ফলে তাদের কোন नाच्छे रम ना। दाश यात मृजा जातन महा नात्म र तार्शरे तरेन हाहाह महा। ১৮৬৪ সালে এসে এদের মধ্যে সাকুল্যে বে চৈ ছিল মাত্র একজন পরেষে (যে ১৮৬৯ সালে মারা যায়) আর তিনজন বর্ষীয়সী মহিলা। সকলকার স্বাস্হ্য ভেঙে পড়া, মৃত্যু—এ-সবের থেকেও গ্রেম্বপণে কারণ ছিল নারীদের বিশাস । অফ্রেন্টার খাড়ি অঞ্চলে যখন মাত্র ন'জন্য নারী জীবিত ছিল, সেই সময় অরা মি: বন্উইক্কে বলেছিল যে তাদের মধ্যে মাত্ত দু'জন জীবনে সন্তানধারণ

করেছে; আর ঐ দ্বন্ধন মিলে মান্ত তিনটি সম্তানের জন্ম দিতে পেরেছিল।
এই ধরণের অম্বাভাবিক ঘটনার কারণ কী, তা বলতে গিয়ে ডঃ স্টোরি মম্তব্য
করেছেন যে ঐ অপলের আদি বাসিন্দাদের সভা করে তোলার চেন্টা করার ফলেই
তাদের মধ্যে মৃত্যুর হার অত বেড়ে উঠেছিল। "যদি তাদেরকে নিজেদের অভ্যাস
মতো অবাধে ঘ্রে বেড়াতে দেওয়া হত, তাহলে তারা আরও বেশি সম্তানের
জন্ম দিতে পারত এবং তাদের মৃত্যুর হারও অনেক কম হত।" আদি বাসিন্দাদের
জীবনের আর একজন মনোযোগী পর্যবেক্ষক মিঃ ডেভিস বলেছেন, "এদের
জম্মের হার কম আর মৃত্যু অসংখ্য। হয়ত এর একটা বড় কারণ হল তাদের
বসবাসের অবস্হার ও খাদ্যের পরিবর্তন। কিন্তু ভ্যান ডিয়েমেন্স্ললাম্ভের
মলে ভ্রেণ্ড থেকে তাদের নির্বাসন আর তার ফলন্বর্পে তাদের মনোবল ভেঙে
পড়াটা ছিল আরও গ্রের্ভ্রেশ্রেণ কারণ" (বন্টেইক্)।

অস্টেলিয়ার একেবারে দ্বিপ্রাশ্তের দ্বিট জায়গাতেও একই ঘটনা দেখা গিয়েছিল। ই স্থাসিম্ব অভিযাতী মিঃ গ্রেগারী, মিঃ বন্উইক্কে বলেছিলেন যে কুইন্সল্যাণ্ডে "কুম্বাঙ্গদের মধ্যে সম্তান জম্মের হার খ্বই কমে গেছে, এমনকি একেবারে হাল আমলে যে-সব জায়গায় বসতি গড়ে উঠেছে, সে-সব জায়গাতেও। ফলে, এবার এরা ধীরে ধীরে বিল্পে হতে শ্রুর করবে।" শার্কস্ উপসাগর অঞ্লের যে তেরো জন আদিবাসী মার্চিন্সন নদীর পাম্ববতা অঞ্লে বসবাস করতে গিয়েছিল, তাদের মধ্যে বারোজনই মাত্র তিন মাসের মধ্যে ক্ষয়রোগে আক্রান্ত হয়ে মারা যায়।

মিঃ কেণ্টন তাঁর একটা স্থালিখিত প্রতিবেদনে নিউজিল্যাণ্ডের মাওরিদের জনসংখ্যা কমে আসার ব্যাপারটা নিয়ে বিশদভাবে আলোচনা করেছেন। তাঁর ঐ প্রতিবেদন থেকেই নিম্নালিখিত যাবতীয় তথ্য সংগৃহীত হয়েছে (শুখ্র একটি তথ্য ছাড়া)। ১৮০০ সালের পর থেকেই যে তাদের সংখ্যা ক্রমাগত কমে চলেছে, তা প্রত্যেকই স্বীকার করেছেন—এমনকি ওখানকার বাসিন্দারা পর্যণত। আর এই কমে যাওয়ার প্রক্রিয়া লাগাতারই চলছে। ওখানকার বাসিন্দাদের মধ্যে প্রকৃত লোকগণনার কাছু আজ পর্যণত চালানো না গেলেও, বেশ কিছু জেলার অধিবাসীরা নিজেরাই কিছু হিসেব হাজির করেছে। এইসব হিসেব যথেটেই নির্ভর্বেয়াগ্য। এ থেকে দেখা যায়, ১৮৫৮ সালের আগের চোন্দবছরে তাদের জনসংখ্যা হ্রাস পেয়েছিল ১৯-৪২ শতাংশ। ওখানকার অনেক গোষ্ঠী পরন্পরের থেকে প্রায় একশ মাইল দরের দরের বসবাস করত—কেউ থাকত সমন্ত উপক্লে, কেউ বা উপক্লে থেকে দরে। তাদের জীবনযাপনের উপক্লে, আর আচার-

অভ্যাসের মধ্যেও কিছুটা পার্থক্য ছিল। ১৮৫৮ সালে এনের মোট জনসংখ্যা ছিল মোটাম টি ৫৩ হাজার ৭০০ জন। তার চোন্দ বছর পরে, ১৮৭২ সালে, আবার গণনা করা হয়। দেখা যায়, লোকসংখ্যা এসে দাডিয়েছে মাত্র ৩৬ হাজার ৩৫৯ জনে, অর্থাং লোকসংখ্যা হ্রাস পেয়েছে ৩২.২৯ শতাংশ। এর পিছনে বে ষে কারণ থাকতে পারে, যেমন নতুন নতুন রোগ, নারীদের ব্যক্তিচার, অত্যথিক স্থরাসন্তি, যুস্থ ইত্যাদি—এ-সব নিয়ে বিশদভাবে আলোচনা করে মিঃ ফেন্টন वलाएक य के विश्वान हारत लाकमरथा। कर्म बाख्यात विषयोगक क्षेत्रम कारण দিয়ে ব্যাখ্যা করা যায় না। যথেণ্ট যুক্তির উপর দাঁড়িয়ে তিনি সিন্ধাশ্ত করেছেন, নারীদের বংধ্যাত্ম এবং অঙ্গবয়সী বাচ্চাদের অত্যধিক পরিমাণে মারা যাওয়াই হচ্ছে এর মলে কারণ। এর প্রমাণ হিসেবে তিনি দেখিয়েছেন যে, ১৮৪৪ সালে বেখানে প্রতি ২০৫৭ জন প্রাপ্তবয়স্ক পিছু একজন করে অপ্রাপ্তবয়স্ক ছিল, সেখানে ১৮৫৮ সালে সংখ্যাটা নেমে এসেছিল প্রতি ৩-২৭ জন প্রাপ্তবয়স্ক পিছ. একজন করে অপ্রাপ্তবয়স্কে। প্রাপ্তবয়স্কদের মৃত্যুর হারও ছিল খুবই বেশি। নারী-পরেবের সংখ্যাগত অসমতাকেও তিনি লোকসংখ্যা কমে যাওয়ার একটা কারণ रित्रात छेल्नथ करत्राह्म । कमना के अन्नल प्रारात जुनमात्र प्राराह्म विना জন্মাত। এই শেষোক্ত বিষয়টা নিয়ে পরবর্তী কোন পরিচ্ছেদে একেবারে ভিন্ন দৃণ্টিকোণ থেকে আলোচনা করার চেণ্টা করব। নিউজিল্যান্ডে লোকসংখ্যা কমে যাওয়া আর আয়ার্ল্যাণ্ডে লোকসংখ্যা বেড়ে যাওয়া—এই দুটো ব্যাপারকে স্বিস্ময়ে তলনা করেছেন মি: ফেণ্টন। এই দুটো দেশের জলবায়ুর মধ্যে পার্থ ক্য খুব সামান্যই, আর দুই দেশের বর্তমান বাসিন্দাদের আচার-অভ্যাসও ज्यत्नकरो अक्टेंतकम । मार्शतता निष्कताहे "यत्म य जापत कराशाश्वित अकरो। কারণ হল নতুন ধরণের খাদ্য আর পোশাক চালঃ হওয়া, এবং তার সঙ্গে তাল মিলিয়ে বিভিন্ন অভ্যাসের পরিবর্তন ঘটা।" অবস্থার পরিবর্তন প্রজননক্ষমতার উপর কতটা প্রভাব ফেলে, তা বিশেষণ করে দেখলে বোঝা যায় যে তাদের ধারণায় मुच्चिक कान जून तारे। এमের লোকসংখ্যা হ্রাস পেতে শুরু করে: ৮৩০ থেকে ১৮৪০ সালের মধ্যে। মিঃ ফেণ্টন দেখিয়েনে, শস্যকে (ভূটা) অনেককণ জলে ভিজিয়ে রেখে তা দিয়ে পচে-ওঠা খাদ্য বানানোর কৌশল তারা ১৮৩০ সাল নাগাদই আবিষ্কার করেছিল এবং ব্যাপাকভাবে কাজে লাগাতে শরে, করেছিল। এ থেকে বোৰা যায়, নিউজিল্যাণ্ডে যখন মাত্র অম্প কিছু ইউরোপিয়ান গিয়ে বসবাস করতে শরে করেছিল, তখন থেকেই ওখানকার আদি বাসিন্দাদের মধ্যে দেখা দিরেছিল একটা অভ্যাসগত পরিকর্তন। ১৮৩৫ সালে আমি যখন বে অফ

আইল্যান্ডস-এ যাই, তখনই দেখেছিলাম যে সেখানকার বাসিন্দাদের পোশাক আর খাদ্যের বিপত্ন পরিবর্তন ঘটে গেছে। তারা তখন আল্র, ভূটা আর অন্যান্য কৃষিজ ফসল উৎপন্ন করত, এবং ইংরেজদের বিভিন্ন পণ্য ও তামাকের সঙ্গে সেইসব ফসলের বিনিময় করত।

বিশপ প্যাটেসন্-এর বিভিন্ন বস্তব্য থেকে স্পণ্টভাবেই বোঝা যায় যে, নিউ হেরাইড এবং তার সামহিত দীপগন্ধার মেলানেশিয়ানদের ধর্ম-প্রচারক হিসেবে প্রশিক্ষিত করে তোলার উদ্দেশ্যে নিউজিল্যান্ড, নরফোক দীপপন্তা এবং অন্যান্য স্বাস্হ্যকর স্থানে পাঠিয়ে দেওয়ার পর তাদের স্বাস্হ্য অত্যন্ত খারাপ হয়ে পড়েছিল।

স্যান্ডউইচ দ্বীপপর্ঞের আদি বাসিন্দাদের সংখ্যা হ্রাস পাওয়ার ব্যাপারটাও নিউজিল্যান্ডের ঘটনার মতোই ভয়াবহ। এ ব্যাপারে ঘাঁরা ঘথেন্ট খোঁজ-থবর রাখেন, তাঁদের মতে—১৭৭৯ সালে কুক্ যথন এই দ্বীপপ্সেটি আবিন্দার করেন, তথন এর লোকসংখ্যা ছিল প্রায় ৩ লক্ষ। ১৮২৩ খিন্টান্দে একটা মোটামর্নিট লোকগণনা করা হয়। দেখা যায়, লোকসংখ্যা এসে দাঁড়িয়েছে মার ১ লক্ষ ৪২ হাজার ৫০ জনে ! ১৮৩২ সালে এবং তার পরেও কয়েকবার সরকারি উদ্যোগে যথাযারভাবে লোকগণনা করা হয়েছে। আমি শৃন্ধ্ব নিন্দালিখিত তথাট্রকুই সংগ্রহ করতে পেরেছি:

১৮৩৬-এর মধ্যবতী দে; ঐ সময় দীপের বিদেশীকেও লোক-	লোকসংখ্যা হ্রাসের বার্ষিক শতকরা হার: ধরে নেওয়া হচ্ছে ষে দুটি লোক গণনার মধ্যবতী সময়ে এই হারের কোন পরিবর্তন ঘটে নি; এইসব লোকগণনা অনির্য়ামত সময়ের ব্যবধানে করা হরেছে।
,05 0	8.84
, ৫ ৭৯	২ °89
,022	0.82
or8	5.2A
,986	
,605	ર .?4
	লোকসংখ্যা (একমার চ ১৮৩৬-এর মধ্যবতাঁ দে ; ঐ সময় দ্বীপের বিদেশীকেও লোক- কুর্ব্ধ করা হয়েছিল।) ১,৩১৩ ১,৫৭৯ ১,০১৯ ১,০৮৪ ১,৬৬৫

प्रिया वार्त्ण्ड, ठिक्नम वहदात भारता (:४०২ थ्याक ১४**५२) लाकमस्था** करम গেছে ৬৮ শতাংশ ! অধিকাংশ লেখক এই ঘটনার ষে-সব কারণ দেখিয়েছেন. সেগ্লি হল — নারীদের ব্যভিচার, আগেকার আমলের রক্তক্ষ্মী যুখ্য, পরাজিত গোষ্ঠীগর্বলর উপর চাপিয়ে দেওয়া বিপলে শ্রমের বোঝা এবং নতুন নতুন রোগের সত্তেপাত, যে রোগগালি অনেক সময় মারাত্মক রূপে নিয়েছে। এইসব কারণ এবং আরও কিছু কারণ যে এ-ব্যাপারে খুবই গরেম্বপূর্ণে, তাতে কোন সন্দেহ নেই। ১৮৩২ থেকে ১৮৩৬ সালের মধ্যে লোকসংখ্যা অস্বাভাবিক হারে কমে যাওয়ার জন্যও হয়ত এইসব কারণই দায়ী। কিণ্ড এ-ব্যাপারে সবথেকে গ্রেস্থেপ্রেণ কারণ হল প্রজননক্ষ্মতা কমে যাওয়া। আমেরিকান নৌ-বাহিনীর ডঃ রাশ্রচন বার্গার ১৮৩৫ থেকে ১৮৩৭ খিন্টাব্দের মধ্যে এইসব ছীপ পরিদর্শন করেছিলেন। তিনি জানিয়েছেন, হাওয়াই দীপপাঞ্জের একটি জেলায় ১১৩৪ জন পরেষের মধ্যে মাত্র ২৫ জনের আর অপর একটি জেলায় ৬৩৭ জন পরেষের মধ্যে মাত্র ১০ জনের পরিবারে তিনটি করে সম্তান ছিল। ৮০ জন বিব্যাহতা মহিলার মধ্যে মাত্র ৩৯ জন সম্ভান ধারণে সক্ষম হতে পেরেছিল। আর, "সরকারি হিসেব মতে সমগ্র ছীপপক্ষের প্রতিটি দম্পতির গড়ে আধজন করে সম্তান আছে।" অয়েন্টার খাঁডির তাসমানিয়ানদের মধ্যেও সম্তানের গড় সংখ্যাটা ঠিক এ-রকমই। জার্ভেস—যাঁর 'ইতিহাস' গ্রন্থটি ১৮৪৩ সালে প্রকাশিত হয় বলেছেন, "যে-সব পরিবারে তিনটি করে সম্তান আছে. তাদের সমস্ত রক্ষা कत त्थरक दिन्दारे एउटे एउटे । याएन मण्डातन मण्डा जिल्ला कार्या । তাদের প্রেস্কার হিসেবে জমি ও অন্যান্য জিনিস দেওয়া হয়।" এই নজিরবিহীন সরকারি বিধি থেকেই বোকা ষায় গোটা জাতিটা কন্দরে পর্যাত প্রজনন-অক্ষম হয়ে পড়েছিল। ১৮১৯ সালে হাওয়াই ছীপপুঞ্জের 'স্পেক টেটর' পত্রিকায় রেভারেণ্ড এ বিশপ লিখেছিলেন, ওখানকার বহু শিশুই খুব কয বয়সে মারা যায়। বিশপ দট্যালে আমাকে জানিয়েছেন—চিন্নটা এখনও পাল্টায়নি. ঠিক ষেমন পান্টায়নি নিউজিল্যান্ডেও। অনেকে হলেন, শিশুদের প্রতি মায়েদের অবহেলাই এই অকাল মৃত্যুর কারণ। কিন্তু সম্ভবত এর প্রধান কারণ হল শিশুদের দুর্বল ন্বান্হ্য, যার উৎস হচ্ছে তাদের মাতা-পিতার দুর্বল প্রজনন-ক্ষমতা। নিউজিল্যাণ্ডের অবস্থার সঙ্গে আর একটা বিষয়েও এদের সাদুশ্য চোখে পড়ে —এখানেও মেয়েদের তুলনায় ছেলেদের জন্মের হার অনেক বেশি। ১৮৭২ সালের লোকগণনা অনুযায়ী এখানে সর্বসমেত ১১ হাজার ৬৫০ জন পুরুষ আর ২৫ शक्ता २८० कन नाती दिन, अर्थाए श्रींण ১०० कन नाती शिक्ट ১२৫.১৬ कन

करत भूजूय । अथक मधम्ल मान एएगाई भूजूरएमत करत नातीएमत मश्या स्वीम হয়ে থাকে। সম্তানধারণে অক্ষমতার একটা কারণ যে নারীদের ব্যাভিচার— তাতে কোন সন্দেহ নেই। কিন্তু তাদের আচার-অভ্যাসের পরিবর্তন ছিল সম্ভবত আরও গ্রেতর কারণ। আর এই ব্যাপারটা তাদের, বিশেষত শিশ্বদের, মৃত্যুর হার বেড়ে যাওয়ারও প্রধান কারণ। ১৭৭৯ খিটোন্দে কক, ১৭৯৪ খিন্রটাব্দে ভ্যাঞ্কুভার এবং তারপর প্রায়শই তিমি-শিকারীরা এই দ্বীপে পা রেখেছেন। ১৮১৯ খিনুন্টাব্দে হাজির হন ধর্ম-প্রচারকরা। তারা লক্ষ্য করেন— মতি পজো বস্থ হয়ে গেছে, এবং রাজার নির্দেশে আরও কিছু পরিবর্তন স্ক্রিত হয়েছে। এরপর থেকে ঐ দ্বীপের বাসিন্দাদের প্রায় সমস্ত অভ্যাসের প্রতে পরিবর্তন ঘটতে থাকে. এবং শীঘ্রই তারা "প্রশান্ত মহাসাগরের সমস্ত খীপের অধিবাসীদের মধ্যে সবথেকে স্থসভা হয়ে ওঠে।" আমার জনৈক সংবাদদাতা মিঃ কোন ঐ ঘীপেরই বাসিন্দা ছিলেন। তিনি আমাকে বলেছিলেন, এক হাজার বছরে ইংরেজদের আচার-অভ্যাসের যতটকু পরিবর্তন ঘটেছে, তার চেয়ে এই দীপের বাসিন্দাদের অনেক বেশি পরিবর্তন ঘটে গেছে মাত্র পঞ্চাশটা বছরে। বিশপ স্টালে যে তথ্য দিয়েছেন, তা থেকে দরিদ্রতর শ্রেণীগর্বালয় খাদ্যাভ্যাসের খুব বেশি পরিবর্তন ঘটেছে বলে মনে হয় না, যদিও অনেক নতুন নতুন ফল তাদের-তালিকার অশ্তর্ভুক্ত হয়েছে এবং আখ একটা সার্বজনীন খাদ্যে পরিণত হয়েছে। তবে, ইউরোপিয়ানদের নকল করার প্রবণতার দর্শ তাদের পোশাক-আশাকের পরিবর্তন ঘটে গেছে অনেক দিন আগেই, আর স্মরাপান বেড়ে গেছে প্রচাতভাবে। আপাতভাবে এইসব পরিবর্তানকে নিতাশ্তই অকিণ্ডিংকর বলে মনে হতে পারে। কিন্তু জন্তু-জানোয়ারদের ব্যাপারে পাওয়া তথ্যের আলোয় বিচার করে আমার মনে হয়—ওখানকার বাসিন্দাদের প্রজননক্ষতা करम याख्यात शिष्टत्न এইসব পরিবর্ত'নও একটা কারণ হিসেবে কাজ করেছে। শেষত, মি: ম্যাক্নামারা বলছেন, বঙ্গোপসাগরের পূর্ব প্রাশতক্ষ আন্দামান **ঘীপপ্রস্তের** অনুষ্রত বাসিন্দাদের উপর "জলবায়্র যে-কোন রক্ম পরিবর্ত¹নই দারুণ প্রভাব ফুলে; সত্যি বলতে কি, তাদেরকে ঐ দীপপঞ্জ থেকে সরিরে अनार नितः शिल जाता निष्ठिज माता वाद्य, जात स्न-वााभाद भाग वा विस्मिनी প্রভাবের কোন ভূমিকা থাকবে না।" তিনি আরও বলেছেন, নেপাল উপত্যকার. (বেখানে গ্রীম্মকালে অত্যধিক গরম পড়ে) অধিবাসীরা এবং ভারতবর্ষের পাহাড়ী গোষ্ঠীর লোকজনরা সমতলভূমিতে এলে আমাণায় ও জনরে আক্রান্ত হয়। সারা বছর সমতলভূমিতে থাকার চেণ্টা করলে তাদের বরাতে লোটে

অবধারিত মৃত্যু।

তাহলে দেখা যাছে, অবস্হার পরিবর্তন ঘটলে কিন্বা জীবনের বিভিন্ন আচার অভ্যাস পালে গৈলে অনেক অ-সভ্য জাতির মানুষদের স্বাস্হাও ভীঘণরকম ভেঙে পড়ে, এবং শুরুমার কোন নতুন জলবায় বিশিষ্ট অগুলে গিয়ে পড়াটাই এই স্বাস্হাহানির কারণ নয়। আচার-অভ্যাসের কিছ্ম অদল-বদল, যা এমনিতে আদৌ ক্ষতিকর নয় বলে মনে হয়, তা-ও তাদের স্বাস্হাহানি ঘটাতে পারে। বিশেষত বেশ কিছ্ম ক্ষেত্রে শিশাদের স্বাস্হা তো একেবারেই ভেঙে পড়ে। প্রায়শই শোনা বায়, যেমন মিঃ ম্যাক্নামারা-ও বলেছেন, যে জলবায়্ম ঘটিত এবং অন্যান্য সমস্ত ধরণের যাবতীয় পরিবর্তনের বড়-ঝাষ্টা মান্য অনায়াসেই সামলে উঠতে পারে। কিন্তু এ-কথাটা কেবলমার সভ্য জাতিগ্রালর ক্ষেত্রেই প্রযোজ্য। এ-ব্যাপারে মানুষের নিকটতম প্রাণী অ্যান্থ্রোপয়েড বাদরদের সঙ্গে বন্য বা বর্বর দশার মানুষদের প্রায় কোন তফাতই নেই। অ্যান্থ্রেপয়েড বাদরদের যথনই তাদের মন্ল বাসভ্মি থেকে অন্যর সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে, তথন অবধারিতভাবেই তারা আর খবে বেশিদিন বাঁচেনি—এটা পরীক্ষিত সত্য।

তাসমানিয়ান, মাওরি, সাাওউইচ দীপপ্রের বাসিন্দা এবং আপাতভাবে অন্টোলয়াবাসীদের মধ্যে অবস্থার পরিবর্তনের দর্গ প্রজননক্ষমতার কমে বাওয়ার যে প্রমাণ আমরা পেয়েছি, তা তাদের স্বাস্থাহানি বা মৃত্যুর চেয়েও অনেক গ্রুর্বপূর্ণ ঘটনা। কেননা যে-কোন গোণ্ঠীর লোকসংখ্যা বেড়ে চলার পথে যে সমস্ত বাধা-বিপত্তি থাকে, সেগ্লির সঙ্গে বিদি সামান্যতমও প্রজনন-অক্ষমতা ব্রুত্ত হয়, তাহলে একসময় গোণ্ঠীটি বিলুপ্ত হয়ে যাবেই। প্রজনন ক্ষমতা হ্রাস পাওয়ার ব্যাপারটাকে কোন কোন ক্ষেত্রে নারীদের ব্যভিচারেরই ফল হিসেবে (যেমন কিছ্দিন আগে পর্যন্ত তাহিতির বাসিন্দাদের ক্ষেত্রে) ব্যাখ্যা করা গেলেও, মিঃ কেণ্টন দেখিয়েছেন যে নিউজিল্যান্ডের অধিবাসীদের ক্ষেত্রে বা তাসমানিয়ানদের ব্যাপারে এই ব্যাখ্যা প্রযোজ্য নয়।

উপরোক্ত রচনাটিতে মিঃ ম্যাক্নামারা ষথেণ্ট যুক্তি সহযোগে দেখিয়েছেন—
যে-সব জেলায় ম্যালেরিয়ার প্রকোপ বেশি, সেখানকার অধিবাসীরা সাধারণত
প্রজনন-অক্ষম হয়ে থাকে। কিশ্চু উপরোক্ত ঘটনাসমূহের অনেকগ্রলির ক্ষেত্রেই
এই সিন্ধান্ত প্রযোজ্য নয়। কেউ কেউ বলেন, বিভিন্ন ঘীপের বাসিন্দারা যে
প্রজনন-অক্ষমতা ও স্বাস্হাহীনতায় আক্রান্ত হয়, তার কারণ হল দীর্ঘদিন ধরে
রক্ত সম্পর্কার্য নরনারীর মধ্যে যৌনমিলন ঘটে চলা। কিশ্চু এই ব্যাখ্যাও
প্ররোপ্রবি গ্রহণযোগ্য নয়, কেননা উপরোক্ত ঘটনাগ্রনির ক্ষেত্রে বীপগ্রিলতে

ইউরোপিয়ানরা পদার্পন করার পর থেকেই বাসিন্দারা বহুলাংশে প্রজনন-অক্ষম হয়ে পড়েছে—এটা আমরা দেখেছি। তাছাড়া রক্ত সম্পর্ক যুক্ত নরনারীর মধ্যেকার মিলনে যে মানুষের উপর খুব বেশি ক্ষতিকর প্রভাব ফেলে, তা-ও আজ আর তেমন বিশ্বাসযোগ্য নয়, বিশেষত নিউজিল্যাম্ডের মতো বিশাল অঞ্চলে আর নানা ধরণের এলাকা বিশিষ্ট স্যান্ডেউচ ছীপপরুজে তো নয়-ই বরং দেখা যায় নরকোক ছীপপরুজের বর্তমান বাসিন্দারা, ভারতবর্ধের টোডারা এবং ক্ষটল্যাম্ডের পশ্চিমপ্রান্তীয় ছীপগ্রালর আধিবাসীরা প্রায় প্রত্যেক্তই পরম্পরের মাসতুতোলিসস্তুতো ভাইবোন বা নিকট আত্মীয়, এবং তা সম্বেও তাদের মধ্যে প্রজনন-অক্ষমতার কোনরকম চিহুই নেই।

নিদ্নতর প্রাণীদের সঙ্গে এ-ব্যাপারে মানুষের সাদৃশ্য কতটা—তা খঞ্জৈ দেখলে একটা অধিকতর সম্ভাব্য দৃৃণ্টিভঙ্গীর হাদিশ মিলতে পারে। জীবনষাপনের অবস্থার পরিবর্তন ঘটলে জননব্যবস্থার উপরে তার অস্বাভাবিক রক্ষ প্রভাব পড়ে (কেন এমন হয়, তা অবশ্য আমাদের জানা নেই) । এই প্রভাবের ফল ভালোও হতে পারে, মন্দও হতে পারে। আমার 'ভ্যারিয়েশন অফ অ্যামিম্যালস অ্যান্ড 'ল্যান্ট্স আন্ডার ডোমেন্টিকেশন' গ্রন্থের ২য় খন্ডের ১৮-শ পরিচ্ছেদে এ-ব্যাপারে প্রচুর তথ্য দিয়েছি, তাই এখানে শুধু তার একটা সংক্ষিপ্তসারই जुरन मिष्टि — छेरमारी भाठेकता के शन्दि भए एतथरा भारतन । जन्म करतकी है পরিবর্তন অধিকাংশ বা সমস্ত প্রাণীরই স্বাস্থ্য, কর্মশান্তি ও প্রজননক্ষমতাকে বাড়িয়ে তোলে, আর অন্য পরিবর্তনগ্রনি বহুসংখ্যক প্রাণীকে প্রজনন-অক্ষম করে দেয়। এর একটা সুস্পন্ট দৃন্টান্ত হচ্ছে ভারতবর্ষের পোষা হাতিরা : এরা কোন শাবকের জন্ম দিতে পারে না। অবশ্য জাভা-র পোষা হাতিরা শাবকের জন্ম দিয়ে থাকে, কারণ ওখানকার পোষা মাদি-হাতিদের অরণ্যে ঘুরে বেডানোর কিছুটো সুযোগ দেওরা হয়, ফলে তারা অনেকটাই প্রাকৃতিক পরিবেশের মধ্যে থাকতে পারে। বিভিন্ন ধরণের আমেরিকান বাদরদের স্ত্রী-পরে, বদের जारम्य निरक्षाम्य पराण्ये वर् वहत्र अकमात्म त्राय्य प्रथा शाहर —जारम्य वाष्टाकाका थ्य कमरे रख़रू वा এकवातारे रख़ीन। आमारनत वारमाठनाव भरो अकरो याधानमञ्ज छेराहर्ग, त्काना मान्यस्त्र मत्म अस्तर मन्नक चूनरे चनिन्छ । वामल, वन्ती श्वात भन्न व्यवस्थात य मामानाच्य भनिवर्णनेहेक् वर्ट थारक, সেট্রকুই একটা বন্য প্রাণীকে প্রজনন-অক্ষম করে দিতে পারে। আরও আন্চর্যের বয়পার হল, আমাদের অধিকাংশ গৃহপালিত প্রাণীই প্রকৃতির কোলে স্বাধীন -স্ক্রীবনে যতটা প্রজননক্ষম ছিল, গাহুপালিত হওয়ার পর থেকে তার চেয়ে অনেক

বেশি প্রজননক্ষম হয়ে উঠেছে। কিছ্ কিছ্ প্রাণীর তো চরম অন্বাভাবিক অবশ্হার মধ্যেও প্রজননক্ষমতার বিন্দ্রমাত হেরক্ষেরও ঘটে না। বন্দীনশা সম্প্রাণীর উপর সমান প্রভাব ফেলে না, তারতম্য থাকেই। অবশ্য একই প্রজাতির সমন্ত প্রাণীর উপর বন্দীদশা সাধারণত একইভাবে একইরকম প্রভাব রেখে বায়। অনেকসময় কোন বর্গের একটা মাত্র প্রজাতি প্রজনন-অক্ষম হয়ে পড়ে, বাকিদের মধ্যে তেমন কোন ব্যাপার চোখে পড়ে না। আবার কখনও বা কোন বর্গের একটা মাত্র প্রজাতিই প্রজননক্ষম থাকে, বাকিরা হয়ে পড়ে অক্ষম। কিছু কিছু প্রজাতির ফ্রী-পরে,ছ প্রাণীরা বন্দীদশার অথবা নিজেদের অপলে প্রোপ্রার ব্যাধীনভাবে থাকতে না পারার অবন্হায় কখনোই পরন্পর মিলিত হয় না। আবার অন্য অনেক প্রজাতির প্রাণীরা এ-রকম অবন্হায় মিলিত হয় বটে, কিন্তু সম্তানের জন্ম দিতে পারে না। কোন কোন প্রজাতির প্রাণীরা এ-রকম অবন্হায় মিলিত হয় বটে, কিন্তু সম্তানের জন্মও দিয়ে থাকে, কিন্তু স্বাধীন অবন্হায় মতো বেশি সংখ্যায় নয়। আর, কিছুক্ষণ আগে মানুছের সন্বশ্বে যে আলোচনা করা হয়েছে, সে সন্বন্ধে বলা যায় যে, এ-রকম ক্ষেত্রে তাদের সন্তানেরা সাধারণত দর্বল আর রুণ্ন কিন্বা কিক্ষত চেহারার হয় এবং অলপ বয়সেই মারা যায়।

অর্থাৎ, জ্বীবনযাপনের অবস্থার পরিবর্তন ঘটলে তা জননব্যবস্থার উপরেও ছাপ ফেলে—এটা একটা সাধারণ নিয়ম, আর আমাদের নিকটতম প্রাণী চতুম্পদ বাদরদের ক্ষেত্রেও তা সত্য। এ থেকে স্বভাবতই ধরে নেওরা যে আদিম অবস্থার মানুষদের ক্ষেত্রেও এই নিয়মটি প্রযোজ্য। কাজেই, কোন বন্য জাতির জ্বীবন্যাপনের অভ্যাস হঠাৎ পরিবর্তিত হলে তারা কম-বেশি প্রজনন-অক্ষম হয়ে পড়ে এবং তাদের সম্তানরাও দুর্বল চেহারার হয়, আর তা হয় একইভাবে ও একই কারণে। ঠিক ষেমনটা দেখা যায় নিজেদের প্রাকৃতিক অবস্থা থেকে বিচ্নাত হওয়ার পর ভারতবর্ষের হাতি আর চিতাবাছের ক্ষেত্রে, আমেরিকার অনেক বাদরদের ক্ষেত্রে এবং অন্যান্য বহু ধরণের জ্বীবজ্ঞাত্ব ক্ষেত্রে।

যে আদিবাসীরা বহুকাল ধরে বিভিন্ন দ্বীপে এবং প্রায় একইরকম অবস্থার মধ্যে বসবাস করে আসছে, তাদের ওপর অভ্যাসের পরিবর্তন কেন এতটা ছাপ ফেলে — তার কারণটা খাঁজে দেখা যায়। কোন ধরণের পরিবর্তনই সভ্য জাতির মানুষদের মতো অতটা প্রভাব ফেলতে পারে না। এ-ব্যাপারে গৃহপালিত পাশুদের সঙ্গৈ সভ্য জাতির মানুষদের যথেন্ট সাদৃশ্য চোখে পড়ে, কেননা গৃহপালিত পাশুরা কখনো কখনো শারীরিকভাবে অস্কৃষ্ণ হয়ে পড়লেও (ষেমন ইউরোপীয় কুকুররা ভারতবর্ষে গেলে কিছুটা অস্কৃষ্ণ হয়ে পড়ে), দুর্ব একটা ক্ষেত্র

ছাড়া আর প্রায় কখনোই তারা প্রজনন-অক্ষম হয়ে পড়ে না। সভ্য জাতিগ্রিক বা সূত্রপালিত পশ্রেরা বে প্রজনন-অক্ষমতায় আক্রান্ত হয় না, তার কারণ হচ্ছে मण्डवं धरे त्य, अधिकाश्म वना भगद्भात जुननात्र जातनत्व जातनक त्वीम পরিমাণে নানা ধরণের অবস্হার মধ্যে পড়তে হয়েছে, ফলে নানা ধরণের পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার ক্ষমতাও তাদের অনেক বেডে গেছে। তাছাড়া একসময় তাদেরকে এক দেশ থেকে আরেক দেশে বারবার দেশাশ্তরী হতে হয়েছে, আর মিলন ঘটেছে ভিন্ন ভিন্ন বর্গ বা উপ-জাতির নর-নারীর মধ্যে —এগ্রলোও এর এক একটা কারণ হিসেবে কান্ধ করেছে। সভান্ধাতির মানুবদের সঙ্গে আদিবাসীদের যোনসংযোগ ঘটলে, সেই মিলনজাত আদিবাসী সম্তানদের উপর অবস্থার পরিবর্তান আর তেমন কোন ক্ষতিকর প্রভাব ফেলতে পারে না। দেখা গেছে. তাহিতির বাসিন্দা আর ইংরেজদের মিলনজাত সম্তানরা পিট,কেয়ার্ন দ্বীপপুঞ্জে বসবাস শুরু করার পর তাদের সংখ্যা অত্যন্ত দুত বেডে উঠেছিল, জায়গার অভাব দেখা দিচ্ছিল ঘীপে। ১৮৫৬-র জুন মাসে তাদেরকে নরফোক দ্বীপপরেঞ্জ পাঠিয়ে দেওয়া হয়। তখন তাদের মধ্যে ছিল ७० জन विवाहिण मान्य जात ১১৪-िंग अशास्त्रवाहरू स्मार्ग ५५८ छन्। अथारन्छ তাদের সংখ্যা এত দ্রত বেড়ে চলে যে তাদের মধ্যে ১৬ জন ১৮৫৯ সালে পিটকেয়ার্ন দ্বীপপজে ফিরে বাওয়া সত্ত্বেও ১৮৬৮ সালের জানুস্নারি মাসে এদের সংখ্যা পাড়ায় ২০০ জনে—শূরুষ আর নারীদের সংখ্যা ছিল একেবারে সমান সমান। তাসমানিয়ানদের ঘটনার সঙ্গে এ ঘটনার কতই না তফাং। মাত্র সাড়ে এগার বছরে নরফোক খীপপ্রস্তার বাসিদ্যাদের সংখ্যা ১৭৪ জন থেকে বেডে দাঁডিয়েছে ২০০ জনে : আর পনের বছরে তাসমানিয়ানদের সংখ্যা ১২০ **एबरक करम नी** फ़्रिक्सरक ८७ करन—यात्र मार्या निगनः मात ५०-ि ।>२

আবার, ১৮৬৬-র লোকগণনা আর ১৮৭২-এর লোকগণনার অশ্তর্বতাঁ সময়ে স্যান্ডউইচ দ্বীপপন্থের অমিছিত রক্তের আদিবাসীদের মোট লোকসংখ্যার ৮ হাজার ৮১ জন কমে গেছে, আর মিশ্ররক্তের বাসিন্দারের (যারা অনেক বেশি স্বাস্থ্যবান) সংখ্যা ৮৪৭ জন বেড়ে গেছে। তবে এই শেষোক্তদের মধ্যে মিশ্ররক্তের মান্বদের সম্ভানরাও আছে, নাকি এটা শৃষ্ট্র মিশ্রক্ত বিশিষ্ট প্রথম প্রজম্মের সান্বদেরই সংখ্যা—তা আমার জানা নেই।

১২। এই সৰ বিবরণ লেডি বেল্দার-এর "ছ মিউটিনারস্ অফ্ ছ 'বাউন্টিং,'' ১৮৭০, এবং হাউস আৰু কমন্স্-র ২৯ মে, ১৮৬৩-র ,নির্দেশে মুজিত "পিট,কেরার্ণ আইল্যাডি'। নামক গ্রন্থ ছাট থেকে সংগৃহীত। ভাওউইচ বীপের অধিবাসীবের সম্পর্কে বাবতীয় তথা "হ্মসুলু গেল্লেট' পত্রিকা থেকে এবং মি: কোন্-এর কাছ থেকে সংগৃহীত।

শ্রনানে যে-সব ঘটনার কথা বললাম, সেগ্নলি সবই সেইসব আদিবাসীদেরই ঘটনা, বারা তাদের এলাকার সভ্য মান্ধদের আগমনের দর্ণ নানারকম নতুন অবস্থার ম্থোম্থী হয়েছে। কিন্তু কোন কারণে, ষেমন কোন পরাক্রমণালী সোণ্ডীর আক্রমনের ফলে এইসব আদিবাসীদের যদি নিজেদের এলাকা ছেড়ে চলে যেতো এবং নিজেদের আচার-অভ্যাস বদলাতে হত, তাহলে সম্ভবত তাদের স্বাস্থা তেঙে পড়ত আর তারা প্রজনন-অক্রম হয়ে পড়ত। যে-সব বন্য পশ্র গৃহপালিত জীবে পরিণত হয়, তাদের মলে প্রতিরোধক্ষমতা (যা প্রথম বন্দী হওরার পরও তাদের অনায়াসে শাবকের জন্ম দিতে পারার ক্ষমতার মধ্যে মতে হয়ে ওঠে) আর সভ্যতার সঙ্গে প্রথম সংযোগের পর অ-সভ্য মান্ধদের মলে প্রতিরোধক্ষমতা (যে ক্ষমতার জোরে তারা নিজেরাই স্বসভ্য হয়ে ওঠার জন্য টিকৈ থাকতে পারে)—এ দ্য়ের মধ্যে কোন পার্থ ব্যা নেওয়ার ক্ষমতাটা হল জীবনবাপনের পরিবতিত অবস্থার সঙ্গে নিজেদের মানিয়ে নেওয়ার ক্ষমতা। শেষত, বিভিন্ন মানবজাতির লোকসংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পাওয়া এবং এইভাবে

শেষত, বিভিন্ন মানবজাতির লোকসংখ্যা ক্রমান্বরে হ্রাস পাওয়া এবং এইভাবে হাস পেতে পেতে একদিন তাদের পরেরাপরীর বিলয়েও হয়ে যাওয়ার ব্যাপারটা ৰে এক অত্যাত জটিল বিষয়, এর পিছনে যে বহু কারণ কাজ করে এবং সেই কারণগালিও যে বিভিন্ন জারগায় ও বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন হয়ে থাকে—তাতে কোন সন্দেহ নেই। তবে, এই প্রক্রিয়ার সঙ্গে উন্নততর শ্রেণীর প্রাণীদের, বেমন প্রদতরীভতে ঘোডাদের, বিলাপ্ত হয়ে বাওয়ার প্রক্রিয়ার কোন ফারাক নেই। এইসব বোডারা একসময় দক্ষিণ আমেরিকার মাটি থেকে বিলপ্তে হয়ে গিরেছিল, আর তার কিছুদিনের মধ্যে ঐ একই অঞ্চলে আবিভ,তি হয়েছিল অসংখ্য স্পেনীয় द्याणा । निष्ठिक्क्नाटफात व्यथितामीता त्याथरत भग्नत्मत्र मत्क मान्त्रस्त्र **व्य** সাদ,শ্যাটার কথা জানে। কেননা তারা নিজেদের ভবিতব্যকে তুলনা করে থাকে তাদের দেশীয় ই'দুরদের সঙ্গে, যে ই'দুরররা এখন ইউরোপীয় ই'দুরদের পাক্সায় পড়ে প্রায় বিলাপ্ত হতে বসেছে। এর নির্দিণ্ট কারণগালিকে আর তার কার্যধারাকে চিহ্নিত করার চেণ্টা করলে আপাতভাবে কাজটাকে খুবই কঠিন বলে মনে হতে পারে। কিম্তু যদি মনে রাখা যায় যে প্রতিটি প্রজাতি ও প্রতিটি জাতির সংখ্যাব শ্বির পথে সারাক্ষণই নানান প্রতিবন্ধক থাকে—তাহলে আর ব্যাপারটা অত কঠিন থাকে না। এইসব প্রতিবন্ধকের সঙ্গে বদি নন্তন কোন প্রতিবন্ধক (-তা সে বত তুচ্ছই হোক না কেন) ব্যক্ত হয়, তাহলে সেই জাতির সদস্যসংখ্যা কমে যেতে বাধ্য, আর এইভাবে কমতে কমতেই জাতিটি একসময় বিলুপ্তির সীমানায় পে'ছে বায়। অধিকাংশ ক্ষেত্রে কোন পরাক্রমশালী গোষ্ঠীর আক্রমণাই ঐ জাতিটিকে একেবারে নিশ্চিফ করে দের।

বিভিন্ন মামবজাতি সমূহে র গড়ে ওঠা প্রসঙ্গে: অনেক সময় দুটি প্যঞ্জ প্रथक खाण्डित नाती-भ्रतास्वत मस्या मिनत्नत करन अको। नजून खाणि माणि হয়েছে। ইউরোপিয়ানরা আর হিন্দরেরা একই আর্যকুলের অন্তর্ভুক্ত এবং তারা যে य ভाষায় कथा वाम तमा नि अकटे मान ভाষा थाक मानी, अथा अटे मारे जाजिस মানবেদের দেখতে একেবারেই আলাদা, আবার অন্যাদকে ইউরোপিয়ানদের সঙ্গে रेर.मीलन करातात थाय कान भाष कार तनरे, जपक এर रेर.मीता राष्ट्र সেমিটিক কুলের অন্তর্ভুক্ত এবং তানের ভাষাও ইউরোপিয়াননের থেকে আলাদা— এই বিচিত্র ঘটনার ব্যাখ্যা দিতে গিয়ে ব্রকা বলেছেন যে আসলে আর্যরা যখন বিভিন্ন অঞ্চলে ছড়িন্তে পড়ছিল, তখন তাদের কিছু কিছু শাখার সঙ্গে কিছু কিছা এলাকার আদিবাসীদের ব্যাপক সংমিশ্রণ ঘটেছিল, এবং তারই ফল হিসেবে উপরোক্ত ঘটনা ঘটতে পেরেছে। নিকট সম্পর্কযুক্ত দুটি জাতির মধ্যে মিলন ঘটলে তার প্রথম ফল হিসেবে সাণ্টি হয় বিভিন্নধর্মী মান্যেদের একটা সংমিশ্রণ। বেমন, ভারতবর্ষের সাওতাল বা পাহাড়ী গোষ্ঠীগর্নালর সম্বন্ধে वलटा शिद्ध ब्रानिद्धारहन य , ७थात्नद्र मान्,यरमद्र मर्था जमस्या द्रकम भार्थका আছে. একের সঙ্গে অপরের পার্থক্য এত সক্ষেত্র যে প্রায় বোঝাই যায় না, আর এই ক্রমমালার মধ্যে আছে "পাহাডে বসবাসকারী খাটো আরুতির রুষ্ণবর্ণ গোষ্ঠী থেকে শরে করে দীর্ঘকায়, সব্কোভ বর্ণের রান্ধণরা পর্যাত, যাদের ভ্রতে ব**্রাখ্যন্তোর ছাপ, চো**খে শাশ্ত ভাব, এবং মাথা উন্নত কিশ্তু আকারে ছোট।" সেইজন্য ওথানকার আদালতে বিচারের সময় সাক্ষীদের জিজেস করা হয় তারা সাওতাল না হিন্দু। দুটি স্বতন্ত জাতির মিলনের ফলে যে-সব বিভিন্নধর্ম মানুষবিশিষ্ট জ্লাতি গড়ে উঠেছে এবং হাদের মধ্যে অমিখিত রক্তের কোন মানুষই আর অর্থাশন্ট নেই বা কড়জোর দু' একজন অর্থাশন্ট আছে (যেমন পলিনেশীয় দ্বীপপুঞ্জের কোন কোন অঞ্জলের অধিবাসীরা), তারা আবার কোনদিন সকলে সমধর্মী হয়ে উঠতে পারে কি না—তার কোন প্রত্যক্ষ প্রমাণ আমাদের হাতে নেই। তবে আমাদের গ্রহ্মালিত ক্ষেত্রে কোন সংকরজাতের প্রাণীকে কয়েক প্রজম্ম ধরে সতক নির্বাচনের মধ্যে রাখলে ধীরে ধীরে তাদের বৈশিশ্টাগর্নাল একটা নির্দিণ্ট द्वाल त्मन्न व्यरे जाएन श्राम्भादात मार्या जान कान श्रांचन थार्क ना । व श्रांक অনুমান করে নেওয়া ষেতে পারে যে বিভিন্নধর্মী মানুষবিশিণ্ট কোন জাতির भर्या त्रभ क्टाक श्रक्तम थरत व्यवाध मर्भाष्ट्रभ वरते हल्ला स्मर्शेष्ट्र निर्वाहतनत ভ্রমিকা পালন করতে পারে এবং তখন আর পর্বোকভায় প্রভাবর্তনের কোন

সম্ভাবনা থাকে না। এর ফলে ঐ সংকর জাতিটি একসময় সমধর্মী হয়ে উঠবে, তবে তাদের মধ্যে হয়ত আদি জাতিস্বটির বৈশিষ্ট্যসমূহে তখন আর সমান পরিমাণে খ'জে পাওয়া বাবে না।

মান ষের বিভিন্ন জাতির মধ্যে যে-সব পার্থক্য দেখা যায়, সেগ্রালর মধ্যে গায়ের রঙের পার্থকাটাই হচ্ছে সবথেকে বিশিষ্ট এবং স্থম্পণ্ট। একসময় মনে করা হত যে বিভিন্ন জাতি দীর্ঘদিন ধরে বিভিন্ন জলবায় বিশিণ্ট অঞ্চলে বসবাস করার দর্শুণ তাদের গারের রঙ ভিন্ন ভিন্ন হয়েছে। কিন্তু প্যালাস্য প্রথম দেখান যে এই ধারণাটা সত্য নয়। তারপর থেকে প্রায় প্রত্যেক নতেম্ববিদই তার ধারণাকে সমর্থন করে আসছেন। পরের্বন্তি ধারণাটি প্রত্যাখ্যান করার প্রধান কারণ হল, বিভিন্ন বর্ণবিশিষ্ট জাতিগালি বিভিন্ন জায়গায় ছডিয়ে থাকলেও (এদের অধিকাংশই তাদের বর্তমান বাসভূমিতে স্থদীর্ঘকাল ধরে বসবাস করে আসছে), এইসব জায়গার জলবায়ার মধ্যে যে দারাণ পার্থক্য আছে, তা কিল্ড নয়। আবার; দক্ষিণ আফ্রিকায় তিনশ বছর ধরে বসবাস করার পরও ডাচু দের গায়ের রঙ প্রায় পাট্টায়নি বললেই চলে। একই ঘটনা দেখা বায় জিপাসি আর ইহুদৌদের ক্ষেত্রেও। পূর্ণিধবীর বিভিন্ন জায়গাল এরা ছডিয়ে আছে, এবং সর্বায়ই এনের দেখতে প্রায় একইরকম—অবশ্য প্রভিবনীর সব জায়গার ইহুদীদের দেখতে একইরকম হওয়ার ব্যাপারটাকে কিছুটো অতিরঞ্জিত করেই দেখানো হরে থাকে। অনেকে বলেন, গায়ের রঙ পরিবর্তানের ব্যাপারে উষ্ণ আবহাওয়া যতটা সাহাষ্য করে, তার চেয়ে অনেক বেশি সাহাষ্য করে সাঁ।ৎসেতে বা শক্তে আবহাওয়া। কিল্কু স^{*}্যাংসেতে আর শ**ু**ক্ক আবহাওয়ার ভূমিকা সম্বন্ধে দক্ষিণ আমৌরকায় ডি'অববাইনি এবং আফ্রিকায় লিভিংস্টোন একেবারে ভিন্ন সিখাতে উপনীত হয়েছিলেন। তাই এ বিষয়ে কোন মতামতকেই চডোম্ত বলে মেনে নেওয়া যায় না।

বিভিন্ন ঘটনা (যেগা, লি আমি অন্যন্ত উত্থাত করেছি) প্রমাণ করে বে গারের আর চুলের রঙ অনেক সময় কিছ্ উভিজ্ঞ বিষের ক্রিয়া এবং কিছ্ পরজানি জাবাণার আক্রমণের হাত থেকে সম্পূর্ণ অনাক্রমাতার সঙ্গে অভ্যতভাবে সম্পর্কিত হয়ে থাকে। তাই আমার মনে হয়েছিল নিয়ো ও অন্যান্য ক্রম্বর্ণ জাতির গায়ের রঙ কালো হওয়ার কারণ হল—তাদের দেশের জ্বলাভ্যমি থেকে বে ভয়৽কর বিশ্ব-বাল্প বেরোত, তার হাত থেকে তারাই বেঁচে বেত বাদের গায়ের রঙ ছিল ঘোর কালো, আর বহু প্রজাম ধরে চলতে চলতে এটাই তাদের স্বাভাবিক রঙে পরিণত হয়েছে।

পরে জেনেছি, আমার অনেকদিন আগে ডঃ ওয়েল্স্-ও এই একই কথা ভেবেছিলেন। এটা একটা প্রতিষ্ঠিত সত্য যে ক্লাম্তীয় আমেরিকায় যে ইয়েলো-ফিভার বা পীত-জ্বরের ভয়•কর প্রকোপ, তা নিগ্রোদের এবং এমনকি বর্ণসংকর-দেরও একেবারেই আক্রমণ করতে পারে না। আফ্রিকার উপকলেবতাঁ অভত ২৬০০ মাইল এলাকা জুড়ে যে মারাত্মক সবিরাম জুরের প্রাদুর্ভাব দেখা যায় এবং মার আক্রমণে আফ্রিকার শ্বেতাক বাসিন্যদের প্রায় এক-পঞ্চমাংশ প্রতিবছর মারা ষায় আর আরও এক-পঞ্চমাংশ দেশে ফিরে যায় পঙ্গু হয়ে—তার আক্রমণ থেকেও নিয়ো ও বর্ণ-সংকররা অনেকটাই মৃক্ত। এইসব রোগ থেকে নিগ্রোদের এই অনাক্রমাতার ক্ষমতাটা কিছুটো সহজাত (যা নির্ভার করে তাদের শারীরিক পঠনের কোন অজানা বৈশিশ্টোর উপর) এবং কিছুটা নতুন জলবায়ুর সঙ্গে মানিয়ে নিতে পারার ফল। পাউনোট্ বলেছেন, মেক্সিকোর যুশের জন্য चुनात्नद्र का**ছाकाष्ट्रि धनाका थिक रय अव निर्धालित रिर्मानक रिमारि** वाहारे कता হয়েছিল এবং যাদেরকে ঈজিপ্টের ভাইসরয়ের কাছ থেকে চেয়ে নেওয়া হয়েছিল, আফ্রিকার বিভিন্ন অঞ্চল থেকে সংগ্রেশীত এবং ওয়েস্ট্রণিডজের জলবায়ুতে গভাস্ত অন্যান্য নিগ্নোদের মতো তাদেরকেও প¹ত-জরর আরুমণ করতে পারেনি। নতুন জ্বলবায়ুর সঙ্গে মানিয়ে নিতে পারার ক্ষমতার যে একটা বিশেষ ভ্রিমকা ভাছে, তা অনেক ঘটনার মধ্যেই স্পন্ট হয়ে ওঠে। যেমন, কোন শীতলতর জলবায়ুর অঞ্চলে কিছুদিন বসবাস করার পর নিগ্রোদের সহজেই গ্রীম্মণ্ডলীয় জনুরে আক্রান্ত হতে দেখা যায়। শ্বেতাঙ্গ জাতিগালি যে জলবায় বিশিণ্ট অঞ্চল দীর্ঘ'দিন ধরে বসবাস করে আসছে, সেই জলবায়, তাদের উপরেও একইভাবে প্রভাব বিস্তার করেছে। যেমন, ১৮৩৭ সালে যখন ডেমেরারা অঞ্চলে পীত-জরে মহামারীর আকার ধারণ করেছিল, তখন ডঃ ব্লেরার দেখেছিলেন—অনা দেশ থেকে বে-সব লোক এসে ওখানে বসবাস শুরু করেছিল, তাদের মৃত্যু-হারের সঙ্গে তারা যে দেশ থেকে চলে এসেছিল তার অক্ষাংশের একটা আনুপাতিক সম্পর্ক আছে। নিগ্নোরা পীত-জনরের বিরুদ্ধে এখন একটা অনাক্রমাতা অর্জন करब्रष्ट (यीन स्नित् न्छून जनवास्त्र नस्त्र भानितः निख्यात क्रमणातरे कम रस থাকে), অর্থাৎ একসময় বহু, বছর ধরেই তারা এই রোগের শিকার হত। ক্রাম্তীয় আমেরিকার আদিবাসীরা ঐ অঞ্চলে স্মরণাতীত কাল থেকে বসবাস করে আসছে, কিন্তু পতি-জনরের আক্রমণ থেকে তারা ও রেহাই পার না। রেভারে⁴ড এইচ. বি-ট্রিন্ট্রাম্ ব**লেছেন, উত্তর** আফ্রিকার অনেক জেলার আদি বাসিন্দারা প্রতিবছর ঐ-সব এলাকা ছেড়ে চলে ষেতে বাধ্য হয়, অথচ নিগ্নোরা কিন্তু দিব্যি থাকে।

নিগ্নোদের এই অনাক্রমাতার সঙ্গে যে তাদের গায়ের রঙের কিছ্ব একটা সম্পর্ক আছে—এটা নিছকই অন্মান মান্ত। তাদের রক্ত, স্নায়্বতন্ত বা কোন কলার মধ্যেকার পার্থক্যের সঙ্গেও ঐ অনাক্রমাতার সম্পর্ক থাকতে পারে। তা সক্ষেও, উপরোক্ত ঘটনাগর্বলির কথা এবং গায়ের রঙ ও দেহের ক্ষয়-প্রবণতার মধ্যেকার আপাত সম্পর্কের কথা বিবেচনা করে আমার মনে হয়—অন্মানটা একেবারে ভিত্তিহীন নয়। এই অন্মানটা কতদরে সত্য, তা খনজে দেখারও চেন্টা করেছি, বাদিও খবুব একটা সফল হতে পারি নি। ২০ প্রয়াত ডং দানিয়েল, য়িনি আফিকার পশ্চিম উপক্লে দীর্ঘদিন বসবাস করেছিলেন, তিনি আমাকে জানিয়েছিলেন যে গায়ের রঙের সন্ধেগ রোগ থেকে অনাক্রমাতার কোন সম্পর্ক আছে বলে তিনি মনে করেন না। তিনি নিজে অত্যাত ফর্মা ছিলেন, কিন্তু তথাপি ঐ উপক্লে ধখন তিনি প্রথম পা রাখেন (তিনি তখন নেহাতই বালক), তখন তাকে দেখে এক বৃশ্ধ ও অভিজ্ঞ নিগ্রো-প্রধান বলেছিলেন—পীত-জবর তাকে আক্রমণ করতে পারবে না। আ্যান্টিগ্রো-র ডং নিকল্সন এই বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা করে আমাকে জানিয়েছেন, ক্রমাঙ্গ ইউরোপিয়ানদের চেয়ে ম্বেতাঙ্গ ইউরোপিয়ান য়ই পীত-জবরে বেশি আক্রান্ত হয় বলে তিনি মনে করেন না। কালো কেশবিশিন্ট ইউরোপিয়ানরা

১৩। ১৮১২ খুট্টাব্দের বসন্তকালে দৈক্সবাহিনীর চিকিৎসা বিভাগের ভিরেক্টর ব্লেনারেলের কাচ থেকে অনুমতি পাৰার পর আমি একটি ফ[®]াকা সারণী নিম্নলিথিত মন্তব্যসহ বিদেশে কর্মরত বিভিন্ন রেজিমেন্টের শল্য-চিকিৎসকদের কাছে পাঠিরেছিলাম, কিন্তু তার কোন উত্তর ফেরত আমেনি। সারণীতে আমি মন্তব্য করেছিলাম, "গৃহপালিত পশুদের লেজের বর্ণ ও শারীরিক गर्रत्नत्र मर्त्याकात्र मन्न्नर्रकत् वहाशास्त्र त्वन किछ উল्लেখবোগা चर्छेना नथिकुक कता स्ट्राह्म । বিভিন্ন মানবজাতির গাত্রবর্ণের সঙ্গে তারা যে পরিবেশে বসবাস করে, তারও কিছটা সম্পর্ক আছে। ভাই নিম্নলিপিত বিষয়টি সম্বন্ধে অসুসন্ধান চালানো দরকার। বিষয়টি হল—ইউরোপের অধিবাদীদের চলের রঙের সঙ্গে ক্রাস্তীর অঞ্চলের বিভিন্ন রোগের (তার) বে-সব রোগের শিকার হর) কোন সম্পর্ক আছে কি না। অবাস্থাকর ক্রাস্তীর অঞ্চলগুলিতে তাবু ফেলবার সময় বিভিন্ন विक्रियारिके मेनािकिश्मकत्र। यनि अध्यारे अञ्चलकत्र मित्रिक निर्मात भेत्र हिरम्ब करत निर्मा ৰলের কতন্ত্রন ব্যক্তির কেশ কুক্বর্ণ, কতন্ত্রনের কেশ হাকাবর্ণ আর কতন্ত্রনের কেশ এই ছরের ষধাবতী বর্ণের, তাহলে ভালো হয়। সেইসঙ্গে যদি তারা ম্যালেরিরা, পীতত্তর বা রক্তামাশার আক্রান্ত ব্যক্তিদের সংখ্যা গণনা করেন, তাহলে এরকম করেক হাজার ঘটনা নথিভুক্ত হওয়ার পর শষ্ট করে বোঝা বাবে যে কেশবর্ণের সঙ্গে শরীরে ক্রান্তীর অঞ্চলের রোগ সংক্রমণের কোন সম্পর্ক আছে কি না। হরতো আদৌ এরকম কোন সম্পর্ক খুঁজে গাওয়া বাবে না, কিন্ত অञ्चनकानो हानात्ना এकास्टर मत्रकात । जात मिछामिछार विष काम रेखिवाहक कनासन পাওলা যান্ন, তাহলে তার সাহায্যে বিশেষ কাজের জন্ত বিশেষ বিশেষ ব্যক্তিকে বাছাই করতে স্থবিধে হবে। এই অনুসন্ধানের ফলাফল তত্ত্বগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে, যার সাহাব্যে বলা বাবে বহু প্ৰজন্ম ধরে কালো চুল বা কালে। গাত্ৰবৰ্ণ বিশিষ্ট ব্যক্তির। অধিকতর কার্বকরীভাবে টিকে থাকার জন্তই অখান্তাকর ক্রান্তীর জলবায়ুর অঞ্চলে দীর্ঘদিন ধরে রসবাসকারী কোন জাতির সদস্তদের গারের রঙ কালো হরে উঠেছে कि ना ।"

ষে উষ্ণ জলবায়নুর প্রকোপকে অন্যদের থেকে বেশি সহ্য করতে পারে—এ-কথা মি: জে. এর হ্যারিসও স্বীকার করেন নি। বরং নিজের অভিজ্ঞতা থেকে তিনি শিথেছেন যে আফ্রিকার উপক্লবর্তী অগলে নানান কাজের জন্য লাল চুলওয়ালা মান্ধরাই বেশি উপযুক্ত হয়ে থাকে। ১৪ এইসব ছোট-খাট ইঙ্গিত থেকে মনে হয়, জলাভ্মি হতে নিগতি বিষ–বাৎপজনিত রোগের আক্রমণ থেকে আগেকার দিনের ঘোর কালো রঙের মান্ধরা বেশি মান্তায় রেহাই পেতো বলেই আজকের নিগোরা ক্রমান্ধ হয়েছে—এই অনুমান নিতাশ্তই ভিত্তিহীন।

ডঃ শাপ' বলেছেন, ক্রাম্তীয় অঞ্চলের রোদে শ্বেতাঙ্গদের গায়ের চামড়া প্রড়ে ষায়, ফোসুকা পড়ে যায়, কিন্তু কুষ্ণাঙ্গদের চামডায় এতটুকু আঁচও লাগে না। তিনি আরও বলেছেন যে মানাবের অভ্যাসের উপর এটা নির্ভার করে না, কারণ ছ-আট বছর বয়সের ক্রম্বাঙ্গ শিশ্বদের হামেশাই নণ্ন অবস্হায় কোলে করে নিয়ে যাওয়া হয় ঐ রোদের মধ্যে দিয়েই, কিন্ত তাতে তাদের কোন ক্ষতি হয় না। জনৈক চিকিংসক আমাকে জানিয়েছিলেন যে কয়েকবছর আগে পর্য'ত প্রতি शीष्म (भीजकाल कथानारे रूज ना) जीत राज रामका नामाभी तरधत अकतकम দাগ হত, যেগালো অনেকটা রোদ-পোড়া দাগেরই মতো, তবে একটা বড মাপের। আশ্রুর্য ব্যাপার হল, প্রথর রোদের তাপে তাঁর শরীরের এই দাগ-পড়া অংশগলোর কোন ক্ষতি হত না, কিম্তু তাঁর চামড়ার অন্য শাদা অংশগলো রোদের তাপে হামেশাই লাল্ডে হয়ে যেত, ফোস্কা পড়ত। নিমুতর শ্রেণীর প্রাণীদের ক্ষেত্রেও শরীরের শাদা লোমে ঢাকা অংশ আর শরীরের অন্যান্য অংশের উপর রোদের প্রতিক্রিয়া একরকম হয় না, কিছুটো পার্থক্য থাকেই। এইভাবে त्तारम श्राप्त कारणा रास याध्यात राज त्थाक ठामणात तका शाध्यात घरेना मिरा প্রাকৃতিক নির্বাচন মারফং মানুমের গামের চামড়া ধীরে ধীরে কালো হয়ে বাওয়ার ঘটনাকে যথাযথভাবে ব্যাখ্যা করা যায় কিনা, তা আমার জানা নেই। যদি তা-ই

১৪। ত্র:, "জ্যান,ধ্যোগলজিকাাল রিভিয়্।", জামুরারি ১৮৬৬, পৃ: ২১। ড: শার্পণ্ড ভারতবর্ধ প্রদক্তে বলেছেন—"কিছু মেডিকাাল অফিনার লক্ষ্য করেছেন বে ক্রান্তীয় অঞ্চলের বিভিন্ন রোগে দেখানকার কালো 'চুল ও মরলা গাত্রবর্ণের অধিবাসীরা যতটা ভোগে, তার চেরে হাকা বর্ণের চুল ও উল্পল গাত্রবর্ণের ইউরোপের অধিবাসীরা অনেক কম ভোগে (ফ্র:, "ম্যান এ স্পেঞাল ক্রিরেশন", ১৮৭৩, পৃ: ১১৮)। আমি যতদুর জানি, তাতে বলতে পারি এই মন্তব্যের গিছনে যথেষ্ট সক্ষত কারণ আছে।" অক্সদিকে, সিয়েরা লিওনের অধিবাসী মিঃ হেছ, স্ ঠিক ক্যাপ্টেন বার্টনের মতোই সম্পূর্ণ বিপরীত কথা বলেছেন। কারণ, পশ্চিম আফ্রিকার উপকৃল অঞ্চলের প্রতিকৃল আবহাওরার "তার আমলেই স্বধ্যেক বেলি সংখ্যক কেরাণীর মৃত্যু হয়েছিল" (ফ্রান্টেন্টি, রিয়াদ্-এর "আফ্রিকান ক্ষেচ্বুক", ধণ্ড ২, গ্রঃ ২২২)।

হয়, তাহলে ধরে নিতে হয় যে আফ্রিকা মহাদেশে নিগ্রোরা যতদিন ধরে বসবাস করে আসছে কিন্বা মালয় ছীপপুঞ্জের দক্ষিণাংশে যতদিন ধরে বসবাস করছে পাপুরানরা, আমেরিকা ক্রান্তীয় অঞ্চলের আদি বাসিন্দারা তার থেকে অনেক কম দিন ধরে সেখানে বসবাস করছে, আবার অন্য দিকে ভারতবর্ষের বুকে ফর্সা রঙের হিন্দুরা যতদিন ধরে বসবাস করছে, তার চেয়ে অনেক আগে থেকে সেখানে বসবাস করছে মধ্য ও দক্ষিণ ভারতের ক্রম্কবর্ণ আদিবাসীরা।

বিভিন্ন মানবজাতির গায়েব রঙের মধ্যে কেন এত তারতম্য, এটা গায়বর্ণের দর্শ অর্জিত কোন বিশেষ স্থাবিধেরই স্মারক, নাকি জলবায়্র প্রত্যক্ষ প্রভাব-জানিত ফল, তার সঠিক বিশেষণ আমানের বর্তমান জ্ঞানের সাহায্যে করা সম্ভব নয়। তব্তু, জলবায়্র প্রভাবেব ব্যাপারটাকে একেবারে উড়িয়ে দেওয়া যায় না, কেননা কিছ্ কিছ্ উত্তরাধিকারম্লক প্রভাব যে কোন-না-কোন নির্দিণ্ট জলবায়্র দর্শই স্টিট হয়েছে, তা বিশ্বাস করার পক্ষে যথেণ্ট সঙ্গত কারণ রয়েছে।

দিতীর পরিচ্ছেদে আমরা দেখেছি, জীবনযাপনের অবস্থা শারীরিক কাঠামোকে সরাসরিভাবে প্রভাবিত করে থাকে, আর তার ফলে স্ট বৈশিষ্ট্যপূলি বংশ-পরন্পরায় সম্পারিত হয়। তাই দেখা যায় ইউরোপের লোকেরা কিছুদিন আমেরিকায় থাকলে তাদের চেহারার সামান্য পরিবর্তন ঘটে, এবং এই পরিবর্তনটা ঘটে অত্যুক্ত দুত। তাদের শ্রীর ও অঙ্গ-প্রতাঙ্গগর্লা কিছুটো লন্দা হয়ে যায়। কর্ণেল বার্নিস্ আমাকে বলেছিলেন, বিগত যুন্ধের সময় আমেরিকার বে-সব জার্মান সৈন্য এসেছিল, তারা যখন আমেরিকান ক্রতাদের জন্য বানানো রেডিমেড পোশাক পরে ঘুরে বেড়াত, তখন তাদের চেহারাটা বড় হাস্যকর দেখাত। আসলে ঐ-সব পোশাকের সব অংশগ্রেলাই তাদের শরীরের থেকে অনেক লন্দ্রা লন্দ্রা হত। এই ঘটনার মধ্যে উপরোক্ত কথারই একটা প্রমাণ ফুটে উঠেছে। এছাড়াও, দক্ষিণের প্রদেশগ্রিলতে তৃতীয় প্রজন্মের গৃহ-নাসদের

১৫। এ-বিবরে আবিসিনিরা, আরব ও অস্তান্ত অঞ্চলে বসবাদের প্রভাব সম্পর্কে ম'নির উ. ড ক্যাত্রেখাজের মন্তব্য উল্লেখযোগ্য (জ:, "রেভো দে কুর্ নাইভিফিক্", ১০ অক্টোবর, ১৮৯৮ পৃ: ৭২৪)। থানিকফ্-এর লেখা উদ্ধৃত করে ড: রোল্ জানিরেছেন, জর্জিরাতে বসবাসকারী জার্মানদের অধিকাংশই তুংপুক্ষের মধ্যে কৃষ্ণবর্ধ কেল ও কালো চোথের মণি লাভ করেছে (জ:, "Der Mensch, seine Abstammung", ১৮৯৫, পৃ: ৯৯)। মি: ডি. ফোর্বস্ আমাকে জানিয়েছেন, আলিজ পর্বতমালার কুইচুরা জাতির লোকেরা উপত্যকার যে যে অঞ্চলে বসবাস করে, সেই সেই অঞ্চলের প্রকৃতি অনুযারী তাদের পরস্পরের গারের রঙের মধ্যেও ব্যাপক পার্থকা দেখা বার।

(house-slave) দেখতে যে কৃষিগত দাসদের (field-slave) চেয়ে অনেকটাই আলাদা হয়ে গেছে— সে ব্যাপারে প্রমাণের অভাব নেই ।

তবে, সারা প্রথিবী জাড়ে ছড়িয়ে থাকা মানুষের বিভিন্ন জাতিগলের দিকে जनाता वावा यात्र—जातन मध्या जातिनिक विभाग्नेशन वर-त्रव भार्थका त्रसाहरू. সেগ্রাল প্রতাক্ষ প্রতিফলন নয়। এমনকি কোন নির্দিণ্ট অবস্হার মধ্যে বহুকাল বসবাস করাটাও এ-সব পার্থকা স্কুটি করে না। এচ্কিমোদের একমাত্র খাদ্যই হচ্ছে পশ্মাংস: এরা লোমওয়ালা মোটা পশ্চমের পোশাক পরে, কন কনে ठे। जा जात **नीर्च काम**रा। भी अन्यकारतत सर्था (मर्च ७८५ ना) पिन कांगेस । কিন্তু তাসন্তেও দক্ষিণ চীনের অধিবাসীদের সঙ্গে এদের এমন কিছু বিশাল পার্থক্য নেই. অথচ এই দক্ষিণ চীনের অধিবাসীরা বেঁচে থাকে প্রধানত উভিজ্ঞ খাদ্য খেরে, এবং প্রায় খালি গায়ে তাদেরকে দিন কাটাতে হয় প্রচণ্ড গরম, রোদ-থলমল আবহাওয়ায়। দুর্গম উপক্লে হুণলে সামুদ্রিক খাদোর উপর নির্ভার করে জীবনযাপন করে বন্দ্রহীন ফজিয়ানরা। ব্রাজিলের বোটোকডো-রা অভ্যাতর ভাগের গভীর নিরক্ষীয় অরণ্যে ঘুরে ঘুরে বেড়ায়, উভিজ্জ খাদাই এদের প্রধান সন্বল। কিন্তু এইসব জলবায় গত পার্থক্য সত্ত্বেও এই গোণ্ঠীগ লির পরস্পরের মধ্যে ঘনিষ্ঠ সাদ্শ্য আছে। "বিগ্লে:" জাহাজে যে ফুজিয়ানরা ছিল, কয়েকজন রাজিলবাসী তাদেরকে দেখে তো বোটোকুডো গোণ্ঠীর লোক বলেই মনে করেছিল। আবার ক্রাণ্ডীয় আমেরিকার অন্যান্য অধিবাসীদের মতো বোডোকুডোদের সঙ্গেও নিগ্নোদের বিপলে পার্থক্য দেখা যায়। অথচ নিগ্রোরা বাস করে আতলান্তিক মহাসাগরের ঠিক বিপরীত পারে, তাদের এলাকার জলবায়রে সঙ্গে ক্রান্ডীয় আমেরিকার জলবায়রে প্রায় কোন পার্থ'কাই নেই, এবং নিগ্রোদের আচার-অভ্যাসও প্রায় এদেরই মতো।

শরীরের বিভিন্ন অংশের ব্যবহার বেড়ে যাওয়া বা কমে যাওয়ার বংশান্কমিক প্রতিক্রিয়ার ফলেই বিভিন্ন জাতির মধ্যে দেখা দিয়েছে নানান পার্থক্য—এ মতও গ্রহণযোগ্য নয় (সামান্য কিছ্ প্রভাব অবশ্য থাকতে পারে)। যে-সব মান্ম সাধারণত ডিঙিত্তই বসবাস করে, তাদের পাগ্লো কিছ্টো খাটো হয়ে যেতে পারে; যারা বসবাস করে উঁচু জায়গায়, তাদের ব্কটা বেড়ে উঠতে পারে আয়তনে; যাদেরকে সারাক্ষণ কোন-না-কোন ইন্দ্রিয় ব্যবহার করতে হয়, তাদের মেই ইন্দ্রিয়ের কোটরটি আয়তনে বড় হয়ে উঠতে পারে এবং তাদের মেথের আদলেও ঘটতে পারে কিছ্ পরিবর্তন। সভ্য জাতিগ্রনির মধ্যে চোয়ালের ব্যবহার জনেক কমে গেছে বলে (আগে বিভিন্ন মনোভাব প্রকাশ করার জন্য

চোয়ালের বিভিন্ন পেশীতে বিভিন্ন ভঙ্গী ফোটাতো মানুষ) তাদের চোয়াল আয়তনেও অনেক ছোট হয়ে গেছে আর বৃশ্বিবৃত্তিগত কাজ বেশি করার দর্শ তাদের মিলিত প্রতিক্রিয়ায় সভ্য মানুব্দের চেহারা বনাদের থেকে অনেকটাই আলাদা হয়ে গেছে। কোন জাতির মানুবদের দৈহিক উচ্চতা যদি বেড়ে যায় আর তার সঙ্গে তাল মিলিয়ে মিল্ডপ্কের আয়তন যদি না বাড়ে, তাহলে (খরগোশদের ব্যাপারে আগে যা বলা হয়েছে, তার আলোকে বিচার করলে মনে হয়) তাদের করোটির গঠন কিছুটা লম্বাকৃতির (dolichocephalic) হয়ে উঠতে পারে।

শেষতঃ, পরস্পর সম্পর্কায়ন্ত শারীরিক বাদিধর যে নিয়মটিকৈ আমরা আজও ভালভাবে ব্ৰেথে উঠতে পারিনি, তা-ও অনেক সময় সক্লিয় ভূমিকা নিয়ে থাকে। যেমন, পেশীসমহের বিপলে বান্ধি এবং অক্ষিকোটরের অনেকখানি বেডে ষাওয়ার মধ্যে একটা আল্তঃসম্পর্ক আছে । উত্তর আমেরিকার মান্দানদের গারন্ক আর চুলের মধ্যে এবং চুলের বিন্যাস ও তার রঙের মধ্যে স্বস্পন্ট আশতঃসম্পর্ক আছে। 128 স্বকের রঙ আর স্বক থেকে নিগতি গম্পের মধ্যেও আছে একটা আশ্তঃসম্পর্ক । ভেডাদের শরীরের কোন একটা নির্দিণ্ট অংশে লোমের সংখ্যা আর রোমকাপের সংখ্যাও আশ্তঃসম্পর্ক হার । আমাদের গাহপালিত পশালের সঙ্গে তলনা করে দেখলে মানুষের শারীরিক কাঠামোর বিভিন্ন পরিবর্তনকেও হয়ত এই আশ্তঃসম্পর্ক যাত্ত্ব পরিবর্ত নের নীতির সাহায্যে ব্যাখ্যা করা যেতে পারে। তাহলে আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন মানবজাতির মধ্যেকার বাহ্যিক বৈশিণ্টা-গত পার্থকাগ্যলিকে বিভিন্ন জাতির জীবনযাপনের অবস্থার প্রত্যক্ষ ফলাফল হিসেবে, কিম্বা কোন কোন অঙ্গকে লাগাতারভাবে ব্যবহার করার ফল হিসেবে. অথবা বিভিন্ন অঙ্গের আন্তঃসম্পর্কের নীতির সাহাব্যে মোটেই বথাবথভাবে वााथा। कता यात्र ना । তাহলে এবার খ'জে দেখা यात्र यं, একজন मान्यत्र সঙ্গে অপর একজন মানুবের বে-সব ছোটখাট পার্থক্য থাকে (এরকম পার্থক্য একাশ্তই শ্বাভাবিক), সেগ্রাল বহা প্রজম ধরে প্রাকৃতিক নির্বাচনের সাহাযো বজায় থেকেছে কিনা এবং বেডে উঠেছে কি না। কিল্<u>ড এক্লেকে</u> প্রথমেই **আপত্তি**

১৬। মি: কার্টনিন বলেছেন, মান্দানদের সমগ্র গোঞ্জীতে সমস্ত বরুসের মান্দ্রৰ এবং নারী-পুরুষ সব মিলিরে শ্রন্তি ১০-১২ জনের মধ্যে একজনের উত্থল রূপালী-ধুসর বর্ণের চুল থাকে, আর এটা বংশগতভাবেই সঞ্চারিত হয় (জ:, "কর্ম আমেরিকান ইণ্ডিয়ান সৃ", ভূডীর সংস্করণ, ১৮৪২, খণ্ড ১, পৃঃ ৪৯)। এরকম লোকেদের চুল ঘোড়ার কেশরের মতো মোটা আর কর্মশ হত্তে থাকে, বাধবাকীবের চুল পাতলা ও কোমল।

এভাবে বজায় থাকতে পারে। আমাদের বিচার-ব্রাম্থ অনুযারী বলা যায় (ভুল হওয়া নিতাশ্তই স্বাভাবিক), বিভিন্ন মানবজাতির মধ্যেকার পার্থকাগলে তাদেরকে কোনরকম প্রত্যক্ষ বা বিশেষ স্থাবিধে দেয় না। অবশ্য মান্ত্রের মননগত, নৈতিক বা সামাজিক গুণাবলীর পার্থক্য সম্বশ্বে এ কথাটা প্রযোজ্য নয়। বিভিন্ন মানবজাতির যাবতীয় বাহ্যিক পার্থকা নিয়তই পরিবর্তিত হয়ে থাকে। এ থেকেও বোঝা যায় যে এইসব পার্থক্য খুব একটা গুরুত্বপূর্ণ ব্যাপার নয়, কেননা গ্রেত্বপূর্ণ ব্যাপার হলে বহুদিন আগেই এগুলি হয় একটা স্হায়ী রপে নিত এবং দেই অনুষায়ীই বজায় থাকত, অথবা নিশ্চিহ্ন হয়ে যেত। প্রাণিতম্ববিদরা যাকে প্রোটিআন বা পলিমরফিক (protean or polymorphic) य**ल पा**रकन, जात मर्क क-याापारत मान्यत यरपण्टे मान्या बारह। क्टे প্রোটিআন বা পলিমরফিক অত্যত পরিবর্তনশীল চরিত্রের হরে থাকে, আর তার কারণ হল, প্রথমত, এই বিভিন্নতাগুলি নিতাশ্তই গুরুত্বীন, এবং বিতীয়ত, ্রে ফলে তারা প্রাকৃতিক নির্বাচনের আওতার বাইরে থেকে বেতে পেরেছে। এতক্ষণ পর্যাত্ত আমরা নানাভাবে বিভিন্ন মানবজাতির মধ্যেকার পার্থাকোর কারণ খোঁজার ব্যর্থ চেন্টা করেছি। কিন্তু একটা গ্রের্ডপূর্ণ বিষয় আমাদের আলোচনায় আর্দেনি—যৌন নির্বাচন (sexual selection)। মানুষ এবং অন্যান্য বহু, জীবজন্তর উপর এই যৌন নির্বাচনের যথেণ্টই প্রভাব আছে। অবশ্য, বিভিন্ন জাতির মধ্যেকার যাবতীয় পার্থ কা যৌন নির্বাচনের ফলেই গড়ে উঠেছে—এ-কথা আমি বলতে চাইছি না। আসলে এই একটা বিষয়ই শুখু অব্যাখ্যাত রয়ে গেছে। আমাদের স্বন্ধ জ্ঞান নিয়ে এ-ব্যাপারে আমরা শুখু এটাকুই বলতে পারি বে, মানুষে মানুষে কিছু-না-কিছু ছোটখাট পার্থকা বেহেতু থাকেই—বেমন কার্ব্র মাথা একটা গোল হয়, কার্ব্র বা চ্যাণ্টা, কার্ব্র নাক টিকালো আবার কার্বর বা থ্যাবড়া—তাই সময়ের সঙ্গে সঙ্গে এইসব পার্থক্য একটা স্থায়ী আর নির্দিষ্ট রূপে নিতে পারত, যদি এইসব পার্থকোর পিছনের কারণগ্রেল আরও স্থানিদি ভিভাবে ক্রিয়া করত এবং যদি তার সঙ্গে যুক্ত হত स्मीर्घकानवाभी जन्जीर्ववार वा तकुमन्वत्थयः नाती-भृतुत्स्वत्र मर्था भिन्न। এই পার্থকাগ্রলি সাময়িক বা অস্হায়ী চরিতের হয়ে থাকে, যে বিষয়ে এই বইয়ের বিতীয় পরিচ্ছেদে কিছু আলোচনা করা হয়েছে, এবং যথোপযুক্ত অভিধার অভাবে এগ্রনিকে প্রায়শই স্বতঃস্কৃতে পরিবর্তন বলে চিহ্নিত করা হয়। আমি धानिया दलएं ठाउँ हि ना त्य त्योन निर्वाहतन व्याभावहात्क विख्वानमञ्जल

পাশতিতে নির্ভুলভাবে চিক্কিত করা যায়। তবে, এই বৌন নির্বাচন অসংখ্য জীবজন্তুর ক্ষেত্রেই এক নির্ধারক ভ্রমিকা নিয়েছে। কাজেই, এই বিষয়টা যদি মান,যের মধ্যেও কোন পরিবর্তন না ঘটিয়ে থাকে, তাহলে তা এক বিচিত্র ঘটনা হিসেবেই প্রতিভাত হবে যার কোন ব্যাখ্যা নেই। সেইসক্ষেই দেখানো যায় যে মান,যের বিভিন্ন জাতির মধ্যে যে-সব পার্থক্য রয়েছে, যেমন গায়ের রঙ, রোমশতা, ম,থের আদল ইত্যাদি বিযয়ে, এগর্মলি এমন ধরণের পার্থক্য যা যৌন নির্বাচনের ফল হিসেবে উভ্তুত হতেই পারে। কিন্তু এই বিষয়টি নিয়ে যথাযথভাবে আলোচনা করতে হলে গোটা প্রাণী-জগণ্টারই পর্যালোচনা করতে হয়। তাই এ বইয়ের ছিতীয় খণ্ডে আমি মলেত এই বিষয়টা নিয়েই আলোচনা করেছে। সবণেষে আমি আবার মান,ষের প্রসঙ্গেই কিছ্ম আলোচনা করেব, এবং যৌন নির্বাচন তাকে কতটা পরিবতিতি করেছে দেখানোর পর এই প্রথম খণ্ডের বিভিন্ন পরিচেন্থের একটা সারসংক্ষেপ উপস্হাপিত করব।

সারসংক্ষেপ এবং উপসংহার (তৃতীয় খণ্ডের শেষ পরিচ্ছেদ)

ভাষাদের প্রধান সিদ্ধান্ত হল, কোন নিম্নতর জীব থেকেই উভ**ু**ত হরেছে মাসুধ—বিকাশের ধরণ —মাসুষের বংশবৃত্তান্ত—মননগত ও নৈতিক গুণ—যৌন নির্বাচন—উপসংহার।

এই গোটা বইটার একটা ছোটু সারসংক্ষেপ হাজির করা গেলে এর মলে বিষয়গ্রালি পাঠকের কাছে স্পণ্ট হয়ে উঠবে বলে আশা করা ষায়। এখানে যে সমসত মত অভিব্যক্ত হয়েছে, তার মধ্যে অনেকগ্রালি নিছকই অনুমানভিভিক, এবং কোন কোনটা ভূল বলেও প্রমাণিত হবে। তবে, গোটা বইটাতে আমি যেখানেই কোন একটা মতের পক্ষে দাঁড়িয়েছি, তখন প্রত্যেক ক্ষেত্রেই কেন আমি সেই মত সমর্থন করছি—তার কারণও দেখানোর চেণ্টা করেছি। মানুষের ইতিহাসের কিছ্ম জটিল সমস্যার উপরে কতটা আলোকপাত করতে পারে বিবর্তনবাদ, তা খাজে দেখা দরকার ছিল। বিজ্ঞানের অগ্রগতির পক্ষে লাল্ড তথ্য অত্যাত ক্ষতিকর, কেননা এগ্রালি দাঁঘাদিন ধরে চাল্য থেকে লাল্ড ছড়ায়। কিণ্ডু কিছ্মটা যুক্তি-প্রমাণবিশিণ্ট কোন লাল্ড দ্ভিভঙ্কী খুব একটা ক্ষতিকর হয়ে ওঠে না, কারণ সেই দাণিভঙ্কীর লাল্ড প্রমাণের ব্যাপারে অনেকেই উৎসাহী হয়ে ওঠে। লাল্ডিটা প্রমাণ করা গেলে ভূল-ঠিকানায় ষাওয়ার একটা পথ বন্ধ হয়ে যায় আর সেই—সঙ্গেই অনেক সময় খ্লে যায় সত্যের ঠিকানাম্থী পথের দ্বার ।

কোন নিম্নতর জৈবিক র প থেকে বিবর্তনের মধ্যে দিয়েই মান্ষ উভ্তে হয়েছে
—এটাই এ বইয়ের প্রধান সিম্পাত, এবং বহু অভিজ্ঞ প্রাণিতত্ববিদই এখন এই
দৃত্তিভঙ্গী সমর্থন করেন। যে বনিয়াদের উপর এই সিম্পাত্তি গড়ে উঠেছে,
তা কখনোই নাকচ হয়ে যেতে পারে না। কারণ, মান্ষ ও নিন্নতর প্রাণীদের
হুণগত বিকাশের মুধ্যেকার এবং শারীরিক গঠন-কাঠামোর অসংখ্য বিষয়ের মধ্যেকার
হানিষ্ঠ সাদৃশ্য (যেগ্লির কোনটা হয়ত অত্যত গ্রেছপূর্ণে, আবার কোনটা
বা নিছকই মাম্লী), তার শরীরের মধ্যে এখনও পর্যত্ত টিকে থাকা নানান
ল্থেপ্রায় অংশ, এবং তার মধ্যে মাঝে মাঝে প্রেবিস্হায় প্রজাবর্তনের যে
অস্বাভাবিক লক্ষ্ণ দেখা বায়—এই বিষয়গ্লেকিকে কোনভাবেই অস্ববিদার করা বায়
না। এগালি সম্বন্ধে অনেকদিন আগে থেকেই নানা কিছু জানা গেছে, কিষ্টু

মানুষের উত্তবের সঙ্গে এগালের সম্পর্কটা কী-তা কিছুদিন আগে পর্যাতও काना बार्रान । আक्र ममश्र क्रीयकार मन्यत्थ आमत्रा स्व खान अर्कन क्राहर, তার আলোকে বিচার করলে এগটোলর তাৎপর্য দিনের আলোর মতোই স্পণ্ট হয়ে **७८ठे । এই বিষয়গ্রলিকে** অন্যান্য কিছু বিষয়ের সঙ্গে যু**ত্ত** করে বিজ্ঞোষণ করলে, যেমন একই প্রজাতির সদস্যদের পারস্পরিক সাদৃশ্য, অতীতে এবং বর্তমানে তাদের ভৌগোলিক বিন্যাস এবং তাদের ভতোত্তিক পারম্পর্যের সঙ্গে যুদ্ধ করে বিশেলষণ করলে, সব্কিছুর মধ্যে বিবর্তনবাদের অমোঘ নীতিটাই আমাদের সামনে একাশ্ত স্পণ্ট হয়ে ফুটে ওঠে। এই সবকটি বিষয়ই ভাশ্ত, এমন ভাবাটা নিতাত্তই অর্থাহীন। প্রকৃতির বিভিন্ন ঘটনাবলীকে যারা কিছত্র বিচ্ছিন। ঘটনার সমণ্টিমাত্র বলে দেখতে (বন্যরা যেভাবে দেখে) রাজি নয়, তারা কোনমতেই আর মেনে নেবে না যে মানুষ পরোপর্বার এককভাবে, সবার থেকে বিচ্ছিন্নভাবে স্ভিট হয়েছে। মানবশিশরে ভাগের সঙ্গে অন্যান্য প্রাণীর, বেমন কুকুরের, অনুদের সাদৃশ্য : অন্যান্য দতন্যপায়ী প্রাণীদের করোটি, অঙ্গ-প্রতাঙ্গ ও সমগ্র দৈহিক কাঠামোর সঙ্গে মানুষের করোটি, অঙ্গ-প্রতাঙ্গ ও দৈহিক কাঠামোর মিল (এ-সব অঙ্গ যে কাজেই ব্যবস্থাত হোক না কেন): শারীরগঠনের বিভিন্ন অংশ या ठ्रुप्शन रुज्नाशाहीत्तव मत्यारे तथा याह्र अथह সाधावण्ड मान्यवद मतीत থাকে না, এমন কিছু অংশ-বেমন বেশ কিছু পেশী, কখনো কোন মান,বের শরীরে হঠাৎ দেখতে পাওয়া, এবং এ-রকম আরও অনেক বিষয় থেকে এটা न्भण्डेजात्वरे त्वाका बाह-त्व आणि भाव'भावाष एथरक माण्डि रहारह जन्माना न्छनाभारा वागीता, स्मर्ट ५करे भार्यभारत एएकरे मानास्वत छेडव रसाह । আমরা দেখেছি, শরীরের সমস্ত অংশের ব্যাপারে এবং মানসিক ক্ষমতার কেতে মান্যবে মান্যবে হরেক রকমের ফারাক থাকে। নিয়তর প্রাণীদের মধ্যে যে-সব কারণে এ-ধরণের পার্থকা বা বিভিন্নতা সূণ্টি হয় এবং সেগ্রালর ব্যাপারে বে-সব নিয়ম ক্রিয়াশীল থাকে, মানুষের ক্ষেত্রেও সেইসব কারণ ও নিয়মগঢ়াল সমানভাবে প্রযোজ্য। নিশ্নতর প্রাণী এবং মান্ত্র —উভয়ের ক্ষেত্রেই বংশগতির একই নিয়ম কাছ করে। হাতের কাছে জীবনযাপনের যতটকে উপকরণ থাকে, তার পরিধি ছাডিয়ে দ্রত বেডে চলে মানুষের সংখ্যা। ফলে দেখা দেয় অস্তিত রক্ষার জন্য কঠোর সংগ্রাম আর স্থযোগ পেলেই সক্রিয় হয়ে ওঠে প্রাকৃতিক নির্বাচনের নিয়য়। একই ধরণের বেশ বিছা সুস্পণ্ট পার্থক্য বা বিভিন্নতা বংশপরম্পরারমে চলতে থাকাটা এ ব্যাপারে মোটেই অভ্যাবশাক নয়, মান্যবের একের সঙ্গে অপরের বে সামান্য পার্থক্য থাকে, প্রাকৃতিক নির্বাচনের নিয়ম ক্রিয়াশীল হয়ে ওঠার জন্ম

সেট্-কৃই যথেণ্ট। আবার এমনটা মনে করারও কোন কারণ নেই যে একই প্রজাতির অত্যাত প্রতিটি প্রাণীর শরীরের প্রতিটি অংশের সঙ্গে অন্য প্রজাতির প্রাণীদের শরীরের অংশগর্নলির পার্থাক্য হ্বহ্ন একইরকম। দীর্ঘাকাল ধরে কোন অঙ্গ ব্যবহৃত বা অব্যহৃত হতে থাকলে তার বংশান্ত্রমিক প্রতিক্রিয়াও অনেকটা প্রাকৃতিক নির্বাচনের মতো একটা ভূমিকা নের। শরীরের যে-সমস্ত পরিবর্তন একসময় খ্বই গ্রুব্রুপর্ণ ছিল অথচ আজ আর ষেগ্নলির বিশেষ কোন তাৎপর্য নেই, সেগ্রাল বহুদিন ধরে বংশপরস্পরাক্রমে সন্ধারিত হয়ে চলে। শরীরের কোন একটা অংশ পরিবর্তিত হলে অন্যান্য অংশগ্রুলিও আলতঃসম্পর্কের নিরুমের দর্ল পরিবর্তিত হয়। আলতঃসম্পর্কার্ক অঙ্গবিকৃতির নানান ঘটনার মধ্যে এর নজির আমরা পেরেছি। জীবন্যাপনের পারিপাম্বিক, যেমন স্বপ্রচুর খাদ্য, উষ্ণতা বা আর্দ্রতা ইত্যাদির প্রত্যক্ষ ও স্থানিদিন্ট প্রভাবেরও একটা ভূমিকা আছে বলে ধরে নেওয়া যায়। আর শেষতঃ শারীরিকভাবে খ্বই কম গ্রুব্রুপর্নেণ এবং কয়েকটি যথেণ্ট গ্রুব্রুপর্নেণ বৈশিণ্ট্য অজিত হয়েছে যৌন নির্বাচনের সাহাযে।

मान्य वर जन्माना প্রতিটি প্রাণীর শরীরেই এমন কিছু কিছু অংশ থাকে, আমাদের সীমিত জ্ঞানে মনে হয় বেগালি এখন তার কোন কাজেই লাগে না বা আমেও লাগত না, এবং এই কাজে না-লাগার কারণ হয়ত জীবনষাপনের সাধারণ অকহা কিন্বা একের সণ্গে অন্যদের যোগ সম্পর্কের মধ্যেই নিহিত। ्रकान এकीं धर्मापत्र निर्वाहन अथवा अभ्यातीलात वावरात वा अवावरातत বংশান্ক্রমিক প্রতিক্রিয়ার সাহায্যে এইসব অপ্রয়োজনীয় অংশগ্রনির উভবের ব্যাখ্যা করা বায় না। তবে, আমরা আমাদের গৃহপালিত পশ্লের শরীরে -কখনও কখনও যে-সব অঙ্তে ও স্থান্সণ্ট গঠন-কাঠামোগত বৈশিষ্ট্য দেখতে পাই, সেগালির অজানা কারণসমহে যদি তাদের সকলকার মধ্যে সমানভাবে কাজ করত, তাহলে ঐ বৈশিষ্টাগর্নল সম্ভবত ঐ প্রজাতির সকল সদস্যের মধ্যেই ফটে উঠতে দেখা যেত। এ-ধরণের পরিবর্তনের কারণ কী, ভবিষাতে তা জানতে পারার আশা করতে পারি আমুরা, বিশেষত অংগবিকৃতির ব্যাপারটার সাহায্যে এই ·কারণগুলো বোঝা যেতে পারে। বহু পর্য বেক্ষক, যেমন ম^{*}সিয় কামিল দারেল্ড, রে কঠোর পরিশ্রম করে চলেছেন, তা ভবিষ্যতে খুবই সম্ভাবনাময় ভ্রমিকা নিতে পারে। সাধারণভাবে আমরা শৃধ্ব এটকুই বলতে পারি যে প্রতিটা ছোঁটখাট র্ণবিভিন্নতা এবং প্রতিটা অংগবিকৃতির কারণ চারপাশের অবস্হার চরিয়ন্তের মধ্যে -যতটা না নিহিত থাকে, তার চেয়ে অনেক বেশি নিহিত থাকে প্রাণীদের শারীরিক

কাঠামোর মধ্যেই। অবশ্য বহু ধরণের শারীরিক পরিবর্তন ঘটানোর ব্যাপারে নতুন ও পরিবর্তিত অবস্থা নিঃসন্দেহেই একটা গ্রের্তন্পর্ণে ভূমিকা পালন করে থাকে।

বে-সব উপায়ের কথা এইমান্ত বলা হল সেগ্নলৈর সাহায্যে এবং সম্ভবত এখনও পর্যান্ত অনাবিশ্বকৃত আরও কিছ্ন উপায়ের সাহায়েই মানুষ তার আজকের অবস্থায় উমীত হয়েছে। কিন্তু মানুষ যখন থেকে সত্যিকারের মানুষ হয়ে উঠল, তখন থেকেই গড়ে উঠতে থাকল বিভিন্ন পূথক পূথক জাতি, বা আরও সঠিক অর্থে বললে, বিভিন্ন উপ-প্রজাতি। এ-রকম কোন কোন উপ-প্রজাতির মধ্যে, যেমন নিপ্রোও ইউরোপিয়াননের মধ্যে, পার্থক্য এতই বেশি যে এই দুই শাখার দু'জন মানুষকে কোন প্রাণিতশ্ববিদের কাছে হাজির করলে এবং তাদের সম্বন্ধে আর কোন তথ্য তাঁকে না জানালে, তিনি নির্দাণ্থ এদের দুজনকে দুটি পূথক প্রজাতির সদস্য বলে চিহ্নিত করে দেবেন! তাসত্ত্বেও, সমস্ত জাতির মানুষদের দৈহিক কাঠামোর অসংখ্য ছোটখাট বিষয় এবং মানসিক বহু বৈশিশ্বটা একইরকম। এর কারণ একমান্ত এ-ই হতে পারে যে, তারা প্রত্যেকেই কোন এক সাধারণ পূর্বপ্রুম্বের কাছ থেকে এগালি অর্জন করেছে উন্তরাধিকার সারে। আর এইসব বৈশিশ্বটার্মাণ্ডত সেই আদি পূর্বপ্রুম্বকে মানুষ হিসেবে চিহ্নিত করাই গ্রেয়।

একটা জাতি থেকে আর একটা জাতির পার্থক্য এবং মলে বংশের থেকে প্রত্যেক জাতির পার্থক্যের উৎস কোন এক আদি মানব-মানবীর মধ্যেই নিহিত ছিল—এমনটা ভাবলে ভুল হবে। আসলে পরিবর্তন-প্রক্রিয়ার প্রতিটি স্তরে জীবন-যাপনের অবস্থার সঙ্গে মানিরে নেওয়ার পক্ষে যারা অধিকতর উপযুক্ত ছিল (কেউ কিছনটা বেশি, কেউ কিছনটা কম), তারা ঐ অবস্থার পক্ষে অনুপর্যক্রদের তুলনায় অনেক বেশি সংখ্যায় টিকে থাকতে পেরেছিল। এই প্রক্রিয়ার সঙ্গে মিল রয়েছে সেই প্রক্রিয়ার, যেখানে মানুষ মিলনের জন্য কোন নির্দিণ্ট ব্যক্তিকে উদ্দেশ্য প্রণোদিতভাবে বেছে নেয় না, বরং শুখু উৎকৃষ্টতর ব্যক্তিদের সাহাব্যেই সম্ভান উৎপাদন করায় এবং নিকৃষ্টতরদের অবহেলা হরে। এইভাবে ধীরে ধীরে অথচ স্থানিশ্চিতভাবে সে তার নিজের বংশ বা গোষ্ঠীকে পরিবর্তিত করে এবং অসচেতনভাবেই গড়ে তোলে এক নতুন বংশধারা। কাজেই, কোনরকম নির্বাচন ব্যতীতই অজিত পরিবর্তনের ব্যাপারে, এবং নির্দিণ্ট জীবটির প্রকৃতি ও চারপাশের অবস্থার প্রভাবের ফলে অথবা জীবনযাপনের পরিবর্তিত আচারণ অভ্যাসের ফলে উড্তে বিভিন্নতাসমূহের দর্শ কোন একজোড়া নারী-প্রেম্ব ঐ

একই দেশে বসবাসকারী অন্য নারী-প্রের্থদের চেরে বেশি পরিমাণে পরিবর্তিত হতে পারে না, কেননা এদের সকলকার মধ্যে অবাধ যৌনমিলনের দর্বণ অবিরাম একটা সংমিশ্রণ ঘটেই চলে।

মানুষের ভুণাক্তার গঠন-কাঠামো, নিন্দতর প্রাণীদের সঙ্গে তার সাদুশ্য, তার শরীরের বিভিন্ন লপ্তেপ্রায় অঙ্গ এবং মাবে-মাঝে তার মাধ্যে পর্বোকস্থায় প্রত্যাবর্তনের যে প্রবণতা দেখা যায়-এগালি থেকে আমরা আমানের আদি পরে পরে বুদেনের অবস্হা কিছুটো অনুমান করতে পারি এবং জীবজগতের সমগ্র সারিতে তাদের সঠিক স্থানটাও মোটামুটি নির্ধারণ করতে পারি। আমরা জেনেছি যে কোন এক রোমশ, লেজবিশিষ্ট চতুম্পদী প্রাণী থেকেই উভতে হয়েছিল মানুষ, ষে প্রাণীটি সম্ভবত বক্ষবাসী ছিল এবং বসবাস করত পর্বে গোলার্মে। কোন প্রাণিতত্ববিদ যদি এই প্রাণীটির সমগ্র দৈহিক-কাঠামো পরীক্ষা করে দেখার সুষোগ পেতেন, তাহলে খাব সম্ভবত তিনি এদেরকে ঠিক পার্ব গোলার্ধের এবং উত্তর ও দক্ষিণ আমেরিকার বাঁদরদের আরও প্রাচীন পরে পরের্ছদের মতো চতম্পদী দতনাপায়ী প্রাণী (quadrumana) হিসেবেই চিহ্নিত করতেন। চক্তপদী স্তন্যপায়ীরা এবং বাবতীয় উন্নততর স্তন্যপায়ীরাই সম্ভবত উদ্ভত হরেছে কোন এক প্রাচীন ক্যাঙার, জাতীয় প্রাণী থেকে, এই ক্যাঙার, জাতীয় প্রাণী উল্ভতে হয়েছিল কোন উভচর-সন্শু জীব থেকে বহু বিচিত্র রূপের মধ্যে দিয়ে বিবর্তনের ধারায়, আবার এই উভচর-সন্ত্রশ জীবের উত্তব ঘটেছিল মাছের মতো কোন জীব থেকে। স্থদরে অতীতের ধসের কয়াশা সরালে বোঝা যায়— সমস্ত মেরুদণ্ডী প্রাণীর আদি পর্বেপরেশ ছিল নিঃসন্দেহেই কোন জলচর প্রাণী, তাদের শরীরে ফুলকা থাকত, স্ত্রী ও পরেষ উভর লিঙ্গই একই শরীরে বিদামান থাকত, এবং শরীরের সবথেকে গ্রের্স্বপূর্ণ অঙ্গগ্নলি (ষেমন মশ্তিক বা *ছা*ব্যপিন্ড) ছিল অসম্পর্ণভাবে বিকশিত বা একেবারেই **অবিক**শিত। **ঐ-সব প্রাণীদের সঙ্গে সবথেকে বেশি মিল খ**ঁজে পাওয়া যায় বর্তমানে**র সাম**ুদ্রিক জীব অ্যাসিডিয়ানের শকেকীটের সঙ্গে।

মানুষের উত্তব সম্বন্ধে এই সিম্ধান্তে উপনীত হওয়ার পর সবথেকে গ্রের্ডপূর্ণ সমস্যা হিসেবে সামনে এসে দাঁড়ায় আমাদের মননগত ক্ষমতা ও নৈতিক প্রবণতার প্রশন্টা। কিম্তু বিবর্তনবাদে যারা বিশ্বাস করেন, তারা সহজ্বেই ব্রেথ নিতে পারেন যে, উষততর জীবজম্পুদের ব্যিধব্রিগত ক্ষমতাও (যে ক্ষমতার্র ধরণটা ঠিক মানুষের ব্যিধব্রিগত ক্ষমতারই মতো, যদিও মান্তাগত পার্থক্য) বিপ্লে) বিকশিত হয়ে চলে। তাই দেখা যায় উষততর জাতের বাদর বা বনমানুষদের

সঙ্গের মাছেদের, কিন্বা পি'পড়েদের সঙ্গে ক্ষান্ত কোন কীটেদের মানসিক ক্ষমতার পার্থক্য বিপলে। কিন্তু তাসন্থেও এদের মানসিক ক্ষমতার বিকাশের প্রশ্নটা খনুব একটা জটিল নয়, কেননা আমাদের গৃহপালিত জীবজন্তুদের ক্ষেত্রে আমরা দেখতে পাই যে তাদের মানসিক ক্ষমতা পরিবর্ত নশাল এবং এই পরিবর্ত নগালি উর্জ্বাধিকারসত্রে সঞ্চারিত হয়ে থাকে। প্রকৃতির কোলে স্বাধান অবস্থায় থাকার সময় এগালি যে জীবজন্তুদের পক্ষে অত্যন্ত গ্রেম্বপর্ণে ভ্রমিকা নেয়, তাতে কোন সন্দেহ নেই। কাজেই, এই ব্যাপারটা প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়ে তাদের অগ্রগতির অন্করেল। মান্বের সন্বন্ধেও এই একই সিখান্ত করা চলে: অত্যন্ত স্প্রাচীন কালেও মননশক্তি তার পক্ষে চড়োন্ত গ্রেম্বত্বপর্ণে ছিল, এই শক্তির সাহায়েই সে উত্তাবন করেছিল ভাষা এবং ব্যবহার করেছিল সেই ভাষাকে, তৈরী করেছিল নানান হাতিয়ার, উপকরণ, ফাদ ইত্যাদি; আর নিজের সামাজিক আচার-অভ্যাসের বলে বহুদিন আগেই সে সমন্ত সজীব প্রাণীদের মধ্যে শ্রেণ্ঠ প্রাণীর স্থান অর্জন করেছিল।

আধা-উত্তাবন এবং আধা-সহজ্ঞাত প্রবৃত্তি হিসেবে ভাষাকে মান্ত্র যখন থেকে ব্যবহার করতে শ্রুর্ করল, তখন থেকে তার মননশান্তর বিকাশও ঘটে চলল দ্রুতভালে। কারণ ভাষার অবিরাম ব্যবহার প্রতিক্রিয়া ঘটাতো মন্তিকে এবং তা সন্থারিত হত উত্তরাধিকারসক্রে। এটা আবার ছাপ ফেলতো ভাষার অগ্রগতির উপর। মিঃ চন্সি রাইট চমংকারভাবে বলেছেন, নিন্নতর প্রাণীদের তুলনায় মান্বের মাথা যে তার শরীরের থেকে অপেক্ষাকৃতভাবে বড় হয়, সন্তবত তার প্রধান কারণ হচ্ছে এই যে, সেই প্রাচীনকালে কোন সাদামাটা ধরণের ভাষা ব্যবহার করার দর্শই তার মাথাটা শরীরের তুলনায় অপেক্ষাকৃত বড় হয়ে ক্রিরেছিল। ভাষা হচ্ছে এক আশ্বর্ষ স্বৃত্তি, বা সমস্ত জিনিস ও গ্রেণ বা ক্ষমতার জ্ন্য আলাদা আলাদা সংকেতের জন্ম দিয়েছে, মান্বের মধ্যে গড়ে তুলেছে অ্রুভ্রেল চিন্তাধারা, বা নিছক ইন্দ্রিগত অনুভ্তি থেকে কখনোই গড়ে উঠতে পারত না বা গড়ে উঠলেও তাকে টিকিরে রাখা বেত না। মান্বের উন্নত্তর মননগত ক্ষমতাসমূহ—যেমন যুদ্ভিপ্রয়োগ, বিভিন্ন ঘটনার সার-সংকলন, আত্মসচেতনতা প্রভৃতি—সন্ভবত গড়ে ওঠে অন্যান্য মানসিক ক্ষমতার অবিরাম অপ্রগতি ও অনুশালনের ফলেই।

নৈতিক গ্রেণাবলীর বিকাশের প্রশ্নটা আরও চিন্তাকর্ষক। এর বনিয়াদ নিহিত থাকে সামাজিক প্রবৃত্তির মধ্যে, পারিবারিক বন্ধনও যার অন্তর্ভুক্ত। এই প্রবৃত্তি-গ্রন্থিল অত্যন্ত জটিল প্রকৃতির এবং নিন্দতর প্রাণীদের ক্ষেত্রে এই প্রবৃত্তিগ্রন্থিল করেকটি নির্দিণ্ট কাজের দিকে বিশেষ প্রবণতা সৃণ্টি করে থাকে। কিন্তু ভালবাসা আর সহান্তিতির স্থানির্দিণ্ট বোধ হছে আরও গ্রেক্প্রণ বিষয়। সামাজিক প্রবৃত্তিসম্পন্ন জীবজন্তুরা পরস্পরের সাহচর্যে আনন্দ পায়, বিপদের সময় একে অপরকে সতর্ক করে দেয় এবং একে অপরকে নানাভাবে রক্ষা ও সাহাষ্য করে। এই প্রবৃত্তিগৃত্বলি কিন্তু একই প্রজাতির সকল সদম্যের ক্ষেত্রে প্রযোজ্য হয় না, এগৃত্বলি প্রযোজ্য হয় কেবলমাত্র একই গোষ্ঠী বা সম্প্রদায়ভুক্ত সদস্যদের মধ্যেই। যেহেতু এগৃত্বলি প্রজাতির পক্ষে অত্যাত মঙ্গলজনক, তাই ধরে নেওয়া ষায় যে খ্বে সম্ভবত প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়েই এগৃত্বলি অজিভি হয়েছিল।

নৈতিকগুণসম্পন্ন প্রাণী একমাত্র তাকেই বলা চলে, যে তার নিজের অতীভ কার্যকলাপ এবং সেগ, লির উন্দেশ্য সম্বন্ধে চিম্তা-ভাবনা করতে, আর সেইসব কাজের কোন কোনটাকে সঠিক ও কোন কোনটাকে বেঠিক বলে চিহ্নিত করতে সক্ষম। এ-কথা অনন্দ্রীকার্য যে একমাত্র মানামুষ্ট এইসব ক্ষমতার অধিকারী, আর নিম্নতর প্রাণীদের সঙ্গে তার যাবতীয় পার্থকোর মধ্যে এটাই হচ্ছে সবথেকে গ্রের্থপূর্ণ। কিন্তু চতুর্থ পরিচ্ছেদে আমি দেখানোর চেন্টা করেছি যে নৈতিক বোধ সাণি হয়, প্রথমত, সামাজিক প্রবাত্তিসমূহের চিরস্হায়ী ও সদা-বর্তমান প্রকৃতির দর্মণ ; বিতীয়ত, কোন কাজ সম্বদ্ধে নিজের প্রতি-বেশীদের অনুমোদন বা অনন,মোদনকে মান, য ম,ল্য দেয় বলে ; এবং তৃতীয়ন্ত, তার মানসিক ক্ষ্মতার উন্নততর কার্যকলাপের দর্শে, যেখানে অতীতের ক্ষ্মীড তার মনের পর্দার ফটে থাকে নিখনতভাবে। এই শেষোক্ত বিষয়টিতেই সে নিশ্নতর थागौरनत स्थरक भूरताभूति वालामा । मत्नत्र **अटे क्रम**ाजत मत्रुग मान्य वाया হয় অতীত আর ভবিষ্যতের দিকে তাকাতে, এবং অতীতের ঘটনাগালির মল্যোমণ করতে। তাই দেখা যায় কোন সাময়িক আকাৎখা বা আবেগ মানুদ্রের সামাজিক প্রবৃত্তিকে কিছুক্ষণ বা কিছুদিনের জন্য দমিয়ে রাখার পর সে বিষয়টা নিয়ে চিম্তা-ভাবনা করে এবং ঐ প্রশামত হয়ে আসা তাড়নাটিকৈ তুলনা করে সদা-বর্তমান সামাজিক প্রবৃত্তির সঙ্গে। তখন তার মধ্যে ছড়িয়ে পড়ে একটা অসম্প্রণিটর ভাব—আসলে অতৃপ্ত যে-কোন প্রবৃত্তিই মানুষের মধ্যে অসম্ভোষের জন্ম দেয়। অতঃপর সে সিম্পান্ত নেয় যে ভবিষাতে সে আর ও-রকম কাজ করবে ना । এটাকেই আমরা বিবেকবোধ বলে থাকি। অন্য কোন প্রধ, ভির থেকে অধিকতর জোরদার বা দীর্ঘস্থায়ী কোন প্রবৃত্তি আমাদের মধ্যে এমন এক অনুভূতি সৃণ্টি করে, যে অনুভূতিকে আমরা প্রকাশ করে থাকি 'এ কাজটা

করা অবশাই উচিত' বলে। কোন শিকারী কুকুর যদি নিজের অতীত কার্য কলাপ সম্বন্থে চিম্তা করতে পারত, তাহলে সে হয়ত নিজেকে বলত (যেমনটা আমরা তার সম্বন্থে বলে থাকি)—আমার উচিত ছিল ঐ খরগোশটার দিকে ভাল করে নজর রাখা; ওটাকে শিকার করার তাৎক্ষণিক উত্তেজনার বশে আমার অমন করে ছুটে যাওরাটা ঠিক হয় নি।

সমাজবন্ধ প্রাণীনের একটা আকা•খা তানেরকে আংশিকভাবে অনুপ্রাণিত করে সাধারণভাবে নিজের গোষ্ঠীর অন্যান্য সদস্যদের সাহায্য করতে, কিন্তু এই আকাৰ্থা তাকে অনেক বেশি করে অনুপ্রাণিত করে কয়েকটি নির্দিণ্ট কার্য সম্পাদন ক তে । মানুষও তার আশপাশের অন্যান্য মানুষদের সাহায্য করার ব্যাপাবে একই সাধারণ আকাৎখার দ্বারাই অনুপ্রাণিত হয়, কিন্তু তার কোন বিশেষ প্রবৃত্তি নেই বা থাকলেও তা খুবই কম। কথার সাহায্যে নিজের আকাৎখা ব্যক্ত করার ব্যাপারে তার যে ক্ষমতা রক্তেছে, সেক্ষেত্রেও সে নিম্নতর প্রাণীদের থেকে আলাদা। কথার দ্বারা আকাৎখা ব্যক্ত করার এই ক্ষমতা সাহায্য চাওয়ার বা েওনার অন্যতম নির্দেশকের ভূমিকা দখল করেছে। সাহায্য দেওনার উদ্দেশ্যটাও নেক প দেওঁ গোছে মানুষের মধ্যে। এখন আর এটা শুধু এক অন্ধ প্রবৃত্তি-সঙ্গাত ব্যাপার নয়। অন্যান্য মানুষদের প্রশংসা বা নিন্দ। এখন এই উদ্দেশ্যকে বহুলাংশে প্রভাবিত করে থাকে। প্রশংসা ও নিন্দা করা বা তা উপলব্ধি করার ভিত্তি হল সহানুভূতি। আমরা দেখেছি যে এই সহানুভূতি বোধটা **হচ্ছে** সবথেকে গ্রে, ত্বপূর্ণ সামাজিক প্রবৃত্তি সম্হের অন্যতম। সহান্ত্তি ব্যাপারটা একটা সহজাত প্রবৃত্তি হিসেবে অজিতি হলেও, অনুশীলন ও অভ্যাসের দারা তা আরও জোরদার হযে ওঠে। যেহেতু মান্য মাত্রেই থোঁজে তার নিজের স্থয়, তাই কোন কাজ ও উদ্দেশ্য সদ্যুদ্ধে তার প্রশংসা বা নিন্দাও নির্ভর করে সেই কাজ বা উদ্দেশ্য তাকে সুখ দিতে পারছে কিনা – তারই উপর। আর স্থখ বেহেত সার্বজনীন মঙ্গলের এক অপরিহার্য উপাদান, তাই সর্বাধিক মানুরেকে সূথী ্বতে পারার নীতিটা সঠিক-বৈঠিক নির্ধারণের একটা নিরাপদ মানদন্ড হিসেব কান্ত করে থাকে পরোক্ষভাবে। মান[ু]ষের য**ুদ্রিপ্রােগের ক্ষমতা যত উন্নত হ**য় এবং যতই সে নতুন নতুন অভিজ্ঞতা সঞ্চয় করে, ততই ব্যক্তির চরিত্রের উপর এবং সার্বজনীন মঙ্গলের উপর কিছু, কিছু, আচার-আচরণের স্থানুরপ্রসারী ফলাফল তার কাছে দপণ্ট হয়ে ওঠে। তখন মানুষের এই উপলব্দিপ্রসত্ত গুণগুলিকে জনমতের দারা যাচাই করার অবস্হা সু চিট হয়, সেগালি প্রশংসা লাভ করে এবং তার বিপরীত ব্যাপারগালিকে নিন্দা করে মানাম, কিল্ড অনামত জাডিগালি

প্রায়শই যুদ্ধিপ্রয়োগে ভূল করে থাকে, অনেক ক্প্রথা ও বাজে কুসংস্কারকেও তারা ঐ ভূল যুদ্ধি দিয়ে বিচার করে। ফলে সেগালি তাদের কাছে উচ্চ গাণের মর্যাদা পায় আর তা ভঙ্গ করাকে তারা দার্শুণ অপরাধ বলে মনে করে।

মননগত ক্ষমতার থেকে মানুষের নৈতিক গুণোবলীকে সঙ্গতভাবেই অধিক মল্যে দেওয়া হয়ে থাকে। কিম্কু মনে রাখা দরকার যে, অতীতের স্মৃতিকে পশ্বেখান্-প্থেভাবে স্মরণ করতে পারার ব্যাপারে মনের যে শক্তি আছে, তা হচ্ছে বিবেকবোধের অন্যতম মোলিক (যদিও গোণ) বনিয়াদ। প্রতিটি মানুষের মননগত ক্ষমতাকে সম্ভাবা সমুহত উপায়ে স্থাশিক্ষত ও উদ্দীপিত করে তোলার সব্থেকে জোরদার যুক্তি খাঁজে পাওয়া যায় এই ঘটনার মধ্যেই। কোন জড়বুদ্ধি-সম্পন্ন মানুষের মধ্যে যদি কিছুটা সামাজিক অনুভূতি ও সহানুভূতিবোধ থাকে, তাহলে দ্বভাবিকভাবেই সে ভালো কাজই করার চেণ্টা করে এবং তার মধ্যে যথেণ্ট সংবেদনশীল বিবেকবোধও থাকতে পারে। তবে, যা-কিছু আমাদের কম্পনাকে আরও বিশদ করে তোলে এবং অতীতের স্মৃতিকে স্মরণ করায় ও আজকের ঘটনার সঙ্গে তার তুলনা করার অভ্যাসকে জোরদার করে তোলে, তা আমাদের বিবেকবোধকেও করে তোলে আরও সংবেদনশীল, আর এমনকি সামাজিক অনুভূতি ও সহানুভূতির ঘাটতিকেও কিছুটা পরেণ করতে পারে। মান ষের নৈতিক প্রকৃতি আজকের অবস্হায় এসে পে'ছিতে পেরেছে অংশত তার যুক্তিপ্রােগের শক্তি উন্নত হওয়া এবং তার ফলন্বরূপ একটা যুক্তিসম্মত জনমত গড়ে ওঠার মাধ্যমে। কিম্তু অভ্যাস, দুন্টাম্ত, নির্দেশ ও চিম্তা-ভাবনার সাহায্যে তার সহান,ভাতিবোধ আরও কোমল আর আরও পরিব্যাপ্ত হয়ে ওঠাটা এর পিছনে আরও বড় কারণ হিসেবে কাজ করেছে। বিভিন্ন সদ্গৃহণসম্মন প্রবণতাগৃহলি যদি মানুষের মধ্যে দীর্ঘদিন ধরে ক্রিয়াশীল থাকে, তাহলে একসময় সেগুলি উজ্রাধিকারসূত্রে সন্ধারিত হতেও পারে। কোন এক সর্বদ্রুটা দেবতার অদিতত্বে বিশ্বাস করে স্থসভ্য জাতিগ**্রাল,** আর এই বিশ্বাসটা তাদের নীতিবোধকে অনেক উন্নত করে তুলেছে। শেষ বিচারে মানুষ তার আশপাশের অন্যান্য লোকজনের প্রশংসা বা নিন্দাকে নিজের কার্যকলাপের একমাত্র পথ-প্রদর্শক বলে মেনে নেয় না (যদিও এই প্রশংসা বা নিন্দার প্রভাব থেকে প্রায় কেউই মূক্ত নয়), বরং তার পথ-প্রদর্শ ক হয়ে ওঠে যুবন্ধিসম্মত প্রত্যয়। তখন সে নিজের বিবেকবোধ দিয়েই সবকিছ, বিচার করে, পরিচালিত করে। তাসত্ত্বেও, নৈতিক বোধের প্রধান ভিত্তি বা উৎস হল সামাজিক প্রবৃত্তি, এবং সহান,ভ,তিবোধও এই প্রবৃত্তির অল্ডর্গত। আর ঠিক নিম্মতর প্রাণীদের মতো মান্ত্রেও এইসব প্রবৃত্তি

অর্জন করেছিল ম্লেড প্রাকৃতিক নির্বাচন মারফং।

অনেকেই বলে থাকেন যে মান্য ও নিশ্নতর প্রাণীদের মধ্যে সবথেকে প্রণাঙ্গ পার্থ কা হচ্ছে ঈশ্বরে বিশ্বাস থাকা ও না-থাকা। তবে এই বিশ্বাসটা যে মান্যের সহজাত বা প্রবৃত্তিগত হতে পারে না, তা আমরা আগেই দেখেছি। আবার অন্যদিকে, সর্ববাাপী কোন এক ঐশ্বরিক শক্তিতে বিশ্বাসটা সারা পৃথিবী জন্তেই ছড়িয়ে আছে। আপাতভাবে এই বিশ্বাসটি গড়ে ওঠে মান্যের যুক্তিসম্মত চিশ্তা-ভাবনার অগ্রগতির ফলে, এবং আরও বেশি তার কম্পনার্শান্ত, কোতৃহল ও বিশ্বারেধে বেড়ে ওঠার ফলে। ঈশ্বর বিশ্বাসটাকে মান্যের একটা সহজাত প্রবৃত্তি হিসেবে দেখিয়ে যে অনেকে ঈশ্বরের অস্তিতন প্রমাণ করার চেশ্টা করেছেন, তা আমি জানি। কিশ্তু এ যুক্তিটা একেবারেই অচল। তাহলে তা আমাদের বেশ কিছ্ নির্দায় ও ক্ষতিকর ভ্ত-প্রতের অস্তিকে বিশ্বাস করতে হয়, কেননা কোন মঙ্গলময় ঈশ্বরের প্রতি বিশ্বাসের থেকে এইসব ভ্তেপ্রেতি বিশ্বাসটা আরও সার্বজনীন। দীর্ঘণিনের চর্চার মধ্যে দিয়ে মানন্যের মিস্তিক অত্যন্ত উরত না হয়ে ওঠা পর্যন্ত কোন সর্বব্যাপী ও মঙ্গলময় সৃ্তিটক্তর্তার ধারণা তার মাথায় আসে নি।

যাঁরা বিশ্বাস করেন নিশ্নশ্রেণীর কোন প্রাণী থেকে বিবর্তনের মধ্যে দিয়েই উদ্ভব হয়েছে মানুমের, তাঁরা স্বাভাবিকভাবেই প্রশ্ন করতে পারেন যে আত্মার অবিনন্দরতা সংক্রান্ত ধারণার ক্ষেত্রে এটা কিভাবে প্রযোজ্য হতে পারে। স্যার জে- লাবক দেখিয়েছেন, বর্বর মানবজাতিগালের মধ্যে এ-রকম কোন স্মুস্পন্ট ধারণার অস্তিত্ব নেই। তবে, আমরা দেখেছি যে বন্য মানুষদের আদিম বিশ্বাস থেকে আহরিত যুদ্ধিগুলি আমাদের প্রায় কোন সাহায্যই করে না। অতি ক্ষুদ্র একটা কোষ থেকে বিবর্তিত হতে হতে বিকাশের ঠিক কোন্ পর্যায়ে এসে মানুষ একটা অবিনম্বর প্রাণীর মর্যাদা পেল—তা নির্ধারণ করা অসম্ভব এবং তা নিয়ে খুব কম জনেরই মাথাব্যথা আছে। তাছাড়া এই প্রশ্নটা নিয়ে মাথা ঘামিয়ে কোন লাভও নেই, কেননা ধাপে ধাপে এগিয়ে-চলা জৈবিক শৃতথলার বিশাল পরিধির মধ্যে ঠিক কখন ঐ পর্যায়টা এসেছিল, তা নির্ধারণ করা সম্ভবও নয়। আমি জানি এই প্রস্থের সিম্পান্তগর্নলকে অনেকেই চরম অধার্মিক ব্যাপার বলে মনে করবেন । কিম্তু এইসব সিম্বান্তকে যাঁরা অম্বীকার করবেন, তাঁদেরকে ও প্রমাণ করতে হবে যে মানুষের জন্মকে সাধারণ জননক্রিয়ার ফল হিসাবে দেখানোর চ্চয়ে, কোন নিম্মতর জৈবিক রপে থেকে রপোশ্তর ও প্রাক্ততিক নির্বাচনের মধ্যে দিয়ে মানুষের উত্তব সং**ত্তা**ম্ভ ব্যাখ্যাটা কেন বেশি অধার্মিক ব্যাপার চিসেবে

বিবেচিত হবে। কোন প্রজাতি এবং তার প্রতিটি সদস্যের জন্মের প্রশ্নটা সেই সুদীর্ঘ ঘটনা-পরস্পরারই অঙ্গ, তাকে নিছক আকস্মিক কিছু সুযোগের ফল বলে মেনে নিতে আমরা রাজি নই। দৈহিক কাঠামোর প্রতিটি ছোটখাট পরিবর্তন, বিবাহের মধ্য দিয়ে প্রতিটি নারী-পরুর্ষের মিলন, প্রতিটি শরুগণ্যর বিস্তার এবং এ ধরণের অন্যান্য ষাবতীয় ঘটনা আসলে কোন-না-কোন বিশেষ উন্দেশ্যই সাধন করে—আমাদের বিশ্বাস-অবিশ্বাসে তার কিছু যায় আসে না। আর আমাদের প্রচলিত ধ্যান-ধারণা স্বাভাবিকভাবেই এই সিম্ধাণ্ডকে মেনে নিতে রাজি হয় না।

মোন নির্বাচন সম্বন্ধে অনেক কিছুই যে আজও অজানার কুয়াশার ঢাকা, তা আমি জানি। তবু আমি গোটা ব্যাপারটা সম্বন্ধে যথাসম্ভব স্বছ্ছ একটা চিত্র তুলে ধরার চেন্টা করেছি। প্রাণীজগতের নিম্নতর ধাপগৃর্বলিতে এই যৌন নির্বাচনের প্রায় কোন ভ্রমিকাই নেই। এইসব নিম্নতর প্রাণীরা অনেক সময় জীবনভার একই জায়গায় থেকে যায়, বা একই শররে স্ত্রা ও প্ররুষ উভয় লিক্সই বিদ্যামান থাকে, কিম্বা (যা আরও গ্রুর্ত্বপূর্ণে) তাদের উপলব্ধি ও ব্রুম্বিত্তগত ক্ষমতা এতটা উন্নত হয় না যা দিয়ে তারা ভালবাসা বা ঈর্ষা অন্তব করতে থেবা ভাল-মন্দ বাছাই করতে পারে। তবে, সন্ধিপদ ও মের্দেণ্ডী প্রাণীদের ক্ষেত্রে, এমনকি এই দুই বিরাট উপ-পর্বের নিম্নতম প্রাণীদের ক্ষেত্রে, যৌন নির্বাচন এক তাৎপর্যপূর্ণে ভ্রমিকা পালন করেছে।

জাবজগতের বড় বড় শ্রেণীগৃলিতে, অর্থাৎ শতনাপায়ী, পাক্ষী, সরাস্প, মাছ, কীট-পতঙ্গ, এমনকি কঠিন খোলাযান্ত প্রাণীদের (কাঁকড়া, চিংড়ি প্রভ্ তি) মধ্যেও শ্রী ও প্রে,ষের মধ্যেকার পার্থক্যগৃলি প্রায় একইরকম। এদের সবার ক্ষেত্রেই প্রে,ষরাই সাধারণত প্রণয়-প্রার্থী হয়, এবং প্রতিদ্বন্ধার সঙ্গেল লড়াই করার জন্য শাধ্য তাদেরই শারীরে থাকে অন্সের মতো ব্যবহারযোগ্য বিভিন্ন অন্ধ। সাধরণত তারা নারীদের চেয়ে বেশি শান্তিশালী ও আকারে বড় হয়, আর সেই সঙ্গে তাদের মধ্যে থাকে সাহস ও সংগ্রামপ্রিয় মেজাজ। গান গাওয়া বা শিস্দেওয়ার ক্ষমতাও শাধ্য প্রের্মদেরই থাকে বা অশ্ততপক্ষে নারীদের চেয়ে অনেক বেশি পরিমাণে থাকে। তাছাড়া প্রের্মদের শারীরেই থাকে স্থগন্ধ উৎপাদক গ্রন্থি । নানাধরণের অসংখ্য উপাঙ্গের অধিকারী হয় প্রের্ম্বন, তাদের শারীরে দেখা যায় চোখ-জনড়োনো কিন্বা অন্ধত ধরণের রঙের কারন্কাজ, আর নারীরা থাকে এ-সব থেকে বিশ্বত। আবার যে-সব প্রজাতির প্রাণীদের শ্রী ও প্রে,বের শারীরিক কাঠামোর মধ্যে আরও গ্রন্তর পার্থক্য থাকে, তাদের

ক্ষেত্রেও শুখু পুরুষদের শরীরেই থাকে স্থা-প্রাণীদের চিনে নেওয়ার মতো বিশেষ ইন্দিয়, আর সেইসঙ্গেই থাকে দ্রী-প্রাণীর কাছে পে'ছিনোর উপযুক্ত সম্পরণ-অঙ্গ এবং এমনকি সঙ্গিনীকৈ ফাঁকডে ধরার মতো বিশেষ অঙ্গও থাকে কারো কারো মধ্যে। দ্বী-প্রাণ দের মোহিত করা বা করায়ত্ব করার এই উপাদানগালি প্রেম্ব প্রাণীদের শরীরে প্রায়শই বছরের বিশেষ একটা সময়ে, অর্থাৎ সঙ্গমের মরশানে, স্ব ভিট হয়ে থাকে। অনেক সময় এগালি মেয়েদের মধ্যেও কমবেশি সন্তারিত হয়। তবে মেয়েদের ক্ষেত্রে এগুনলি একেবারেই প্রাথমিক দশায় থাকে। পুরুষ প্রাণীদের নিবাঁর্য করে দিলে তাদের এই উপাদানগালি নণ্ট হয়ে যায়. কিম্বা তারা আর কোনদিনই এগালি অর্জ'ন করতে পারে না। এইসব **উ**পাদান কিম্তু অঙ্পবয়সী পার,ষ-প্রাণীদের মধ্যে দেখা যায় না, এগালি তাদের শরীরে দেখা দেয় তারা জননক্ষম হয়ে ওঠার কিছুদিন আগে থেকে। তাই বেশিরভাগ ক্ষেত্রে একই প্রজাতির অধ্পবসী স্ত্রী ও পরেন্থ-প্রাণীদের দেখতে অনেকটাই একরকম হয়, আর দ্র্যী-প্রাণীদের সঙ্গে তাদের সন্তানদের প্রচুর সাদৃ,শ্য থাকে। আবার জীবজগতের প্রতিটা বড় বড় শ্রেণীর মধ্যেই কিছু, কিছু, ব্যতিক্রমী ঘটনার সম্থান মেলে। এইসব ক্ষেত্রে পরে,মদের বৈশিণ্টাগর্মল কোন কোন স্ত্রী-প্রাণীর মধ্যে ফুটে উঠতে দেখা যায়। এত রকম একেবারে ভিন্ন ভিন্ন প্রজাতির স্ফা-প্রেষের মধ্যেকার পার্থক্যকে নিম্নত্তণকারী নিম্নের এই বিস্ময়কর সমরপ্রতাকে উপলম্পি করা যায় এদের সকলকার মধ্যে একটা সাধারণ কারণের সক্রিয়তার कथा न्दीकात करत निर्द्धा । এই कात्रमहों इराष्ट्र स्थीन निर्याहन ।

কোন প্রজাতির বংশবিস্তারের ব্যাপারে একই লিঙ্গভুক্ত সদস্যদের মধ্যে অন্যান্যদের চেয়ে করেকজনের বেশি সফল হওয়ার উপরই নির্ভার করে যৌন নির্বাচন । অন্যাদকে, প্রাকৃতিক নির্বাচন সর্বদাই নির্ভার করে জীবনযাপনের সাধারণ অবস্থার ব্যাপারে উভয় লিঙ্গের সদস্যদের সাফল্যের উপর । যৌন নির্বাচন দ্ব ধরণের হয়ে থাকে : প্রথম ক্ষেত্রে নিজেদের প্রতিদ্বন্দীদের তাড়িয়ে দেওয়া বা হত্যা করার জন্য একই লিঙ্গভুক্ত সদস্যদের মধ্যে, সাধারণত প্রের্থদের মধ্যেই, নির্বাচনটা ঘটে থাকে, আর মেয়েরা থাকে নিজিয় ; দিতয়া ক্ষেত্রেও সংগ্রামটা ঘটে একই লিঙ্গভুক্ত সদস্যদের মধ্যে, বার উদ্দেশ্য থাকে বিপরীত লিঙ্গের সদস্যদের, সাধারণত মেয়েদের, উত্তেজিত বা মোহিত করা, এবং মেয়েরাও আর তথন নিজিয় থাকে না, নিজেদের মনোমত সঙ্গী বেছে নেয় । এই শেষোন্ত ধরণের নির্বাচনটারঃ সঙ্গে ঘনিষ্ঠ সাদৃশ্য আছে অন্য একটা ঘটনার, যেথানে মান্ষ কোন উদ্দেশ্য ব্যাতরেকে অথচ কার্যকরীভাবে তার গৃহপালিত জনীবজ্বজুদের মধ্যে একটা

নির্বাচন ঘটিয়ে থাকে। এই নির্বাচনের ঘটনাটা তখনই ঘটে, যখন মান্ত্র তার গ্রেপালিত জীবজস্তুর বংশধরদের মধ্যে কোন পরিবর্তন ঘটানোর কথা না ভেবেই দীর্ঘাদিন ধরে কোন প্রজাতির সবথেকে চমংকার বা সবথেকে উপযোগী প্রাণীদের পুষে রেখে দেয়।

যৌন নির্বাচন মারফং দুটা ও পরেষ প্রাণীরা ষে-সব বৈশিষ্ট্য অর্জন করে, তা তাদের নিজ লিঙ্গের বা উভয় লিঙ্গের সদস্যদের মধ্যে সন্ধারিত হবে কিনা এবং কোন: বয়সে তাদের মধ্যে এইসব বৈশিশ্টা ফুটে উঠবে—সেটা নির্ধারিত হরে থাকে বংশগতির নিয়মের সাহায্যে। দেখা গেছে কোন প্রাণীর জীবনের উত্তরপর্বে যে-সব পরিবর্তন তার মধ্যে ফুটে ওঠে. সেগ্রেল সাধারণত তার নিজ লিঙ্গের উত্তরপুরে মধ্যেই (পুরেষ হলে পুরেষ-সম্ভানের মধ্যে, স্ত্রী হলে স্ত্রী-সম্তানের মধ্যে) সঞ্চারিত হয়। নির্বাচনক্রিয়ার আর্বাশ্যক বনিয়াদ পরিবর্তনশীলতা, এবং এই পরিবর্তনশীলতা প্ররোপ্রারিভাবেই নির্বাচন-নির**পেক্ষ**। এর কারণ *হল* এই যে, প্রজাতির বংশবিষ্টারের ব্যাপারে একই ধরণের পরিবর্তনগুলি প্রায়শই যৌন নিবচিন মারফং অজিত হয়েছে বা তাকে কাজে লাগিয়েছে, আবার জীবনের বিভিন্ন সাধারণ উন্দেশ্যের ব্যাপারে তা অজিত হয়েছে প্রাকৃতিক নির্বাচন মারফং। তাই,কোন লিঙ্গের গোণ বৈশিষ্ট্যগুলি যখন উভয় লিঙ্গের বংশধরদের মধ্যেই সমানভাবে সঞ্চারিত হয়ে যায়, তখন এইসব বৈশিষ্ট্যকে অন্যান্য নির্দিষ্ট বৈশিষ্ট্যর থেকে আলাদা করে চিনে নেওয়া যায় কেবলমাত্র তুলনার সাহায্যেই। যৌন নির্বাচন মারফং অজিতি পরিবর্তনগুলি প্রায়শই এত স্থম্পণ্টভাবে ফুটে ওঠে যে একই প্রজাতির স্ক্রী ও পরে, ঘ-প্রাণীদের প্রেক প্রেক প্রজাতির, বা প্রেক প্রথক বর্গের প্রাণী বলে মনে হয়। এই সুম্পণ্টভাবে চিহ্নিত পার্থকাগ লৈ নিশ্চয়ই কোন-না-কোনভাবে অত্যাত গ্রেছপূর্ণ। আর আমরা তো জানিই যে এইসব পরিবর্তন অর্জন করার জন্য তাদেরকে নানান অস্থাবিধার সম্মুখীন হতে হয়েছে তো বটেই, এমন্ত্রিক মুখোমুখী হতে হয়েছে অনেক বিপদেরও।

বোন নির্বাচনের শক্তি সংক্রাশ্ত বিশ্বাসটা গড়ে উঠেছে মূলত নিশ্নলিখিত বিষয়গর্নীলর ভিত্তিতে। কিছু কিছু বৈশিশ্টা ষে-কোন একটা লিঙ্গের মধ্যেই শর্ধ সীমাবশ্ধ থাকে, আর এ থেকেই বোঝা যায় যে অধিকাংশ ক্ষেত্রেই এগর্নলি জননক্রিয়ার সঙ্গে সম্পর্ক যুক্ত। অসংখ্য ঘটনায় দেখা গেছে যে এইসব বৈশিশ্টা প্রোপর্নিভাবে বিকশিত হয়ে ওঠে ব্য়ঃপ্রান্থির পর, এবং প্রায়শই বছরের একটা বিশেষ সময়ে, অর্থাৎ সঙ্গমের মরশর্মে। প্রেম-নিবেদনের ব্যাপারে অধিকতর

অগ্রণী ভ্রমিকা প্রেষ্বরাই নিয়ে থাকে (কিছ্র কিছ্র ব্যাতিক্রম অবশ্য আছেই)। তারা বেশি শক্তিমান তো বটেই, তাছাড়াও নানা দিক থেকে তারা অনেক বেশি আকর্ষণীয়ও। এখানে বিশেষভাবে উল্লেখ করা দরকার যে মেয়েরা সামনে থাকলে প্রেষ্বরা তাদের সৌন্দর্যকে আরও বেশি আকর্ষণীয় করে তোলার জন্য অত্যাত সচেন্ট হয়ে ওঠে। তাছাড়া, সঙ্গমের মরশ্রম বাদে অন্য সময়ে কিন্তু তারা এভাবে নিজেদের আকর্ষণীয় করে তোলার চেন্টা করে না বা বড়জার কালে-ভদ্রে করে থাকে। এইসব ব্যাপারকে একেবারেই উল্দেশ্যহীন কান্ড-কারখানা বলে উড়িয়ে দেওয়া যায় না। শেষত, কিছ্র কিছ্র চতুন্পদী প্রাণী ও পাখিদের মধ্যে একটি লিঙ্কের সদস্যরা যে অপর লিঙ্কের কিছ্র সদস্যের প্রতি দার্গ বিদেষ কিন্তা বিশেষ পক্ষপাতিত্ব অন্ভব করতে পারে, তার স্থানির্দণ্ট প্রমাণ আমরা প্রের্ছি।

এইসব তথ্যকে মাথায় রেখে, এবং গৃহপালিত জীবজন্ত ও চাষ-করা গাছপালার ক্ষেত্রে মানুবের দ্বারা সংঘটিত অসচেতন নির্বাচনের স্তুদ্পণ্ট ফলাফলগালের কথা বিবেচনা করে আমি এ-ব্যাপারে প্রায় নিশ্চিত হয়েছি যে, কোন একটি লিঙ্গের সদস্যরা যদি বেশ কিছা প্রজম্ম ধরে বিপরীত লিঙ্গের কোন বিশেষ বৈশিষ্ট্যযান্ত সদস্যদের সঙ্গে মিলিত হয়ে চলে, তাহলে তাদের সম্তানদের মধ্যেও ধীরে ধীরে অথচ স্থানিশ্চিতভাবে ফুটে উঠবে ঐ বৈশিণ্টাগ্যলি। আমি একথা গোপন করার চেণ্টা করিনি যে (একমাত্র যেখানে নারীর চেয়ে পরে, ষের সংখ্যা অনেক বেশি, अथवा **राथा**त्न भारतम्बद्धात्र वद्याविवार हाल, আছে—সে-সব **क्या** वारत), क्या আকর্ষ'ণীয় প্রের্রদের চেয়ে অধিকতর আকর্ষ'ণীয় প্রের্বরা কিভাবে নিজেদের বিভিন্ন চমংকার বৈশিষ্ট্য বা অন্যান্য মোহিনীশক্তির উত্তরাধিকারী হিসেবে অনেক বেশি সংখ্যক সন্তান-সন্ততি রেখে যেতে পারে—তা খুব একটা স্পন্ট নয়। তবে আমি দেখিয়েছি যে এর কারণটা সম্ভবত নারীদের মধ্যেই নিহিত থাকে. এবং মলেত অধিক প্রাণগান্তসম্পন্না নারীদের মধ্যেই, যারা অন্যদের থেকে আগেই সম্তানের জন্ম দিতে সক্ষম। আসলে, এইসব নারণিরা বেছে নেয় সেইসব পরেষদেরই, যারা অধিকতর আকর্ষণীয় তো বটেই, সেই সঙ্গেই অধিক প্রাণ-শক্তিসম্পন্ন এবং জীবন-যুদ্ধে জয়ীর আসনেও অধিষ্ঠিত।

পাখিরা (যেমন অন্টোলয়ার নিকুঞ্জপাখিরা) যে উজ্জ্বেবর্ণ বিশিণ্ট ও সৌন্দর্যময় জিনিস পছন্দ করে আর তারা যে গান গাইবার ক্ষমতাকে যথেন্ট মল্যে দেয়, তার কিছ্ম নির্দিণ্ট প্রমাণ আমরা পেয়েছি। তাসতেও আমি স্বীকার করতে বাধ্য যে বেশ কিছ্ম জাতের পাখি এবং কয়েক ধরণের স্তন্যপায়ী প্রাণীর নারীদের মধ্যে মনোহর অঙ্গসক্ষার প্রতি দার্ণ আকর্ষণ থাকাটা (যাকে যোন নির্বাচনের ফল হিসেবেই ধরে নেওয়া যায়) বেশ বিদ্ময়ড়য়য়। সরীস্পা, মাছ এবং কটি-পতঙ্গের ক্ষেত্রে এ-ব্যাপারটা আরও বিদ্ময়ড়য়নক। তবে, নিদ্মতর প্রাণ্ডির মনের গতি-প্রকৃতি সদ্বন্ধে আমরা কতট্টকুই বা জানি! যেয়ন, প্রমুষ জাতীয় বার্ডা অফ প্যারাডাইস (স্থানর ডানাওয়ালা বায়স জাতীয় পাখি) বা ময়রেরা যে একেবারে বিনা উদ্দেশ্যেই অজস্র কট দ্বিকার করেও দ্বী-পাথিদের সামনে নিজেদের পেখন খাড়া করে ছড়িয়ে দেয় ও নাচতে থাকে—তা মোটেই বিশ্বাস্য নয়। বেশ কিছু বিশেষজ্ঞ কর্তৃক উল্লিখিত একটা বিষয়ের কথা অমাদের মনে রাখা দরকার। তাঁরা বলেছেন, কাণ্থিত প্রমুষকে না পেলে ভনেক ময়রেরী প্ররো একটা মরশ্রম সঙ্গিহীন অবদ্হায় কাটিয়ে দেয়, তব্ অন্যাকোন মরেরের সঙ্গে জ্যেড বাঁধে না।

তাসত্ত্বেও, প্রাণী ও উল্ভিদ জগতের ইতিকথায় আমার জানা সবথেকে আশ্চর্যজনক ঘটনা হল আর্গাস্-ফেজ্যাট জাতীয় পরের্ঘ-পাখিদের ডানার পালকের মনোরম নকশা ও চক্রাকার অঙ্গসম্জার আলো-ছায়াময় বর্ণচ্ছটা সম্বন্ধে স্ক্রীপাখিদের তীব্র প্রতি । যাঁরা মনে করেন এই জাতীয় পরেষ-পাখিরা তাদের স্বৃত্তির সময় থেকেই এই বৈশিশ্টোর অধিকারী ছিল, তাঁনেরকে অবশাই স্বীকার করে নিতে হবে যে, বড বড পালকগালি তাদের ডানাকে ওড়ার কাজে সাহায্য করে না এবং সেগুলি একমাত এই প্রজাতির পাখিদের ক্ষেত্রে শুখুমাত প্রেমনিবেদনের সময়ে বিচিত্রভাবে প্রদর্শিত হয়ে থাকে, সেই পালকগর্বল তারা পেয়েছিল অঙ্গসম্জা হিসেবেই। তাই যদি হয়, তাহলে সেইসঙ্গে তাঁকে এ-ও স্বীকার করে নিতে হবে যে ঐ প্রজাতির স্ত্রী-পাখিরাও একেবারে প্রথম থেকেই এই ধরণের অঙ্গসম্জাকে মল্যে দেওরার ক্ষমতা নিয়েই স্বাণ্টি হরেছিল। আমার আপত্তি শুখু একটা জায়গাতেই। আমি মনে করি, আর্গাস-ফেজাাণ্ট জাতীয় পরেষ-পাখিরা তাদের সৌন্দর্য অর্জান করেছে ক্রমান্বলে, এবং বহু প্রজাম ধরে স্ত্রী-পাখিরা স্থানরতর এক্সনজাবিশিটে প্রেষদের পছন্দ করার ফলেই তা ধীরে ধীরে স্থি হয়েছে। দ্বী-পাখিদের এই সৌন্দর্যচেতনা ক্রমান্বরে উন্নত হরে উঠেছে অনুশীলন বা অভ্যাস মারক্ত ঠিক আমানের রুচিবোথের মতোই। পরে:ব-পাখিদের শ্রবীরের করেকটি পালক ঘটনাচক্রে অপরিবর্তিত রয়ে গেলে দেখা যায় তার একদিকের কিছু ফিকে দাগ ধীরে ধীরে চমৎকার চক্রাকার অঙ্গসক্ষায় পরিণত হতে পারে, এবং সম্ভবত এভাবেই তাদের শর[°]রের অঙ্গসম্জাগ**্রাল** স,ন্টি -হয়েছিল।

ষারা বিবর্তনবাদে বিশ্বাস করেও এটা মেনে নিতে দ্বিধাগ্রুত হয়ে পড়েন ষে স্তন্যপায়ী প্রাণী, পাখি, সরীস্প ও মাছেনের স্ত্রী-প্রাণীরা তাদের নিজ নিজ প্রজাতির পর্বরুষদের সৌন্দর্যকে উপলান্ধি করার মতো উন্নত রর্চি অর্জন করতে পারে (যে র্চির সঙ্গে আমাদের র্চিও প্রায়শই মিলে যায়), তাদের একট্র ভেবে দেখতে বলব যে মের্দন্তী শ্রেণীর উচ্চতম প্রাণী থেকে শ্রু করে নিন্দতম প্রাণী পর্যন্ত সকলেরই মাস্তন্তের সনায়্কোর গড়ে উঠেছে এই মের্দন্তী শ্রেণীর আদি সাধারণ প্রেপ্রুষ্কের কাছ থেকে। এইদিক থেকে বিচার করলে বোঝা যায় কিভাবে কতকগ্যাল মান্সিক ক্ষমতা বিভিন্ন ধরণের জীবজন্ত্র মধ্যে প্রায় একইভাবে ও একই মান্সায় গড়ে উঠতে পেরেছে।

মৌন নির্বাচনের নীতিকে যাঁরা দ্বীকার করেন, তাঁরা এই উল্লেখযোগ্য সিম্বান্তে উপনীত হন যে দ্বায়ত্ত্বত শুধু অধিকাংশ শারীরিক কার্যকলাপকেই নিয়ন্ত্রণ করে না, সেই সঙ্গেই শরীরের বিভিন্ন গঠন-কাঠানোর এবং কিছু বিছু মানসিক ক্ষমতার বিকাশকেও পরোক্ষভাবে প্রভাবিত করে থাকে। সাহস, সংগ্রামপ্রিয়তা, ধৈর্য, শারীরিক শক্তি ও আয়তন, সব ধরণের হাতিয়ার, সাঙ্গীতিক এলে (গান গাওয়া ও শিস্ক দেওয়া উভয়েরই), উজ্জ্বলবর্ণ আর অলগসম্ভামলেক উপাশ্য — এই সবকিছুই কোন একটি লিলেগর সদস্যরা পরোক্ষভাবে অর্জন করেছে পছন্দে অপছন্দের প্রয়োগ, ভালবাসা ও ঈর্ষার প্রভাব এই ধর্নি, বর্ণ বা আকারের ব্যাপারে স্কুদ্বকে চিনে নিতে পারার সাহায্য। আর, মনের এইসব ক্ষমতা দ্বুদ্বতিই নির্ভার করে মান্তিকের বিকাশের উপর।

গ্রপালিত ঘোড়া, গবাদি পদ্ ও কুকুরদের মধ্যে বৌনমিলন ঘটানোর আগে মান্য তাদের প্রকৃতি ও বংশব্তাশ্ত সম্বন্ধে বিশ্তর খোঁজখবর নেয়। কিম্তু নিজেদের বিবাহের ক্ষেত্রে তারা খ্ব কম সমরেই এরকম যত্ম নেয় বা আদৌ নেয় না। প্রকৃতির কোলে স্বাধীন অবস্থায় থাকার সময় জোড়-বাঁধার ব্যাপারে নিম্নতর প্রাণীরা যে প্রেরণার ঘারা চালিত হয়, বিবাহের ব্যাপারে মান্যও চালিত হয় প্রায় সেই একই প্রেরণার ঘারা—যদিও সে ঐ-সব প্রাণীদের থেকে উমত, কেননা মানসিক আকর্ষণ ও গ্রেণকে সে বিপর্ল মল্যে দিরে থাকে। অন্যদিকে, সম্পদ বা সামাজিক মর্যাদাও মান্যুবকে আকৃণ্ট করে দার্শভাবে। তব্ও, উপযুক্ত সঙ্গী বা সঙ্গিনী নির্বাচন করতে পারলে সে তার সম্ভানদের শারীরিক গঠন ও কাঠামোকে উমত করতে পারে তো বটেই, সেই সঙ্গেই উমত করতে পারে তাদের মননগত ও নৈতিক গ্রেণাবলীকেও। শারীরিক বা মানসিক—ভাবে যথেণ্ট অক্ষম নারী বা প্রাধ্বের বিবাহ করা উচিত নয়। কিম্তু তাই বলে

তারা যে সত্যিসত্যিই বিবাহ করা থেকে বিরত থাকবে, এমনটা আশা করা নেহাতই আকাশকুস্থম কল্পনা, এবং বংশগতির নিরমকে প্ররোপরিভাবে না জানলে এই আশা কোননিন্ট আংশিকভাবেও বাস্তবায়িত হবে না। এই লক্ষ্য সাধনের জন্য ধারা কাজ করছেন, তারা সমাজের মঙ্গলই করে চলেছেন। সম্তানের জম্ম দেওয়া এবং বংশগতির নিরমকে ভালভাবে ব্যুক্তে পারলে আমাদের অজ্ঞ আইনপ্রণতোরা আর রন্তসম্পর্ক যুক্ত নারী-প্ররুষের মধ্যে বিবাহ মান্যের পক্ষে ক্ষতিকর কিনা, তা নিধারণ করার প্রচেণ্টাকে ঘাণাভরে প্রত্যাখ্যান করতে পারবেন না।

কিভাবে মানবজাতির আরও বেশি মঙ্গল করা যায়, তা এক জটিল সমস্যা। যারা নিজেদের সম্ভানদের চরম দারিদ্রোর হাত থেকে মুক্তি দিতে পারবে নাঁ, তাদের কারবেই বিবাহ করা উচিত নয়। কারণ দারিদ্রা শুধু একটা দার ণরকম ক্ষতিকর. वा। भारते हुन, स्मरेमा करें स्मर्था याः। मार्रिना युक्त रायः। विवादि वा। भारते মান্বও ততই বেপরোয়া হয়ে ওঠে। অন্যাদকে, মিঃ গ্যান্টন যেমন বলেছেন, দ্রেদশী ব্যক্তিরা যদি বিবাহ করা থেকে বিরত থাকে আর বেপরোয়ারা বিবাহ করে চলে, তাহলে একসমর সমাজের উৎকৃণ্টতর সদস্যদের চেয়ে নিকৃণ্টতরদের সংখ্যা বেশি হয়ে যেতে পারে। অন্য সব জীবজম্তুর মতো মানুষও আজকের উন্নত অবস্থায় এসে পেশিছেছে অস্তিম্বক্ষার সংগ্রামের পথ বেয়েই, যে সংগ্রাম ছিল মানুষের সংখ্যা দুতে হারে থেডে চলারই অনিবার্য ফলাফল । মানুষ যদি আরও উন্নত হতে চায়, তাহলে তাকে এক ভয়ঞ্কর সংগ্রামের মধ্যে দিয়েই এগিয়ে চলতে হবে। নাহ**লে সে** ব্রুমে ব্রুমে শুমবিম_রখ হয়ে পড়বে, এবং অধিকতর গ**্রণসম্পন্ন** মান্ত্ররা জীবনযুদের কম গুণসম্পন্ন মান্ত্রদের থেকে বেশি সাফল্যও অজ'ন করতে পারবে না। তাই, মানুষের সংখ্যাব**্রাম্বর** স্বাভাবিক হারকে (তার বেশ কিছু, সুস্পণ্টভাবে ক্ষতিকর দিক থাকলেও) কোনভাবেই ভীষণ রক্ম কমিয়ে দেওরা উচিত নয়। সমুত মান্ধেরই অবাধ প্রতিযোগিতার অধিকার পাওয়া উচিত, আর যোগ্যতম ব্যক্তিদের জীবনযুদ্ধে স্বথেকে সফল হওয়া এবং স্বথেকে বেশি সংখ্যক সম্তানসম্তাত রেখে যাওয়ার পথে কোন আইনগত বা রীতি-প্রথামলেক প্রতিবস্ফুকও স্থাপন করা উচিত নয়। অস্তিত রক্ষার সংগ্রাম অত্যত গ্রের ত্রেপ পূর্ণ ই ছিল এবং এখনও আছে। কিন্তু তাসত্ত্রেও, মানবপ্রকৃতির উচ্চতম অংশের উপর আরও কিছ্ম অধিকতর গরেত্বসংর্ণ বিষয়ের প্রভাবও অঙ্গবীকার ষায় না। কেননা মানুষের নৈতিক গুণাবলী প্রাকৃতিক নির্বাচনের মধ্যে দিয়ে ততটা অগুসর হয় নি, যতটা অগুসর হয়েছে অভ্যাস, যুবিষ্প্রয়োগের ক্ষমতা, निर्दर्भ, धर्म देजामित প্रভाবের সাহাযো। অবশ্য মানুষের নীতিবোর্ধের

বিকাশের ভিন্তি হিসাবে কাজ করে যে সামাজিক প্রবৃত্তি, তা গড়ে উঠেছে প্রাকৃতিক নির্বাচনের সাহায্যেই—এ-কথা অনুস্বীকার্য

কোন নিদ্নতর জৈবিক রূপে থেকে ক্রমবিবর্তনের মধ্যে দিয়েই স্ভিট হয়েছে মানুষ—এটাই এগ্রন্থের মূল সিম্পান্ত। কিন্তু, দুঃথের সঙ্গেই স্বীকার করতে হচ্ছে, এ সিখ্যাত অনেকেই ঠিক মন থেকে মেনে নিতে পারবেন না। তা সক্ষেও, আমরা যে বর্ব রদের থেকেই উভতে হয়েছি, তাতে কোন সন্দেহই নেই। এক জঙ্গলাকীর্ণ ও ভাঙাচোরা সমদ্রেতটে একদল ফুজিয়ানকৈ প্রথম দেখার সময় বিস্ময়ে আমি স্তাম্ভত হয়ে গিয়েছিলাম, সে স্মৃতি আমি কোনদিন ভূলতে পারব না। ঐ ফুজিয়ানদের দেখা মাত্রই আমার মধ্যে যে চিন্তাটা এলক দিয়ে উঠেছিল. তা হচ্ছে --এ-রকমই ছিল আমাদের পরে পরে ছবা ! ঐ লোকগালি ছিল সম্পর্ণে নণন, সর্বাঙ্গে রঙ দিয়ে আঁকা নকশা, জট-পড়া দীর্ঘ চুল, মুখে উত্তেজনার ছাপ, আর চার্টনিতে হিংস্রতা, বিক্ষায় এবং অবিশ্বাসের ছোঁয়া। প্রায় কোনরকম কলা-কৌশলই তাদের জানা ছিল না। যা-কিছু শিকার করত, তাই দিয়েই জীবনধারণ করত বন্য জীবজশ্তদের মতো। তাদের কোন শাসনবাবস্থা বা সরকার ছিল না, এবং নিজেদের ক্ষাদ্র গোষ্ঠবির বাইরের সকলকার প্রতিই তারা ছিল একান্ড নির্মাম। কোন বনা মানুষকে তার নিজের বাসভ্নিতে নেখলে লম্জা পাওয়ার কিছু, নেই, কেননা মনে রাখা দরকার আরও নিম্নতর কোন জীবের রম্ভ প্রবাহিত হচ্ছে তার শিবায় শিবায়। সেই ছোট বীর বাঁদরটি, যে তার প্রতিপালকের জীবন রক্ষা করার জন্য রূখে দাঁড়িয়েছিল এক ভয়ঙ্কর দৃশমনের সামনে, কিম্বা সেই বৃশ্ব বেব্নটি, যে পাহাড় থেকে নেমে এসে এসে একপাল বিক্ষিত কুকুরের মাঝখান থেকে ছিনিয়ে নিয়ে গিয়েছিল নিজের তর্ব সাথীকে—এদের থেকে উভতে হয়েছি বলতে আমি যতটা গর্ববোধ করি, ততটা গর্ব আমি অনুভব कांत्र ना रकान वना भान रावत्र थारक मुन्धि शता विनारत. य भान स्विधि जात्र শারুদের উপার নির্যাতন চালিয়ে উৎফুল্ল হয়, রম্ভরঞ্জিত বলি দিয়ে উল্লাসিত হয়, অনুশোচনাহীনভাবে চালিয়ে যায় শিশহেতাা, নিজের স্বীদের সঙ্গে ক্রীতদাসীর মতো আচরণ করে, যার ব্যবহারে কোনরকম নম্বতা নেই, এবং ষে नामान कुमारम्कारत একেবারে আচ্ছন হয়ে থাকে।

নিজের প্রচেণ্টায় না হলেও, জৈবিক পরম্পরার সর্বোচ্চ শিখরে আরোহণ করার জন্য মানুষ কিছুটা গর্ব নিশ্চয়ই অনুভব করতেই পারে। স্বৃণ্টির উষালণন থেকে মানুষ এই শিখরে অধিণ্ঠিত ছিল না, ধাপে ধাপে সে উঠে এসেছে এখানে। এই ঘটনাটা তাকে স্থদ্যর ভবিষ্যতে আরও উচ্চতে ওঠার আশা যোগাতে পারে। কিম্তু

এখানে আমরা তাশা বা আশে কা নিয়ে আলোচনা করছি না, আলোচনা করছি আমাদের যুক্তির পরিসরে আবিষ্কৃত সতাটুকু নিরে। আমার সাধ্যমতো প্রমাণ উপস্থাপিত করার চেণ্টা করেছি এই গ্রন্থে। তবে, আমার মতে, একথা অনুস্বীকার্য যে, মানুষের যাবতীয় মহৎ গুণ সম্বেও, চরম হীন অবস্থায় থাকা ব্যক্তিদের জন্য তার সহানুভ্তি, অন্যান্য মানুষের প্রতি এবং এমনকি নিম্নতম প্রাণীদের প্রতিও তার সদাশয়তা, তার আকাশছোয়া মননশান্ত যা সৌরজগতের গতিপ্রকৃতিকেও আরম্ব করতে শারু করছে —এইসব স্টুমত বিপর্শ ক্ষমতার অধিকারী হওয়া সত্ত্বও, মানুষের শারীরিক কাঠামোয় আজও রয়ে গেছে কোন নিম্নতর জীব থেকে উভ্ত হওয়ার অনপনের ছাপ।